**Explanation.**– In this section “director” includes any member of the partnership entity or any of the Board of Directors of the entity, by whatever name called.

**28. Protection of actions taken in good faith.**– No suit or prosecution or administrative measures or any other legal proceedings shall lie against the Government or any officer or staff

of the Government or Bangladesh Bank or any officer or staff of Bangladesh Bank or the Anti-Corruption Commission or any officer or staff of the Commission or any reporting organization or its Board of Directors or any of its officers or staff for anything which is done in good faith under this Act or rules made thereunder for which any person is or likely to be affected.

**29. Power to make rules.**– For the purposes of this Act, the Government may, by notification in the official Gazette, make rules.

**30. Publication of an English Text of the Act.**– (1) After the commencement of this Act, the Government shall, as soon as possible, by notification in the official Gazette, publish an Authentic English Text of this Act.

(2) In case of any conflict between the Bangla Text and the English Text, the Bangla Text shall prevail.

**31. Repeal and savings.**– (1) The Money Laundering Prevention Act, 2009 (Act No.VIII of 2009) and the Money Laundering Prevention Ordinance, 2012 (Ordinance No. II of 2012), hereinafter referred to as the Act and Ordinance, are hereby repealed.

(2) Notwithstanding such repeal, any action taken or any case filed or any proceeding taken under the Act and Ordinance which are pending shall be disposed of in such a manner as if it had been filed and taken under this Act.

(3) Notwithstanding such repeal, if any offence committed or remains under investigation or trial under the Foreign Exchange Regulation Act, 1947 (Act No. VII of 1947) and the Act and Ordinance, such offences shall be disposed of in such a manner as if it had been filed and taken under this Act.

**Md. Mahfuzur Rahman**  
Acting Secretary

## বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

ওয়েবসাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

বিএফআইইউ সার্কুলার নম্বর : ৭

৩০ আষাঢ়, ১৪২০

তারিখ : ১৪ জুলাই, ২০১৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা/প্রতিষ্ঠান প্রধান

সকল ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, বীমাকারী, মানি চেঞ্জার, অর্থ অথবা অর্থমূল্য প্রেরণকারী বা স্থানান্তরকারী যে কোন কোম্পানী বা প্রতিষ্ঠান, বাংলাদেশ ব্যাংকের অনুমতিক্রমে ব্যবসা পরিচালনাকারী অন্য কোন প্রতিষ্ঠান, স্টক ডিলার ও স্টক ব্রোকার, পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার, সিকিউরিটি কাস্টডিয়ান, সম্পদ ব্যবস্থাপক, অ-লাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit Organisation), বেসরকারি উন্নয়ন সংস্থা (Non Government Organisation), সমবায় সমিতি, রিয়েল এস্টেট ডেভেলপার, মূল্যবান ধাতু বা পাথরের ব্যবসায়ী, ট্রাস্ট ও কোম্পানী সেবা প্রদানকারী, আইনজীবী, নোটারী, অন্যান্য আইন পেশাজীবী এবং একাউন্টেন্ট।

### সন্ত্রাস বিরোধী (সংশোধন) আইন, ২০১৩ প্রসঙ্গে।

সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর অধিকতর সংশোধনকল্পে গত ১১ জুন, ২০১৩ তারিখে জাতীয় সংসদ কর্তৃক গৃহীত সন্ত্রাস বিরোধী (সংশোধন) আইন, ২০১৩ গত ১২ জুন, ২০১৩ তারিখে মহামান্য রাষ্ট্রপতির সম্মতি লাভ করায় সর্বসাধারণের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে। আলোচ্য আইনটি জারী হওয়ায় রিপোর্ট প্রদানকারী সংস্থার দায়িত্ব ও কর্তব্য বিস্তৃত হয়েছে। উক্ত আইনের বিধানাবলী পরিপালন ও সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনয়নের সুবিধার্থে উক্ত আইনটি বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে, যা <http://www.bb.org.bd/aboutus/regulationguideline/lawsnaacts.php> ওয়েবলিংক হতে ডাউনলোড করা যাবে।

০২। বর্ণিত আইনটি সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনয়ন এবং এর বিধানসমূহের পরিপালন নিশ্চিত করার জন্য আপনাদেরকে নির্দেশ প্রদান করা যাচ্ছে।

০৩। অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/--

(কাজী আকতারুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১৭০





বাংলাদেশ

# গেজেট

## অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১২, ২০১৩

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১২ জুন, ২০১৩/২৯ জ্যৈষ্ঠ, ১৪২০

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১২ জুন, ২০১৩ (২৯ জ্যৈষ্ঠ, ১৪২০) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০১৩ সনের ২২ নং আইন

সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০০৯ সনের ১৬ নং আইন) এর অধিকতর

সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০০৯ সনের ১৬ নং আইন) এর অধিকতর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই আইন সত্ৰাস বিরোধী (সংশোধন) আইন, ২০১৩ নামে অভিহিত হইবে।

২। ২০০৯ সনের ১৬ নং আইনের ধারা ১ এর সংশোধন।—সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০০৯ সনের ১৬ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১ এর উপ-ধারা (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(২) সমগ্র বাংলাদেশে ইহার প্রয়োগ হইবে, এবং যেখানেই অবস্থান করুক না কেন, বাংলাদেশে নিবন্ধিত জাহাজ বা বিমানে অবস্থানকারীর ক্ষেত্রেও, ইহা প্রযোজ্য হইবে।”।

( ୫୭୭୫ )

মূল্য : টাকা ২৪.০০



(১৪গ) 'সম্বাসী সম্পত্তি' অর্থ এইরূপ কোন সম্পত্তি যাহা—

- (অ) এই আইনের অধীন কোন সম্বাসী কার্য সংঘটন বা কোন বিদেশী রাষ্ট্রের আইনের অধীন অনুরূপ সমশ্রেণীর অপরাধ সংঘটনে ব্যবহৃত হইয়াছে বা হইতেছে, বা হইবার অভিপ্রায় রহিয়াছে;
- (আ) কোন সম্বাসী কার্যের সহিত সম্পৃক্ত;
- (ই) কোন সম্বাসী কার্য সংঘটনের মাধ্যমে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উদ্ভূত বা অর্জিত;
- (ঈ) সম্বাসী কার্যের উদ্দেশ্যে অথবা কোন সম্বাসী ব্যক্তি বা সম্বাসী সত্তাকে সমর্থনের উদ্দেশ্যে ব্যবহার করিবার অভিপ্রায়ে, প্রত্যক্ষ বা পরোক্ষ যে কোন উপায়ে সংগৃহীত হইয়াছে;
- (উ) প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন সম্বাসী ব্যক্তি বা সম্বাসী সত্তার মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন এবং কোন সম্বাসী ব্যক্তি বা সম্বাসী সত্তার পক্ষে বা নির্দেশনা অনুসারে কাজ করে এইরূপ ব্যক্তি বা সত্তার সম্পত্তিসহ অনুরূপ ব্যক্তি ও সহযোগী ব্যক্তি বা সত্তার মালিকানাধীন বা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নিয়ন্ত্রণাধীন সম্পত্তি হইতে উদ্ভূত বা সৃষ্ট তহবিল;

(১৪ঘ) 'সমবায় সমিতি' অর্থ সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন) এর অধীন অনুমোদিত ও নিবন্ধিত কোন প্রতিষ্ঠান;"

(ঙ) দফা (১৬) এর উপ-দফা (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(২) যেই লেনদেন সম্পর্কে এইরূপ ধারণা হয় যে,—

(ক) উহা এই আইনের অধীন কোন অপরাধ হইতে উদ্ভূত;

(খ) উহা কোন সম্বাসী কার্যে অর্থায়ন বা কোন সম্বাসী ব্যক্তি বা সম্বাসী সত্তাকে অর্থায়নের সহিত সম্পর্কযুক্ত;"

(চ) দফা (২৪) এ উল্লিখিত 'সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন)' শব্দগুলি, কমাগুলি, সংখ্যাগুলি এবং বন্ধনি বিলুপ্ত হইবে;

(ছ) দফা (২৫) এ উল্লিখিত '২০০৯' সংখ্যাটির পরিবর্তে '২০১২' সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে;

(জ) দফা ৩০ এ উল্লিখিত "গোষ্ঠীর" শব্দটির পরিবর্তে "জনগোষ্ঠীর" শব্দটি প্রতিস্থাপিত হইবে।



৪। ২০০৯ সনের ১৬ নং আইনের ধারা ৫ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৫ এর উপ-ধারা (২) এর পর নিম্নরূপ একটি নতুন উপ-ধারা (৩) সংযোজিত হইবে, যথা:—

“(৩) যদি কোন ব্যক্তি কোন বিদেশী রাষ্ট্রে অপরাধ সংঘটন করিয়া বাংলাদেশে আশ্রয় গ্রহণ করে, যাহা বাংলাদেশে সংঘটিত হইলে এই আইনের অধীন শাস্তিযোগ্য হইত, তাহা হইলে উক্ত অপরাধ বাংলাদেশে সংঘটিত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং যদি তাহাকে উক্ত অপরাধ বিচারের এখতিয়ার সম্পন্ন কোন বিদেশী রাষ্ট্রে বহিসমর্পণ করা না যায়, তাহা হইলে উক্ত ব্যক্তি ও অপরাধের ক্ষেত্রে এই আইনের বিধানাবলী প্রযোজ্য হইবে।”।

৫। ২০০৯ সনের ১৬ নং আইনের ধারা ৬ এর প্রতিস্থাপন।—উক্ত আইনের ধারা ৬ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ৬ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৬। সন্ত্রাসী কার্য।—(১) যদি কোন ব্যক্তি, সত্তা বা বিদেশী নাগরিক—

(ক) বাংলাদেশের অখণ্ডতা, সংহতি, জননিরাপত্তা বা সার্বভৌমত্ব বিপন্ন করিবার জন্য জনসাধারণ বা জনসাধারণের কোন অংশের মধ্যে আতঙ্ক সৃষ্টির মাধ্যমে সরকার বা কোন সত্তা বা কোন ব্যক্তিকে কোন কার্য করিতে বা করা হইতে বিরত রাখিতে বাধ্য করিবার উদ্দেশ্যে—

(অ) অন্য কোন ব্যক্তিকে হত্যা, গুরুতর আঘাত, আটক বা অপহরণ করে বা করিবার প্রচেষ্টা গ্রহণ করে; অথবা

(আ) অন্য কোন ব্যক্তিকে হত্যা, গুরুতর জখম, আটক বা অপহরণ করার জন্য অপর কোন ব্যক্তিকে ষড়যন্ত্র বা সহায়তা বা প্ররোচিত করে; অথবা

(ই) অন্য কোন ব্যক্তি, সত্তা বা প্রজাতন্ত্রের কোন সম্পত্তির ক্ষতি সাধন করে বা করিবার প্রচেষ্টা গ্রহণ করে; অথবা

(ঈ) অন্য কোন ব্যক্তি, সত্তা বা প্রজাতন্ত্রের কোন সম্পত্তির ক্ষতি সাধন করিবার উদ্দেশ্যে ষড়যন্ত্র বা সহায়তা বা প্ররোচিত করে; অথবা

(উ) উপ-দফা (অ), (আ), (ই) বা (ঈ) এর উদ্দেশ্য সাধনকল্পে কোন বিস্ফোরক দ্রব্য, দাহ্য পদার্থ ও আগ্নেয়াস্ত্র ব্যবহার করে বা নিজ দখলে রাখে;

(খ) অন্য কোন রাষ্ট্রের নিরাপত্তা বিঘ্নিত বা উহার সম্পত্তি বিনষ্ট করিবার অভিপ্রায়ে দফা (ক) এর উপ-দফা (অ), (আ), (ই), (ঈ) বা (উ) এর অনুরূপ কোন অপরাধ সংঘটন করে বা সংঘটনের প্রচেষ্টা করে বা উক্তরূপ অপরাধ সংঘটনের জন্য প্ররোচিত, ষড়যন্ত্র বা সহায়তা করে;

(গ) কোন আন্তর্জাতিক সংস্থাকে কোন কার্য করিতে বা করা হইতে বিরত রাখিবার জন্য দফা (ক) এর উপ-দফা (অ), (আ), (ই), (ঈ) বা (উ) এর অনুরূপ কোন অপরাধ সংঘটন করে বা সংঘটনের উদ্যোগ গ্রহণ করে বা উক্তরূপ অপরাধ সংঘটনের জন্য প্ররোচিত, ষড়যন্ত্র বা সহায়তা করে;

(ঘ) জ্ঞাতসারে কোন সন্ত্রাসী সম্পত্তি ব্যবহার করে বা অধিকারে রাখে;



(ঙ) এই আইনের তফসিল-১ এ অন্তর্ভুক্ত জাতিসংঘ কনভেনশনে বর্ণিত কোন অপরাধ করিতে সহায়তা, প্ররোচিত বা ষড়যন্ত্র করে বা সংঘটন করে বা সংঘটন করিবার প্রচেষ্টা করে;

(চ) কোন সশস্ত্র সংঘাতময় দ্বন্দ্বের বৈরি পরিস্থিতিতে (hostilities in a situation of armed conflict) সক্রিয় অংশগ্রহণ করেন নাই এইরূপ কোন বেসামরিক, কিংবা অন্য কোন ব্যক্তির মৃত্যু ঘটাইবার বা মারাত্মক শারীরিক জখম ঘটাইবার অভিপ্রায়ে এইরূপ কোন কার্য করে, যাহার উদ্দেশ্য, উহার প্রকৃতিগত বা ব্যাপ্তির কারণে, কোন জনগোষ্ঠীকে ভীতি প্রদর্শন বা অন্য কোন সরকার বা রাষ্ট্র বা কোন আন্তর্জাতিক সংস্থাকে কোন কার্য করিতে বা কোন কার্য করা হইতে বিরত থাকিতে বাধ্য করে;

তাহা হইলে উক্ত ব্যক্তি, সত্তা বা বিদেশী নাগরিক “সন্ত্রাসী কার্য” সংঘটনের অপরাধ করিয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) যদি কোন ব্যক্তি বা বিদেশী নাগরিক উপ-ধারা (১) এর দফা (ক) এর—

(অ) উপ-দফা (অ) এর অধীন কোন অপরাধ সংঘটন করেন তাহা হইলে তিনি মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত হইবেন এবং উহার অতিরিক্ত অর্থদণ্ড আরোপ করা যাইবে;

(আ) উপ-দফা (আ) এর অধীন কোন অপরাধ সংঘটন করেন তাহা হইলে উক্ত অপরাধের নির্ধারিত শাস্তি যদি মৃত্যুদণ্ড হয় সেইক্ষেত্রে তিনি যাবজ্জীবন কারাদণ্ড বা অনূর্ধ্ব ১৪ (চৌদ্দ) বৎসর ও অন্যান্য ৪ (চার) বৎসরের সশ্রম কারাদণ্ড এবং অর্থদণ্ডে দণ্ডিত হইবেন;

(ই) উপ-দফা (ই) এর অধীন কোন অপরাধ সংঘটন করেন তাহা হইলে তিনি যাবজ্জীবন কারাদণ্ড বা অনূর্ধ্ব ১৪ (চৌদ্দ) বৎসর ও অন্যান্য ৪ (চার) বৎসরের সশ্রম কারাদণ্ড এবং অর্থদণ্ডে দণ্ডিত হইবেন;

(ঈ) উপ-দফা (ঈ) এর অধীন কোন অপরাধ সংঘটন করেন তাহা হইলে তিনি অনূর্ধ্ব ১৪ (চৌদ্দ) বৎসর ও অন্যান্য ৪ (চার) বৎসরের সশ্রম কারাদণ্ড এবং অর্থদণ্ডে দণ্ডিত হইবেন;

(উ) উপ-দফা (উ) এর অধীন কোন অপরাধ সংঘটন করেন তাহা হইলে তিনি যাবজ্জীবন কারাদণ্ড বা অনূর্ধ্ব ১৪ (চৌদ্দ) বৎসর ও অন্যান্য ৪ (চার) বৎসরের সশ্রম কারাদণ্ড এবং অর্থদণ্ডে দণ্ডিত হইবেন।

(৩) যদি কোন ব্যক্তি বা বিদেশী নাগরিক উপ-ধারা (১) এর দফা (খ), (গ), (ঘ), (ঙ) বা (চ) এর অধীন কোন অপরাধ সংঘটন করেন তাহা হইলে তিনি যাবজ্জীবন কারাদণ্ড বা অনূর্ধ্ব ১৪ (চৌদ্দ) বৎসর ও অন্যান্য ৪ (চার) বৎসরের সশ্রম কারাদণ্ড এবং অর্থদণ্ডে দণ্ডিত হইবেন।

(৪) যদি কোন সত্তা সন্ত্রাসী কার্য সংঘটন করে, তাহা হইলে—

(ক) উক্ত সত্তার বিরুদ্ধে ধারা ১৮ অনুসারে পদক্ষেপ গ্রহণ করা যাইবে এবং উহার অতিরিক্ত উক্ত অপরাধের সহিত সংশ্লিষ্ট সম্পত্তির মূল্যের তিনগুণ পরিমাণ অর্থ বা ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা, যাহা অধিক, অর্থদণ্ড আরোপ করা যাইবে; এবং





(খ) উক্ত সত্তার প্রধান, তিনি চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, প্রধান নির্বাহী বা অন্য যে কোন নামে অভিহিত হউক না কেন, অনূর্ধ্ব ২০ (বিশ) বৎসর ও অনূন ৪ (চার) বৎসরের সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হইবেন এবং উহার অতিরিক্ত উক্ত অপরাধের সহিত সম্পৃক্ত সম্পত্তির মূল্যের দ্বিগুণ পরিমাণ অর্থ বা ২০ (বিশ) লক্ষ টাকা, যাহা অধিক, অর্থদণ্ড আরোপ করা যাইবে, যদি না তিনি প্রমাণ করিতে সমর্থ হন যে, উক্তরূপ অপরাধ তাহার অজ্ঞাতসারে সংঘটিত হইয়াছিল বা উহার সংঘটন নিবৃত্ত করিবার জন্য তিনি সর্বাত্রিক প্রচেষ্টা গ্রহণ করিয়াছিলেন।”

৬। ২০০৯ সনের ১৬ নং আইনের ধারা ৭ এর প্রতিস্থাপন।—উক্ত আইনের ধারা ৭ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ৭ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৭। সন্ত্রাসী কার্যে অর্থায়ন সংক্রান্ত অপরাধ।—(১) যদি কোন ব্যক্তি বা সত্তা স্বেচ্ছায়, বৈধ বা অবৈধ উৎস হইতে, প্রত্যক্ষ বা পরোক্ষ যে কোনভাবে এই অভিপ্রায়ে অর্থ, সেবা বা অন্য যে কোন সম্পত্তি সরবরাহ, গ্রহণ, সংগ্রহ বা উহার এইরূপ ব্যবস্থা করে যে, উহার সম্পূর্ণ বা অংশবিশেষ—

(ক) সন্ত্রাসী কার্য পরিচালনায় ব্যবহৃত হইবে; বা

(খ) সন্ত্রাসী ব্যক্তি বা সন্ত্রাসী সত্তা কর্তৃক যে কোন উদ্দেশ্যে ব্যবহৃত হইবে, অথবা ব্যবহৃত হইতে পারে মর্মে জ্ঞাত থাকে;

তাহা হইলে উক্ত ব্যক্তি বা সত্তা সন্ত্রাসী কার্যে অর্থায়নের অপরাধ সংঘটন করিয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) সন্ত্রাসী কার্যে অর্থায়ন সংক্রান্ত অপরাধে দোষী সাব্যস্তকরণের ক্ষেত্রে উপ-ধারা (১) এ উল্লিখিত অর্থ, সেবা বা অন্য যে কোন সম্পত্তি প্রকৃতই কোন সন্ত্রাসী কার্য সম্পাদনের বা পরিচালনার ক্ষেত্রে বা সন্ত্রাসী কার্য সম্পাদনের প্রচেষ্টার ক্ষেত্রে ব্যবহৃত হইয়াছে কিনা বা কোন সুনির্দিষ্ট সন্ত্রাসী কার্যের সহিত সম্পর্কযুক্ত ছিল কিনা, উহার উপর নির্ভর করিবে না।

(৩) যদি কোন ব্যক্তি উপ-ধারা (১) এ উল্লিখিত কোন অপরাধে দোষী সাব্যস্ত হন, তাহা হইলে তিনি অনূর্ধ্ব ২০ (বিশ) বৎসর ও অনূন ৪ (চার) বৎসরের সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হইবেন, এবং উহার অতিরিক্ত উক্ত অপরাধের সহিত সংশ্লিষ্ট সম্পত্তির মূল্যের দ্বিগুণ পরিমাণ অর্থ বা ১০ (দশ) লক্ষ টাকা, যাহা অধিক, অর্থদণ্ড আরোপ করা যাইবে।

(৪) যদি কোন সত্তা উপ-ধারা (১) এ উল্লিখিত কোন অপরাধে দোষী সাব্যস্ত হয়, তাহা হইলে—

(ক) উক্ত সত্তার বিরুদ্ধে ধারা ১৮ অনুসারে পদক্ষেপ গ্রহণ করা যাইবে এবং উহার অতিরিক্ত উক্ত অপরাধের সহিত সংশ্লিষ্ট সম্পত্তির মূল্যের তিনগুণ পরিমাণ অর্থ বা ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা, যাহা অধিক, অর্থদণ্ড আরোপ করা যাইবে; এবং

(খ) উক্ত সত্তার প্রধান, তিনি চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, প্রধান নির্বাহী বা অন্য যে কোন নামে অভিহিত হউক না কেন, অনূর্ধ্ব ২০ (বিশ) বৎসর ও অনূন ৪ (চার) বৎসরের সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হইবেন এবং উহার অতিরিক্ত উক্ত অপরাধের সহিত সম্পৃক্ত সম্পত্তির মূল্যের দ্বিগুণ পরিমাণ অর্থ বা ২০ (বিশ) লক্ষ টাকা, যাহা অধিক, অর্থদণ্ড আরোপ করা যাইবে, যদি না তিনি প্রমাণ করিতে সমর্থ হন যে, উক্তরূপ অপরাধ তাহার অজ্ঞাতসারে সংঘটিত হইয়াছিল বা উহার সংঘটন নিবৃত্ত করিবার জন্য তিনি সর্বাত্রিক প্রচেষ্টা গ্রহণ করিয়াছিলেন।”



৭। ২০০৯ সনের ১৬ নং আইনের ধারা ৮ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৮ এর—

(ক) উপাত্ত টীকায় উল্লিখিত ‘সংগঠনের’ শব্দটির পরিবর্তে ‘সত্তার’ শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) মূল অংশে উল্লিখিত ‘সংগঠনের’ শব্দটির পরিবর্তে ‘সত্তার’ শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৮। ২০০৯ সনের ১৬ নং আইনের ধারা ৯ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৯ এর—

(ক) উপাত্ত টীকায় উল্লিখিত ‘সংগঠন’ শব্দটির পরিবর্তে ‘সত্তা’ শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (১) এ দুইবার উল্লিখিত ‘সংগঠনকে’ শব্দটির পরিবর্তে উভয় স্থানে ‘সত্তাকে’ শব্দটি প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) উপ-ধারা (২) এ উল্লিখিত ‘সংগঠনের’ শব্দটির পরিবর্তে ‘সত্তার’ শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৯। ২০০৯ সনের ১৬ নং আইনের ধারা ১০ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১০ এ উল্লিখিত ‘এই আইনের অধীন অপরাধ সংঘটনের ষড়যন্ত্র করেন, তাহা হইলে’ শব্দগুলি ও কুমার পর ‘তিনি অপরাধ করিয়াছেন বলিয়া গণ্য হইবেন এবং’ শব্দগুলি সন্নিবেশিত হইবে এবং ‘পাঁচ’ শব্দটির পরিবর্তে ‘৪ (চার)’ শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

১০। ২০০৯ সনের ১৬ নং আইনের ধারা ১১ এর প্রতিস্থাপন।—উক্ত আইনের ধারা ১১ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ১১ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“১১। অপরাধ সংঘটনের প্রচেষ্টার (attempt) শাস্তি।—যদি কোন ব্যক্তি বা সত্তা এই আইনের অধীন কোন অপরাধ সংঘটনের প্রচেষ্টা করে, তাহা হইলে উক্ত ব্যক্তি বা সত্তা অপরাধ সংঘটন করিয়াছেন বলিয়া গণ্য হইবে এবং উক্ত ব্যক্তি বা উক্ত সত্তার প্রধান, তিনি চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, প্রধান নির্বাহী বা অন্য যে কোন নামে অভিহিত হউক না কেন, উক্ত অপরাধের জন্য নির্ধারিত সর্বোচ্চ শাস্তির দুই-তৃতীয়াংশ মেয়াদের যে কোন কারাদণ্ডে অথবা অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন, এবং যদি উক্ত অপরাধের জন্য নির্ধারিত শাস্তি মৃত্যুদণ্ড হয়, তাহা হইলে উক্ত অপরাধের শাস্তি হইবে যাবজ্জীবন কারাদণ্ড অথবা অনূর্ধ্ব ১৪ (চৌদ্দ) বৎসর ও অনূন্য ৪ (চার) বৎসরের সশ্রম কারাদণ্ড, এবং উহার অতিরিক্ত সংশ্লিষ্ট সত্তার বিরুদ্ধে ধারা ১৮ অনুসারে ব্যবস্থা গ্রহণ করা যাইবে।”

১১। ২০০৯ সনের ১৬ নং আইনের ধারা ১২ এর প্রতিস্থাপন।—উক্ত আইনের ধারা ১২ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ১২ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“১২। অপরাধ সংঘটনে সাহায্য ও সহায়তার (aid and abetment) শাস্তি।—যদি কোন ব্যক্তি বা সত্তা এই আইনের অধীন কোন অপরাধ সংঘটনে—

(ক) সাহায্য বা সহায়তা করে; বা

(খ) সহায়তাকারী হিসাবে (as an accomplice) অংশগ্রহণ করে; বা

(গ) অন্যদেরকে সংগঠিত বা পরিচালনা করে; বা

(ঘ) অবদান রাখে;



তাহা হইলে উক্ত ব্যক্তি বা সত্তা অপরাধ সংঘটন করিয়াছেন বলিয়া গণ্য হইবে এবং উক্ত ব্যক্তি বা উক্ত সত্তার প্রধান, তিনি চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, প্রধান নির্বাহী বা অন্য যে কোন নামে অভিহিত হউক না কেন, উক্ত অপরাধের জন্য নির্ধারিত সর্বোচ্চ শাস্তির দুই-তৃতীয়াংশ মেয়াদের যে কোন কারাদণ্ডে, অথবা অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন; এবং যদি উক্ত অপরাধের জন্য নির্ধারিত শাস্তি মৃত্যুদণ্ড হয়, তাহা হইলে উক্ত অপরাধের শাস্তি হইবে যাবজ্জীবন কারাদণ্ড অথবা অনূর্ধ্ব ১৪ (চৌদ্দ) বৎসর ও অনূ্যন ৪ (চার) বৎসরের সশ্রম কারাদণ্ড, এবং উহার অতিরিক্ত সংশ্লিষ্ট সত্তার বিরুদ্ধে ধারা ১৮ অনুসারে ব্যবস্থা গ্রহণ করা যাইবে।”।

১২। ২০০৯ সনের ১৬ নং আইনের ধারা ১৩ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১৩ এ উল্লিখিত ‘সংগঠনকে’ শব্দটির পরিবর্তে ‘সত্তাকে’ শব্দটি, ‘সংগঠন’ শব্দটির পরিবর্তে ‘সত্তা’ শব্দটি এবং ‘পাঁচ’ শব্দটির পরিবর্তে ‘৪ (চার)’ শব্দ, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

১৩। ২০০৯ সনের ১৬ নং আইনের ধারা ১৪ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১৪ এর—

(ক) উপাস্ত টীকায় উল্লিখিত “অপরাধীকে আশ্রয় প্রদান” শব্দগুলির পরিবর্তে “অপরাধীকে আশ্রয় প্রদানের শাস্তি” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) উপ-ধারা (২) এর পর নিম্নরূপ একটি নূতন উপ-ধারা (৩) সংযোজিত হইবে, যথা:—

“(৩) যেক্ষেত্রে কোন সত্তা কর্তৃক আশ্রয় প্রদানের অপরাধ সংঘটিত হয়, সেইক্ষেত্রে উহার প্রধান হিসাবে দায়িত্ব পালনকারী চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক, প্রধান নির্বাহী বা অন্য কোন নামের পদধারীর প্রতি উপ-ধারা (১) এর বিধানাবলী প্রযোজ্য হইবে, যদি না তিনি প্রমাণ করিতে সমর্থ হন যে, উক্তরূপ অপরাধ তাহার অজ্ঞাতসারে সংঘটিত হইয়াছিল বা উহার সংঘটন নিবৃত্ত করিবার জন্য তিনি সর্বাগ্রক প্রচেষ্টা গ্রহণ করিয়াছিলেন।”।

১৪। ২০০৯ সনের ১৬ নং আইনের ধারা ১৫ এর প্রতিস্থাপন।—উক্ত আইনের ধারা ১৫ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ১৫ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“১৫। বাংলাদেশ ব্যাংকের ক্ষমতা।—(১) এই আইনের অধীন কোন অপরাধ সংঘটনের উদ্দেশ্যে কোন রিপোর্ট প্রদানকারী সংস্থার মাধ্যমে লেনদেন প্রতিরোধ ও সনাক্ত করিতে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে এবং এতদুদ্দেশ্যে উহার নিম্নবর্ণিত ক্ষমতা ও কর্তৃত্ব থাকিবে, যথা:—

(ক) কোন রিপোর্ট প্রদানকারী সংস্থা হইতে সন্দেহজনক লেনদেন সম্পর্কিত প্রতিবেদন তলব করা, উহা বিশ্লেষণ বা পুনরীক্ষণ করা এবং বিশ্লেষণ বা পুনরীক্ষণের উদ্দেশ্যে উহার সহিত সম্পর্কিত অতিরিক্ত তথ্য সংগ্রহ করা এবং উহার রেকর্ড বা ড্যাটাবেজ সংরক্ষণ করা এবং, ক্ষেত্রমত, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ বা সংশ্লিষ্ট অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থাকে উক্ত তথ্য সরবরাহ বা রিপোর্ট প্রদান করা;

(খ) কোন লেনদেন সন্ত্রাসী কার্যের সহিত সম্পৃক্ত মর্মে সন্দেহ করিবার যুক্তিসঙ্গত কারণ থাকিলে, সংশ্লিষ্ট রিপোর্ট প্রদানকারী সংস্থাকে উক্ত লেনদেনের হিসাব অনধিক ৩০ (ত্রিশ) দিনের জন্য স্থগিত বা অবরুদ্ধ রাখিবার উদ্দেশ্যে লিখিত আদেশ জারি করা এবং এইরূপে উক্ত হিসাবের লেনদেন সম্পর্কিত সঠিক তথ্য উদ্ঘাটনের প্রয়োজন দেখা দিলে লেনদেন স্থগিত বা অবরুদ্ধ রাখিবার মেয়াদ অতিরিক্ত ৩০ (ত্রিশ) দিন করিয়া সর্বোচ্চ ৬ (ছয়) মাস বর্ধিত করা;



- (গ) রিপোর্ট প্রদানকারী সংস্থার কার্যক্রম পরিবীক্ষণ ও তদারক করা;
- (ঘ) সন্ত্রাসী কার্যে এবং ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের (weapons of mass destruction, WMD) বিস্তারে অর্থ যোগান প্রতিহত করিবার উদ্দেশ্যে প্রতিরোধমূলক পদক্ষেপ গ্রহণে রিপোর্ট প্রদানকারী সংস্থাসমূহকে নির্দেশ প্রদান করা;
- (ঙ) রিপোর্ট প্রদানকারী সংস্থা কর্তৃক নির্দেশ প্রতিপালন পর্যবেক্ষণ করা এবং এই আইনের যে কোন উদ্দেশ্য পূরণকল্পে রিপোর্ট প্রদানকারী সংস্থাসমূহকে সরেজমিনে পরিদর্শন করা; এবং

(চ) সন্দেহজনক লেনদেন সনাক্ত ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের উদ্দেশ্যে রিপোর্ট প্রদানকারী সংস্থাসমূহের কর্মকর্তা ও কর্মচারীগণকে প্রশিক্ষণের ব্যবস্থা করা।

(২) বাংলাদেশ ব্যাংক, সন্ত্রাসী কার্যে অর্থায়নের সহিত সম্পৃক্ত সন্দেহজনক কোন লেনদেনের বিষয়ে কোন রিপোর্ট প্রদানকারী সংস্থা বা উহার গ্রাহককে সনাক্ত করিবার সঙ্গে সঙ্গে, উহা পুলিশ বা যথাযথ আইন প্রয়োগকারী সংস্থাকে অবহিত করিবে, এবং অনুসন্ধান ও তদন্ত কার্যে পুলিশ বা সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী সংস্থাকে প্রয়োজনীয় সকল প্রকার সহযোগিতা প্রদান করিবে।

(৩) অপরাধটি যদি অন্য কোন রাষ্ট্রে সংঘটিত হয় বা অন্য কোন রাষ্ট্রে বিচারার্থীন থাকে, তাহা হইলে বাংলাদেশ ব্যাংক উক্ত বিদেশী রাষ্ট্রের অনুরোধের প্রেক্ষিতে বা কোন আন্তর্জাতিক, আঞ্চলিক বা দ্বিপাক্ষিক চুক্তি, বাংলাদেশ সরকার কর্তৃক অনুসমর্থিত জাতিসংঘের কনভেনশন বা জাতিসংঘের নিরাপত্তা পরিষদ কর্তৃক গৃহীত সংশ্লিষ্ট রেজুলেশনের আওতায় কোন ব্যক্তি বা সত্তার হিসাব জন্ম করিবার উদ্যোগ গ্রহণ করিবে।

(৪) উপ-ধারা (৩) এর অধীন জন্মকৃত অর্থ সংশ্লিষ্ট আদালত কর্তৃক বা সংশ্লিষ্ট চুক্তি, কনভেনশন বা জাতিসংঘের নিরাপত্তা পরিষদ কর্তৃক গৃহীত রেজুলেশনের আওতায় নিষ্পত্তিযোগ্য হইবে।

(৫) এই আইনের অধীন বাংলাদেশ ব্যাংকের ক্ষমতা ও দায়-দায়িত্ব বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বি,এফ,আই,ইউ) কর্তৃক প্রয়োগ ও সম্পাদিত হইবে এবং বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট এই আইনের অধীন কোন তথ্য সরবরাহের অনুরোধ করিলে, সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা বা সংশ্লিষ্ট অন্য কোন প্রতিষ্ঠান বা সংস্থা উহাকে তাহা সরবরাহ করিবে অথবা, ক্ষেত্রমত, স্বপ্রণোদিত হইয়া তথ্য সরবরাহ করিবে।

(৬) বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট, অনুরোধের প্রেক্ষিতে বা, ক্ষেত্রমত, স্বপ্রণোদিত হইয়া সন্ত্রাসী কার্য বা সন্ত্রাসী কার্যে অর্থায়ন সম্পৃক্ত তথ্যাদি অন্য দেশের ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট বা অন্য কোন রাষ্ট্রের অনুরূপ কর্তৃপক্ষকে (counter part) সরবরাহ করিবে।

(৭) সন্ত্রাসী কার্যে অর্থায়নের বিষয়ে তদন্তের স্বার্থে কোন আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক কোন ব্যাংকের দলিল বা কোন নথিতে নিম্নবর্ণিত শর্তে প্রবেশাধিকার থাকিবে, যথা:—

(ক) উপযুক্ত আদালত বা বিশেষ ট্রাইব্যুনালের আদেশক্রমে; অথবা

(খ) বাংলাদেশ ব্যাংকের অনুমোদনক্রমে।



(৮) যদি কোন রিপোর্ট প্রদানকারী সংস্থা এই ধারার অধীন বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত নির্দেশনা প্রতিপালনে ব্যর্থ হয় অথবা জ্ঞাতসারে কোন ভুল বা মিথ্যা তথ্য বা বিবরণী সরবরাহ করে, তাহা হইলে উক্ত রিপোর্ট প্রদানকারী সংস্থা বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত ও নির্দেশিত অনূর্ধ্ব ২৫ (পঁচিশ) লক্ষ টাকা জরিমানা পরিশোধ করিতে বাধ্য থাকিবে এবং বাংলাদেশ ব্যাংক উক্ত সংস্থা বা সংস্থার কোন শাখা, সেবাকেন্দ্র, বুথ বা এজেন্টের বাংলাদেশে কার্যক্রম পরিচালনা বন্ধ করিবার উদ্দেশ্যে উহার নিবন্ধন বা লাইসেন্স স্থগিত করিতে পারিবে অথবা, ক্ষেত্রমত, উক্ত সংস্থার বিরুদ্ধে যথাযথ কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য নিবন্ধনকারী বা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে বিষয়টি সম্পর্কে অবহিত করিবে।

(৯) যদি কোন রিপোর্ট প্রদানকারী সংস্থা বাংলাদেশ ব্যাংক কর্তৃক উপ-ধারা (৮) অনুসারে আরোপিত জরিমানা পরিশোধে ব্যর্থ হয় বা পরিশোধ না করে, তাহা হইলে বাংলাদেশ ব্যাংক উক্ত রিপোর্ট প্রদানকারী সংস্থার নিকট হইতে উক্ত জরিমানার অর্থ উক্ত সংস্থা কর্তৃক অন্য কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান বা বাংলাদেশ ব্যাংকে পরিচালিত হিসাব বিকলনপূর্বক আদায় করিতে পারিবে এবং জরিমানার কোন অংশ অনাদায়ী বা অপরিশোধিত থাকিলে, বাংলাদেশ ব্যাংক, প্রয়োজনে, উহা আদায়ের জন্য সংশ্লিষ্ট আদালতে আবেদন করিতে পারিবে।”।

১৫। ২০০৯ সনের ১৬ নং আইনের ধারা ১৬ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১৬ এর উপ-ধারা (৩) ও (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (৩), (৪) ও (৫) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(৩) কোন রিপোর্ট প্রদানকারী সংস্থা উপ-ধারা (১) এর বিধান প্রতিপালনে ব্যর্থ হইলে, উক্ত রিপোর্ট প্রদানকারী সংস্থা বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত ও নির্দেশিত অনধিক ২৫ (পঁচিশ) লক্ষ টাকা জরিমানা পরিশোধ করিতে বাধ্য থাকিবে এবং বাংলাদেশ ব্যাংক উক্ত সংস্থা বা সংস্থার কোন শাখা, সেবাকেন্দ্র, বুথ বা এজেন্টের বাংলাদেশে কার্যক্রম পরিচালনা বন্ধ করিবার উদ্দেশ্যে নিবন্ধন বা লাইসেন্স স্থগিত করিতে পারিবে অথবা ক্ষেত্রমত, নিবন্ধনকারী বা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে উক্ত সংস্থা বা সংস্থার কোন শাখা, সেবাকেন্দ্র, বুথ বা এজেন্টের বিরুদ্ধে যথাযথ কার্যকরী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত বিষয়টি সম্পর্কে অবহিত করিবে।

(৪) যদি কোন রিপোর্ট প্রদানকারী সংস্থার পরিচালনা পরিষদ বা, পরিচালনা পরিষদ না থাকিলে, উহার প্রধান নির্বাহী কর্মকর্তা, যে নামেই অভিহিত হউক, উপ-ধারা (২) এর বিধান প্রতিপালনে ব্যর্থ হন, তাহা হইলে পরিচালনা পরিষদের চেয়ারম্যান বা, ক্ষেত্রমত, প্রধান নির্বাহী কর্মকর্তা বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত ও নির্দেশিত অনধিক ২৫ (পঁচিশ) লক্ষ টাকা জরিমানা পরিশোধ করিতে বাধ্য থাকিবেন এবং বাংলাদেশ ব্যাংক উক্ত ব্যক্তিকে তাহার পদ হইতে অপসারণ করিতে পারিবে বা, ক্ষেত্রমত, উক্ত ব্যক্তির বিরুদ্ধে যথাযথ কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য উপযুক্ত কর্তৃপক্ষকে বিষয়টি সম্পর্কে অবহিত করিবে।

(৫) যদি কোন রিপোর্ট প্রদানকারী সংস্থা উপ-ধারা (৩) এর অধীন বাংলাদেশ ব্যাংক কর্তৃক আরোপিত জরিমানা পরিশোধ করিতে ব্যর্থ হয় বা পরিশোধ না করে, অথবা যদি পরিচালনা পরিষদের চেয়ারম্যান, বা প্রধান নির্বাহী কর্মকর্তা, যে নামেই অভিহিত হউক, উপ-ধারা (৪) এর অধীন বাংলাদেশ ব্যাংক কর্তৃক আরোপিত জরিমানা পরিশোধে ব্যর্থ হন বা পরিশোধ না করেন, তাহা হইলে বাংলাদেশ ব্যাংক উক্ত রিপোর্ট প্রদানকারী সংস্থার নিকট হইতে জরিমানার অর্থ আদায় করিতে পারিবে বা উক্ত ব্যক্তি কর্তৃক কোন ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান বা বাংলাদেশ ব্যাংকে পরিচালিত তাহার হিসাব বিকলনপূর্বক আদায় করিতে পারিবে এবং উক্ত জরিমানার কোন অংশ অনাদায়ী থাকিলে বা অপরিশোধিত থাকিলে, উহা আদায়ের জন্য বাংলাদেশ ব্যাংক, প্রয়োজনে, সংশ্লিষ্ট আদালতে আবেদন করিতে পারিবে।”।



১৬। ২০০৯ সনের ১৬ নং আইনের চতুর্থ অধ্যায় এর শিরোনাম সংশোধন।—উক্ত আইনের চতুর্থ অধ্যায় এর শিরোনামে উল্লিখিত “সন্ত্রাসী সংগঠন” শব্দগুলির পরিবর্তে “নিষিদ্ধ ঘোষণা ও তালিকাভুক্তকরণ এবং জাতিসংঘ নিরাপত্তা পরিষদের রেজুলেশন বাস্তবায়ন” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১৭। ২০০৯ সনের ১৬ নং আইনের ধারা ১৭ এর প্রতিস্থাপন।—উক্ত আইনের ধারা ১৭ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ১৭ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“১৭। সন্ত্রাসী কার্যের সহিত জড়িত ব্যক্তি বা সত্তা।—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কোন ব্যক্তি বা সত্তা সন্ত্রাসী কার্যের সহিত জড়িত বলিয়া গণ্য হইবে, যদি সেই ব্যক্তি বা উহা—

- (ক) সন্ত্রাসী কার্য সংঘটিত করে বা উক্ত কার্যে অংশগ্রহণ করে;
- (খ) সন্ত্রাসী কার্যের জন্য প্রত্নুতি গ্রহণ করে;
- (গ) সন্ত্রাসী কার্য সংঘটনে সাহায্য বা উৎসাহ প্রদান করে;
- (ঘ) সন্ত্রাসী কার্যের সহিত জড়িত কোন সত্তাকে সমর্থন ও সহায়তা প্রদান করে;
- (ঙ) জাতিসংঘের নিরাপত্তা পরিষদের রেজুলেশন নং ১৩৭৩ (UNSCR 1373) এ উল্লিখিত নিম্নবর্ণিত তালিকাভুক্তি বা নিষিদ্ধের মানদণ্ডের (listing criteria) আওতাভুক্ত হয়, যথা:—

- (১) যদি কোন ব্যক্তি বা সত্তা কোন সন্ত্রাসী কার্য করে বা প্রচেষ্টা গ্রহণ করে বা অংশগ্রহণ করে বা সন্ত্রাসী কার্য সংঘটনে সহযোগিতা করে;
- (২) তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত যে কোন ব্যক্তি বা সত্তার প্রত্যক্ষ বা পরোক্ষ মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন কোন সত্তা;
- (৩) তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত যে কোন ব্যক্তি বা সত্তার পক্ষে বা নির্দেশে কাজ করে এইরূপ অন্য কোন ব্যক্তি বা সত্তা।

(চ) কোন সন্ত্রাসী ব্যক্তিকে আশ্রয় প্রদান করে; অথবা

(ছ) অন্য কোনভাবে সন্ত্রাসী কার্যের সহিত জড়িত হয়।”।

১৮। ২০০৯ সনের ১৬ নং আইনের ধারা ১৮ এর প্রতিস্থাপন।—উক্ত আইনের ধারা ১৮ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ১৮ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“১৮। নিষিদ্ধ ঘোষণা ও তালিকাভুক্তকরণ।—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, কোন ব্যক্তি বা সত্তা সন্ত্রাসী কার্যের সহিত জড়িত রহিয়াছে মর্মে যুক্তিসঙ্গত কারণের ভিত্তিতে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উক্ত ব্যক্তিকে তফসিলে তালিকাভুক্ত করিতে পারিবে বা সত্তাকে নিষিদ্ধ ঘোষণা ও তফসিলে তালিকাভুক্ত করিতে পারিবে।

(২) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে কোন ব্যক্তি বা সত্তাকে তফসিলে তালিকাভুক্ত করিতে বা তফসিল হইতে বাদ দিতে পারিবে অথবা অন্য কোনভাবে তফসিল সংশোধন করিতে পারিবে।”।



১৯। ২০০৯ সনের ১৬ নং আইনের ধারা ১৯ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১৯ এর উপ-ধারা (১) ও উপ-ধারা (২) এ দুইবার উল্লিখিত “সংগঠন” শব্দের পরিবর্তে উভয়স্থানে “ব্যক্তি বা সত্তা” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২০। ২০০৯ সনের ১৬ নং আইনের ধারা ২০ এর প্রতিস্থাপন।—উক্ত আইনের ধারা ২০ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ২০ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“২০। তালিকাভুক্ত ব্যক্তি বা নিষিদ্ধ সত্তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ।—(১) যদি কোন ব্যক্তিকে ধারা ১৮ এর বিধান অনুসারে তালিকাভুক্ত করা হয় বা কোন সত্তাকে নিষিদ্ধ করা হয়, তাহা হইলে, এই আইনে বর্ণিত অন্যান্য ব্যবস্থা গ্রহণ ছাড়াও সরকার, প্রযোজ্য ক্ষেত্রে, নিম্নবর্ণিত যে কোন পদক্ষেপ গ্রহণ করিবে, যথা:—

- (ক) উক্ত সত্তার কার্যালয়, যদি থাকে, বন্ধ করিয়া দিবে;
- (খ) ব্যাংক এবং অন্যান্য হিসাব, যদি থাকে, অবরুদ্ধ করিবে, এবং উহার সকল সম্পত্তি জব্দ বা আটক করিবে;
- (গ) নিষিদ্ধ সত্তার সদস্যদের দেশ ত্যাগে বাধা নিষেধ আরোপ করিবে;
- (ঘ) সকল প্রকার প্রচারপত্র, পোস্টার, ব্যানার অথবা মুদ্রিত, ইলেকট্রনিক, ডিজিটাল বা অন্যান্য উপকরণ বাজেয়াপ্ত করিবে; এবং
- (ঙ) নিষিদ্ধ সত্তা কর্তৃক বা উহার পক্ষে বা সমর্থনে যে কোন প্রেস বিবৃতির প্রকাশনা, মুদ্রণ বা প্রচারণা, সংবাদ সম্মেলন বা জনসম্মুখে বক্তৃতা প্রদান নিষিদ্ধ করিবে।

(২) নিষিদ্ধ সত্তা উহার আয় ও ব্যয়ের হিসাব এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক মনোনীত উপযুক্ত কর্তৃপক্ষের নিকট দাখিল করিবে এবং আয়ের সকল উৎস প্রকাশ করিবে।

(৩) যদি প্রতীয়মান হয় যে, তালিকাভুক্ত ব্যক্তি বা নিষিদ্ধ সংঘটনের সম্পত্তি অবৈধভাবে অর্জিত হইয়াছে অথবা এই আইনের অধীন কোন অপরাধ সংঘটনে ব্যবহৃত হইয়াছে, তাহা হইলে উক্ত সম্পত্তি আদালত কর্তৃক রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত হইবে।”।

২১। ২০০৯ সনের ১৬ নং আইনে ধারা ২০ক এর সন্নিবেশ।—উক্ত আইনের ধারা ২০ এর পর নিম্নরূপ একটি নূতন ধারা ২০ক সন্নিবেশিত হইবে, যথা:—

“২০ক। জাতিসংঘ নিরাপত্তা পরিষদের রেজুলেশন বাস্তবায়নে পদক্ষেপ।—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, জাতিসংঘ নিরাপত্তা পরিষদের রেজুলেশন নং ১২৬৭ এবং উহার অনুবর্তী রেজুলেশনসমূহ ও জাতিসংঘ নিরাপত্তা পরিষদের রেজুলেশন নং ১৩৭৩ এবং ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তার ও উহাতে অর্থ সংস্থান প্রতিরোধ, দমন এবং ব্যাহতকরণ সম্পর্কিত জাতিসংঘ নিরাপত্তা পরিষদের রেজুলেশনসমূহ বাস্তবায়নের উদ্দেশ্যে, বাংলাদেশ সরকারের এই আইনের অন্যান্য ধারা অথবা আপাতত বলবৎ অন্যান্য আইনে উল্লিখিত ক্ষমতার অতিরিক্ত হিসাবে নিম্নবর্ণিত ব্যবস্থাসমূহ গ্রহণ করিবার ক্ষমতা থাকিবে:



(ক) তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তা কর্তৃক অথবা তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তার মালিকানাধীন বা উক্ত ব্যক্তি বা সত্তা কর্তৃক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নিয়ন্ত্রিত কোন সংস্থা কর্তৃক অথবা, যদি জাতিসংঘ নিরাপত্তা পরিষদের ১২৬৭ নং রেজুলেশনের অধীন সংকলিত তালিকায় কোন স্বাভাবিক ব্যক্তি (natural person) বা সত্তার নাম অন্তর্ভুক্ত থাকে, তাহা হইলে উক্ত স্বাভাবিক ব্যক্তি বা সত্তার পক্ষে, ধারণকৃত সম্পত্তি, তহবিল বা অন্যান্য আর্থিক পরিসম্পদ বা আর্থিক উৎসসহ উহা হইতে উদ্ধৃত বা সৃষ্ট তহবিল, পূর্ব নোটিশ ব্যতীত, অনতিবিলম্বে অবরুদ্ধ, জব্দ বা ফ্রোক করিবে;

(খ) সন্ত্রাসী কার্য সংঘটন বা সংঘটনের প্রচেষ্টাকারী বা সন্ত্রাসী কার্য সংঘটনে অংশগ্রহণ বা সুযোগ সৃষ্টিকারী কোন ব্যক্তি অথবা উক্তরূপ ব্যক্তির মালিকানাধীন বা তৎকর্তৃক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নিয়ন্ত্রিত সত্তার অথবা উক্তরূপ ব্যক্তি বা সত্তার পক্ষে বা নির্দেশনা অনুসারে কার্য সম্পাদনকারী ব্যক্তি বা সত্তার অথবা জাতিসংঘ নিরাপত্তা পরিষদ কর্তৃক তালিকাভুক্ত বা ১৩৭৩ নং রেজুলেশনের অধীন নিষিদ্ধ বা তালিকাভুক্ত ব্যক্তির এবং সহযোগী ব্যক্তি ও সত্তার তহবিল বা অন্যান্য আর্থিক পরিসম্পদ বা আর্থিক উৎসসহ উহা হইতে উদ্ধৃত বা সৃষ্ট তহবিল, পূর্ব নোটিশ ব্যতীত, অনতিবিলম্বে অবরুদ্ধ, জব্দ বা ফ্রোক করিবে;

(গ) বাংলাদেশের অভ্যন্তরে বা বাহিরে কোন ব্যক্তি বা সত্তা কর্তৃক কোন তহবিল সন্ত্রাসী কার্যে ব্যবহারের অভিপ্রায়ে বা উহা সন্ত্রাসী কার্যে ব্যবহৃত হইবে এইরূপ জ্ঞাত থাকিয়া, স্বেচ্ছায় প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, তহবিল গঠন বা সংগ্রহ করা হইলে, উহা নিষিদ্ধ করিবে;

(ঘ) জাতিসংঘ নিরাপত্তা পরিষদ কর্তৃক তালিকাভুক্ত বা ১৩৭৩ নং রেজুলেশনের অধীন নিষিদ্ধ বা তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তার অথবা উক্তরূপ ব্যক্তির মালিকানাধীন বা তৎকর্তৃক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নিয়ন্ত্রিত সত্তার অথবা উক্তরূপ ব্যক্তির পক্ষে বা নির্দেশনা অনুসারে কার্য সম্পাদনকারী ব্যক্তি বা সত্তার প্রত্যক্ষ বা পরোক্ষ কল্যাণে কোন ব্যক্তি বা সত্তা কর্তৃক কোন তহবিল গঠন, আর্থিক পরিসম্পদ বা আর্থিক উৎস বা সম্পূর্ণ অন্যান্য সেবা সৃষ্টি করা হইলে, উহা নিষিদ্ধ করিবে;

(ঙ) কার্যকর সীমানা নিয়ন্ত্রণ এবং অভিবাসন ব্যবস্থার মাধ্যমে জাতিসংঘ নিরাপত্তা পরিষদ কর্তৃক তালিকাভুক্ত ব্যক্তিগণের বাংলাদেশে প্রবেশ বা বাংলাদেশের ভিতর দিয়া অন্য দেশে গমনাগমন প্রতিরোধ করিবে;

(চ) জাতিসংঘ নিরাপত্তা পরিষদ কর্তৃক তালিকাভুক্ত কোন ব্যক্তি বা সত্তার নিকট, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, বাংলাদেশের অভ্যন্তরে বা বাহিরে কোন অস্ত্র এবং গোলাবারুদ এবং অন্যান্য সংশ্লিষ্ট উপকরণ, বস্তু, হাতিয়ার (equipment), পণ্য এবং প্রযুক্তি সরবরাহ, বিক্রয় এবং হস্তান্তর প্রতিরোধ করিবে;

(ছ) জাতিসংঘ নিরাপত্তা পরিষদ কর্তৃক তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তার মালিকানাধীন, ইজারাধীন বা তৎকর্তৃক বা উহার পক্ষে পরিচালিত যে কোন বিমান (any aircraft) তাহাদের রাষ্ট্রীয় সীমানায় উড্ডয়ন বা অবতরণের অনুমতি প্রদানে অস্বীকৃতি প্রদান করিবে;



(জ) জাতিসংঘের নিরাপত্তা পরিষদ কর্তৃক তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তার নিকটে বা নিকট হইতে প্রেরিত কার্গো পরিদর্শনের মাধ্যমে পারমাণবিক, রাসায়নিক বা জৈব (Biological) অস্ত্রসমূহ, উহা সরবরাহের সরঞ্জাম এবং সংশ্লিষ্ট অন্যান্য বস্তুর অবৈধ পাচার প্রতিরোধ করিবে;

(ঝ) জাতিসংঘ নিরাপত্তা পরিষদ কর্তৃক তালিকাভুক্ত ব্যক্তি এবং সত্তার সহিত সম্পর্কিত উক্ত রেজুলেশনে উল্লিখিত যে কোন কার্য নিষিদ্ধ এবং প্রতিরোধ করিবে;

(ঞ) এই ধারার যথাযথ বাস্তবায়নের উদ্দেশ্যে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট কর্তৃক রিপোর্ট প্রদানকারী সংস্থাকে সময় সময় অনুশাসন প্রদান করিবে;

(ট) দফা (ক) হইতে (ঝ) তে বর্ণিত ক্ষমতা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্যে সরকার সময়ে সময়ে প্রজ্ঞাপন বা আদেশ জারির মাধ্যমে উপযুক্ত কর্তৃপক্ষ নির্ধারণ করিবে।

(২) যদি কোন ব্যক্তি বা সত্তা এই ধারার অধীন প্রদত্ত অবরুদ্ধ বা ফ্রোক আদেশ লংঘন করে, তাহা হইলে উক্ত ব্যক্তি বা উক্ত সত্তার সংশ্লিষ্ট ব্যক্তি অনধিক ৪ (চার) বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হইবেন অথবা অবরুদ্ধ বা ফ্রোকযোগ্য সম্পত্তির মূল্যের দ্বিগুণ অর্থের সমপরিমাণ অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

(৩) যদি কোন ব্যক্তি বা সত্তা উপ-ধারা (১) এর দফা (গ) এবং (ঘ) লংঘন করিয়া কোন কার্য করে বা কোন কার্য করিতে ব্যর্থ হয়, তাহা হইলে উক্ত ব্যক্তি বা সত্তা সন্ত্রাসী কার্যে অর্থায়নের অপরাধ সংঘটন করিয়াছে বলিয়া গণ্য হইবে এবং ধারা ৭ এর উপ-ধারা (৩), (৪)(ক) বা, ক্ষেত্রমত, (৪)(খ) এর বিধান অনুসারে দণ্ডিত হইবে।

(৪) যদি কোন ব্যক্তি বা সত্তা উপ-ধারা (১) এর দফা (ঙ) হইতে (জ) লংঘন করিয়া কোন কার্য করে বা কোন কার্য করিতে ব্যর্থ হয়, তাহা হইলে উক্ত ব্যক্তি বা সত্তা সন্ত্রাসী কার্যের অপরাধ সংঘটন করিয়াছে বলিয়া গণ্য হইবে এবং ধারা ৬ এর উপ-ধারা (২), (৩)(ক) বা, ক্ষেত্রমত, (৩)(খ) এর বিধান অনুসারে দণ্ডিত হইবে।

(৫) যদি কোন রিপোর্ট প্রদানকারী সংস্থা এই ধারার অধীন বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট কর্তৃক প্রদত্ত অনুশাসনাবলী প্রতিপালনে ব্যর্থ হয়, অথবা এই ধারার অধীন অবিলম্বে অবরুদ্ধ কার্যক্রম গ্রহণে ব্যর্থ হয়, তাহা হইলে উক্ত রিপোর্ট প্রদানকারী সংস্থা বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট কর্তৃক নির্ধারিত এবং নির্দেশিত অনধিক ২৫ (পঁচিশ) লক্ষ টাকা তবে অন্যান্য ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা অথবা সন্দেহযুক্ত তহবিলের দ্বিগুণ পরিমাণ অর্থ, উহাদের মধ্যে যাহা অধিক হয়, জরিমানা পরিশোধ করিতে বাধ্য থাকিবে এবং বাংলাদেশ ব্যাংক উক্ত সংস্থা বা সংস্থার কোন শাখা, সেবাকেন্দ্র, বুথ বা এজেন্টের বাংলাদেশে কার্যক্রম পরিচালনা বন্ধ করিবার উদ্দেশ্যে নিবন্ধন বা লাইসেন্স স্থগিত করিতে পারিবে বা, ক্ষেত্রমত, নিবন্ধনকারী বা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে উক্ত সংস্থার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের নিমিত্ত বিষয়টি সম্পর্কে অবহিত করিবে।

(৬) কোন জনসেবকের (public servant) বিরুদ্ধে, এই ধারার বিধান কার্যকর করিবার ক্ষেত্রে, কোনরূপ অবহেলা করিবার অভিযোগ প্রমাণিত হইলে, তাহার নিজস্ব চাকুরি বিধিমালা অনুসারে তাহার বিরুদ্ধে প্রশাসনিক কার্যক্রম গ্রহণ করা হইবে।”।



২২। ২০০৯ সনের ১৬ নং আইনের ধারা ২১ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ২১ এর উপ-ধারা (২) এর পর নিম্নরূপ নতুন উপ-ধারা (৩) সংযোজিত হইবে, যথা:—

“(৩) কোন সন্ত্রাসী ব্যক্তি বা সত্তা কর্তৃক ব্যবহৃত ফেসবুক, স্কাইপি, টুইটার বা যে কোন ইন্টারনেট এর মাধ্যমে আলাপ আলোচনা ও কথাবার্তা অথবা তাহাদের অপরাধ সংশ্লিষ্ট স্থির বা ভিডিও চিত্র পুলিশ বা আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক কোন মামলার তদন্তের স্বার্থে যদি আদালতে উপস্থাপন করা হয়, তাহা হইলে, সাক্ষ্য আইনে যাহা কিছুই থাকুক না কেন, পুলিশ বা আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক উপস্থাপিত উক্ত তথ্যাদি আদালতে সাক্ষ্য হিসাবে গ্রহণযোগ্য হইবে।”।

২৩। ২০০৯ সনের ১৬ নং আইনের ধারা ২৩ এর প্রতিস্থাপন।—উক্ত আইনের ধারা ২৩ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ২৩ ও ২৩ক প্রতিস্থাপিত হইবে, যথা:—

“২৩। অভিযুক্ত ব্যক্তির স্বীকারোক্তি রেকর্ড সম্পর্কিত বিশেষ বিধান।—যে কোন মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট অথবা এতদুদ্দেশ্যে বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত যে কোন ম্যাজিস্ট্রেট অভিযুক্ত ব্যক্তি কর্তৃক প্রদত্ত স্বীকারোক্তিমূলক কোন বক্তব্য রেকর্ডকালে, যদি উক্ত ব্যক্তি ঘটনা সম্পর্কে লিখিতভাবে বিবৃতি প্রদান করিতে সক্ষম ও আগ্রহী হন, তাহা হইলে উক্ত ব্যক্তিকে তাহার স্বীকারোক্তিমূলক বক্তব্য স্বহস্তে লিপিবদ্ধ করিবার অনুমতি প্রদান করিবেন।

২৩ক। তদন্তকালীন সন্ত্রাসী সম্পত্তি জব্দ বা ক্রোকের বিশেষ বিধান।—(১) যদি এই আইনের অধীন সংঘটিত অপরাধের বিষয়ে তদন্তকারী কোন কর্মকর্তার নিকট বিশ্বাস করিবার কারণ থাকে যে, তদন্তধীন সম্পত্তি সন্ত্রাসী কর্মকাণ্ড হইতে উদ্ধৃত সম্পদ (proceeds of terrorism), তাহা হইলে তিনি উক্ত সম্পত্তি যে জেলায় অবস্থিত উক্ত জেলার জেলা ম্যাজিস্ট্রেটের নিকট উক্ত সম্পত্তি জব্দ করিবার পূর্বানুমতির জন্য লিখিত আবেদন করিবেন এবং জেলা ম্যাজিস্ট্রেট তদন্তকারী কর্মকর্তার আবেদন যাচাই করিবার পর সন্তুষ্ট হইলে, অনুরূপ সম্পত্তি জব্দ করিবার অনুমতি প্রদান করিতে পারিবেন এবং যেক্ষেত্রে অনুরূপ সম্পত্তি জব্দ করা বাস্তবসম্মত নহে, সেইক্ষেত্রে ক্রোক আদেশের (order of attachment) মাধ্যমে নির্দেশ প্রদান করিবেন যে, অনুরূপ আদেশ প্রদানকারী কর্মকর্তার পূর্বানুমতি ব্যতীত, অনুরূপ সম্পত্তি হস্তান্তর বা অন্য কোন ব্যবস্থা করা যাইবে না।

(২) যদি বৈধ উৎস হইতে অর্জিত সম্পত্তির সহিত সন্ত্রাসী কর্মকাণ্ড হইতে উদ্ধৃত সম্পত্তির মিশ্রণ (mingle) ঘটে, তাহা হইলে উক্ত মিশ্রিত (mingled) সম্পত্তিতে স্থিত সন্ত্রাসী কর্মকাণ্ড হইতে উদ্ধৃত সম্পত্তি, অথবা যেক্ষেত্রে সন্ত্রাসী কর্মকাণ্ড হইতে উদ্ধৃত সম্পত্তির মূল্য নিরূপণ করা না যায়, সেইক্ষেত্রে মিশ্রিত সম্পত্তির সম্পূর্ণ মূল্য এই ধারায় বর্ণিত বিধান অনুসারে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক জব্দ বা ক্রোকযোগ্য হইবে।

(৩) তদন্তকারী কর্মকর্তা অনুরূপ সম্পত্তি জব্দ বা ক্রোকের ৪৮ (আটচল্লিশ) ঘন্টার মধ্যে সরকারকে যথাযথভাবে অবহিত করিবেন এবং সরকার অনুরূপ জব্দ বা ক্রোক আদেশ জারির ৬০ (ষাট) কর্ম দিবসের মধ্যে উক্ত জব্দ বা ক্রোক আদেশ অনুমোদন করিবেন অথবা বাতিল করিবেন:

তবে শর্ত থাকে যে, যাহার সম্পত্তি জব্দ বা ক্রোক হইয়াছে তাহাকে বক্তব্য উপস্থাপনের যথাযথ সুযোগ প্রদান করিতে হইবে।



(৪) উপ-ধারা (৩) এর অধীন কোন ক্রোক বা জব্দের মেয়াদকাল আদালতে তদন্ত প্রতিবেদন দাখিল করিবার পূর্ব পর্যন্ত বহাল থাকিবে।”।

২৪। ২০০৯ সনের ১৬ নং আইনের ধারা ৩৪ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৩৪ এর—

(ক) উপাত্ত-টীকার পরিবর্তে নিম্নরূপ উপাত্ত-টীকা প্রতিস্থাপিত হইবে, যথা:—

“সন্ত্রাসী কর্মকাণ্ড-লব্ধ সম্পদের দখল (Possession of property obtained from terrorist activities)”;

(খ) উপ-ধারা (১) ও (২) এবং ব্যাখ্যার পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (১) ও (২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(১) কোন সন্ত্রাসী ব্যক্তি বা সন্ত্রাসী সত্তা বা অন্য কোন ব্যক্তি সন্ত্রাসী কর্মকাণ্ড হইতে উদ্ভূত বা কোন সন্ত্রাসী ব্যক্তি বা সন্ত্রাসী সত্তা কর্তৃক প্রদত্ত অর্থ বা সম্পদ বা অন্য যে কোন সন্ত্রাসী সম্পত্তি ভোগ করিতে বা দখলে রাখিতে পারিবে না।

(২) এই আইনের অধীন দণ্ডপ্রাপ্ত হউক বা না হউক, এরূপ কোন সন্ত্রাসী ব্যক্তি বা কোন সন্ত্রাসী সত্তা বা অন্য কোন ব্যক্তির দখলে থাকা কোন সন্ত্রাসী সম্পত্তি রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্তযোগ্য হইবে।”।

২৫। ২০০৯ সনের ১৬ নং আইনের ধারা ৩৫ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৩৫ এর—

(ক) উপাত্ত-টীকার পরিবর্তে নিম্নরূপ উপাত্ত-টীকা প্রতিস্থাপিত হইবে, যথা:—

“সন্ত্রাসী কর্মকাণ্ড-লব্ধ সম্পদ এবং সন্ত্রাসী কর্মকাণ্ড হইতে উদ্ভূত সম্পদ বাজেয়াপ্ত (Confiscation of assets obtained from terrorist activities and proceeds of terrorism)”;

(খ) উপ-ধারা (১) এ উল্লিখিত ‘সন্ত্রাসী কার্য হইতে উদ্ভূত’ শব্দগুলির পরিবর্তে ‘সন্ত্রাসী কার্য হইতে সৃষ্ট (deriving from terrorist activities) বা সন্ত্রাসী কর্মকাণ্ড-লব্ধ সম্পদ হইতে উদ্ভূত (or it constitutes from proceeds of terrorism)’ শব্দগুলি, বন্ধনীগুলি ও হাইফেন প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-ধারা (২) এ উল্লিখিত “কোন সন্ত্রাসী কার্য হইতে উদ্ভূত কোন সম্পত্তি” শব্দগুলির পরিবর্তে “সন্ত্রাসী কর্মকাণ্ড-লব্ধ সম্পদ (proceeds of terrorism) বা কোন সন্ত্রাসী কার্য হইতে সৃষ্ট কোন সম্পত্তি” শব্দগুলি, বন্ধনী ও হাইফেন প্রতিস্থাপিত হইবে।

২৬। ২০০৯ সনের ১৬ নং আইনের ধারা ৪০ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৪০ এর উপ-ধারা (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(১) এই আইনের অধীন কোন অপরাধ সংঘটিত হইলে, সংশ্লিষ্ট পুলিশ কর্মকর্তা, তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেটকে অবহিতক্রমে মামলা রুজু করিবে এবং তদন্ত কার্যক্রম শুরু করিবে।”।

২৭। ২০০৯ সনের ১৬ নং আইনের তফসিলের প্রতিস্থাপন।—উক্ত আইনের তফসিলের পরিবর্তে নিম্নরূপ তফসিল ১, ২ ও ৩ প্রতিস্থাপিত হইবে, যথা:—

#### “তফসিল-১

[ ধারা ২ এর দফা (৩ক) দ্রষ্টব্য ]

(ক) ১৬ই ডিসেম্বর, ১৯৭০ খ্রিস্টাব্দ তারিখে হেগে সম্পাদিত অবৈধভাবে বিমান আটক প্রতিরোধ সংক্রান্ত কনভেনশন (Convention for the suppression of unlawful seizure of Aircraft, done at the Hague on 16<sup>th</sup> December, 1970);

(খ) ২৩শে সেপ্টেম্বর, ১৯৭১ খ্রিস্টাব্দ তারিখে মন্ট্রিলে সম্পাদিত বেসামরিক বিমান চলাচলের বিরুদ্ধে অবৈধ কার্যক্রম দমন সংক্রান্ত কনভেনশন (Convention for the suppression of unlawful Acts against the safety of Civil Aviation, done at Montreal on 23<sup>rd</sup> September, 1971);

(গ) ১৪ই ডিসেম্বর, ১৯৭৩ খ্রিস্টাব্দ তারিখে জাতিসংঘের সাধারণ পরিষদ কর্তৃক গৃহীত কূটনৈতিক প্রতিনিধিসহ আন্তর্জাতিকভাবে সুরক্ষিত ব্যক্তির বিরুদ্ধে অপরাধ প্রতিরোধ ও শাস্তি সংক্রান্ত কনভেনশন (Convention on the prevention and punishment of Crimes against internationally protected person, including diplomatic agents, adopted by the General Assembly of the United Nations on 14<sup>th</sup> December, 1973);

(ঘ) ১৭ই ডিসেম্বর, ১৯৭৯ খ্রিস্টাব্দ তারিখে জাতিসংঘের সাধারণ পরিষদ কর্তৃক গৃহীত জিম্মি গ্রহণের বিরুদ্ধে কনভেনশন (International convention against the taking of hostages adopted by the General Assembly of the United Nations on 17<sup>th</sup> December, 1979);

(ঙ) ৩রা মার্চ, ১৯৮০ খ্রিস্টাব্দ তারিখে ভিয়েনায় গৃহীত পারমাণবিক বস্তুর ভৌত সুরক্ষা সংক্রান্ত কনভেনশন (Convention on the physical protection of nuclear material, adopted at Vienna on 3<sup>rd</sup> March, 1980);



(চ) ২৪শে ফেব্রুয়ারি, ১৯৮৮ খ্রিস্টাব্দ তারিখে মন্ট্রিলে সম্পাদিত বেসামরিক বিমান চলাচলের নিরাপত্তার বিরুদ্ধে হিংস্র অবৈধ কার্যক্রম দমন সংক্রান্ত কনভেনশনের সম্পূরক আন্তর্জাতিক বিমান বন্দরে কর্মরত কর্মীদের অবৈধ কার্যক্রম দমন সংক্রান্ত প্রটোকল (Protocol for the suppression of unlawful Acts of violence at Airports serving International Civil Aviation, supplementary to the convention for the suppression of unlawful Acts against the safety of Civil Aviation, done at Montreal on 24<sup>th</sup> February, 1988);

(ছ) ১০ই মার্চ, ১৯৮৮ খ্রিস্টাব্দ তারিখে রোমে সম্পাদিত সামুদ্রিক নৌচালনার নিরাপত্তার বিরুদ্ধে অবৈধ কার্যক্রম দমন সংক্রান্ত কনভেনশন (Convention for the suppression of unlawful Acts against the safety of maritime navigation, done at Rome on 10<sup>th</sup> March, 1988);

(জ) ১০ই মার্চ, ১৯৮৮ খ্রিস্টাব্দ তারিখে রোমে সম্পাদিত মহিসোপানে অবস্থিত স্থায়ী প্লাটফর্মের নিরাপত্তার বিরুদ্ধে অবৈধ কার্যক্রম দমন সংক্রান্ত প্রটোকল (Protocol for the suppression of unlawful Acts against the safety of fixed platforms located on the continental shelf, done at Rome on 10<sup>th</sup> March, 1988);

(ঝ) ১৫ই ডিসেম্বর, ১৯৯৭ খ্রিস্টাব্দ তারিখে জাতিসংঘের সাধারণ পরিষদ কর্তৃক গৃহীত সন্ত্রাসী বোমা হামলা দমন সংক্রান্ত আন্তর্জাতিক কনভেনশন (International convention for the suppression of terrorist Bombings, adopted by the General Assembly of the United Nations on 15<sup>th</sup> December, 1997)।

১	২	৩	৪	৫
ক্রমিক নং	সত্তার নাম	সত্তার ঠিকানা	নিষিদ্ধকরণের তারিখ	মন্তব্য
০১	শাহাদাত-ই-আল হিক্মা পার্টি বাংলাদেশ	জনৈক মিজানুর রহমানের বাড়ী, হুড়গ্রাম নতুন পাড়া বাইপাস সড়ক, থানা-রাজপাড়া, রাজশাহী মহানগর	০৯/০২/২০০৩ খ্রিঃ	
০২	জাযত মুসলিম জনতা বাংলাদেশ (জেএমজেবি)	সুনির্দিষ্ট ঠিকানাবিহীন	২৩/০২/২০০৫ খ্রিঃ	
০৩	জামা'তুল মুজাহেদীন	সুনির্দিষ্ট ঠিকানাবিহীন	২৩/০২/২০০৫ খ্রিঃ	
০৪	হরকাতুল জিহাদ আল ইসলামী	সুনির্দিষ্ট ঠিকানাবিহীন	১৭/১০/২০০৫ খ্রিঃ	
০৫	হিজবুত তাহরীর বাংলাদেশ	এইচ, এম সিদ্দিক ম্যানসন, ৫৫/এ পুরানা পল্টন, ঢাকা এবং ২০১/সি পল্টন টাওয়ার (৩য় তলা), ২৭ পুরানা পল্টন লেন, ঢাকা	২২/১০/২০০৯ খ্রিঃ	



তফসিল-৩  
(ধারা ১৮ দ্রষ্টব্য)

১	২	৩	৪	৫
ক্রমিক নং	ব্যক্তির নাম	ব্যক্তির ঠিকানা	তালিকাভুক্তকরণের তারিখ	মন্তব্য

মোঃ মাহফুজুর রহমান  
সচিব।



বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

মাঃ লঃ প্রঃ সার্কুলার নং-০১/২০০২

তারিখ : ০৪ জ্যৈষ্ঠ, ১৪০৯  
১৮ মে, ২০০২

সকল ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং মানিচেক্সার

প্রিয় মহোদয়গণ,

মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে।

- ০২। মানি লন্ডারিং প্রতিরোধের উদ্দেশ্যে মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ (২০০২ সনের ৭ নং আইন) ৭ এপ্রিল, ২০০২ তারিখে বাংলাদেশ গেজেটে (অতিরিক্ত সংখ্যা) প্রকাশিত হইয়াছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার উক্ত আইনের ধারা ১(২) এ প্রদত্ত ক্ষমতা বলে সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা ৩০শে এপ্রিল, ২০০২ খ্রিষ্টাব্দ মোতাবেক ১৭ বৈশাখ, ১৪০৯ বঙ্গাব্দ তারিখকে উক্ত আইন বলবৎ হইবার তারিখ হিসাবে নির্ধারণ করিয়াছে। আইনটি প্রকাশের প্রজ্ঞাপন পুনর্মুদ্রনপূর্বক এতদসঙ্গে সংযোজিত হইল।
- ০৩। উক্ত আইনের বিধান অনুযায়ী পরবর্তীতে সময়ে সময়ে নির্দেশ জারী করা হইবে। ইত্যবসরে
- (ক) আইনের বিধানাবলী পরিপালন নিশ্চিত করিবেন;
  - (খ) সংশ্লিষ্ট সকল পক্ষকে এ বিষয়ে অবহিত করিবেন এবং
  - (গ) অনুগ্রহপূর্বক এই সার্কুলারের প্রাপ্তি স্বীকার করিবেন।

আপনাদের বিশ্বস্ত

স্বাক্ষরিত/-  
(এবদাতুল ইসলাম)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন : ৭১২০৩৭৫

মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা

মাঃ লঃ প্রঃ সার্কুলার নং-০২  
সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

তারিখ : ২ শ্রাবণ, ১৪০৯  
১৭ জুলাই, ২০০২

মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ এর বিধানসমূহ  
পরিপালনে অনুসরণীয় নির্দেশনাবলী।

প্রিয় মহোদয়গণ,

শিরোনামোক্ত বিষয়ে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের ১৮/০৫/২০০২ তারিখের ১ নং মাঃলঃপ্রঃ সার্কুলারটির প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে।

০২। মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ এর বিধানসমূহ যথাযথ পরিপালনের নিমিত্ত উক্ত আইনের ধারা ৪ এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রত্যেক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক অনুসরণের জন্য জারী করা হইল :-

- ক) মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ধারা ১৯(১)(ক) এ বর্ণিত বিধান অনুযায়ী প্রত্যেক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান গ্রাহকদের পরিচয়ের সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংরক্ষণ করিবে। হিসাবধারী গ্রাহক ব্যতীত অন্য কাহারো অনুরোধে অর্থ প্রেরণের জন্য কোন ড্রাফট/টিটি/এমটি ইস্যুর ক্ষেত্রেও অনুরোধকারী পক্ষের পূর্ণ নাম ও ঠিকানার সঠিক তথ্য সংরক্ষণ করিতে হইবে। এতদ্বিষয়ে অনুসরণীয় বিশদতর নির্দেশনাবলী পরিশিষ্ট ‘ক’-তে দ্রষ্টব্য।
- খ) প্রতিটি হিসাবের লেনদেনের হালনাগাদ সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংরক্ষণ করিতে হইবে এবং মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ধারা ১৯(১)(ক) অনুযায়ী প্রত্যেক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান উহাদের গ্রাহকের হিসাবের লেনদেন বন্ধ হওয়ার ক্ষেত্রে উক্তরূপ বন্ধ হওয়ার দিন হইতে অন্যান্য পাঁচ বৎসরকাল বিগত সময়ের লেনদেনের হিসাব সংরক্ষণ করিবে। হিসাবধারী গ্রাহক ব্যতীত অন্য কাহারো অনুরোধে অর্থ প্রেরণের ক্ষেত্রেও সংশ্লিষ্ট তথ্যাদি অর্থ প্রেরণের তারিখ হইতে অন্যান্য পাঁচ বৎসরকাল সংরক্ষণ করিবে।
- গ) মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ধারা ১৯ এর যথাযথ পরিপালনার্থে প্রত্যেক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান একজন উর্দ্ধতন কর্মকর্তার নেতৃত্বে প্রধান কার্যালয়ে একটি ‘কেন্দ্রীয় পরিপালন ইউনিট’ (Central Compliance Unit) এবং শাখা পর্যায়ে পরিপালন কর্মকর্তা মনোনয়নের মাধ্যমে অভ্যন্তরীণ পরিবীক্ষণ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠা করিবে। ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান উহার কেন্দ্রীয় পরিপালন ইউনিটের কর্মপরিধি ও কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে প্রাতিষ্ঠানিক কৌশল (Strategy) ও কার্যসূচী (program) নির্ধারণ করিবে। কেন্দ্রীয় পরিপালন ইউনিট শাখাসমূহের অনুসরণীয় নির্দেশনাবলী প্রদান করিবে; এই নির্দেশনাবলী মানি লন্ডারিং প্রতিরোধ দৃষ্টিকোণ হইতে লেনদেন পরিবীক্ষণ, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ (internal controls), নীতি (policies) ও পদ্ধতিসমূহের (procedures) সমন্বয়ে প্রণীত হইবে।
- ঘ) অস্বাভাবিক লেনদেন সনাক্তকরণ ও পরিবীক্ষণ করিবার নিমিত্ত প্রত্যেক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান গ্রাহকের হিসাবের সম্ভাব্য লেনদেনের অনুমিত মাত্রা (transaction profile) সম্পর্কে গ্রাহকের ঘোষণা সংগ্রহ করিয়া সংরক্ষণ করিবে। ঘোষিত লেনদেনের মাত্রার সংগে সংগতিহীন লেনদেন সাধারণভাবে অস্বাভাবিক বলিয়া বিবেচ্য হইবে, যদি গ্রাহকের সহিত এই বিষয়ে অনুসন্ধানে যথাযথ ব্যাখ্যা পাওয়া না যায়।
- ঙ) দৈনন্দিন লেনদেন কার্যক্রমে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন সনাক্তকরণে সচেতন ও সতর্ক থাকিবেন এবং মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ধারা ১৯(১)(গ) মোতাবেক মানি লন্ডারিং এর সহিত সংশ্লিষ্ট থাকিতে পারে এইরূপ অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন সনাক্ত হবার সংগে সংগে

শাখার মনোনীত পরিপালন কর্মকর্তার নিকট এতদসংযুক্ত পরিশিষ্ট-‘গ’ মোতাবেক ছকে লিখিতভাবে রিপোর্ট করিবেন (অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন সনাক্তকরণে লক্ষ্যণীয় বিষয়াদি পরিশিষ্ট-‘খ’ তে দ্রষ্টব্য)। পরিপালন কর্মকর্তা রিপোর্টকৃত ঘটনা অবিলম্বে যথাযথভাবে বিশ্লেষণ করিবেন; এবং ঐ লেনদেনটি মানি লন্ডারিং এর সহিত সম্পৃক্ত হওয়া বা না হওয়া সম্পর্কে পর্যবেক্ষণ কারণসহ বিশদভাবে লিপিবদ্ধ করিয়া রেকর্ডভুক্ত করিবেন। যদি রিপোর্টকৃত বিষয়টি মানি লন্ডারিং এর সহিত সম্পৃক্ত প্রতীয়মান হয়, তবে উক্ত ফরমটির কপিসমেত সংঘটিত ঘটনার পূর্ণ বিবরণ অবিলম্বে কেন্দ্রীয় পরিপালন ইউনিটে প্রেরিত হইবে। কেন্দ্রীয় পরিপালন ইউনিট প্রাপ্ত রিপোর্টটি পরীক্ষণ ও পর্যালোচনাস্তে পর্যবেক্ষণ উক্ত ফরম-গ এ রেকর্ডভুক্ত করিবে এবং ঘটনাটি বাংলাদেশ ব্যাংকে রিপোর্টকরণযোগ্য বিবেচনার ক্ষেত্রে অবিলম্বে মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবরে প্রেরণ করিবে।

অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন রিপোর্টকৃত হওয়ার বিষয়ে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা কোন পর্যায়েই গ্রাহক বা অন্য কোন ব্যক্তির নিকট কোন তথ্য ফাঁস করিবেন না, যাহাতে তদন্ত কার্যক্রম ব্যাহত বা বিরূপভাবে প্রভাবিত হইতে পারে।

চ) শাখার মনোনীত পরিপালন কর্মকর্তা তাঁহার নিকট রিপোর্টকৃত ঘটনাগুলির তথ্য এতদসংযুক্ত পরিশিষ্ট-ঘ মোতাবেক ছকে সমন্বিত বিবরণী ত্রৈমাসিক ভিত্তিতে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় পরিপালন ইউনিটে প্রেরণ করিবে। কেন্দ্রীয় পরিপালন ইউনিট একই ছকে ত্রৈমাসিক ভিত্তিতে রিপোর্টকৃত ঘটনাগুলির তথ্য মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবরে প্রেরণ করিবে।

ছ) মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ এর যথাযথ পরিপালন নিশ্চিত করিবার লক্ষ্যে প্রত্যেক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান তাহাদের কর্মকর্তাদের উপযুক্ত প্রশিক্ষণদানের ব্যবস্থা করিবে।

০৩। উপরে নির্দেশিত ব্যবস্থা মোতাবেক কেন্দ্রীয় পরিপালন ইউনিট গঠন ও অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেনের রিপোর্টিং কার্যক্রম অবিলম্বে গ্রহণীয় হইবে। কেন্দ্রীয় পরিপালন ইউনিট ও শাখাসমূহের অনুসরণীয় বিশদ অভ্যন্তরীণ নির্দেশনাবলী প্রণয়ন ১৫ই সেপ্টেম্বর, ২০০২ এর মধ্যে সম্পন্ন করিয়া অনুলিপি সহ অত্র বিভাগকে অবহিত করিতে হইবে।

ইত্যবসরে অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করিবেন।

সংযোজনী : বর্ণনা মোতাবেক।

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষরিত  
(এ কে এম মোস্তাফিজুর রহমান)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন : ৭১২০৬৫৯

গ্রাহকের পরিচিতি প্রতিষ্ঠার জন্য প্রয়োজনীয় তথ্যাদির নির্দেশক (Indicative) তালিকা।

প্রতিটি লেনদেনের ক্ষেত্রে গ্রাহকের সঠিক পরিচিতি সতর্কতার সহিত সংগ্রহ করিতে হইবে। এই প্রসংগে প্রযোজ্য ক্ষেত্রে গ্রাহকের ব্যক্তিগত সাক্ষাৎকারের (personal interview) উপর গুরুত্ব আরোপ করা যাইতে পারে। গ্রাহকের সঠিক পরিচিতি প্রতিষ্ঠার বিষয়ে পূর্ণ সন্তুষ্টি নিশ্চিত করিবার জন্য নিম্নে তালিকাভুক্ত তথ্য ও কাগজপত্রের মধ্যে যে বর্ণনার গ্রাহকের জন্য যেইগুলি প্রযোজ্য, সেই সকল তথ্যাদিসহ অতিরিক্ত যে কোন প্রাসঙ্গিক তথ্যাদি সংগ্রহ করিতে হইবে।

১। হিসাবধারী গ্রাহক :(ক) ব্যক্তিগত হিসাব :

(১) নাম, (২) বর্তমান ও স্থায়ী ঠিকানা, (৩) জন্ম তারিখ, বয়স (৪) জাতীয়তা, (৫) TIN নম্বর (যদি থাকে), (৬) পাসপোর্ট বা নিয়োগকর্তা প্রদত্ত পরিচিতিপত্র অথবা ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত পরিচয়ের প্রত্যনপত্র, (৭) হিসাবধারীর আলোকচিত্র (আবশ্যিকভাবে গ্রহণীয়)।

(খ) কর্পোরেট বা ব্যবসায়িক প্রতিষ্ঠানের হিসাব :

(১) ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান : ট্রেড লাইসেন্স সহ হিসাব পরিচালনাকারীর বিষয়ে ‘১(ক)’ দফায় উল্লিখিত প্রাসঙ্গিক তথ্যাদি।

(২) পার্টনারশীপ : পার্টনারশীপ ডিড, ট্রেড লাইসেন্স সহ অংশীদারগণের পরিচিতির বিষয়ে ‘১(ক)’ দফায় উল্লিখিত প্রাসঙ্গিক তথ্যাদি।

(৩) লিমিটেড কোম্পানী : সার্টিফিকেট অব ইনকর্পোরেশন, আর্টিকেলস অব এসোসিয়েশন, মেমোরেভাম অব এসোসিয়েশন, বোর্ডের সভায় গৃহীত আনুষ্ঠানিক সিদ্ধান্ত (resolution), পরিচালক সম্পর্কিত ঘোষণা এবং হিসাব পরিচালনাকারীর বিষয়ে ‘১(ক)’ দফায় উল্লিখিত প্রাসঙ্গিক তথ্যাদি (কোম্পানী বা তাঁহার পরিচালকগণের বিষয়ে প্রয়োজনে তথ্যাদির সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এর সাহায্য লওয়া যাইতে পারে। বাংলাদেশের বাহিরে নিবন্ধিত কোম্পানীর ক্ষেত্রে নিবন্ধন দলিলাদি যে স্থান হইতে ইস্যুকৃত হইয়াছে, প্রয়োজনে তথ্য যোগাযোগ করিয়া দলিলাদির যথার্থতা সম্পর্কে নিশ্চিত হওয়া সমীচীন হইতে পারে)।

(গ) অন্যান্য সংগঠনের হিসাব :

(১) ক্লাব/সোসাইটি : অফিস কর্মকর্তাগণের বিবরণ (office bearers), বাই-লজ বা সংবিধান, রেজিস্টার্ড হইলে সরকারী অনুমোদনপত্র ইত্যাদি।

(২) সমবায় সমিতি/লিমিটেড সোসাইটি : কো-অপারেটিভ কর্মকর্তা কর্তৃক সত্যায়িত বাই-লজ, অফিস কর্মকর্তাদের (office bearers) বিবরণ, হিসাব খুলিবার বিষয়ে সিদ্ধান্ত (resolution), সার্টিফিকেট অব রেজিস্ট্রেশন ইত্যাদি।

(৩) বেসরকারী স্কুল, কলেজ, মাদ্রাসা : গভর্নিং বডি বা ম্যানেজিং কমিটির সদস্যগণের পূর্ণ পরিচিতি, হিসাব খুলিবার বিষয়ে সিদ্ধান্ত (resolution) ইত্যাদি।

(৪) ট্রাস্টি বোর্ড : ডিড অব ট্রাস্টি এর সার্টিফাইড কপি, ট্রাস্টি বোর্ড এর সদস্যগণের পূর্ণ পরিচিতি, হিসাব খুলিবার বিষয়ে সিদ্ধান্ত (resolution) ইত্যাদি।

২। হিসাবধারী গ্রাহক ব্যতীত অন্যান্য গ্রাহক :

হিসাবধারী গ্রাহক ব্যতীত অন্যান্য গ্রাহক কর্তৃক রেমিট্যান্সসহ অন্যান্য ব্যাংকিং সেবা প্রদানের ক্ষেত্রে প্রেরক ও প্রাপকের পূর্ণ নাম ও ঠিকানা সংরক্ষণ।

**অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন সনাক্তকরণে লক্ষ্যনীয় বিষয়াদির নির্দেশক (Indicative) তালিকা :**

গ্রাহক ঘোষিত সম্ভাব্য লেনদেনের মাত্রার (transaction profile) সংগে সংগতিহীন লেনদেনের বিষয়ে গ্রাহকের সহিত অনুসন্ধানের যদি যথাযথ ব্যাখ্যা পাওয়া না যায়, তবে তাহা সাধারণভাবে অস্বাভাবিক লেনদেন বলিয়া বিবেচনা করা হইবে।

সন্দেহজনক লেনদেন বলিতে সাধারণভাবে সেই সকল লেনদেন বুঝাইবে যাহা মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ধারা ২(৪) এর আওতাভুক্ত কর্মকাণ্ড হইতে উদ্ভূত হইয়াছে। অর্থাৎ সাধারণভাবে একজন গ্রাহকের জ্ঞাত এবং আইনসিদ্ধ আয় হইতে উদ্ভূত বলিয়া প্রতীয়মান হয় না এইরূপ লেনদেন সন্দেহজনক বলিয়া গণ্য হইবে।

১। অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন সনাক্তকরণে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের শাখা পর্যায়ের জন্য প্রাসংগিক কতিপয় বৈশিষ্ট্য নিম্নে উল্লিখিত হইল :

- ১.১. কোন ব্যক্তি বা কোম্পানীর জ্ঞাত আয়ের সহিত সংগতিহীন অস্বাভাবিক বৃহৎ অংকের লেনদেন।
- ১.২. গ্রাহকের সংগে সংশ্লিষ্টতা স্পষ্ট নয় এইরূপ অন্যান্য পক্ষের নামে বিভিন্ন গন্তব্যে অর্থ প্রেরণের অনুরোধ।
- ১.৩. গ্রাহকের হিসাবে ছোট ছোট অংকের বহু সংখ্যক প্রতিবারে জমার অংক ক্ষুদ্র হইলেও ক্রমপুঞ্জীত অংক বৃহৎ যাহা গ্রাহকের জ্ঞাত আইনসিদ্ধ কর্মকাণ্ডের সহিত সংগতিহীন।
- ১.৪. হিসাব খুলিবার প্রাক্কালে গ্রাহক সম্পর্কিত তথ্যাদি প্রদানে অপারগতা/অনীহা/গড়িমসি করা।
- ১.৫. কোম্পানীর প্রতিনিধি কর্তৃক শাখার সহিত সরাসরি যোগাযোগ প্রায়শঃই এড়াইয়া যাওয়া।
- ১.৬. গ্রাহকের জ্ঞাত আইনসিদ্ধ আয়ের সহিত সংগতিহীন বৃহৎমাত্রার সিকিউরিটিজ ক্রয় ও বিক্রয়।

২। অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন পরিবীক্ষণে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের কেন্দ্রীয় পরিপালন ইউনিটের লক্ষ্যনীয় কতিপয় বিষয় নিম্নে উল্লিখিত হইল :

- ২.১. কোন শাখার মাধ্যমে নগদ লেনদেন বা অভ্যন্তরীণ রেমিটেন্সের মাত্রার আকস্মিক অস্বাভাবিক হ্রাস/বৃদ্ধি।
- ২.২. অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেনের বিষয়ে অন্যান্য শাখার তুলনায় অনেক কম সংখ্যক রিপোর্ট প্রাপ্তি।

অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন সংক্রান্ত রিপোর্টিং ফর্ম

সূত্র : মাঃলঃপ্রঃ সার্কুলার নং-০২, তারিখ ১৭/০৭/২০০২, অনুচ্ছেদ ২(ঙ)।

-----ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান

-----শাখা

১। রিপোর্টকারী কর্মকর্তা :

নাম :

বিভাগ/শাখা :

পদবী :

২। অস্বাভাবিক ও সন্দেহজনক লেনদেনের ক্ষেত্রে সন্দেহভাজন ব্যক্তির/প্রতিষ্ঠানের পরিচিতির তথ্য :

(ক) নাম

(খ) ঠিকানা (বর্তমান ও স্থায়ী)

(গ) জন্ম তারিখ

(ঘ) জাতীয়তা

(ঙ) পাসপোর্ট নং (যদি থাকে)

(চ) টিআইএন নং (যদি থাকে)

(ছ) হিসাব নম্বর ও হিসাবের প্রকৃতি

(জ) হিসাব খোলার তারিখ

(ঝ) হিসাব খোলার বিষয়ে প্রত্যয়নকারীর (introducer) নাম ও ঠিকানা

৩। অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেনের বিবরণ :

ক) অর্থের পরিমাণ

খ) লেনদেনের তারিখ/তারিখসমূহ

গ) লেনদেনের প্রকৃতি

৪। অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন পরিগণিত হইবার কারণ/পরিস্থিতি

৫। অন্যান্য তথ্যাদি :

কর্মকর্তার স্বাক্ষর-----

সময়-----

তারিখ-----

---

(শাখার পরিপালন কর্মকর্তা কর্তৃক পূরণীয়)

- ১। অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেনের ঘটনা রিপোর্টকৃত হইবার প্রেক্ষিতে অনুসন্ধান ও বিশ্লেষণে প্রাপ্ত তথ্যাদির উপর প্রতিবেদন :
- ২। রিপোর্টকৃত ঘটনাটি প্রাথমিক পর্যায়ে মানি লন্ডারিং এর আওতাভুক্ত এবং কেন্দ্রীয় পরিপালন ইউনিট বরাবরে রিপোর্টকরণযোগ্য কিনা : হ্যাঁ/না।
- ৩। কেন্দ্রীয় পরিপালন ইউনিট বরাবরে রিপোর্টিং তারিখ, সূত্র নং- :

---

শাখার পরিপালন কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ

(কেন্দ্রীয় পরিপালন ইউনিট কর্তৃক পূরণীয়)

- ১। অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেনের ঘটনা রিপোর্টকৃত হইবার প্রেক্ষিতে অনুসন্ধান ও বিশ্লেষণে প্রাপ্ত তথ্যাদির উপর প্রতিবেদন :
- ২। রিপোর্টকৃত ঘটনাটি মানি লন্ডারিং এর আওতাভুক্ত এবং বাংলাদেশ ব্যাংক বরাবরে রিপোর্টকরণযোগ্য কিনা : হ্যাঁ/না।
- ৩। বাংলাদেশ ব্যাংক বরাবরে রিপোর্টিং এর তারিখ, সূত্র নং- :

---

কেন্দ্রীয় পরিপালন ইউনিটের মনোনীত কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ

সূত্র নং-

ফোন ও ফ্যাক্স নং-

অস্বাভাবিক/সন্দেহজনক বলিয়া সনাক্ত লেনদেনের ত্রৈমাসিক বিবরণী

-----ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান

-----শাখা

-----তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের সমন্বিত বিবরণী

ক্রমিক নং	রিপোর্টিং এর তারিখ	ঘটনার সংক্ষিপ্ত বিবরণ	কেন্দ্রীয় পরিপালন ইউনিট বরাবরে ঘটনাটি রিপোর্ট করা হইয়াছে কিনা, হইলে সূত্র নং ও তারিখ	কেন্দ্রীয় পরিপালন ইউনিট হইতে বাংলাদেশ ব্যাংক বরাবরে ঘটনাটি রিপোর্ট করা হইয়াছে কিনা, হইলে সূত্র নং ও তারিখ
(১)	(২)	(৩)	(৪)	(৫)*

মনোনীত কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ

\*৫ নং কলামটি শাখা কর্তৃক পূরণ করিতে হইবে না।



মানি লভারিং প্রতিরোধ বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

মাঃ লঃ প্রঃ সার্কুলার নং-০৩

তারিখ : ২৬ অগ্রহায়ন, ১৪০৯  
১০ ডিসেম্বর, ২০০২

সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়গণ,

মানি লভারিং প্রতিরোধ আইন, ২০০২ এর  
বিধানসমূহ পরিপালনে অনুসরণীয় নির্দেশাবলী

শিরোনামে উল্লেখিত বিষয়ে অত্র বিভাগের ১৭ জুলাই, ২০০২ তারিখের মানি লভারিং প্রতিরোধ সার্কুলার নং-০২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে।

উপরোক্ত সার্কুলারের পরিশিষ্ট 'ক' এর ১ (ক) অনুচ্ছেদটি নিম্নোক্তভাবে সংশোধন করা হইল :-

১। হিসাবধারী গ্রাহক :

(ক) ব্যক্তিগত হিসাব :

(১) নাম (২) বর্তমান ও স্থায়ী ঠিকানা (৩) জন্ম তারিখ, বয়স (৪) জাতীয়তা (৫) TIN নম্বর (যদি থাকে) (৬) পাসপোর্ট বা নিয়োগকর্তা প্রদত্ত পরিচিতিপত্র অথবা ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের সম্মুখি সাপেক্ষে তাহাদের নিকট গ্রহণযোগ্য সমাজের গণ্যমান্য ব্যক্তি কর্তৃক প্রদত্ত পরিচয়ের প্রত্যয়নপত্র (৭) হিসাবধারীর আলোকচিত্র (আবশ্যিকভাবে গ্রহণীয়)।

গ্রাহকের হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে প্রচলিত পদ্ধতি/নিয়ম অনুসরণ অব্যাহত থাকিবে। উল্লেখ্য, গ্রাহক পরিচিতির যথার্থতা সম্পর্কে দায়-দায়িত্ব ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের উপরই বর্তাইবে।

এই সংশোধনী অবিলম্বে কার্যকর হইবে।

অনুগ্রহপূর্বক ইহার প্রাপ্তি স্বীকার করিবেন।

আপনাদের বিশ্বস্ত

স্বাক্ষরিত/-

(মোঃ হারুনুর রশীদ চৌধুরী)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৬৫৯

মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

মাঃ লঃ প্রঃ সার্কুলার নং-০৪

তারিখ : ৯ পৌষ, ১৪০৯ বাং  
২৩ ডিসেম্বর, ২০০২

সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

মানি লন্ডারিং সম্পর্কিত অপরাধ তদন্ত কাজে সহযোগিতা প্রসংগে।

প্রিয় মহোদয়গণ,

মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ধারা ৫(১) অনুযায়ী এই আইনের অধীন কোন অপরাধ বা সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে তদন্ত করিতে কোন ব্যক্তি/সংস্থাকে বাংলাদেশ ব্যাংক ক্ষমতা প্রদান করিতে পারে। অতএব, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা সংস্থার যথাযথ কর্তৃপক্ষের অনুমোদিত প্রতিনিধিকে মানি লন্ডারিং সম্পর্কিত অপরাধ তদন্তের জন্য ব্যাংকিং বিধিসম্মতভাবে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানে আপনাদের ব্যাংকের/প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা যাইতেছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করিবেন।

আপনাদের বিশ্বস্ত

স্বাক্ষরিত/-  
(মোঃ হারুনুর রশীদ চৌধুরী)  
মহাব্যবস্থাপক  
ফোন : ৭১২০৬৫৯

মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

ওয়েবসাইট : [www.bangladeshbank.org](http://www.bangladeshbank.org)

মাঃ লঃ প্রঃ সার্কুলার নং-০৫

তারিখ : ৮ জৈষ্ঠ, ১৪১০  
২২ মে, ২০০৩

সকল তফসিলী ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও মানি চেঞ্জার

মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ এর সংশোধন প্রসংগে।

প্রিয় মহোদয়গণ,

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে।

২। মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ (২০০২ সনের ৭ নং আইন) এর সংশোধনকল্পে প্রণীত মানি লন্ডারিং প্রতিরোধ (সংশোধন) আইন, ২০০৩ (২০০৩ সনের ৩ নং আইন) ২৭ শে ফেব্রুয়ারী, ২০০৩ তারিখে বাংলাদেশ গেজেটে (অতিরিক্ত সংখ্যা) প্রকাশিত হইয়াছে। সংশোধিত আইন সম্পর্কিত প্রকাশিত প্রজ্ঞাপনের সংশ্লিষ্ট অংশ অপর পৃষ্ঠায় পুনর্মুদ্রণ করা হইল।

- ৩। (ক) সংশোধনী মোতাবেক আইনের পরিপালন নিশ্চিত করিবেন;  
(খ) সংশ্লিষ্ট সকল পক্ষকে এই বিষয়ে অবহিত করিবেন; এবং  
(গ) অনুগ্রহপূর্বক এই সার্কুলারের প্রাপ্তি স্বীকার করিবেন।

আপনাদের বিশ্বস্ত

স্বাক্ষরিত/-  
(মোঃ হারুনুর রশীদ চৌধুরী)  
মহাব্যবস্থাপক  
ফোন : ৭১২০৬৫৯

## মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

ওয়েবসাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

মাঃ লঃ প্রঃ সার্কুলার নং-০৬

তারিখ : ২৪-০৭-২০০৫

বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়গণ,

৩০ এপ্রিল ২০০২ তারিখের পূর্বে খোলা হিসাবসমূহের  
KYC Procedures সম্পন্নকরণ প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে।

Guidance Notes on Prevention of Money Laundering এর ৫.১২.১ অনুচ্ছেদ মোতাবেক ৩০-০৪-২০০২ তারিখের পূর্বে খোলা হিসাবসমূহের ক্ষেত্রে KYC Procedures সম্পন্ন করিবার সর্বশেষ সময় ৩১ জানুয়ারী, ২০১০ নির্ধারিত আছে। উক্ত সময়সীমার মধ্যে উল্লিখিত কার্যক্রম সম্পন্ন করিবার লক্ষ্যে যথাযথ পরিকল্পনা গ্রহণপূর্বক দ্রুত ব্যবস্থা গ্রহণ অপরিহার্য। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাইতেছে যে, বিভিন্ন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এ বিষয়ে কোনরূপ কার্যকর পদক্ষেপ গ্রহণ করে নাই যাহা কাজিত নয়।

বর্ণিত অবস্থার প্রেক্ষিতে প্রত্যেক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে অবিলম্বে অনুরূপ হিসাবের সংখ্যা নির্ণয় করতঃ কত দিনের মধ্যে এবং কিভাবে উক্ত হিসাবসমূহের KYC Procedures সম্পন্ন করা হইবে তাহার সুনির্দিষ্ট কর্মসূচী প্রণয়ন এবং বাস্তবায়নের কাজ আরম্ভ করিতে হইবে। প্রণীত কর্মসূচীর একটি কপি আগামী ১৫-০৮-২০০৫ তারিখের মধ্যে এই বিভাগে প্রেরণ করিতে হইবে। ইহা ছাড়া ত্রৈমাসিক ভিত্তিতে প্রণীত কর্মসূচীর বাস্তবায়ন অগ্রগতি নির্ধারিত বিবরণীর (নমুনা সংযুক্ত) মাধ্যমে এই বিভাগকে অবহিত করিতে হইবে।

অনুগ্রহপূর্বক এই সার্কুলারের প্রাপ্তি স্বীকার করিবেন।

আপনাদের বিশ্বস্ত

সংযোজনী : ০১(এক)।

স্বাক্ষরিত/-

(এস.এম.আবুল কাসেম)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৬৫৯

৩০ এপ্রিল ২০০২ তারিখের পূর্বে খোলা হিসাবসমূহের  
KYC Procedures বাস্তবায়ন অগ্রগতির ত্রৈমাসিক বিবরণী

হিসাবের প্রকৃতি/ধরণ	হিসাবের মোট সংখ্যা	পূর্ববর্তী ত্রৈমাসিক পর্যন্ত KYC Procedures সম্পন্ন করা হিসাব সংখ্যা	বর্তমান ত্রৈমাসিকে KYC Procedures সম্পন্ন করা হিসাব সংখ্যা	মোট KYC Procedures সম্পন্ন করা হিসাবের সংখ্যা	KYC Procedures অনিস্পন্ন হিসাবের সংখ্যা	মন্তব্য

মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

ওয়েবসাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

মাঃ লঃ প্রঃ সার্কুলার নং-০৭

১৪ আগস্ট, ২০০৫

তারিখ : -----

৩০ শ্রাবণ, ১৪১২

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়গণ,

করেসপন্ডেন্ট ব্যাংকিং।

এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, ব্যাংকিং ব্যবস্থা যাহাতে মানি লন্ডারিং এর উদ্দেশ্যে ব্যবহৃত হইতে না পারে সেইজন্য ব্যাংকসমূহ Correspondent Banking সেবা প্রদানের পূর্বে Respondent ব্যাংকের ব্যবসার প্রকৃতি সম্পর্কে নিশ্চিত হইবে। [করেসপন্ডেন্ট ব্যাংকিং বলিতে এক ব্যাংক (করেসপন্ডেন্ট) কর্তৃক অন্য ব্যাংক (রেসপন্ডেন্ট কে ক্রেডিট, ডিপোজিট, কালেকশন, ক্লিয়ারিং, পেমেন্ট বা অনুরূপ অন্য কোন সেবা প্রদানকে বুঝানো হইয়াছে।]

২. নতন Correspondent Banking সম্পর্ক স্থাপনের পূর্বে ব্যাংকের উর্ধ্বতন ব্যবস্থাপনার অনুমোদন গ্রহণ করিতে হইবে।
৩. রেসপন্ডেন্ট ব্যাংক সম্পর্কে যে সমস্ত তথ্য সংগৃহীত হইবে উহাতে ঐ ব্যাংকের ব্যবস্থাপনা, মূল ব্যবসায়িক কার্যক্রম, অবস্থান, ইহার মানি লন্ডারিং প্রতিরোধ কার্যক্রম, সংশ্লিষ্ট দেশের ব্যাংক নিয়ন্ত্রণ ও তদারকী ব্যবস্থা, হিসাব খুলিবার উদ্দেশ্য ইত্যাদি বিস্তারিতভাবে অন্তর্ভুক্ত থাকিবে।
৪. রেসপন্ডেন্ট ব্যাংকটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কার্যকরভাবে তদারক করা হয়, এই ব্যাপারে সন্তুষ্টি সাপেক্ষেই কেবলমাত্র কোন বিদেশী ব্যাংকের সহিত করেসপন্ডেন্ট সম্পর্ক স্থাপন করা যাইবে বা বজায় রাখা যাইবে।
৫. কোন Shell Bank এর সহিত ব্যাংকসমূহ করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপন করিবে না বা বজায় রাখিবে না [Shell Bank বলিতে ঐসব ব্যাংককে বোঝানো হইয়াছে যাহাদের যেইদেশে ইনকর্পোরেটেড সেইদেশে কোন শাখা/কার্যক্রম নাই এবং কোন নিয়ন্ত্রিত আর্থিক গ্রুপ (Regulated Financial Group) এর আওতাভুক্ত নহে]।
৬. যেইসব দেশ/অঞ্চল মানি লন্ডারিং প্রতিরোধের আন্তর্জাতিক মান পূরণ করে নাই (যেমন ফাইন্যান্সিয়াল একশন টাস্কফোর্সের 'নন-কোঅপারেটিং কান্ট্রিজ এন্ড টেরিটরিজ' তালিকাভুক্ত দেশ/অঞ্চল) সেইসব দেশের ব্যাংকের সহিত করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক বজায় রাখিবার ব্যাপারে বিশেষ সতর্কতা অবলম্বন করিতে হইবে। এই সকল ক্ষেত্রে Enhanced Due Diligence এর প্রয়োজন হইবে। এইসব ব্যাংকের Beneficial Ownership এবং মানি লন্ডারিং প্রতিরোধে তাহাদের নীতি ও পদ্ধতি সম্পর্কে বিস্তারিত তথ্য সংগ্রহ করিতে হইবে।
৭. যেই সকল রেসপন্ডেন্ট ব্যাংক তাহাদের গ্রাহকগণকে ব্যবসা সংক্রান্ত লেনদেন সরাসরি করেসপন্ডেন্ট একাউন্ট এর মাধ্যমে সম্পন্ন করিবার সুযোগ প্রদান করিয়া থাকে (অর্থাৎ Payable-through accounts) তাহাদের ব্যাপারে বিশেষ সতর্কতা অবলম্বন করিতে হইবে। এই সার্কুলারে বর্ণিত নির্দেশাবলী বিদ্যমান সকল করেসপন্ডেন্ট সম্পর্কের ক্ষেত্রেও প্রযোজ্য।

আপনাদের বিশ্বস্ত

স্বাক্ষরিত/-

(এস.এম.আবুল কাসেম)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৬৫৯

এ.এম.এল. সার্কুলার নম্বর : ০৮

তারিখ : ২১ ডিসেম্বর, ২০০৫

সকল ব্যাংক

**নগদ লেনদেন রিপোর্ট (CTR) দাখিলকরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়গণ,

মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ৪ ও ১৯ নম্বর ধারায় প্রদত্ত ক্ষমতাবলে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ বাংলাদেশের সকল বাণিজ্যিক ব্যাংক কর্তৃক যথাযথভাবে অনুসরণের জন্যে জারী করা হলো :

- প্রতিটি ব্যাংক শাখার দৈনন্দিন লেনদেন পর্যালোচনা করে কোন একটি হিসাবে টাকা ৫,০০,০০০.০০ (টাকা পাঁচ লক্ষ) বা তদুর্ধ্ব পরিমাণ নগদে জমা বা উত্তোলনের ক্ষেত্রে ‘নগদ লেনদেন রিপোর্ট’ (CTR) এর আওতায় সংযুক্ত-১ এর নমুনা ফরম অনুসারে বাংলাদেশ ব্যাংককে অবহিত করতে হবে। কোন হিসাবে একদিনের একাধিক নগদ জমার যোগফল উক্ত অংকের সমপরিমাণ বা অধিক হলে কিংবা একদিনের একাধিক নগদ উত্তোলন এর যোগফল উক্ত অংকের সমপরিমাণ বা অধিক হলে জমা ও উত্তোলনের জন্যে পৃথকভাবে রিপোর্ট করতে হবে। তাছাড়া একদিনে এক বা একাধিক ক্যাশ রেমিট্যান্স বা অনলাইন ডিপোজিট দ্বারা কোন একটি নির্দিষ্ট হিসাবে উপরোক্ত পরিমাণ টাকা পাঠানো হলে এ নির্দেশনার আওতায় বাংলাদেশ ব্যাংককে রিপোর্ট করতে হবে।
- এরূপ বিবরণী মাসিক ভিত্তিতে প্রদেয় হবে। সে মোতাবেক প্রতি মাসের নগদ লেনদেন বিবরণী পরবর্তী মাসের ২১ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকের নিকট অবশ্যই জমা দিতে হবে। উল্লেখ্য, সময়মতো প্রতিবেদন দাখিল করার বিষয়ে সচেতন থাকার জন্যে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হচ্ছে; এ বিষয়ে কোনরূপ অপারগতা/গাফলতির জন্যে মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ১৯(৪) ধারা অনুসারে সংশ্লিষ্ট ব্যাংকের উপর জরিমানা আরোপ করা যেতে পারে।
- বাণিজ্যিক ব্যাংকের প্রতিটি শাখা কর্তৃক প্রধান মানি লন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার বরাবরে নগদ লেনদেন রিপোর্ট প্রেরণের পূর্বে লেনদেনগুলো যথাযথভাবে পরীক্ষা করে দেখতে হবে এবং সন্দেহজনক কোন লেনদেন/তথ্য পাওয়া গেলে লেনদেনগুলোর বর্ণনা ও সন্দেহের কারণ উল্লেখপূর্বক তা রিপোর্ট করতে হবে। ব্যাংকের প্রধান মানি লন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা কর্তৃক বাংলাদেশ ব্যাংক নগদ লেনদেন রিপোর্ট করার পূর্বে লেনদেনগুলো যথাযথভাবে পরীক্ষা করে দেখতে হবে এবং সন্দেহজনক কোন লেনদেন/তথ্য পাওয়া গেলে লেনদেনগুলোর বর্ণনা ও সন্দেহের কারণ উল্লেখপূর্বক তা রিপোর্ট করতে হবে। সন্দেহজনক কোন কিছু না পাওয়া গেলে ‘সন্দেহজনক কোন কিছু পাওয়া যায় নি’ মর্মে প্রত্যয়ন প্রদান করতঃ রিপোর্ট প্রেরণ করতে হবে।
- বিগত ১৭ জুলাই, ২০০২ তারিখের মাঃ লঃ প্রঃ সার্কুলার নং-২ এর পরিশিষ্ট-গ এ প্রদত্ত ‘অস্বাভাবিক/ সন্দেহজনক লেনদেন সংক্রান্ত রিপোর্টিং ফরম’ এর মাধ্যমে বিদ্যমান নির্দেশনা মোতাবেক অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেনগুলো বাংলাদেশ ব্যাংকে রিপোর্ট করতে হয়। এক্ষেত্রে সংযুক্ত-৩ এর নমুনা ফরম অনুসারেও অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন সম্পর্কিত তথ্য বাংলাদেশ ব্যাংকে রিপোর্ট করতে হবে। এ বিষয়ে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উভয়বিধ ফরমেই রিপোর্ট করা প্রয়োজন হবে।
- আগামী ০১ জানুয়ারী, ২০০৬ তারিখ হতে এ নির্দেশনা কার্যকর বলে গণ্য হবে। অর্থাৎ, নগদ লেনদেন বিবরণীর ক্ষেত্রে জানুয়ারী, ২০০৬ মাসের বিবরণী এ নির্দেশের আওতায় প্রথম বিবরণী হিসেবে ফেব্রুয়ারী, ২০০৬ মাসের নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে। বর্তমান অবস্থায় বিবরণী সফট কপি (সিডিতে) পাশাপাশি মুদ্রিত কপিও (হার্ড কপি) প্রদান করতে হবে। অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন বিবরণীও ০১ জানুয়ারী, ২০০৬ হতে উভয় ফরমে জমা দিতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্ত : ১০ পাতা।

(এস এস আবুল কাসেম)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৬৫৯



মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ

## বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

এ.এম.এল. সার্কুলার নম্বর : ০৯

তারিখ : ১৫ পৌষ, ১৪১২  
২৯ ডিসেম্বর, ২০০৫

সকল ব্যাংক

### নগদ লেনদেন রিপোর্ট (CTR) দাখিলকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়গণ,

উপরোক্ত বিষয়ে বিগত ২১ ডিসেম্বর, ২০০৫ তারিখে ইস্যুকৃত এ.এম.এল. সার্কুলার নম্বর ০৮ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২. মানি লন্ডারিং প্রতিরোধ কার্যক্রম অধিক নিবিড়ভাবে পর্যবেক্ষণের সুবিধার্থে এবং ক'টি বাণিজ্যিক ব্যাংকের প্রতিনিধিগণের সমন্বয়ে গঠিত ওয়ার্কিং কমিটির সুপারিশ অনুসারে নগদ লেনদেন রিপোর্টিং পদ্ধতি চালু করা হয়। পূর্বে প্রবর্তিত অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন রিপোর্টিং একটি সম্পূর্ণ পৃথক ব্যবস্থা এবং পারস্পরিক সম্পর্কহীন। অর্থাৎ, কোন গ্রাহক পাঁচ লক্ষ টাকা বা ততোধিক পরিমাণ টাকা নগদ লেনদেন করলেই তা সন্দেহজনক বলে বিবেচনা করার কোন অবকাশ নেই। তবে কেবলমাত্র বাংলাদেশ ব্যাংকের অবগতির জন্যে নগদ লেনদেন সংক্রান্ত তথ্য রিপোর্ট করতে হবে। ব্যাংকিং শিল্পকে মানি লন্ডারিং এর আওতা হতে নিরাপদ রাখার স্বার্থেই এরূপ নির্দেশনা প্রদত্ত হয়েছে।
০৩. ব্যাংকের প্রতিনিধিগণের অনুরোধের প্রেক্ষিতে এবং অধিক শাখা সম্পন্ন যে সমস্ত ব্যাংকের পক্ষে এ পর্যন্ত সকল শাখাকে অটোমেশান করা সম্ভব হয়নি তাদের কথা বিবেচনায় রেখে আগামী জানুয়ারী হতে মার্চ, ২০০৬ পর্যন্ত সময়কালের রিপোর্ট প্রদানকে ঐচ্ছিক করা হলো। এক্ষেত্রে নিম্নোক্ত পরামর্শ অনুসরণ করা যেতে পারেঃ
- (ক) যে সকল ব্যাংক আকারে ছোট এবং শাখার সংখ্যা কম; এবং যাদের পূর্ণ কম্পিউটরাইজড অন-লাইন কার্যক্রম রয়েছে তাদেরকে জানুয়ারী, ২০০৬ হতে এ.এম.এল. সার্কুলার নম্বর ০৮ তারিখ ২১ ডিসেম্বর, ২০০৫ মোতাবেক নগদ লেনদেন রিপোর্ট করার জন্য অনুরোধ করা যাচ্ছে।
- (খ) বৃহৎ ব্যাংকসমূহের পক্ষে জানুয়ারী - মার্চ, ২০০৬ সময়কালে পূর্ণাঙ্গ রিপোর্ট প্রদান সম্ভব না হলে, তারা আংশিক রিপোর্ট (অর্থাৎ যে সংখ্যক শাখার রিপোর্ট দেয়া সম্ভব হয়) প্রদান করতে পারে।
০৪. সরকারী হিসাব বা সরকারী মালিকানাধীন প্রতিষ্ঠানসমূহের হিসাবে নগদ জমার ক্ষেত্রে (পরিমাণ নির্বিশেষে) রিপোর্ট করার প্রয়োজন নেই। তবে নগদ উত্তোলনের ক্ষেত্রে যথারীতি এ.এম.এল. সার্কুলার নং ০৮ তারিখ ২১ ডিসেম্বর, ২০০৫ এর নির্দেশনা অনুসারে রিপোর্ট করতে হবে।
০৫. নগদ লেনদেন সংক্রান্ত রিপোর্ট অবশ্যই সফট কপিতে করতে হবে; অর্থাৎ সফট কপির সাথে হার্ড কপি (মুদ্রিত) প্রদানের আবশ্যিকতা নেই। সফট কপিতে রিপোর্টিং এর সুবিধার্থে বাংলাদেশ ব্যাংক হতে ওরাকল-ভিত্তিক ডাটা এন্ট্রি সফটওয়্যার সংগ্রহ করা যাবে।

নগদ লেনদেন রিপোর্টিং বিষয়ে প্রদত্ত অন্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে। অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(ম. মাহফুজুর রহমান)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭১

মানি লভারিং প্রতিরোধ বিভাগ

## বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

এ.এম.এল. সার্কুলার নম্বর : ১০

তারিখ : ০৪ ফাল্গুন, ১৪১২  
১৬ ফেব্রুয়ারী, ২০০৬

সকল ব্যাংক

### নগদ লেনদেন রিপোর্ট (CTR) দাখিলকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়গণ,

উপরোক্ত বিষয়ে বিগত ২১ ডিসেম্বর, ২০০৫ তারিখে ইস্যুকৃত এ.এম.এল. সার্কুলার নম্বর ০৮ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- উক্ত সার্কুলারে সংযুক্ত-১ মোতাবেক নগদ লেনদেন রিপোর্ট (CTR) এর যে নমুনা ফরম এবং সংযুক্ত-৩ মোতাবেক অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন রিপোর্ট (STR) এর যে নমুনা ফরম প্রদান করা হয়েছিল তা আরও সহজীকরণকরতঃ নতুন নমুনা ফরম এতদসংগে সংযুক্ত করা হলো (সংযুক্ত-ক, খ)।
- উল্লিখিত নমুনা ফরম অনুসারে বিবরণী যথারীতি বাংলাদেশ ব্যাংকে রিপোর্ট করতে হবে।
- এতদসংক্রান্ত এ.এম.এল. সার্কুলার নম্বর ০৮ তারিখ ২১/১২/২০০৫ ও এ.এম.এল. সার্কুলার নম্বর ০৯ তারিখ ২৯/১২/২০০৫ এর অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,  
স্বাক্ষরিত

সংযুক্ত : ০৭ (সাত) পাতা।

(ম. মাহফুজুর রহমান)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন : ৭১২০৩৭১

## Cash Transaction Report (CTR)

**(For multiple transactions within one day exceeding threshold limit and to be completed by the branch holding the customer's account)**

## Reporting Institution:

1	(i) Bank Code					(ii) Branch Code				
2	Reporting Month			/						(mm/yyyy)

### Account Details:

[illegible]

Account Holder's Details (other than Company account):

[illegible][illegible][illegible][illegible]

<sup>1</sup> For Companies/Business Entities only.

## Transaction Details

[illegible]

**(For Corporate Accounts only)**

[illegible][illegible]

(iii) <i>Occupation Code</i>				(iv) <i>Gender</i> (M/F)	
------------------------------	--	--	--	-----------------------------	--

[illegible][illegible]

(vii) <i>Date of Birth</i>		/		/						(dd/mm/yyyy)
----------------------------	--	---	--	---	--	--	--	--	--	--------------

[illegible][illegible][illegible][illegible][illegible][illegible]

(xiv) <i>Designation Code</i>			
-------------------------------	--	--	--

[illegible][illegible]

(iii) Occupation Code				(iv) Gender (M/F)	
-----------------------	--	--	--	----------------------	--

[illegible]

<sup>2</sup> For Online deposit/withdrawal/Remittance only

<sup>3</sup> For Currencies other than Bangladesh Taka.



<sup>4</sup> For Companies/Business Entities only.  
<sup>5</sup> For Currencies other than Bangladesh Taka only.  
<sup>6</sup> For Online Deposit/Withdrawal/Remittance only.







10	<b><i>Reasons for considering the Transactions as Unusual/Suspicious</i></b>	To be filled by the Reporting Officer (with name & Designation)
		To be filled by the Branch Anti-Money Laundering Compliance Officer (with name & Designation)
		To be filled by the Chief Anti-Money Laundering Compliance Officer (with name & Designation)

[illegible]

**Anti-Money Laundering Department**  
**Bangladesh Bank**  
Head Office  
Dhaka

AML Circular No-11

Date : 08 Falgun, 1413  
20 February, 2007

Chief Executives  
All Scheduled Banks and Financial Institutions,

Dear Sirs,

**Cooperation in conducting investigation by the law enforcing agencies and compliance of freezing/attachment order under the Special Powers Rules, 2007.**

Attention is drawn to the amendments of the Special Powers Rules, 2007 vide S.R.O.20-law/2007 of the Ministry of Home Affairs of the Government of Bangladesh as published in Bangladesh Gazette on 13 February 2007.

02. The investigation teams of the law enforcing agencies, in course of detection of crimes, framing of charges and filing of suits in connection with corruption cases, are now engaged in examining transactions of accounts in banks and financial institutions allegedly maintained by the suspects. The investigation teams of the law enforcing agencies will be deemed empowered by the Bangladesh Bank under Section 5 of the Anti-Money Laundering Act, 2002.

03. Freezing or attachment order imposed by Magistrate Class-I or Metropolitan Magistrate, as the case may be, upon the balance of the accounts of the accused or suspects shall be complied forthwith.

04. All your branches should be advised accordingly.

Yours Faithfully,  
Sd/  
**(A.K.M. Mustafizur Rahman)**  
General Manager  
Phone: 7120659

মানি লভারিং প্রতিরোধ বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

এ.এম.এল. সার্কুলার নম্বর : ১২

তারিখ : ০৫ আশ্বিন, ১৪১৪  
২০ সেপ্টেম্বর, ২০০৭

সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়গণ,

মানি লভারিং প্রতিরোধ (সংশোধন) অধ্যাদেশ, ২০০৭।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মানি লভারিং প্রতিরোধ আইন, ২০০২ আংশিক সংশোধন করে মানি লভারিং প্রতিরোধ (সংশোধন) অধ্যাদেশ, ২০০৭ (অধ্যাদেশ নং-১৭, ২০০৭) জুলাই ৩০, ২০০৭ তারিখে বাংলাদেশ গেজেটের (অতিরিক্ত সংখ্যা) মাধ্যমে জারী করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের পরিপালনের জন্য উক্ত অধ্যাদেশ অপর পৃষ্ঠায় পুনঃমুদ্রণ করা হ'ল।

উল্লিখিত অধ্যাদেশের ভাষ্য সংশ্লিষ্টদের অবহিত করার জন্য এতদ্বারা নির্দেশনা প্রদান করা হ'ল।

অনুগ্রহপূর্বক এই সার্কুলারের প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত

(ম. মাহফুজুর রহমান)  
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)  
ফোন : ৭১২৫৭৬৫

প্রতিলিপি নং-এএমএলডি-২/২০০৭-

তারিখ : উল্লিখিত।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো :-

- সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/সদরঘাট, ঢাকা/বরিশাল/রংপুর।
- নির্বাহী পরিচালক, গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- অর্থনৈতিক উপদেষ্টা/নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
- মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
- চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস, ৪২, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।
- চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকার্স, বাংলাদেশ, ইন্টার্ন কমার্শিয়াল কমপ্লেক্স, ৭৩, কাকরাইল, ঢাকা।

(গোলাম মহিউদ্দীন)  
সহকারী পরিচালক  
ফোন : ৭১২৬১০১-২০/২৪৬১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ৩০, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
বিজ্ঞপ্তি

তারিখ, ১৫ শ্রাবণ ১৪১৪ বাং/৩০ জুলাই ২০০৭ খ্রিঃ

নং ১৭(মুঃপ্রঃ)।--গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ১৪ শ্রাবণ ১৪১৪ বাং মোতাবেক ২৯ জুলাই ২০০৭ খ্রিঃ তারিখে প্রণীত নিম্নে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

## অধ্যাদেশ নং ১৭, ২০০৭

মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ (২০০২ সনের ৭নং আইন) এর সংশোধনকল্পে প্রণীত

### অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ (২০০২ সনের ৭নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া গিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন :-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।--(১) এই অধ্যাদেশ মানি লন্ডারিং প্রতিরোধ (সংশোধন) অধ্যাদেশ, ২০০৭ নামে অভিহিত হইবে।

(২) এই অধ্যাদেশ এপ্রিল ১৮, ২০০৭ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ (২০০২ সনের ৭নং আইন) এ নতুন ধারা ৩ক এর সন্নিবেশ।--মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ধারা ৩ এর পর নিম্নরূপ নতুন ধারা ৩ক সন্নিবেশিত হইবে, যথাঃ

“৩ক। তদন্ত, বিচার, ইত্যাদি বিষয়ক বিশেষ বিধান।--(১) এই আইনের অন্য কোন ধারায় ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন--

(ক) অপরাধসমূহ দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ (২০০৪ সালের ৫নং আইন) এর তফসিলভুক্ত অপরাধ হিসাবে দুর্নীতি দমন কমিশন কর্তৃক তদন্তযোগ্য হইবে;

(খ) অপরাধসমূহ Criminal Law Amendment Act, 1958 (Act XL of 1958) এর সিডিউলভুক্ত অপরাধ হিসাবে Special Judge কর্তৃক বিচার্য হইবে; এবং

(গ) অপরাধসমূহের তদন্ত, বিচার ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে, এই আইনের বিধানাবলীর সহিত বিরোধের ক্ষেত্রে, দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এবং Criminal Law Amendment Act, 1958 এর বিধানাবলী প্রাধান্য পাইবে।

(২) উপ-ধারা (১) এর বিধান সত্ত্বেও, এই ধারা কার্যকর হইবার পূর্বে এই আইনের অধীন নিষ্পত্তাধীন কোন অপরাধের তদন্ত, বিচার ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি এমনভাবে নিষ্পন্ন হইবে যেন এই ধারা কার্যকর হয় নাই।”

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহমেদ

রাষ্ট্রপতি  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

ওয়েবসাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

এ.এম.এল. সার্কুলার নম্বর : ১৩

তারিখ : ০৯ আশ্বিন, ১৪১৪  
২৪ সেপ্টেম্বর, ২০০৭

প্রধান নির্বাহী,  
সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়গণ,

**নগদ লেনদেন রিপোর্ট (CTR) দাখিলকরণ প্রসঙ্গে।**

২১ ডিসেম্বর, ২০০৫ তারিখের এ.এম.এল. সার্কুলার নং ০৮ এর ১ (এক) নম্বর অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী কোন একটি হিসাবে ৮৫.০০ লক্ষ (পাঁচ লক্ষ টাকা) বা তদুর্ধ্ব পরিমাণ নগদে জমা বা উত্তোলনের ক্ষেত্রে নগদ লেনদেন রিপোর্ট (CTR) বাংলাদেশ ব্যাংকে দাখিলের আবশ্যিকতা আরোপিত আছে।

০২. পর্যালোচনান্তে উক্ত নিম্নসীমা ৮৫.০০ লক্ষ হতে বৃদ্ধি করে ৮৭.০০ লক্ষাধিক করা হল। এ নির্দেশ সেপ্টেম্বর, ২০০৭ হতে কার্যকর হবে বিধায় সেপ্টেম্বর, ২০০৭ ও তদপরবর্তী মাসগুলোর নগদ লেনদেন রিপোর্টে (CTR) কেবলমাত্র সাত লক্ষ টাকার উর্ধ্বের লেনদেনের তথ্য সন্নিবেশিত হবে। স্মর্তব্য, সেপ্টেম্বর, ২০০৭ মাসের বিবরণী আগামী ২১ অক্টোবর, ২০০৭ এর মধ্যে জমা দিতে হবে।

০৩. নগদ লেনদেন (Cash Transaction) ও সন্দেহজনক লেনদেন (Suspicious Transaction) সম্পূর্ণ পৃথক বিধায় নগদ লেনদেন রিপোর্টের (CTR) পাশাপাশি সন্দেহজনক লেনদেন রিপোর্ট (STR) পূর্বের ন্যায় দাখিল অব্যাহত রাখতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

(ম. মাহফুজুর রহমান)  
মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত)  
ফোন : ৭১২৫৭৬৫

প্রতিলিপি নং-এএমএলডি-২/২০০৭-৩৬০২

তারিখ : উল্লিখিত।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো :-

১. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/সদরঘাট, ঢাকা/বরিশাল/রংপুর।
৩. নির্বাহী পরিচালক, গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. অর্থনৈতিক উপদেষ্টা/নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
৮. মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
৯. চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস, ৪২, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।
১০. চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকার্স, বাংলাদেশ, ইস্টার্ন কমার্শিয়াল কমপ্লেক্স, ৭৩, কাকরাইল, ঢাকা।

(মোহাম্মদ আবদুর রব)  
সহকারী পরিচালক  
ফোন : ৭১২৬১০১-২০/২৪৮৯

(English Version)

**Anti Money Laundering Department**  
**Bangladesh Bank**  
Head office  
Dhaka  
www.bangladeshbank.org.bd

A.M.L. Circular No.: 14

Date: 25 September, 2007

**Chief Executives**  
**All Banks/Financial Institutions**

**Instructions for opening and maintaining the  
accounts of Politically Exposed Persons ( PEPs).**

Dear Sirs,

By the power conferred under section 4 & 19 of Money Laundering Prevention Act, 2002 (Act No. 7 of 2002), the following instructions are issued in compliance with United Nations Convention against Corruption (UNCAC) and Recommendation no. 06 of Financial Action Task Force (FATF), for all scheduled banks/financial institutions to follow properly:

2. Banks and Financial Institutions should exercise Enhanced Due Diligence, in relation to Politically Exposed Persons (PEPs):
  - a. Have the risk management system to identify PEPs.
  - b. Obtain senior management approval for establishing business relationships with such customers.
  - c. Take reasonable measures to establish the source of wealth and source of funds.
  - d. Conduct ongoing monitoring of the business relationship.
3. PEPs refer to “*Individuals who are or have been entrusted with prominent public functions in a foreign country, for example Heads of State or of government, senior politicians, senior government, judicial or military officials, senior executives of state owned corporations, important political party officials. Business relationships with family members or close associates of PEPs involve reputational risks similar to those with PEPs themselves.*”
4. All instructions of Money Laundering Prevention Act, 2002 and directions given with reference to the said Act should be followed properly. The banks/financial institutions should observe all formalities as detailed in Guidelines for Foreign Exchange Transactions while opening accounts of non-residents.
5. The above instructions will be applicable with immediate effect.

Please acknowledge receipt.

Yours faithfully,

**(M. Mahfuzur Rahman)**  
General Manager (In-Charge)  
Tel: 7125765

এ.এম.এল. সার্কুলার নং- ১৪

তারিখ : ১০ আশ্বিন, ১৪১৪  
২৫ সেপ্টেম্বর, ২০০৭

প্রধান নির্বাহী,  
সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**Politically Exposed Persons (PEPs) এর  
হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশাবলী।**

প্রিয় মহোদয়গণ,

মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ৪ ও ১৯ নম্বর ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জাতিসংঘের দুর্নীতি বিরোধী কনভেনশন এবং ফিন্যান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স (এফএটিএফ) এর ৬ নম্বর সুপারিশ পরিপালনের জন্য নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক যথাযথভাবে অনুসরণের জন্য জারী করা হ'ল :

২। **Politically Exposed Persons (PEPs)** এর হিসাব খোলা এবং/অথবা পরিচালনার ক্ষেত্রে অধিকতর সতর্কতা (**Enhanced Due Diligence**) অবলম্বন করতে হবে। এজন্যে :

- 'PEPs' দের হিসাব খোলা ও পরিচালনা সংক্রান্ত ঝুঁকি সনাক্তকরণের জন্য একটি ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতির প্রবর্তন করতে হবে;
- তাদের সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের পূর্বেই ব্যাংকের উর্দ্ধতন উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে;
- তাদের হিসাবে লেনদেনকৃত অর্থ বা সম্পদের উৎস জানার জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- তাদের হিসাবের লেনদেন নিয়মিতভাবে মনিটরিং করতে হবে।

৩। সংশ্লিষ্ট সকলের যথাবিহিতের জন্য, 'PEPs' এর সংজ্ঞা নিম্নে প্রদত্ত হ'ল : *Individuals who are or have been entrusted with prominent public functions in a foreign country, for example Heads of State or of government, senior politicians, senior government, judicial or military officials, senior executives of state owned corporations, important political party officials. Business relationships with family members or close associates of PEPs involve reputational risks similar to those with PEPs themselves.*

৪। মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ ও তদসূত্রে প্রদত্ত সকল বিধিবিধান পরিপালন ও Guidelines for Foreign Exchange Transactions এ অনিবাসীদের হিসাব খোলা সংক্রান্ত যাবতীয় বিধিবিধান যথারীতি পরিপালন করতে হবে।

৫। এই নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(ম. মাহফুজুর রহমান)  
মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত)  
ফোন : ৭১২৫৭৬৫

প্রতিলিপি নং-এএমএলডি-২/২০০৭-

তারিখ : উল্লিখিত।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো :-

- সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/সদরঘাট, ঢাকা/বরিশাল/রংপুর।
- নির্বাহী পরিচালক, গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- অর্থনৈতিক উপদেষ্টা/নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
- মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
- চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস, ৪২, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।
- চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকার্স, বাংলাদেশ, ইস্টার্ন কমার্শিয়াল কমপ্লেক্স, ৭৩, কাকরাইল, ঢাকা।

(মোঃ মাসুদ রানা)  
সহকারী পরিচালক  
ফোন : ৭১২৬১০১-২০/২৪৬১



মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।  
ওয়েবসাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

এ এম এল সার্কুলার নম্বর : ১৫

তারিখ : ২৪ মার্চ, ২০০৮

সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**Guidance Notes on Preventing of Money Laundering এর অনুচ্ছেদ ৬.৫ মোতাবেক  
Self Assessment এবং অনুচ্ছেদ ৬.৬ মোতাবেক Independent Testing  
Procedures সংক্রান্ত বিষয়সমূহ পরিপালনে অনুসরণীয় নির্দেশাবলী।**

প্রিয় মহোদয়গণ,

শিরোনামোক্ত বিষয়ে Guidance Notes on Preventing of Money Laundering এর অনুচ্ছেদ ৬.৫ ও ৬.৬ এর নির্দেশনা এবং Financial Action Task Force (FATF) এর ১৫ নম্বর সুপারিশ পরিপালনের নিমিত্তে আপনাদের প্রতিষ্ঠানের প্রতিটি শাখায় অনুসরণের জন্য Self Assessment এর নির্ধারিত চেকলিষ্ট এবং কেন্দ্রীয় পরিপালন ইউনিট ও অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের ব্যবহারের জন্য Independent Testing Procedures এর নির্ধারিত চেকলিষ্ট এতদসংগে সংযোজিত হল (সংযুক্ত - ক, খ ও গ)।

**০২। শাখাসমূহের করণীয়**

- (ক) প্রতিটি শাখা গাইডেন্স নোটস অন প্রিভেনশন অব মানি লন্ডারিং এর অনুচ্ছেদ ৬.৫ মোতাবেক Self Assessment এর নির্ধারিত চেকলিষ্ট (সংযুক্ত : ক) এর উপর ভিত্তি করে ত্রৈমাসিক ভিত্তিতে নিজেদের শাখার মূল্যায়ণ করবে;
- (খ) আলোচ্য মূল্যায়ণ প্রতিবেদনের ভিত্তিতে শাখা ব্যবস্থাপকের সভাপতিত্বে শাখার গুরুত্বপূর্ণ কর্মকর্তাদের সমন্বয়ে সভা আয়োজনের ব্যবস্থা করতে হবে। উক্ত সভায় শাখা মূল্যায়ণ প্রতিবেদনের উপর আলোচনা করতে হবে, সমস্যা চিহ্নিত করে তা সমাধানের উপায় বা সুপারিশ নির্ধারণ করতে ও তা লিপিবদ্ধ করতে হবে। পরবর্তী সভাগুলোতে পূর্ববর্তী সভায় আলোচিত বিষয়, অর্পিত দায়িত্ব এবং অগ্রগতির বিষয় নিয়েও আলোচনা করতে হবে; এবং
- (গ) প্রতিটি ত্রৈমাসিককাল সম্পন্ন হবার পরের মাসের ২০ তারিখের মধ্যে শাখা মূল্যায়ন প্রতিবেদন, এ বিষয়ে শাখা কর্তৃক গৃহীত উদ্যোগ এবং সুপারিশ ইত্যাদি প্রধান কার্যালয়ের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ ও কেন্দ্রীয় পরিপালন ইউনিটে প্রেরণ করতে হবে।

**০৩। অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের করণীয়**

- (ক) শাখাসমূহ হতে প্রাপ্ত শাখা মূল্যায়ন প্রতিবেদন যাচাই করে কোন শাখায় কোন ঝুঁকিপূর্ণ বিষয় পলিফিক্সিত হলে তাৎক্ষণিকভাবে শাখাটি পরিদর্শনের ব্যবস্থা করতে হবে এবং বিষয়টি উপযুক্ত কর্তৃপক্ষের নজরে আনতে হবে।
- (খ) গাইডেন্স নোটস অন প্রিভেনশন অব মানি লন্ডারিং এর অনুচ্ছেদ ৬.৬ মোতাবেক Independent Testing Procedures এর নির্ধারিত চেকলিষ্ট এর উপর ভিত্তি করে অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ তাদের সংশ্লিষ্ট শাখার নিরীক্ষা প্রতিবেদনে মানি লন্ডারিং প্রতিরোধ সংক্রান্ত আলাদা অধ্যায় সংযুক্ত করবে। অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ তাদের নিজস্ব এবং স্বাভাবিক পরিদর্শন কর্মসূচী অনুসারে বিভিন্ন শাখার পরিদর্শন কার্যক্রম সম্পাদনকালে মানি লন্ডারিং প্রতিরোধ সংক্রান্ত বিষয়গুলোও বর্ণিত চেকলিষ্ট অনুসারে পরীক্ষা করবে এবং প্রতিবেদনের মানি লন্ডারিং প্রতিরোধ সংশ্লিষ্ট অংশটুকু ব্যাংকের কেন্দ্রীয় পরিপালন ইউনিট বরাবরে প্রেরণ করবে।

০৪। কেন্দ্রীয় পরিপালন ইউনিটের করণীয়

- (ক) শাখাসমূহ হতে প্রাপ্ত শাখা মূল্যায়ন প্রতিবেদন যাচাই করে ষান্মাসিক ভিত্তিতে একটি সার্বিক মূল্যায়ন পত্র প্রস্তুত করে মন্তব্য ও সুপারিশসহ ব্যাংকের প্রধান নির্বাহীর নিকট উপস্থাপন করবে।
- (খ) শাখাসমূহ পরিদর্শন করার পর ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক দাখিলকৃত নিরীক্ষা প্রতিবেদনের উপর ভিত্তি করে বিবেচ্য ত্রৈমাসিকে পরিদর্শিত শাখাসমূহের চেকলিস্টভিত্তিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করতে হবে এবং মন্তব্য ও সুপারিশসহ ব্যাংকের প্রধান নির্বাহীর নিকট উপস্থাপন করতে হবে। পরিদর্শিত শাখাসমূহের নিজস্ব মূল্যায়ন প্রতিবেদনকেও একই সাথে বিবেচনায় এনে এ বিষয়ে মন্তব্য যোগ করতে হবে।
- (গ) উপরোক্ত বিষয়ে ষান্মাসিক ভিত্তিতে একটি প্রতিবেদন অত্র বিভাগে সংশ্লিষ্ট ত্রৈমাসিক সমাপ্তির পরবর্তী ৬০দিনের মধ্যে জমা দিতে হবে।
- এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে। অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : ০৬ (ছয়) পাতা।

(ম. মাহফুজুর রহমান)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৬৫৯

প্রতিলিপি নং- এএমএলডি-২/২০০৮-

তারিখ : উল্লিখিত

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো :-

১. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/সদরঘাট, ঢাকা/বরিশাল/রংপুর।
৩. নির্বাহী পরিচালক, গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. অর্থনৈতিক উপদেষ্টা/নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
৮. মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
৯. চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস, ৪২, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।
১০. চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকার্স, বাংলাদেশ, ইস্টার্ন কমার্শিয়াল কমপ্লেক্স, ৭৩, কাকরাইল, ঢাকা।

(মোঃ মাসুদ রানা)

সহকারী পরিচালক

ফোন : ৭১২৬১০১-১৪/২৪৬১

----- ব্যাংক লিঃ

----- শাখা ।

### শাখা কর্তৃক স্বনির্ধারণী পদ্ধতির মাধ্যমে নিজস্ব অবস্থান নির্ণয়

গাইডেন্স নোটস অন প্রিভেনশন অব মানি লন্ডারিং এর ৬.৫ অনুচ্ছেদ অনুসারে প্রত্যেকটি শাখা ব্যাংকের নিজস্ব ও জাতীয় মানি লন্ডারিং প্রতিরোধ নীতিমালার আলোকে নিম্নবর্ণিত প্রশ্নমালার বিস্তারিত উত্তর প্রদানের মাধ্যমে স্বনির্ধারণ পদ্ধতিতে নিজেদের অবস্থান নির্ণয় করবে :

প্রশ্নমালা	শাখার মন্তব্য
১. শাখায় মোট কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা কত (পদনুযায়ী)? শতকরা কতজন কর্মকর্তা/কর্মচারী মানি লন্ডারিং প্রতিরোধ বিষয়ক আনুষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণ করেছেন?	
২. শাখার কর্মকর্তা/কর্মচারীগণ ব্যাংকের মানি লন্ডারিং প্রতিরোধ সংক্রান্ত নীতি, পদ্ধতি ও প্রোগ্রাম এবং জাতীয় নীতিমালাসহ বাংলাদেশ ব্যাংকের গাইডলাইন্স সম্পর্কে অবহিত আছেন কি?	বিষয়টি যাচাইয়ের পদ্ধতি কী?
৩. শাখা পর্যায়ে নির্দিষ্ট সময়ের বিরতিতে মানি লন্ডারিং প্রতিরোধ বিষয়ক সভা অনুষ্ঠিত হয় কিনা?	হলে কত সময় পর পর অনুষ্ঠিত হয়? সভার আলোচ্যসূচী সকলের অবগতির জন্য বন্টন করা হয় কিনা? সভায় কি কি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়েছে? সভায় গৃহীত সিদ্ধান্ত কিভাবে পরিপালিত হয়?
৪. ব্যক্তিণামীয়, কর্পোরেট ও অন্যান্য হিসাব (যেমন চলতি, সঞ্চয়ী, এস.টি.ডি., স্থায়ী আমানত, বিশেষ স্কীম, FC, RFCD, NFCD) খোলার ক্ষেত্রে গ্রাহক পরিচিতি সন্তোষজনকভাবে গ্রহণ করা হচ্ছে কিনা ?	উহার সঠিকতা কিভাবে যাচাই হয়? কিভাবে তা শাখায় সংরক্ষণ করা হচ্ছে?
৫. ঝুঁকির ভিত্তিতে শাখা তাদের গ্রাহকদের শ্রেণীবিন্যাস/শ্রেণীকরণ করে কি?	করে থাকলে এ পর্যন্ত কতটি উচ্চ ঝুঁকি সম্পন্ন হিসাব শাখায় খোলা হয়েছে? এধরনের হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে শাখা কী পদক্ষেপ গ্রহণ করেছে?
৬. ৩০ এপ্রিল, ২০০২ এর পূর্বে খোলা হিসাবসমূহের KYC procedures সম্পন্নকরণ প্রক্রিয়ার অগ্রগতি সন্তোষজনক কিনা?	এ পর্যন্ত শাখা কর্তৃক KYC procedures সম্পন্নকরণ অগ্রগতির হার কত? জানুয়ারী ২০১০ এর মধ্যে বিষয়টি সম্পন্ন করার জন্য শাখা কী উদ্যোগ গ্রহণ করেছে?
৭. শাখা কি গ্রাহকের KYC Profile নির্দিষ্ট সময় পর পর পুনঃ মূল্যায়নপূর্বক হালনাগাদ করে থাকে?	করে থাকলে কিভাবে এবং কত সময় পর পর এই মূল্যায়ন সম্পাদিত হয়ে থাকে?
৮. শাখা ভাসমান/চলন্ত গ্রাহকদের ক্ষেত্রে KYC প্রক্রিয়া অনুসরণ করে কি?	করে থাকলে কিভাবে আলোচ্য প্রক্রিয়াটি সম্পন্ন করে থাকে?
৯. Online ব্যাংকিং এর ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুসারে জমাদানকারী ও উত্তোলনকারীর তথ্য নেয়া হয় কি?	হয়ে থাকলে কী পদ্ধতিতে শাখায় এই মনিটরিং সম্পন্ন হয়?
১০. শাখা কি ঝুঁকি ভিত্তিক অথবা নির্ধারিত সীমার উপরের লেনদেনের ভিত্তিতে গ্রাহকদের শ্রেণী বিভাজনপূর্বক তাদের ঘোষিত TP এর সাথে গ্রাহকের লেনদেন মনিটরিং করে থাকে?	করে থাকলে কী পদ্ধতিতে নেয়া হয়?
১১. এ যাবৎ শাখা কর্তৃক কতগুলো সন্দেহজনক লেনদেন (STR) সনাক্ত করা হয়েছে?	শাখা কর্তৃক STR সনাক্ত করার জন্য কী ধরনের পদ্ধতির প্রবর্তন করা হয়েছে?

১২. গ্রাহক কর্তৃক পুনঃ পুনঃ নগদ লেনদেন রিপোর্টিং সীমার (CTR) নীচে লেনদেন (Structuring) সনাক্ত করার কোন পদ্ধতি শাখা কর্তৃক প্রবর্তিত হয়েছে কিনা?	হয়ে থাকলে কিভাবে Structuring সনাক্ত করা হয়?	
১৩. শাখা কর্তৃক নিয়মিত ও সঠিকভাবে CTR কেন্দ্রীয় পরিপালন ইউনিটে প্রেরণ করা হচ্ছে কিনা?	হয়ে থাকলে প্রেরিত তথ্যের সঠিকতা কিভাবে যাচাই করা হচ্ছে?	
১৪. এমএলপি আইন, সার্কুলার, প্রশিক্ষণ রেকর্ড, বিবরণী ও অন্যান্য এএমএল সংক্রান্ত বিষয়াবলীর আলাদা নথি শাখা কর্তৃক সংরক্ষণ করা হয় কিনা? আইন সার্কুলার ইত্যাদির কপি শাখার সকল কর্মকর্তা/কর্মচারীদের সরবরাহ করা হয় কিনা?	হয়ে থাকলে হ্যাঁ অথবা না হয়ে থাকলে না লিখুন।	
১৫. মানি লন্ডারিং প্রতিরোধ সার্কুলার-১৪ অনুসারে শাখায় PEPs এর কোন হিসাব সংরক্ষণ করা হচ্ছে কিনা?	উত্তর হ্যাঁ হলে এই হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে কী ধরনের সতর্কতা অবলম্বন করা হচ্ছে?	
১৬. প্রধান কার্যালয় ও বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন প্রতিবেদনে উল্লেখিত মানি লন্ডারিং প্রতিরোধ পরিপালন বিষয়ক দুর্বলতা/অনিয়মসমূহ নিয়মিত করা হয়েছে কিনা?	না হয়ে থাকলে প্রতিবন্ধকতাসমূহ কী কী?	
১৭. শাখা কর্তৃক বৈদেশিক রেমিটেন্স সহ অন্যান্য ইনওয়ার্ড ও আউটওয়ার্ড রেমিটেন্স মনিটরিং করা হয় কিনা?	হয়ে থাকলে কিভাবে?	

শাখা মানি লন্ডারিং পরিপালন কর্মকর্তার নাম, স্বাক্ষর, তারিখ ও সীল	শাখা ব্যবস্থাপকের নাম, স্বাক্ষর, তারিখ ও সীল
--	--

## অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ

----- ব্যাংক লিঃ

প্রধান কার্যালয়

ঢাকা/রাজশাহী।

### শাখা পরিদর্শনের চেকলিস্ট

(ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ গাইডেন্স নোটস অন প্রিভেনশন অব মানি লন্ডারিং এর ৬.৬ অনুচ্ছেদ এর নির্দেশনা মোতাবেক নিম্নলিখিত প্রশ্নমালার যথাযথ উত্তর (ডকুমেন্ট ভিত্তিক) অনুসারে স্কোর প্রদানপূর্বক শাখার মানি লন্ডারিং প্রতিরোধ কার্যক্রমকে মূল্যায়ন করবে। অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক শাখার উপর প্রণীত বার্ষিক নিরীক্ষা রিপোর্টে মানি লন্ডারিং প্রতিরোধ কার্যক্রম মূল্যায়ন সংক্রান্ত আলাদা অধ্যায়ে (Separate Chapter) সমুদয় বিষয়াদি সুপারিশসহ সন্নিবেশিত করবে। যাচাইয়ের মানদণ্ড অনুসারে সম্পূর্ণরূপে পরিপালিত হলে সম্পূর্ণ স্কোর, আংশিক পরিপালনে আংশিক স্কোর এবং উত্তর নেতিবাচক হলে শূণ্য স্কোর প্রদান করুন।)

ক্র নং	অঞ্চল/এরিয়া	প্রশ্নমালা		যাচাইয়ের মানদণ্ড	স্কোর	প্রাপ্ত স্কোর
১.	শাখা পরিপালন ইউনিট	১.	শাখায় একজন অভিজ্ঞ ও জ্যেষ্ঠ পরিপালন কর্মকর্তা (BAMLCO) রয়েছেন কি?	অফিস অর্ডার দেখুন। শাখার ব্যবস্থাপক/ দ্বিতীয় কর্মকর্তা অথবা ন্যূনতম ৩ বছর হেড অব জেনারেল ব্যাংকিং হিসেবে কর্মরত কর্মকর্তাকে BAMLCO মনোনীত করা উচিত।	৩	
		২.	বিগত দুই বছরে তিনি মানি লন্ডারিং প্রতিরোধ বিষয়ক কোন প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন কি?  মানি লন্ডারিং প্রতিরোধ আইন, সার্কুলার এবং গাইডেন্স নোটস সম্পর্কে তিনি যথেষ্ট পরিমাণ অবহিত কি?	সাক্ষাৎকার ও নথিপত্রের ভিত্তিতে যাচাই করুন।	৫	
		৩.	শাখার মানি লন্ডারিং প্রতিরোধ কার্যক্রম যথানিয়মে পরিপালিত হচ্ছে- এ বিষয়টি নিশ্চিত হওয়ার লক্ষ্যে BAMLCO নির্দিষ্ট ও গ্রহণযোগ্য সময় পর পর এবং কার্যকর প্রক্রিয়ায় মনিটরিং ও পর্যালোচনা করে থাকেন কি?	BAMLCO কর্তৃক মনিটরিং ও পর্যালোচনার প্রক্রিয়া যাচাই ও এর যথার্থতা পরীক্ষাপূর্বক মূল্যায়ন করুন।	৫	
		৪.	BAMLCO কর্তৃক শাখায় পরিচালিত উচ্চ ঝুঁকিযুক্ত হিসাবসহ সকল হিসাবের লেনদেন মনিটরিং পর্যাণ্ড কি?	BAMLCO কর্তৃক উচ্চ ঝুঁকিযুক্ত হিসাবসহ সকল হিসাবের লেনদেন মনিটরিং পদ্ধতি যাচাই ও এর যথার্থতা পরীক্ষাপূর্বক মূল্যায়ন করুন।	৩	
		৫.	মানি লন্ডারিং প্রতিরোধ সার্কুলার-১৪ অনুসারে শাখায় PEPs এর কোন হিসাব সংরক্ষণ করা হচ্ছে কিনা?	এই ধরনের হিসাব খোলা ও পরিচালনার ক্ষেত্রে এএমএল সার্কুলার-১৪ অনুসারে সতর্কতা অবলম্বন করা হচ্ছে কিনা তা যাচাই করুন।	৩	
২.	মানি লন্ডারিং প্রতিরোধ বিষয়ে কর্মকর্তা/কর্মচারী দের জ্ঞান	১.	শাখায় কয়জন কর্মকর্তা/কর্মচারী মানি লন্ডারিং প্রতিরোধ বিষয়ক আনুষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণ করেছেন?	১০০% কর্মকর্তার প্রশিক্ষণ সম্পন্ন হলে তা সন্তোষজনক বলে বিবেচিত হবে। রেকর্ড পরীক্ষা করুন।	৫	
		২.	শাখার কর্মকর্তা/কর্মচারীগণ ব্যাংকের মানি লন্ডারিং প্রতিরোধ সংক্রান্ত নীতি, পদ্ধতি ও প্রোগ্রাম এবং জাতীয় নীতিমালাসহ বাংলাদেশ ব্যাংকের গাইডলাইন্স সম্পর্কে অবহিত আছেন কি?	শাখার অন্ততঃ ২০% কর্মকর্তার সাক্ষাৎকারের ভিত্তিতে মূল্যায়ন করুন।	৩	
		৩.	শাখার মানি লন্ডারিং কার্যক্রম মূল্যায়নের জন্য একটি নির্দিষ্ট সময় অন্তর অন্তর শাখা ব্যবস্থাপকের নেতৃত্বে কর্মকর্তা/কর্মচারীগণের সভা আয়োজিত হয় কিনা?	সভার আলোচ্যসূচী সংগ্রহ ও এর কার্যকরীতা পরীক্ষা করুন।	৫	
৩.	গ্রাহক পরিচিতি	হিসাবধারকদের KYC				

ক্র নং	অঞ্চল/এরিয়া	প্রশ্নমালা		যাচাইয়ের মানদণ্ড	স্কোর	প্রাপ্ত স্কোর
	(KYC) পদ্ধতি	১.	ব্যক্তিনামীয়, কর্পোরেট ও অন্যান্য হিসাব খোলার ক্ষেত্রে গ্রাহক পরিচিতি সন্তোষজনকভাবে গ্রহণ করা হয়েছে কিনা এবং উহার সঠিকতা যাচাই ও যথাযথভাবে রেকর্ড করা হয়েছে কিনা?	প্রত্যেক ধরনের ২/৩টি হিসাবের নমুনা পরীক্ষা করুন। এক্ষেত্রে মানি লন্ডারিং প্রতিরোধ সার্কুলার ও গাইডেন্স নোটস এর ৫.৬-৫.১৩ এর নির্দেশনা পরিপালিত হয়েছে কিনা যাচাই করুন।	৪	
		২.	ঝুঁকির ভিত্তিতে শাখা তাদের গ্রাহকদের শ্রেণীবিন্যাস/শ্রেণীকরণ করে কি?	শ্রেণীবিন্যাস/শ্রেণীকরণ পদ্ধতি এএমএল সার্কুলারে বর্ণিত নির্দেশনার সাথে সংগতিপূর্ণ কিনা তা পরীক্ষা করুন।	৪	
		২.	উচ্চ ঝুঁকিবিশিষ্ট গ্রাহকদের ক্ষেত্রে প্রয়োজনীয় অতিরিক্ত তথ্য সংগ্রহ করা হয় কি?	কি ধরনের তথ্য সংগ্রহ করা হয় এবং তা যথেষ্ট কিনা পরীক্ষা করুন।	৩	
		৪.	৩০ এপ্রিল, ২০০২ এর পূর্বে খোলা হিসাবসমূহের KYC procedures সম্পন্নকরণ প্রক্রিয়ার অগ্রগতির সর্বশেষ অবস্থা কেমন?	মানি লন্ডারিং প্রতিরোধ সার্কুলার-০৬ অনুসারে তা ৩১ জানুয়ারী, ২০১০ সম্পন্ন হবে কিনা এবং শাখার অগ্রগতির ভিত্তিতে মূল্যায়ন করুন।	৫	
		৫.	শাখা কি গ্রাহকের KYC Profile নির্দিষ্ট সময় পর পর পুনঃমূল্যায়নপূর্বক হালনাগাদ করে থাকে?	KYC Profile পুনঃমূল্যায়ন ও হালনাগাদ পদ্ধতি মূল্যায়নের ভিত্তিতে মূল্যায়ন করুন।	৫	
		ভাসমান গ্রাহকদের KYC				
		১.	শাখা ভাসমান/চলন্ত গ্রাহকদের (ডিডি, টিটি, অনলাইন জমা ইত্যাদি) ক্ষেত্রে KYC প্রক্রিয়া অনুসরণ করে কি?	অনুসৃত প্রক্রিয়া এতদসংক্রান্ত মানি লন্ডারিং প্রতিরোধ সার্কুলার/সার্কুলার লেটারের সাথে সংগতিপূর্ণ এবং ঝুঁকি হ্রাসে সহায়ক কিনা তা বিবেচনাপূর্বক মূল্যায়ন করুন।	৩	
৪.	লেনদেনের অনুমিত মাত্রা (TP) গ্রহণ ও মনিটরিং	১.	শাখা কি গ্রাহকদের প্রকৃত লেনদেন তাদের ঘোষিত TP এর সাথে মনিটরিং করে থাকে?	ন্যূনতম ১০টি হিসাবের মনিটরিং পদ্ধতির নমুনা পরীক্ষা করুন এবং এর কার্যকারীতা যাচাই করুন।	৫	
		২.	শাখা কি বৈদেশিক রেমিটেন্সসহ অন্যান্য ইনওয়ার্ড ও আউটওয়ার্ড রেমিটেন্স মনিটরিং করে থাকে?	১০টি এ ধরনের কেস ও বিপুল পরিমাণ লেনদেনের RFCD A/C, NFCD A/C পরীক্ষা করুন।	৫	
		৩.	শাখা কি নির্দিষ্ট সময় পর পর TP পর্যালোচনা ও হালনাগাদ করে?	TP পর্যালোচনা ও হালনাগাদ করা হয়েছে এমন ১০টি নমুনা পরীক্ষা ও এর কার্যকারীতা যাচাই করুন।	৫	
৫.	সন্দেহজনক লেনদেন রিপোর্ট (STR) ও নগদ লেনদেন রিপোর্ট (CTR)	১.	শাখার সকল কর্মকর্তা/কর্মচারী সন্দেহজনক লেনদেন রিপোর্টিং (STR) পদ্ধতি সম্পর্কে অবহিত আছেন কি?	গাইডেন্স নোটস এর চ্যাপ্টার VIII এর সম্পর্কে শাখার কর্মকর্তাদের ধারণা পরীক্ষা করুন।	৩	
		২.	এ যাবৎ কতগুলো সন্দেহজনক লেনদেন (STR) BAMLCO/ CCU এর নিকট রিপোর্ট করা হয়েছে?	নথি পরীক্ষা করুন। BAMLCO/ CCU এর নিকট কোন STR না করলে তা অসন্তোষজনক বিবেচিত হবে। শাখায় STR সনাক্তকরণের জন্য কোন পদ্ধতির প্রবর্তন করা হয়েছে কিনা তা যাচাই করুন।	৩	
		৩.	শাখা কর্তৃক যথাযথ ও সঠিকরূপে নগদ লেনদেন রিপোর্ট (CTR) করা হয় কিনা?	এতদসংক্রান্ত নথি পরীক্ষা করুন। কমপক্ষে এক মাসের ক্যাশ রেজিস্টার/বিবরণী পরীক্ষা করুন এবং এর ভিত্তিতে ঐ মাসে দাখিলকৃত CTR রিপোর্ট পরীক্ষাপূর্বক CTR রিপোর্ট এর সঠিকতার বিষয়ে মূল্যায়ন করুন।	৪	

ক্র নং	অঞ্চল/এরিয়া	প্রশ্নমালা		যাচাইয়ের মানদণ্ড	স্কোর	প্রাপ্ত স্কোর
		৪.	গ্রাহক কর্তৃক পুনঃ পুনঃ রিপোর্টিং সীমার নীচে লেনদেন (Structuring) সনাক্ত করার কোন পদ্ধতি শাখা কর্তৃক প্রবর্তিত হয়েছে কিনা?	এতদসংক্রান্ত শাখার পদক্ষেপ পরীক্ষাপূর্বক মূল্যায়ন করুন।	৪	
৬.	CCU বরাবর বিবরণী দাখিল	১.	শাখা কর্তৃক কতটি বিবরণী CCU বরাবর দাখিল করা হয়? শাখা কি যথাসময়ে বিবরণী দাখিল করে?	এতদসংক্রান্ত নথি পরীক্ষা করুন। বিলম্বে অথবা ববরণী দাখিল না করলে তা অসন্তোষজনক বিবেচিত হবে।	৩	
		২.	নমুনা ভিত্তিতে কয়েক সেট বিবরণী যাচাই করে দেখা হবে যে এ বিবরণীতে অন্তর্ভুক্ত তথ্যাদি সঠিক এবং পরিপূর্ণ কিনা।	এতদসংক্রান্ত নথি পরীক্ষা করুন। তথ্যাদি সঠিক ও পরিপূর্ণ না হলে তা অসন্তোষজনক বিবেচিত হবে।	২	
৭.	রেকর্ড সংরক্ষণ	১.	মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ১৯(১)(ক), নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ এবং ব্যাংকের নিজস্ব নীতিমালা অনুযায়ী গ্রাহক পরিচিতি (KYC) এবং লেনদেন সম্পর্কিত রেকর্ড যথাযথভাবে সংরক্ষণের বিধান আছে কি?	৫টি বন্ধ হিসাব পরীক্ষা করুন। এক্ষেত্রে মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ১৯(১)(ক) এর বিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কিনা যাচাই করুন।	২	
		২.	নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা CCU এর চাহিদা মোতাবেক রেকর্ডসমূহ সরবরাহ করা হয় কি?	এতদসংক্রান্ত নথি পরীক্ষা করুন। যথাসময়ে ও যথাযথ তথ্য সরবরাহ না করলে তা অসন্তোষজনক বিবেচিত হবে।	২	
৮.	AML সম্পর্কিত শাখার সার্বিক কার্যক্রম	১.	শাখা ব্যবস্থাপক BAMLCO না হলে শাখা ব্যবস্থাপক AML প্রোগ্রাম বাস্তবায়নে যথাযথ ভূমিকা পালন করে কি?	শাখায় আয়োজিত সভার আলোচ্যসূচী ও শাখা ব্যবস্থাপকের সাথে সাক্ষাৎকারের ভিত্তিতে মূল্যায়ন করুন।	১	
		২.	পূর্ববর্তী অভ্যন্তরীণ ও বহিঃ নিরীক্ষা প্রতিবেদন পরীক্ষাকালে AML প্রোগ্রামের আওতায় কোন অনিয়ম ও দুর্বলতার উল্লেখ পাওয়া গেছে কিনা এবং শাখা কোন সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করেছে কিনা?	সর্বশেষ নিরীক্ষা সংক্রান্ত রিপোর্ট পরীক্ষা করুন এবং কি ধরনের সংশোধনমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে যাচাই করুন।	৩	
		৩.	শাখার সার্বিক কার্যক্রম সন্তোষজনক কি?	শাখার মানি লন্ডারিং প্রতিরোধ সংক্রান্ত সার্বিক কার্যক্রম এর ভিত্তিতে মূল্যায়ন করুন।	২	
				মোট	১০০	

শাখার সার্বিক মূল্যায়নঃ

স্কোর	রেটিং
৯১-১০০	খুব ভাল
৭১-৯০	ভাল
৫৬-৭০	সন্তোষজনক
৪১-৫৫	প্রান্তিক
৪০ ও এর নীচে	অসন্তোষজনক

## মানি লভারিং প্রতিরোধ বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

ওয়েবসাইট: www.bangladeshbank.org.bd

এ.এম.এল. সার্কুলার নং-১৬/২০০৮

তারিখ : ১৬ বৈশাখ, ১৪১৫  
২৯ এপ্রিল, ২০০৮

সকল তফসিলী ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানী, মানিচেঞ্জার  
এবং অর্থ প্রেরণকারী/অর্থ স্থানান্তরকারী কোম্পানী/প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়গণ,

### মানিলভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে মহামান্য রাষ্ট্রপতি মানিলভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ প্রণয়ন ও জারী করেছেন, যা বিগত ১৫ এপ্রিল, ২০০৮ হতে কার্যকর হয়েছে। এই অধ্যাদেশ কার্যকর হবার সঙ্গে সঙ্গে মানিলভারিং প্রতিরোধ আইন, ২০০২ রহিত করা হয়েছে। বাংলাদেশ গেজেটের (অতিরিক্ত সংখ্যা) মাধ্যমে জারীকৃত এই অধ্যাদেশ হুবহু মুদ্রণপূর্বক সংযুক্ত করা হ'ল।

২. এই অধ্যাদেশের নির্দেশনা পরিপালন নিশ্চিত করার এবং বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনার জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

৩. প্রসঙ্গতঃ ১৮ মে, ২০০২ তারিখে ইস্যুকৃত মাঃ লঃ প্রঃ সার্কুলার নম্বর ০১, ২২ মে, ২০০৩ তারিখে ইস্যুকৃত মাঃ লঃ প্রঃ সার্কুলার নম্বর ০৫ এবং ২০ সেপ্টেম্বর, ২০০৭ তারিখে ইস্যুকৃত এ.এম.এল. সার্কুলার নম্বর ১২ বাতিল করা হ'ল।

৪. অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

সংযোজনী : ৫(পাঁচ) পাতা।

(ম. মাহফুজুর রহমান)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৬৫৯



বাংলাদেশ (মনোগ্রাম) গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ১৫, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

তারিখ, ০২ বৈশাখ ১৪১৫ বঙ্গাব্দ/ ১৫ এপ্রিল ২০০৮ খ্রিস্টাব্দ

নং ১২(মুঃপ্রঃ)। --- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ৩০ চৈত্র, ১৪১৪ বঙ্গাব্দ মোতাবেক ১৩ এপ্রিল, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

মানিলভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮

অধ্যাদেশ নং ১২, ২০০৮

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০০২ বাতিলক্রমে কতিপয় সংশোধনসহ উহা পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু মানিলভারিং প্রতিরোধ আইন, ২০০২ (২০০২ সনের ৭নং আইন) বাতিলক্রমে কতিপয় সংশোধনসহ উহা পুনঃপ্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন :-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন। ---

(১) এই অধ্যাদেশ মানিলভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা। --- বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই অধ্যাদেশে---

- (ক) “আর্থিক প্রতিষ্ঠান” অর্থ আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ২৭ নং আইন) এর ধারা ২(খ) এ সংজ্ঞায়িত আর্থিক প্রতিষ্ঠান;
- (খ) “আদালত” অর্থ স্পেশাল জজ এর আদালত;
- (গ) “তদন্তকারী সংস্থা” অর্থ দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ (২০০৪ সনের ৫ নং আইন) এর অধীন গঠিত দুর্নীতি দমন কমিশন; এবং কমিশনের নিকট হইতে তদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তাও ইহার অন্তর্ভুক্ত হইবেন;
- (ঘ) “নগদ টাকা” অর্থে কোন দেশের যথাযথ মুদ্রা হিসাবে উক্ত দেশ কর্তৃক স্বীকৃত কোন ধাতব মুদ্রা, কাগজের মুদ্রা, ট্রাভেলার্স চেক, পোস্টাল নোট, মানি অর্ডার, চেক, ব্যাংক ড্রাফট, বিয়ারার বন্ড, লেটার অব ক্রেডিট, বিল অব এক্সচেঞ্জ বা প্রমিজরি নোটও অন্তর্ভুক্ত হইবে;

- (ঙ) “নিষ্পত্তি” অর্থে ক্ষয়যোগ্য, দ্রুত পচনশীল অথবা নির্দিষ্ট সময়ের পর ব্যবহার অযোগ্য সম্পত্তি বিক্রয় বা অন্য কোন আইনের অধীন ধ্বংস করার উপযোগী সম্পত্তি ধ্বংসকরণ বা আইনসম্মতভাবে প্রকাশ্য নিলামের মাধ্যমে হস্তান্তর ও অন্তর্ভুক্ত হইবে;
- (চ) “বাংলাদেশ ব্যাংক” অর্থ Bangladesh Bank Order, 1972 (P.O. No. 127 of 1972) এর অধীন স্থাপিত Bangladesh Bank;
- (ছ) “বীমা কোম্পানী” অর্থ Insurance Act, 1938 (Act No. IV of 1938) এর section 2(8) এ সংজ্ঞায়িত insurance company;
- (জ) “বৈদেশিক মুদ্রা” অর্থ Foreign Exchange Regulation Act, 1947 (Act No. VII of 1947) এর section 2(d) তে সংজ্ঞায়িত foreign exchange;
- (ঝ) “ব্যাংক” অর্থ ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন) এর ধারা ৫ (গ) এ সংজ্ঞায়িত ব্যাংক কোম্পানী;
- (ঞ) “মানি চেঞ্জার” অর্থ Foreign Exchange Regulation Act, 1947 (Act No. VII of 1947) এর section 3 এর অধীন বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত বৈদেশিক মুদ্রা লেনদেনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান;
- (ট) “মানিলভারিং” অর্থ -
- (অ) সম্পৃক্ত অপরাধ (Predicate offence) সংঘটনের মাধ্যমে প্রাপ্ত অর্থ বা সম্পত্তির অবৈধ উৎস গোপন বা আড়াল করিবার উদ্দেশ্যে উহার হস্তান্তর, রূপান্তর, বিদেশে প্রেরণ বা বিদেশ হইতে বাংলাদেশে প্রেরণ বা আনয়ন করা বা বৈধ ও অবৈধ উপায়ে অর্জিত অর্থ বা সম্পত্তি বিদেশে পাচার;
- (আ) কোন আর্থিক লেনদেন এইরূপভাবে সম্পন্ন করা বা সম্পন্ন করিবার চেষ্টা করা যাহাতে এই অধ্যাদেশের অধীন উহা রিপোর্ট করিবার প্রয়োজন হইবে না;
- (ই) এইরূপ কোন কার্য করা যাহার দ্বারা উক্তরূপ অর্থ বা সম্পত্তির অবৈধ উৎস গোপন বা আড়াল করা হয় বা এইরূপ কার্যসম্পাদনের চেষ্টা করা বা অনুরূপ কার্যসম্পাদনে স্বজ্ঞানে সহায়তা বা ষড়যন্ত্র করা ।
- (ঠ) “রিপোর্ট প্রদানকারী সংস্থা” অর্থ-
- (অ) ব্যাংক;
- (আ) আর্থিক প্রতিষ্ঠান;
- (ই) বীমা কোম্পানী;
- (ঈ) মানি চেঞ্জার;
- (উ) অর্থ প্রেরণকারী বা অর্থ স্থানান্তরকারী কোন কোম্পানী বা প্রতিষ্ঠান;
- (ঊ) বাংলাদেশ ব্যাংকের অনুমতিক্রমে ব্যবসা পরিচালনাকারী অন্য কোন প্রতিষ্ঠান; বা
- (ঋ) সরকারের অনুমোদনক্রমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক, সময়ে সময়ে, বিজ্ঞপ্তি জারীর মাধ্যমে ঘোষিত অন্য কোন প্রতিষ্ঠান ।
- (ড) “হাইকোর্ট বিভাগ” অর্থ বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ;
- (ঢ) “সন্দেহজনক লেনদেন” অর্থ এইরূপ লেনদেন---
- (অ) যাহা স্বাভাবিক লেনদেনের ধরন হইতে ভিন্ন;
- (আ) যাহার সম্পর্কে এইরূপ বিশ্বাস করিবার যুক্তিসংগত কারণ থাকে যে ইহার সহিত কোন অপরাধ হইতে অর্জিত সম্পত্তির সংশ্লিষ্টতা রহিয়াছে;
- (ণ) “সম্পত্তি” অর্থ---
- (অ) যে কোন প্রকৃতির, দৃশ্যমান, অদৃশ্যমান, স্থাবর বা অস্থাবর, সম্পত্তি; বা
- (আ) নগদ টাকা, ইলেকট্রনিক বা ডিজিটালসহ অন্য যে কোন প্রকৃতির দলিল বা ইন্সট্রুমেন্ট যাহা কোন সম্পত্তির মালিকানা স্বত্ত্ব বা মালিকানা স্বত্ত্বে কোন স্বার্থ নির্দেশ করে ।
- (ত) “স্পেশাল জজ” অর্থ Criminal Law Amendment Act, 1958 (Act No. XL of 1958) এর section 3 এর অধীন নিযুক্ত Special Judge;
- (থ) “সম্পৃক্ত অপরাধ (Predicate offence)” অর্থ নিম্নলিখিত এইরূপ অপরাধ, যাহা সংঘটনের মাধ্যমে, অর্জিত কোন অর্থ বা সম্পদ লভারিং করা বা করিবার চেষ্টা করা হয়, যথা :-
- (১) দুর্নীতি ও ঘুষ;
- (২) মুদ্রা জালকরণ;
- (৩) দলিল দস্তাবেজ জালকরণ;
- (৪) চাঁদাবাজি;
- (৫) প্রতারণা;
- (৬) জালিয়াতি;

- (৭) অবৈধ অস্ত্রের ব্যবসা;
- (৮) অবৈধ মাদক ও নেশা জাতীয় দ্রব্যের ব্যবসা;
- (৯) চোরাই ও অন্যান্য দ্রব্যের অবৈধ ব্যবসা;
- (১০) অপহরণ, অবৈধভাবে আটকাইয়া রাখা ও পণবন্দী করা;
- (১১) খুন, মারাত্মক শারীরিক ক্ষতি;
- (১২) নারী ও শিশু পাচার;
- (১৩) চোরাকারবার এবং দেশী ও বিদেশী মুদ্রা পাচার;
- (১৪) চুরি বা দস্যুতা বা ডাকাতি;
- (১৫) আদম পাচার ও অবৈধ অভিবাসন;
- (১৬) যৌতুক; এবং
- (১৭) এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সরকারের অনুমোদনক্রমে গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে ঘোষিত অন্য যে কোন সম্পৃক্ত অপরাধ।

৩। অধ্যাদেশের প্রাধান্য। --- আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন এই অধ্যাদেশের বিধানাবলী কার্যকর থাকিবে।

৪। মানিলভারিং অপরাধ ও শাস্তি। ---

- (১) এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে, মানিলভারিং একটি অপরাধ বলিয়া গণ্য হইবে।
- (২) কোন ব্যক্তি মানিলভারিং অপরাধ করিলে বা মানিলভারিং অপরাধ সংঘটনের চেষ্টা, সহায়তা, বা ষড়যন্ত্র করিলে তিনি অন্তর ৬ (ছয়) মাস এবং অনধিক ৭ (সাত) বৎসর কারাদণ্ডে দণ্ডিত হইবেন এবং ইহার অতিরিক্ত যে অপরাধের জন্য তিনি দোষী সাব্যস্ত হইয়াছেন সেই অপরাধের সহিত সম্পৃক্ত সম্পত্তি রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত হইবে।

৫। অবরুদ্ধকরণ বা ক্রোক আদেশ লংঘনের শাস্তি। --- কোন ব্যক্তি এই অধ্যাদেশের অধীন কোন অবরুদ্ধকরণ বা ক্রোক আদেশ লংঘন করিলে তিনি অনধিক ১(এক) বৎসর কারাদণ্ড বা অনূর্ধ্ব ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ডে বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৬। তথ্য ফাঁসকরণের শাস্তি। ---

- (১) কোন ব্যক্তি এই অধ্যাদেশের অধীন কোন তদন্ত কার্যক্রম ব্যাহতকরণ বা উহাতে কোন বিরূপ প্রভাব বিস্তারের উদ্দেশ্যে তদন্ত সম্পর্কিত কোন তথ্য বা প্রাসংগিক অন্য কোন তথ্য কোন ব্যক্তি, সংস্থা বা সংবাদ মাধ্যমে ফাঁস করিবেন না।
- (২) এই অধ্যাদেশের অধীন ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা এজেন্ট কর্তৃক চাকুরীরত বা নিয়োগরত থাকা অবস্থায় কিংবা চাকুরী বা নিয়োগজনিত চুক্তি অবসায়নের পর তৎকর্তৃক সংগৃহীত, প্রাপ্ত, আহরিত, জ্ঞাত কোন তথ্য এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার, প্রকাশ ও ফাঁস করা হইতে বিরত থাকিবেন।
- (৩) কোন ব্যক্তি উপ-ধারা (১) ও (২) এর বিধান লংঘন করিলে তিনি অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনূর্ধ্ব ১০ (দশ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৭। তদন্তে বাধা বা অসহযোগিতা, প্রতিবেদন প্রেরণে ব্যর্থতা বা তথ্য সরবরাহে বাধা দেওয়ার শাস্তি। ---

- (১) কোন ব্যক্তি এই অধ্যাদেশের অধীন-
  - (ক) কোন তদন্ত কার্যক্রমে তদন্তকারী কর্মকর্তাকে বাধা প্রদান করিলে বা সহযোগিতা প্রদানে অস্বীকৃতি জ্ঞাপন করিলে; বা
  - (খ) যুক্তিসংগত কারণ ব্যতিরেকে যাচিত কোন প্রতিবেদন প্রেরণে বা তথ্য সরবরাহে অস্বীকৃতি জ্ঞাপন করিলে;
 তিনি এই অধ্যাদেশের অধীন অপরাধ করিয়াছেন বলিয়া গণ্য হইবেন।
- (২) কোন ব্যক্তি উপ-ধারা (১) এর অধীন অপরাধে দোষী সাব্যস্ত হইলে তিনি অনধিক ১ (এক) বৎসর কারাদণ্ড বা অনূর্ধ্ব ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৮। মিথ্যা তথ্য প্রদানের শাস্তি। ---

- (১) কোন ব্যক্তি জ্ঞাতসারে অর্থের উৎস বা হিসাব ধারকের পরিচিতি সম্পর্কে বা কোন হিসাবের সুবিধাভোগী বা নমিনি সম্পর্কে কোনরূপ মিথ্যা তথ্য প্রদান করিবেন না।
- (২) কোন ব্যক্তি উপ-ধারা (১) এর বিধান লংঘন করিলে তিনি অনধিক ১ (এক) বৎসর কারাদণ্ড বা অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৯। অপরাধের তদন্ত ও বিচার। ---

- (১) এই অধ্যাদেশের অধীন অপরাধসমূহ দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ (২০০৪ সনের ৫ নং আইন) এর অধীন তফসিলভুক্ত অপরাধ গণ্যে দুর্নীতি দমন কমিশন বা কমিশন হইতে তদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা কর্তৃক তদন্তযোগ্য হইবে।
- (২) এই অধ্যাদেশের অধীন অপরাধসমূহ Criminal Law Amendment Act, 1958 (Act XL of 1958) এর section 3 এর অধীন নিযুক্ত স্পেশাল জজ কর্তৃক বিচার্য হইবে।
- (৩) এই অধ্যাদেশের অধীন অপরাধসমূহের তদন্ত, বিচার ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে এই অধ্যাদেশের বিধানাবলীর সহিত বিরোধের ক্ষেত্রে, দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এবং Criminal Law Amendment Act, 1958 এর বিধানাবলী প্রাধান্য পাইবে।

১০। স্পেশাল জজ এর বিশেষ এখতিয়ার। ---

- (১) স্পেশাল জজ এই অধ্যাদেশের অধীন অপরাধের জন্য নির্ধারিত দণ্ড আরোপ এবং ক্ষেত্রমত, অধিকতর তদন্ত, সম্পত্তি অবরুদ্ধকরণ, ক্রোক, বাজেয়াপ্তকরণ আদেশসহ আবশ্যিক অন্য কোন আদেশ প্রদান করিতে পারিবেন।
- (২) স্পেশাল জজ এই অধ্যাদেশের অধীন দায়েরকৃত কোন মামলায় অধিকতর তদন্তের আদেশ প্রদান করিলে উক্তরূপ আদেশে তদন্তকারী কর্মকর্তাকে তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য একটি সময়সীমা নির্দিষ্ট করিয়া দিবেন, যাহা ৬ (ছয়) মাসের অধিক হইবে না।

১১। অপরাধের আমলযোগ্যতা, অ-আপোষযোগ্যতা ও অ-জামিনযোগ্যতা। --- এই অধ্যাদেশের অধীন অপরাধসমূহ আমলযোগ্য (cognizable), অ-আপোষযোগ্য (non-compoundable) এবং অ-জামিনযোগ্য (non-bailable) হইবে।

১২। দুর্নীতি দমন কমিশনের অনুমোদনের অপরিহার্যতা। ---

- (১) ফৌজদারি কার্যবিধি বা আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, দুর্নীতি দমন কমিশন কর্তৃক কোন আইন প্রয়োগকারী সংস্থাকে প্রদত্ত অনুমোদন বা দুর্নীতি দমন কমিশনের সরাসরি আবেদন ব্যতিরেকে কোন আদালত এই অধ্যাদেশের অধীন কোন অপরাধ বিচারার্থ আমলে গ্রহণ (cognizance) করিবেন না।
- (২) এই অধ্যাদেশের অধীন কোন অপরাধের তদন্ত সমাপ্ত হইবার পর তদন্তকারী কর্মকর্তা আদালতে প্রতিবেদন দাখিল করিবার পূর্বে কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করিবেন এবং কমিশন কর্তৃক প্রদত্ত অনুমোদন পত্রের একটি কপি প্রতিবেদনের সহিত আদালতে দাখিল করিবেন।

১৩। জামিন সংক্রান্ত বিধান। --- এই অধ্যাদেশের অধীন অভিযুক্ত কোন ব্যক্তিকে জামিনে মুক্তি দেওয়া হইবে না, যদি---

- (ক) তাহাকে জামিনে মুক্তি দেওয়ার আবেদনের উপর অভিযোগকারী পক্ষকে শুনানীর সুযোগ দেওয়া না হয়; এবং
- (খ) তাহার বিরুদ্ধে আনীত অভিযোগে তিনি দোষী সাব্যস্ত হওয়ার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে মর্মে আদালত সন্তুষ্ট হন; অথবা
- (গ) তিনি নারী, শিশু বা শারিরীকভাবে বিকলাঙ্গ না হন এবং তাহাকে জামিনে মুক্তি দেওয়ার কারণে ন্যায় বিচার বিঘ্নিত হইবে না মর্মে আদালত সন্তুষ্ট না হন।

১৪। সম্পত্তির অবরুদ্ধকরণ (Freezing) বা ক্রোক (Attachment) আদেশ। ---

- (১) তদন্তকারী সংস্থার লিখিত আবেদনের ভিত্তিতে আদালত অভিযুক্ত ব্যক্তির দেশে বা দেশের বাহিরে অবস্থিত সম্পত্তি, যাহাতে দেশের মানুষের স্বার্থ রহিয়াছে, এইরূপ ক্ষেত্রে অবরুদ্ধকরণ বা ক্রোক আদেশ প্রদান করিতে পারিবে।
- (২) উপ-ধারা (১) এর অধীন তদন্তকারী সংস্থা কোন সম্পত্তির অবরুদ্ধকরণ বা ক্রোক আদেশের জন্য আদালতে লিখিত আবেদন দাখিলের সময় উহাতে নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখ করিবে, যথা :---
  - (ক) অবরুদ্ধকরণ বা ক্রোক আদেশের নিমিত্ত সম্পত্তির পূর্ণ বিবরণ;
  - (খ) সম্পত্তিটি মানিলভারিং এর সহিত জড়িত থাকিবার সপক্ষে যুক্তি ও প্রাথমিক প্রমাণাদি;
  - (গ) দায়েরকৃত মামলায় সফলতা লাভের সম্ভাবনা;
  - (ঘ) প্রার্থীত আবেদন মোতাবেক আদালত কর্তৃক আদেশ প্রদান করা না হইলে মামলা সম্পত্তির পূর্বেই সম্পত্তিটি অন্যত্র হস্তান্তর বা বেহাত হইবার আশংকা।

- (৩) উপ-ধারা (১) এর অধীন কোন অবরুদ্ধকরণ বা ফ্রোক আদেশ প্রদান করা হইলে আদালত সম্পত্তির পূর্ণ বিবরণসহ বিষয়টি সর্বসাধারণের অবগতির জন্য সরকারী গেজেটে এবং অনূন্য ১টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি আকারে প্রচার করিবে।
- (৪) এই ধারার অধীন অবরুদ্ধকরণ বা ফ্রোক আদেশে অভিযুক্ত ব্যক্তির নাম, পিতা-মাতার নাম, স্বামী বা স্ত্রীর নাম, জাতীয়তা, পদবী (যদি থাকে), পেশা, ট্যাক্স পরিচিতি নম্বর (TIN), বর্তমান ও স্থায়ী ঠিকানা এবং অন্য কোন পরিচিতি, যতদূর সম্ভব, উল্লেখ থাকিবে।
- (৫) উপ-ধারা (৬) এর বিধান সাপেক্ষে, এই ধারার অধীন কোন ব্যক্তির সম্পত্তি অবরুদ্ধকরণ বা ফ্রোকের জন্য আদালত আদেশ প্রদান করিলে আদেশ কার্যকর থাকাকালীন, আদালত কর্তৃক ভিন্নরূপ কোন আদেশ প্রদান করা না হইলে, উক্ত সম্পত্তি কোনভাবে বা প্রকারে অন্যত্র হস্তান্তর, উক্ত সম্পত্তি সংশ্লিষ্ট কোন প্রকার লেনদেন বা উক্ত সম্পত্তিকে কোনভাবে দায়যুক্ত করা যাইবে না।
- (৬) কোন ব্যক্তির ব্যাংক একাউন্ট অবরুদ্ধকরণ আদেশ কার্যকর থাকা অবস্থায় উক্ত আদেশে ভিন্নরূপ উল্লেখ না থাকিলে, উক্ত ব্যক্তি প্রাপ্য হইয়াছে এইরূপ সমুদয় অর্থ তাহার অবরুদ্ধ ব্যাংক একাউন্টে জমা করা যাইবে।

#### ১৫। অবরুদ্ধকৃত বা ফ্রোককৃত সম্পত্তি ফেরত প্রদান।---

- (১) ধারা ১৪ এর অধীন আদালত কোন সম্পত্তি অবরুদ্ধকরণ বা ফ্রোক আদেশ প্রদান করিলে, অভিযুক্ত ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তির উক্ত সম্পত্তিতে কোন স্বার্থ থাকিলে তিনি উহা ফেরত পাইবার জন্য অবরুদ্ধকরণ বা ফ্রোক আদেশের বিজ্ঞপ্তি ১টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় প্রচারের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আদালতে আবেদন করিতে পারিবেন।
- (২) উপ-ধারা (১) এর অধীন কোন ব্যক্তি আদালতে আবেদন করিলে আবেদনপত্রে নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখ করিতে হইবে, যথাঃ---
- (ক) মানিলভারিং এর সহিত উক্ত সম্পত্তির কোন সংশ্লিষ্টতা নাই;
- (খ) অবরুদ্ধকরণ বা ফ্রোককৃত সম্পত্তিতে অভিযুক্ত ব্যক্তির কোন স্বত্ব, স্বার্থ বা মালিকানা নাই; এবং
- (গ) অবরুদ্ধকরণ বা ফ্রোককৃত সম্পত্তিতে আবেদনকারীর স্বত্ব, স্বার্থ ও মালিকানা রহিয়াছে।
- (৩) ধারা ১৪ এর উপ-ধারা (৫) এ যাহা কিছুই থাকুক না কেন, এই ধারার অধীন সম্পত্তি ফেরত পাইবার জন্য আদালত কোন আবেদন প্রাপ্ত হইলে আবেদনকারী, তদন্তকারী সংস্থা ও অভিযুক্ত ব্যক্তিকে শুনানীর সুযোগ প্রদান করিবেন এবং শুনানী অন্তে, প্রয়োজনীয় কাগজাদি পর্যালোচনাক্রমে, উপ-ধারা (১) এর অধীন দাখিলকৃত আবেদনকারীর আবেদন সম্পর্কে আদালত সম্মুখ হইলে অবরুদ্ধকরণ বা ফ্রোক আদেশ বাতিলক্রমে সম্পত্তিটি, আদেশে নির্ধারিত সময়ের মধ্যে, আবেদনকারীর অনুকূলে হস্তান্তরের আদেশ প্রদান করিবেন।

#### ১৬। সম্পত্তির অবরুদ্ধকরণ বা ফ্রোক আদেশের বিরুদ্ধে আপীল।---

- (১) এই অধ্যাদেশের অধীন আদালত কোন সম্পত্তির অবরুদ্ধকরণ বা ফ্রোক আদেশ প্রদান করিলে উক্তরূপ আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ ব্যক্তি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে হাইকোর্ট বিভাগে আপীল করিতে পারিবেন।
- (২) উপ-ধারা (১) এর অধীন কোন আপীল দায়ের করা হইলে আপীল আদালত পক্ষবৃন্দকে, শুনানীর জন্য যুক্তিসঙ্গত সময় দিয়া, শুনানী অন্তে যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিতে পারিবে।
- (৩) ধারা ১৪ এর অধীন কোন সম্পত্তির বিষয়ে আদালত কর্তৃক প্রদত্ত অবরুদ্ধকরণ বা ফ্রোক আদেশের বিরুদ্ধে কোন সংক্ষুব্ধ ব্যক্তি আপীল করিলে এবং আপীল আদালত কর্তৃক ভিন্নরূপ কোন আদেশ প্রদান করা না হইলে, আপীল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উক্তরূপ অবরুদ্ধকরণ বা ফ্রোক আদেশ কার্যকর থাকিবে।

#### ১৭। সম্পত্তির বাজেয়াপ্তকরণ।---

- (১) এই অধ্যাদেশের অধীন কোন ব্যক্তি মানিলভারিং অপরাধে দোষী সাব্যস্ত হইলে আদালত অপরাধের সহিত সম্পৃক্ত দেশে বা দেশের বাহিরে অবস্থিত সম্পত্তি, যাহাতে দেশের মানুষের স্বার্থ রহিয়াছে এইরূপ ক্ষেত্রে সম্পত্তি বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান করিতে পারিবে।
- (২) এই অধ্যাদেশের অধীন মানিলভারিং অপরাধের জন্য দোষী সাব্যস্ত কোন ব্যক্তি পলাতক থাকিলে বা মৃত্যুবরণ করিলে আদালত উক্ত ব্যক্তির অপরাধের সহিত সম্পৃক্ত সম্পত্তিও বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান করিতে পারিবে।

ব্যাখ্যা।--- যথাযথ কার্য ব্যবস্থা গ্রহণ করা সত্ত্বেও গ্রেফতারী পরোয়ানা জারীর তারিখ হইতে ৬ (ছয়) মাসের মধ্যে যদি অভিযুক্ত ব্যক্তি আদালতে আত্মসমর্পণ করিতে ব্যর্থ হয় বা উক্ত সময়ের মধ্যে তাকে গ্রেফতার করা না যায় তাহা হইলে উক্ত ব্যক্তি এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে পলাতক বলিয়া গণ্য হইবেন।

- (৩) এই ধারার অধীন আদালত কর্তৃক কোন সম্পত্তি বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদানের পূর্বে কিংবা মামলা বা অভিযোগ দায়ের করিবার পূর্বে যদি কোন ব্যক্তি সরল বিশ্বাসে এবং উপযুক্ত মূল্য প্রদান সাপেক্ষে বাজেয়াপ্তের জন্য আবেদনকৃত সম্পত্তি ক্রয় করিয়া থাকেন এবং আদালতকে তিনি এই মর্মে সন্তুষ্ট করিতে সক্ষম হন যে, তিনি উক্ত সম্পত্তিটিকে মানিলভারিং এর সহিত সম্পৃক্ত বলিয়া জ্ঞাত ছিলেন না এবং তিনি সরল বিশ্বাসে সম্পত্তিটিকে ক্রয় করিয়াছিলেন, তাহা হইলে আদালত উক্ত সম্পত্তি বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান না করিয়া উহার বিক্রয়লব্ধ অর্থ রাষ্ট্রীয় কোষাগারে, আদালত কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে, জমা দেওয়ার জন্য দোষী সাব্যস্ত ব্যক্তিকে নির্দেশ দিতে পারিবে।
- (৪) এই ধারার অধীন কোন সম্পত্তি বাজেয়াপ্ত করা হইলে বাজেয়াপ্ত আদেশের নোটিশ আদালত কর্তৃক যে ব্যক্তির নিয়ন্ত্রণে সম্পত্তিটি রহিয়াছে সেই ব্যক্তির সর্বশেষ জ্ঞাত ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে পাঠাইতে হইবে এবং সম্পত্তির তফসিলসহ সকল বিবরণ উল্লেখক্রমে সরকারী গেজেটে এবং অনূন ২ (দুই)টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করিতে হইবে।
- (৫) এই ধারার অধীন আদালত কোন সম্পত্তি বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান করিলে উক্ত সম্পত্তির মালিকানা রাষ্ট্রের উপর ন্যস্ত হইবে এবং বাজেয়াপ্ত করিবার তারিখে সম্পত্তিটি যাহার জিম্মায় বা মালিকানায় থাকিবে তিনি, যথাশীঘ্র সম্ভব, উক্ত সম্পত্তির দখল রাষ্ট্রের বরাবরে হস্তান্তর করিবেন।

#### ১৮। বাজেয়াপ্তকৃত সম্পত্তি ফেরত প্রদান।---

- (১) ধারা ১৭ এর অধীন আদালত কোন সম্পত্তি বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান করিলে উক্ত সম্পত্তিতে দোষী ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তির কোন স্বত্ব, স্বার্থ বা অধিকার থাকিলে তিনি উহা ফেরত পাইবার জন্য বাজেয়াপ্তকরণের বিজ্ঞপ্তি পত্রিকায় সর্বশেষ প্রচারের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আদালতে আবেদন করিতে পারিবেন।
- (২) উপ-ধারা (১) এর অধীন কোন আবেদন প্রাপ্ত হইলে আদালত মামলা দায়েরকারী, দোষী ব্যক্তি এবং আবেদনকারীকে, শুনানীর জন্য যুক্তিসঙ্গত সময় দিয়া, শুনানী অস্ত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করিয়া প্রয়োজনীয় আদেশ প্রদান করিতে পারিবে, যথা : ---
- (ক) অপরাধ সংঘটনের সহিত আবেদনকারী বা বাজেয়াপ্তকৃত সম্পত্তির কোন সংশ্লেষ ছিল কি না;
- (খ) বাজেয়াপ্ত সম্পত্তি অর্জনে আবেদনকারীর বৈধ অধিকার রহিয়াছে কি না;
- (গ) অপরাধ সংঘটনের সময়কাল এবং বাজেয়াপ্তকৃত সম্পত্তি আবেদনকারীর মালিকানায় আসিয়াছে এইরূপ দাবিকৃত সময়কাল; এবং
- (ঘ) আদালতের নিকট প্রাসঙ্গিক বিবেচিত অন্য যে কোন তথ্য।

#### ১৯। বাজেয়াপ্তকরণ আদেশের বিরুদ্ধে আপীল।----

- (১) এই অধ্যাদেশের অধীন আদালত কোন সম্পত্তি বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান করিলে উক্তরূপ আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ ব্যক্তি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে হাইকোর্ট বিভাগে আপীল করিতে পারিবেন।
- (২) উপ-ধারা (১) এর অধীন কোন আপীল দায়ের করা হইলে আপীল আদালত উভয় পক্ষকে, শুনানীর যুক্তিসঙ্গত সময় দিয়া, শুনানী অস্ত্রে যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিতে পারিবে।

#### ২০। বাজেয়াপ্তকৃত সম্পত্তির নিষ্পত্তিকরণ প্রক্রিয়া।---

- (১) এই অধ্যাদেশের অধীন কোন সম্পত্তি বাজেয়াপ্ত হইলে, সরকার, যেই সম্পত্তি অন্য কোন আইনের অধীন ধ্বংস করিতে হইবে সেই সম্পত্তি ব্যতীত অন্যান্য সম্পত্তি, প্রকাশ্য নিলামে বা বাণিজ্যিকভাবে লাভজনক অন্য কোন আইনসম্মত উপায়ে বিক্রয় বা অন্য কোনভাবে নিষ্পত্তি করিতে পারিবে।
- (২) উপ-ধারা (১) এর অধীন সম্পত্তি বিক্রয় বা অন্য কোনভাবে নিষ্পত্তির মাধ্যমে প্রাপ্ত অর্থ রাষ্ট্রীয় কোষাগারে জমা হইবে।

#### ২১। অবরুদ্ধকৃত, ক্রোককৃত বা বাজেয়াপ্তকৃত সম্পত্তি রক্ষণাবেক্ষণের জন্য ব্যবস্থাপক বা তত্ত্বাবধায়ক নিয়োগ। --- এই অধ্যাদেশের অধীন কোন সম্পত্তি অবরুদ্ধ, ক্রোক বা বাজেয়াপ্ত করা হইলে, তদন্তকারী সংস্থা বা উহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে উক্তরূপ সম্পত্তির সম্পূর্ণ বা আংশিক নিয়ন্ত্রণ, ব্যবস্থাপনা, তদারকি বা অন্য কোনভাবে নিষ্পত্তির জন্য, আদালত, স্থায়ী বিবেচনায়, যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ শর্তে কোন ব্যক্তি বা আইনী সত্ত্বাকে উক্ত সম্পত্তির ব্যবস্থাপক বা তত্ত্বাবধায়ক নিয়োগ করিতে পারিবে।

#### ২২। আপীল। --- আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুন না কেন, আদালত কর্তৃক এই অধ্যাদেশের অধীন প্রদত্ত কোন আদেশ, রায়, ডিক্রি বা আরোপিত দণ্ড দ্বারা সংক্ষুব্ধ পক্ষ, উক্তরূপ আদেশ, রায়, ডিক্রি বা দণ্ডদেশ প্রদানের তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে হাইকোর্ট বিভাগে আপীল করিতে পারিবে।

২৩। মানিলভারিং অপরাধ দমন ও প্রতিরোধে বাংলাদেশ ব্যাংকের ক্ষমতা ও দায়িত্ব। ---

(১) মানিলভারিং অপরাধ দমন ও প্রতিরোধ এবং উক্তরূপ অপরাধমূলক তৎপরতা রোধ করিবার উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংকের নিম্নরূপ ক্ষমতা ও দায়িত্ব থাকিবে, যথা :-

- (ক) কোন রিপোর্ট প্রদানকারী সংস্থায় নগদ লেনদেন এবং সকল সন্দেহজনক লেনদেন সম্পর্কিত তথ্যাদি পর্যালোচনা এবং উহার ডাটা সংরক্ষণ করা;
- (খ) কোন লেনদেন মানিলভারিং এর সহিত সম্পৃক্ত বলিয়া বিশ্বাস করিবার যুক্তিসংগত কারণ থাকিলে রিপোর্ট প্রদানকারী সংস্থা হইতে উক্তরূপ লেনদেন সম্পর্কিত যে কোন তথ্য বা প্রতিবেদন সংগ্রহ করা;
- (গ) কোন অপরাধ সংঘটনের মাধ্যমে কোন অর্থ বা সম্পত্তি কোন ব্যক্তির হিসাবে জমা হইয়াছে মর্মে সন্দেহ করিবার যুক্তিসংগত কারণ থাকিলে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানকে অনধিক ৩০ (ত্রিশ) দিনের জন্য কোন হিসাবের লেনদেন স্থগিত বা বন্ধ রাখিবার নির্দেশ প্রদান করা;
- তবে শর্ত থাকে যে, উক্ত হিসাবের লেনদেন সম্পর্কিত সঠিক তথ্য উৎস্রাটনের প্রয়োজন দেখা দিলে লেনদেন স্থগিত বা বন্ধ রাখিবার মেয়াদ আরো ৩০ (ত্রিশ) দিন বর্ধিত করা যাইবে;
- (ঘ) মানিলভারিং প্রতিরোধ করিবার উদ্দেশ্যে রিপোর্ট প্রদানকারী সংস্থাকে, সময় সময়, প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা;
- (ঙ) রিপোর্ট প্রদানকারী সংস্থা বাংলাদেশ ব্যাংক কর্তৃক যাচিত তথ্য বা প্রতিবেদন সঠিকভাবে প্রেরণ করিয়াছে কিনা কিংবা তদ্ব্যবস্থাপক প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করিয়াছে কিনা তাহা তদারকি করা এবং, প্রয়োজনে, রিপোর্ট প্রদানকারী সংস্থা কর্তৃক সরেজমিনে পরিদর্শন করা;
- (চ) এই অধ্যাদেশের সুষ্ঠু প্রয়োগ নিশ্চিত করিবার উদ্দেশ্যে রিপোর্ট প্রদানকারী সংস্থাসহ বাংলাদেশ ব্যাংকের বিবেচনায় যে কোন সংস্থা বা প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থাসহ সভা, সেমিনার, ইত্যাদির আয়োজন করা;
- (ছ) এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় অন্য যে কোন কার্য সম্পাদন করা।

(২) মানিলভারিং বা সন্দেহজনক লেনদেন তদন্তে তদন্তকারী সংস্থা কোন তথ্য সরবরাহের অনুরোধ করিলে, প্রচলিত আইনের আওতায় বা যদি অন্য কোন কারণে বাধ্যবাধকতা না থাকে, তাহা হইলে বাংলাদেশ ব্যাংক উক্ত তথ্য প্রদান করিবে।

২৪। ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (FIU) প্রতিষ্ঠা। ---

- (১) এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশ ব্যাংকে ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (FIU) নামে একটি ইউনিট থাকিবে।
- (২) এই অধ্যাদেশের বিধান অনুযায়ী অন্য কোন দেশের সহিত সম্পাদিত কোন চুক্তি বা ব্যবস্থার অধীন সংশ্লিষ্ট দেশের ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট মানি লভারিং বা কোন সন্দেহজনক লেনদেন সম্পর্কে কোন তথ্য চাহিলে ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট যাচিত তথ্যাদি সরবরাহ করিবে এবং অন্য কোন দেশের নিকট হইতে কোন সন্দেহজনক লেনদেন সম্পর্কে যে কোন তথ্য চাহিতে পারিবে।

২৫। মানিলভারিং অপরাধ প্রতিরোধে রিপোর্ট প্রদানকারী সংস্থার দায়-দায়িত্ব। ---

- (১) মানি লভারিং অপরাধ প্রতিরোধে রিপোর্ট প্রদানকারী সংস্থার নিম্নরূপ দায়-দায়িত্ব থাকিবে, যথা :-
  - (ক) উহার গ্রাহকের হিসাব পরিচালনাকালে গ্রাহকের পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংরক্ষণ করা;
  - (খ) কোন গ্রাহকের হিসাব বন্ধ হইলে বন্ধ হওয়ার তারিখ হইতে অন্তর ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত উক্ত হিসাবের লেনদেন সংক্রান্ত তথ্য সংরক্ষণ করা;
  - (গ) দফা (ক) ও (খ) এর অধীন সংরক্ষিত তথ্যাদি বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক, সময় সময়, সরবরাহ করা;
  - (ঘ) কোন হিসাবে মানিলভারিং জড়িত থাকিতে পারে এইরূপ সন্দেহ হইলে স্ব-উদ্যোগে অবিলম্বে বাংলাদেশ ব্যাংককে অবহিত করা।
- (২) কোন রিপোর্ট প্রদানকারী সংস্থা উপ-ধারা (১) এর বিধান লঙ্ঘন করিলে বাংলাদেশ ব্যাংক ---

- (ক) উক্ত সংস্থাকে অন্যান্য ১০ (দশ) হাজার টাকা এবং অনূর্ধ্ব ৫(পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত জরিমানা করিতে পারিবে; এবং
- (খ) দফা (ক) এর অধীন আরোপিত জরিমানার অতিরিক্ত উক্ত সংস্থার ব্যবসায়িক কার্যক্রমের অনুমতি বা লাইসেন্স বাতিল করিতে পারিবে এবং, ক্ষেত্রমত, উক্তরূপ অনুমতি বা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করিবে, যাহাতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ স্ব-স্ব আইন বা বিধি মোতাবেক উক্ত সংস্থার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করিতে পারে।
- (৩) উপ-ধারা (২) এর অধীন আরোপিত জরিমানার অর্থ বাংলাদেশ ব্যাংক তৎকর্তৃক নির্ধারিত পদ্ধতিতে আদায় করিবে এবং আদায়কৃত অর্থ রাষ্ট্রীয় কোষাগারে জমা করিবে।

## ২৬। বিদেশী রাষ্ট্রের সহিত চুক্তি। ---

- (১) এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে সরকার বা, ক্ষেত্রমত, বাংলাদেশ ব্যাংক কোন সমঝোতা স্মারক, দ্বি পাক্ষিক বা বহু পাক্ষিক চুক্তি, কনভেনশন বা আন্তর্জাতিক আইনে স্বীকৃত অন্য কোনভাবে কোন বিদেশী রাষ্ট্র বা সংস্থার সহিত চুক্তি করিতে পারিবে।
- (২) এই ধারার অধীন সরকার বা বাংলাদেশ ব্যাংক কোন বিদেশী রাষ্ট্র বা সংস্থার সহিত চুক্তিবদ্ধ হইলে মানিলন্ডারিং অপরাধ প্রতিরোধে সরকার বা, ক্ষেত্রমত, বাংলাদেশ ব্যাংক ---
- (ক) উক্ত বিদেশী রাষ্ট্র বা সংস্থার নিকট প্রয়োজনীয় তথ্যাদি চাহিতে পারিবে; এবং
- (খ) উক্ত বিদেশী রাষ্ট্র এবং সংস্থা কর্তৃক যাচিত তথ্যাদি, জাতীয় নিরাপত্তার প্রতি হুমকি না হইলে, সরবরাহ করিবে।
- (৩) এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে, কোন চুক্তির অধীন কোন বিদেশী রাষ্ট্রের আদালতের কোন আদেশ কার্যকর করিবার জন্য বাংলাদেশে অবস্থিত কোন সম্পত্তি বাজেয়াপ্ত করিবার বা ফেরত দেওয়ার প্রয়োজন হইলে বাংলাদেশ ব্যাংকের আবেদনক্রমে আদালত যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিতে পারিবে; একইভাবে বাংলাদেশে আদালতের বাজেয়াপ্তকরণ আদেশ বা উক্ত সম্পত্তি ফেরত আনার আদেশ বাস্তবায়নের জন্য চুক্তি বা সমঝোতা স্মারকের অধীনস্থ রাষ্ট্রকে অনুরোধ করিতে পারিবে।

## ২৭। কোম্পানী ইত্যাদি কর্তৃক অপরাধ সংঘটন। ---

- (১) এই অধ্যাদেশের অধীন কোন অপরাধ কোন কোম্পানী কর্তৃক সংঘটিত হইয়া থাকিলে উক্তরূপ অপরাধের সহিত প্রত্যক্ষ সংশ্লিষ্টতা রহিয়াছে কোম্পানীর এইরূপ প্রত্যেক মালিক, পরিচালক, ম্যানেজার, সচিব বা অন্য কোন কর্মকর্তা বা কর্মচারী বা প্রতিনিধি উক্ত অপরাধ সংঘটন করিয়াছেন বলিয়া গণ্য হইবেন, যদি না তিনি প্রমাণ করিতে সক্ষম হন যে, উক্ত অপরাধ তাহার অজ্ঞাতসারে সংঘটিত হইয়াছে অথবা উক্ত অপরাধ রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।
- ব্যাখ্যা।- এই ধারায়---
- (ক) “কোম্পানী” বলিতে কোন সংবিধিবদ্ধ সংস্থা, বাণিজ্যিক প্রতিষ্ঠান, অংশীদারী কারবার, সমিতি বা এক একাধিক ব্যক্তির সমন্বয়ে গঠিত সংগঠনও অন্তর্ভুক্ত হইবে; এবং
- (খ) “পরিচালক” বলিতে উহার কোন অংশীদার বা পরিচালনা বোর্ড, যে নামেই অভিহিত হউক, এর সদস্যকেও বুঝাইবে।
- (২) কোন কোম্পানী প্রত্যক্ষ বা পরোক্ষভাবে মানিলন্ডারিং এর সাথে জড়িত থাকিলে উক্ত কোম্পানীর নিবন্ধন বাতিলযোগ্য হইবে।

২৮। সরল বিশ্বাসে কৃত কার্য রক্ষণ। --- এই অধ্যাদেশ বা বিধির অধীনে সরল বিশ্বাসে কৃত কোন কাজের ফলে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হইলে বা ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা থাকিলে, তজ্জন্য সরকার বা সরকারের কোন কর্মকর্তা-কর্মচারী বা কোন রিপোর্ট প্রদানকারী সংস্থার বিরুদ্ধে কোন দেওয়ানী বা ফৌজদারী বা অন্য কোন আইনগত কার্যধারা দায়ের করা যাইবে না।

২৯। বিধি প্রণয়নের ক্ষমতা। --- সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে বিধি প্রণয়ন করিতে পারিবে।

## ৩০। অধ্যাদেশের ইংরেজী অনুবাদ প্রকাশ। ---

- (১) এই অধ্যাদেশ প্রবর্তনের পর সরকার, যথাশীঘ্র সম্ভব, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই অধ্যাদেশের বাংলা পাঠের ইংরেজীতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।



(২) বাংলা পাঠ এবং ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

৩১। রহিতকরণ ও হেফাজত। ---

- (১) এই অধ্যাদেশ কার্যকর হইবার সঙ্গে সঙ্গে মানি লভারিং প্রতিরোধ আইন, ২০০২ (২০০২ সনের ৭ নং আইন) রহিত হইবে।
- (২) উক্তরূপ রহিত হওয়া সত্ত্বেও উক্ত আইনের অধীন দায়েরকৃত কোন মামলা বা গৃহীত কোন কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা এইরূপে নিষ্পন্ন হইবে যেন উক্ত আইন রহিত হয় নাই।

	৩০ চৈত্র ১৪১৪ বঙ্গাব্দ
তারিখ :	-----
	১৩ এপ্রিল ২০০৮ খ্রিস্টাব্দ

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ  
রাষ্ট্রপতি  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।



কাজী হাবিবুল আউয়াল  
ভারপ্রাপ্ত সচিব।

মানি লভারিং প্রতিরোধ বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।  
ওয়েবসাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

এ এম এল সার্কুলার নম্বর : ১৭

তারিখ : ২৯ জুন, ২০০৮

প্রধান নির্বাহী

সকল তফসিলী ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, মানি চেঞ্জার ও

অন্যান্য প্রতিষ্ঠান (সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ এর ২(১০) ধারা মোতাবেক)

প্রিয় মহোদয়গণ,

সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮।

কিছু কিছু সন্ত্রাসী কার্য প্রতিরোধ এবং এর কার্যকর শাস্তির বিধান ও আনুষঙ্গিক বিষয় সম্পর্কে বিধান প্রণয়নকল্পে সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ (২০০৮ সনের ২৮ নং অধ্যাদেশ) ১১ জুন, ২০০৮ খ্রিষ্টাব্দ তারিখে বাংলাদেশ গেজেটে (অতিরিক্ত সংখ্যা) প্রকাশিত হয়েছে যা একই তারিখ হতে বলবৎ করা হয়েছে। সংশ্লিষ্ট সবার অবগতি ও পরিপালনের জন্য উক্ত অধ্যাদেশের কপি পুনঃমুদ্রনপূর্বক এতদসঙ্গে সংযোজন করা হ'ল।

উল্লিখিত অধ্যাদেশের নির্দেশনা সংশ্লিষ্টদের অবহিত করার জন্য অনুরোধ করা হ'ল।

অনুগ্রহপূর্বক এই সার্কুলারের প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : ০৯ (নয়) পাতা।

(ম. মাহফুজুর রহমান)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৬৫৯

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১১, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

তারিখ, ২৮ জ্যৈষ্ঠ ১৪১৫ বঙ্গাব্দ/১১ জুন ২০০৮ খ্রিস্টাব্দ

নং ২৮(মুঃপ্রঃ)।- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ০৯ জুন, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত নিম্নে উল্লেখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

### সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮

২০০৮ সনের ২৮ নং অধ্যাদেশ

কতিপয় সন্ত্রাসী কার্য প্রতিরোধ এবং উহাদের কার্যকর শাস্তির বিধানসহ আনুষঙ্গিক বিষয়াদি  
সম্পর্কে বিধান প্রণয়নকল্পে প্রণীত

#### অধ্যাদেশ

যেহেতু কতিপয় সন্ত্রাসী কার্য প্রতিরোধ এবং উহাদের কার্যকর শাস্তির বিধানসহ আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন :-

#### প্রথম অধ্যায়

#### প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম, ব্যাপ্তি ও প্রবর্তন।- (১) এই অধ্যাদেশ সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ নামে অভিহিত হইবে।

(২) সমগ্র বাংলাদেশে ইহার প্রয়োগ হইবে।

(৩) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই অধ্যাদেশে,-

(১) “অপরাধ” অর্থ এই অধ্যাদেশের অধীন দণ্ডনীয় কোন অপরাধ;

(২) “আগ্নেয়াস্ত্র” অর্থ যে কোন ধরণের পিস্তল, রিভলভার, রাইফেল, বন্দুক বা কামান, এবং অন্য যে কোন আগ্নেয়াস্ত্র ও উহার অন্তর্ভুক্ত হইবে;

(৩) “আদালত” অর্থ দায়রা জজ এর বা, ক্ষেত্রমত, অতিরিক্ত দায়রা জজ এর আদালত;

(৪) “কারাদন্ড” অর্থ দণ্ডবিধির ধারা ৫৩ তে উল্লিখিত যে কোন বর্ণনার কারাদন্ড;

(৫) “ফৌজদারী কার্যবিধি” বা “কার্যবিধি” অর্থ Code of Criminal Procedure, 1898 (Act V of 1898);

(৬) “তফসিল” অর্থ এই অধ্যাদেশের তফসিল;

(৭) “দণ্ডবিধি” অর্থ Penal Code, 1860 (Act XLV of 1860);

(৮) “দাহ্য পদার্থ” অর্থ এমন কোন পদার্থ যাহাতে আগুন ধরাইবার বা আগুন তীব্রতর করিবার বা ছড়াইবার স্বাভাবিক উচ্চ প্রবণতা রহিয়াছে, যেমন- অকটেন, পেট্রোল, ডিজেল, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস (সি.এন.জি), গান পাউডার, এবং অন্য যে কোন দাহ্য পদার্থ ও উহার অন্তর্ভুক্ত হইবে;

- (৯) “বাংলাদেশ ব্যাংক” অর্থ Bangladesh Bank Order, 1972 (P.O. No. 127 of 1972) এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ ব্যাংক;
- (১০) “ব্যাংক” অর্থ ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত কোন ব্যাংক; এবং অন্য কোন আইনের অধীনে ঋণ গ্রহণ, বিতরণ এবং অর্থের বিনিময় করিতে অনুমতিপ্রাপ্ত কোন আর্থিক বা বাণিজ্যিক প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (১১) “বিচারক” অর্থ দায়রা জজ, অতিরিক্ত দায়রা জজ বা, ক্ষেত্রমত, সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল এর বিচারক;
- (১২) “বিশেষ ট্রাইব্যুনাল” অর্থ ধারা ২৮ এর অধীন গঠিত কোন সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল;
- (১৩) “বিষ্ফোরক দ্রব্য” অর্থ—

(ক) গানপাউডার, নাইট্রো-গ্লিসারিন, ডিনামাইট, গান-কটন, ব্লাসটিং পাউডার, ফুঁসে উঠা (fulminate) পারদ বা অন্য কোন ধাতু, রঙ্গিন আগুন (colored fire) এবং বিষ্ফোরণের মাধ্যমে কার্যকর প্রভাব, বা আতসবাজির প্রভাব সৃষ্টির লক্ষ্যে ব্যবহৃত বা উৎপাদিত অন্য যে কোন দ্রব্য যাহা উপরি-উল্লিখিত পদার্থসমূহের সদৃশ হউক বা না হউক; এবং

(খ) বিষ্ফোরক সামগ্রী তৈরীর যে কোন পদার্থ ও কোন বিষ্ফোরক পদার্থের মাধ্যমে বা সহযোগে বিষ্ফোরণ সৃষ্টি, বা ব্যবহারের অভিপ্রায়ে রূপান্তরিত করিবার, বা সহায়তার জন্য ব্যবহৃত, কোন যন্ত্র, হাতিয়ার, যন্ত্রপাতি বা বস্তুসহ অনুরূপ যন্ত্র, যন্ত্রপাতি বা হাতিয়ারের কোন অংশ এবং ফিউজ, রকেট, পারকাশন ক্যাপস, ডেটোনেটর, কার্ট্রিজ ও যে কোন ধরনের গোলাবারুদও ইহার অন্তর্ভুক্ত হইবে;

- (১৪) “সম্পত্তি” অর্থ বস্তুগত বা অবস্তুগত, স্থাবর বা অস্থাবর, দৃশ্যমান বা অদৃশ্য যে কোন ধরনের সম্পত্তি ও উক্ত সম্পত্তি হইতে উদ্ভূত লাভ, এবং কোন অর্থ বা অর্থে রূপান্তরযোগ্য বিনিময় দলিলও (negotiable instrument) ইহার অন্তর্ভুক্ত হইবে;

- (১৫) “সাক্ষ্য আইন” অর্থ Evidence Act, 1872 (Act I of 1872)।

৩। অন্যান্য শব্দ ও অভিব্যক্তির প্রযোজ্যতা।— (১) এই অধ্যাদেশে ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা এই অধ্যাদেশে দেওয়া হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি ফৌজদারী কার্যবিধি বা, ক্ষেত্রমত, দণ্ডবিধিতে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

(২) অপরাধ ও শাস্তির দায়-দায়িত্ব সংক্রান্ত দণ্ডবিধির সাধারণ বিধানাবলী, যতদূর সম্ভব, এই অধ্যাদেশের অন্যান্য বিধানের সহিত অসঙ্গতিপূর্ণ না হইলে, এই অধ্যাদেশের অধীন অপরাধসমূহের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৪। অধ্যাদেশের প্রাধান্য।— ফৌজদারী কার্যবিধি বা আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই অধ্যাদেশের বিধানাবলী কার্যকর থাকিবে।

৫। অতিরিক্তিক প্রয়োগ।— (১) যদি কোন ব্যক্তি বাংলাদেশের বাহিরে বাংলাদেশের কোন নাগরিক বা বাংলাদেশের সম্পদের বিরুদ্ধে কোন অপরাধ সংঘটন করে, যাহা বাংলাদেশে সংঘটিত হইলে এই অধ্যাদেশের অধীন শাস্তিযোগ্য হইত, তাহা হইলে উক্ত অপরাধ বাংলাদেশে সংঘটিত হইয়াছিল বলিয়া গণ্য হইবে এবং উক্ত ব্যক্তি ও অপরাধের ক্ষেত্রে এই অধ্যাদেশের বিধানাবলী প্রযোজ্য হইবে।

(২) যদি কোন ব্যক্তি বাংলাদেশের বাহির হইতে বাংলাদেশের অভ্যন্তরে কোন অপরাধ সংঘটন করে, তাহা হইলে উক্ত অপরাধের সম্পূর্ণ প্রক্রিয়া বাংলাদেশে সংঘটিত হইয়াছিল বলিয়া গণ্য হইবে এবং উক্ত ব্যক্তি ও অপরাধের ক্ষেত্রে এই অধ্যাদেশের বিধানাবলী প্রযোজ্য হইবে।

(৩) যদি কোন ব্যক্তি বাংলাদেশের অভ্যন্তর হইতে বাংলাদেশের বাহিরে কোন অপরাধ সংঘটন করে, তাহা হইলে উক্ত অপরাধ ও উহা সংঘটনের সম্পূর্ণ প্রক্রিয়া বাংলাদেশে সংঘটিত হইয়াছিল বলিয়া গণ্য হইবে এবং উক্ত ব্যক্তি ও অপরাধের ক্ষেত্রে এই অধ্যাদেশের বিধানাবলী প্রযোজ্য হইবে।

## দ্বিতীয় অধ্যায়

### অপরাধ ও দণ্ড

৬। সন্ত্রাসী কার্য।— (১) কেহ বাংলাদেশের অখন্ডতা, সংহতি, নিরাপত্তা বা সার্বভৌমত্ব বিপন্ন করিবার জন্য জনসাধারণ বা জনসাধারণের কোন অংশের মধ্যে আতংক সৃষ্টির মাধ্যমে সরকার বা অন্য কোন ব্যক্তিকে কোন কার্য করিতে বা করা হইতে বিরত রাখিতে বাধ্য করিবার উদ্দেশ্যে—

(ক) কোন ব্যক্তিকে হত্যা, গুরুতর আঘাত, আটক বা অপহরণ করিলে, বা কোন ব্যক্তির কোন সম্পত্তির ক্ষতিসাধন করিলে; অথবা

(খ) দফা (ক) এর উদ্দেশ্য সাধনকল্পে কোন বিষ্ফোরক দ্রব্য, দাহ্য বস্তু, আগ্নেয়াস্ত্র বা অন্য কোন প্রকার রাসায়নিক দ্রব্য ব্যবহার করিলে বা নিজ দখলে রাখিলে;

তিনি “সন্ত্রাসী কার্য” সংঘটনের অপরাধ করিবেন।

(২) কেহ সন্ত্রাসী কার্য সংঘটন করিয়া থাকিলে, তিনি মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন কারাদণ্ড বা অনূর্ধ্ব বিশ বৎসর এবং অনূন্য তিন বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হইবেন, এবং ইহার অতিরিক্ত অর্থদণ্ডও আরোপ করা যাইবে।

৭। সন্ত্রাসী কার্যে অর্থ যোগান সংক্রান্ত অপরাধ।— (১) যদি কোন ব্যক্তি অন্য কোন ব্যক্তিকে অর্থ, সেবা বা অন্য কোন সম্পত্তি সরবরাহ করেন বা সরবরাহ করিতে প্ররোচিত করেন এবং কোন সন্ত্রাসী কার্যের উদ্দেশ্যে উহা ব্যবহারের ইচ্ছা পোষণ করেন, বা ইহা সন্দেহ করিবার যুক্তিসঙ্গত কারণ থাকে যে, উহা সন্ত্রাসী কার্যে ব্যবহার করা হইবে বা হইতে পারে, তাহা হইলে তিনি সন্ত্রাসী কর্মকাণ্ডে অর্থ যোগানের অপরাধ সংঘটন করিবেন।

(২) যদি কোন ব্যক্তি অর্থ, সেবা বা অন্য কোন সম্পত্তি গ্রহণ করেন এবং কোন সন্ত্রাসী কার্যের উদ্দেশ্যে ব্যবহারের ইচ্ছা পোষণ করেন, বা ইহা সন্দেহ করিবার যুক্তিসঙ্গত কারণ থাকে যে, উহা সন্ত্রাসী কার্যে ব্যবহার করা হইবে বা হইতে পারে, তাহা হইলে তিনি সন্ত্রাসী কর্মকাণ্ডে অর্থ যোগানের অপরাধ সংঘটন করিবেন।

(৩) যদি কোন ব্যক্তি অর্থ, সেবা বা অন্য সম্পত্তির ব্যবস্থা করেন এবং কোন সন্ত্রাসী কার্যের উদ্দেশ্যে উহা ব্যবহারের ইচ্ছা পোষণ করেন, বা সন্দেহ করিবার যুক্তিসঙ্গত কারণ থাকে যে, উহা সন্ত্রাসী কার্যে ব্যবহার করা হইবে বা হইতে পারে, তাহা হইলে তিনি সন্ত্রাসী কর্মকাণ্ডে অর্থ যোগানের অপরাধ সংঘটন করিবেন।

(৪) উপ-ধারা (১) হইতে (৩) এ বর্ণিত অপরাধে কোন ব্যক্তি দোষী সাব্যস্ত হইলে, উক্ত ব্যক্তি অনধিক বিশ বৎসর ও অনূন্য তিন বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের কারাদণ্ডে দণ্ডিত হইবেন, এবং ইহার অতিরিক্ত অর্থদণ্ডও আরোপ করা যাইবে।

৮। নিষিদ্ধ সংগঠনের সদস্যপদ।— যদি কোন ব্যক্তি ধারা ১৮ এর অধীন কোন নিষিদ্ধ সংগঠনের সদস্য হন বা সদস্য বলিয়া দাবী করেন, তাহা হইলে তিনি অপরাধ সংঘটন করিবেন এবং উক্তরূপ অপরাধ সংঘটনের জন্য তিনি অনধিক ছয় মাস পর্যন্ত যে কোন মেয়াদের কারাদণ্ড, অথবা অর্থদণ্ড, অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৯। নিষিদ্ধ সংগঠনের সমর্থন।— (১) যদি কোন ব্যক্তি ধারা ১৮ এর অধীন কোন নিষিদ্ধ সংগঠনকে সমর্থন করিবার উদ্দেশ্যে কাহাকেও অনুরোধ বা আহ্বান করেন, অথবা নিষিদ্ধ সংগঠনকে সমর্থন বা উহার কর্মকাণ্ডকে গতিশীল ও উৎসাহিত করিবার উদ্দেশ্যে কোন সভা আয়োজন, পরিচালনা বা পরিচালনায় সহায়তা করেন, অথবা বক্তৃতা প্রদান করেন, তাহা হইলে তিনি অপরাধ সংঘটন করিবেন।

(২) যদি কোন ব্যক্তি কোন নিষিদ্ধ সংগঠনের জন্য সমর্থন চাহিয়া অথবা উহার কর্মকাণ্ডকে সক্রিয় করিবার উদ্দেশ্যে কোন সভায় বক্তৃতা করেন অথবা রেডিও, টেলিভিশন অথবা কোন মুদ্রণ বা ইলেকট্রনিক মাধ্যমে কোন তথ্য সম্প্রচার করেন, তাহা হইলে তিনি অপরাধ সংঘটন করিবেন।

(৩) যদি কোন ব্যক্তি উপ-ধারা (১) অথবা (২) এর অধীন কোন অপরাধে দোষী সাব্যস্ত হন, তাহা হইলে তিনি অনধিক সাত বৎসর ও অনূন্য দুই বৎসর পর্যন্ত যে কোন মেয়াদের কারাদণ্ডে দণ্ডিত হইবেন এবং ইহার অতিরিক্ত অর্থদণ্ডও আরোপ করা যাইবে।

১০। অপরাধ সংঘটনের ষড়যন্ত্রের (criminal conspiracy) শাস্তি।— যদি কোন ব্যক্তি এই অধ্যাদেশের অধীন অপরাধ সংঘটনের ষড়যন্ত্র করেন, তাহা হইলে তিনি উক্ত অপরাধের জন্য নির্ধারিত সর্বোচ্চ শাস্তির দুই তৃতীয়াংশ মেয়াদের যে কোন কারাদণ্ডে, অথবা অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন; এবং যদি উক্ত অপরাধের জন্য নির্ধারিত শাস্তি মৃত্যুদণ্ড হয়, তাহা হইলে অপরাধের শাস্তি যাবজ্জীবন কারাদণ্ড অথবা অনূর্ধ্ব চৌদ্দ বৎসরের কারাদণ্ড হইবে, কিন্তু উহা পাঁচ বৎসরের কম হইবে না।

১১। অপরাধ সংঘটনের প্রচেষ্টার (attempt) শাস্তি।— যদি কোন ব্যক্তি এই অধ্যাদেশের অধীন অপরাধ সংঘটনের চেষ্টা করেন, তাহা হইলে তিনি উক্ত অপরাধের জন্য নির্ধারিত সর্বোচ্চ শাস্তির দুই তৃতীয়াংশ মেয়াদের যে কোন কারাদণ্ডে, অথবা অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন; এবং যদি উক্ত অপরাধের জন্য নির্ধারিত শাস্তি মৃত্যুদণ্ড হয়, তাহা হইলে অপরাধের শাস্তি যাবজ্জীবন কারাদণ্ড অথবা অনূর্ধ্ব চৌদ্দ বৎসরের কারাদণ্ড হইবে, কিন্তু উহা পাঁচ বৎসরের কম হইবে না।

১২। অপরাধে সহায়তার (abetment) শাস্তি।— যদি কোন ব্যক্তি এই অধ্যাদেশের অধীন শাস্তিযোগ্য কোন অপরাধ সংগঠনের সহায়তা করেন, তাহা হইলে তিনি উক্ত অপরাধের জন্য নির্ধারিত দণ্ডে দণ্ডিত হইবেন।

১৩। সন্ত্রাসী কর্মকাণ্ড প্ররোচিত (instigation) করিবার শাস্তি।— যদি কোন ব্যক্তি তাহার স্বেচ্ছাধীন কর্মকাণ্ড অথবা অংশ গ্রহণের মাধ্যমে কোন দলিল প্রস্তুত বা বিতরণ করেন, অথবা কোন মুদ্রণ বা ইলেকট্রনিক মাধ্যমে কোন তথ্য সম্প্রচার করিয়া, অথবা কোন সরঞ্জাম, সহায়তা বা প্রযুক্তি বা প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কোন ব্যক্তি বা সংগঠনকে এইরূপ অবগত থাকিয়া সহায়তা প্রদান করেন যে, উক্ত দলিল, সরঞ্জাম, সহায়তা বা প্রযুক্তি বা প্রশিক্ষণ এই অধ্যাদেশের অধীন কোন অপরাধ সংঘটনের কাজে ব্যবহৃত হইবে বা উক্ত ব্যক্তি বা সংগঠন উহাদের অনুরূপ অপরাধ সংগঠনের প্রচেষ্টায় ব্যবহার করিবে, তাহা হইলে তিনি সন্ত্রাসী কর্মকাণ্ড প্ররোচিত করিয়াছেন বলিয়া গণ্য হইবেন; এবং সংশ্লিষ্ট অপরাধের জন্য নির্ধারিত সর্বোচ্চ শাস্তির দুই তৃতীয়াংশ মেয়াদের কারাদণ্ডে, অথবা অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে তাহাকে দণ্ডিত করা যাইবে; এবং যদি উক্ত অপরাধের জন্য নির্ধারিত শাস্তি মৃত্যুদণ্ড হয়, তাহা হইলে অপরাধের শাস্তি যাবজ্জীবন কারাদণ্ড অথবা অনূর্ধ্ব চৌদ্দ বৎসরের কারাদণ্ড হইবে, কিন্তু উহা পাঁচ বৎসরের কম হইবে না।

১৪। অপরাধীকে আশ্রয়প্রদান।— (১) যদি কোন ব্যক্তি, অন্য কোন ব্যক্তি এই অধ্যাদেশের অধীন অপরাধ সংঘটন করিয়াছেন জানিয়াও বা উক্ত ব্যক্তি অপরাধী ইহা বিশ্বাস করিবার যুক্তিসঙ্গত কারণ থাকা সত্ত্বেও, শাস্তি হইতে রক্ষা করিবার অভিপ্রায়ে উক্ত ব্যক্তিকে আশ্রয়দান করেন বা লুকাইয়া রাখেন তাহা হইলে তিনি—

(ক) উক্ত অপরাধের শাস্তি মৃত্যুদণ্ড হইলে অনধিক পাঁচ বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হইবেন, এবং ইহার অতিরিক্ত অর্থদণ্ডও আরোপ করা যাইবে; অথবা

(খ) উক্ত অপরাধের শাস্তি যাবজ্জীবন কারাদণ্ড বা যে কোন মেয়াদের কারাদণ্ড হইলে, অনধিক তিন বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হইবেন; এবং ইহার অতিরিক্ত অর্থদণ্ডও আরোপ করা যাইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন আশ্রয়দান বা লুকাইয়া রাখিবার অপরাধ স্বামী, স্ত্রী, পুত্র, কন্যা, পিতা বা মাতা কর্তৃক হইলে, এই ধারার বিধান প্রযোজ্য হইবে না।

### তৃতীয় অধ্যায়

#### বাংলাদেশ ব্যাংকের ক্ষমতা

১৫। বাংলাদেশ ব্যাংকের ক্ষমতা।— (১) বাংলাদেশ ব্যাংক এই অধ্যাদেশের অধীন কোন অপরাধ সংঘটনের উদ্দেশ্যে কোন ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে লেনদেন প্রতিরোধ ও সনাক্ত করিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে এবং এতদুদ্দেশ্যে উহার নিম্নবর্ণিত ক্ষমতা ও কর্তৃত্ব থাকিবে—

- (ক) কোন ব্যাংক হইতে সন্দেহজনক লেনদেন সম্পর্কিত প্রতিবেদন তলব এবং অনুরূপ প্রতিবেদন, আইনের অধীনে প্রকাশের অনুমোদন না থাকিলে, গোপন রাখা;
- (খ) সকল পরিসংখ্যান ও রেকর্ড সংকলন ও সংরক্ষণ করা;
- (গ) সকল সন্দেহজনক লেনদেন সম্পর্কিত রিপোর্টের ডাটা-বেজ সৃষ্টি ও রক্ষণাবেক্ষণ করা;
- (ঘ) সন্দেহজনক লেনদেন সম্পর্কিত প্রতিবেদন বিশ্লেষণ করা;
- (ঙ) কোন লেনদেন সন্তাসী কার্যের সহিত সম্পৃক্ত মর্মে সন্দেহ করিবার যুক্তিসঙ্গত কারণ থাকিলে সংশ্লিষ্ট ব্যাংককে উক্ত লেনদেনের হিসাব ত্রিশ দিনের জন্য বন্ধ রাখিবার উদ্দেশ্যে লিখিত আদেশ জারী করা এবং এইরূপে জারীকৃত আদেশ অতিরিক্ত ত্রিশ দিনের জন্য বর্ধিত করা;
- (চ) ব্যাংকের কার্যাবলী পরিবীক্ষণ ও তদারক করা;
- (ছ) সন্তাসী কার্যে অর্থ যোগান প্রতিহত করিবার উদ্দেশ্যে প্রতিরোধমূলক পদক্ষেপ গ্রহণে ব্যাংকসমূহের নিকট নির্দেশনা জারী করা;
- (জ) সন্তাসী কার্যের সহিত জড়িত সন্দেহজনক লেনদেন সনাক্তের উদ্দেশ্যে ব্যাংকসমূহ পরিদর্শন করা; এবং
- (ঝ) সন্তাসী কার্যে অর্থযোগানের সহিত জড়িত সন্দেহজনক লেনদেন সনাক্ত ও প্রতিরোধের উদ্দেশ্যে ব্যাংকের কর্মকর্তা ও কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান করা।

(২) বাংলাদেশ ব্যাংক, সন্তাসী কার্যে অর্থযোগানের সহিত জড়িত সন্দেহজনক কোন লেনদেনের বিষয় কোন ব্যাংক বা ইহার গ্রাহককে সনাক্ত করিবার সঙ্গে সঙ্গে, উহা যথাযথ আইন প্রয়োগকারী সংস্থাকে অবহিত করিবে এবং অনুসন্ধান ও তদন্ত কার্যে উক্ত আইন প্রয়োগকারী সংস্থাকে প্রয়োজনীয় সকল প্রকার সহযোগিতা প্রদান করিবে।

(৩) সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তার সম্মতি কিংবা বাংলাদেশ ব্যাংকের অনুমোদন ব্যতিরেকে কোন ব্যাংকের কোন দলিল বা নথিতে কোন আইন প্রয়োগকারী সংস্থার প্রবেশাধিকার থাকিবে না।

**১৬। ব্যাংকের দায়িত্ব।**— (১) কোন ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে এই অধ্যাদেশের অধীন কোন অপরাধের সহিত জড়িত অর্থ লেনদেন প্রতিরোধ ও সনাক্ত করিবার লক্ষ্যে প্রত্যেক ব্যাংক যথাযথ সতর্কতা ও দায়িত্বশীলতার সহিত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

(২) প্রত্যেক ব্যাংকের পরিচালনা পরিষদ (Board of Directors) উহার কর্মকর্তাদের দায়িত্ব সম্পর্কিত নির্দেশনা অনুমোদন ও জারী করিবে, এবং ধারা ১৫ এর অধীন বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত নির্দেশনা, যাহা ব্যাংকসমূহের জন্য প্রযোজ্য, প্রতিপালন করা হইতেছে কিনা উহা নিশ্চিত করিবে।

(৩) কোন ব্যাংক ধারা ১৫ এর অধীন বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত নির্দেশনা পালন করিতে ব্যর্থ হইলে, উক্ত ব্যাংক বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত ও নির্দেশিত অনধিক দশ লক্ষ টাকা জরিমানা পরিশোধ করিতে বাধ্য থাকিবে।

## চতুর্থ অধ্যায়

### সন্তাসী সংগঠন

**১৭। সন্তাসী কার্যের সহিত জড়িত সংগঠন।**— এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে, কোন সংগঠন সন্তাসী কার্যের সহিত জড়িত বলিয়া গণ্য হইবে, যদি উহা—

- (ক) সন্তাসী কার্য সংঘটিত করে বা উক্ত কার্যে অংশ গ্রহণ করে;
- (খ) সন্তাসী কার্যের জন্য প্রস্তুতি গ্রহণ করে;
- (গ) সন্তাসী কার্য সংঘটনে সাহায্য করে বা উৎসাহ প্রদান করে;
- (ঘ) সন্তাসী কার্যের সহিত জড়িত কোন সংগঠনকে সমর্থন এবং সহায়তা প্রদান করে; অথবা
- (ঙ) অন্য কোনভাবে সন্তাসী কার্যের সহিত জড়িত থাকে।

**১৮। সংগঠন নিষিদ্ধকরণ।**— (১) এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার কোন সংগঠনকে সন্তাসী কার্যের সহিত জড়িত রহিয়াছে মর্মে যুক্তিসঙ্গত কারণের ভিত্তিতে, আদেশ দ্বারা, তফসিলে তালিকাভুক্ত করিয়া, নিষিদ্ধ করিতে পারিবে।

(২) সরকার, আদেশ দ্বারা, যে কোন সংগঠনকে তফসিলে সংযোজন বা তফসিল হইতে বাদ দিতে অথবা অন্য কোনভাবে তফসিল সংশোধন করিতে পারিবে।

**১৯। পুনঃপরীক্ষা (Review)।**— (১) ধারা ১৮ এর অধীন সরকার কর্তৃক প্রদত্ত আদেশ দ্বারা সংক্ষুব্ধ সংগঠন, আদেশ প্রদানের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে, উহার বিরুদ্ধে লিখিতভাবে, যুক্তি উপস্থাপনপূর্বক, সরকারের নিকট পুনঃনিরীক্ষার জন্য আবেদন করিতে পারিবে এবং সরকার, আবেদনকারীর শুনানী গ্রহণপূর্বক, আবেদন প্রাপ্তির তারিখ হইতে নব্বই দিবসের মধ্যে উহা নিষ্পন্ন করিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন পুনঃনিরীক্ষার আবেদন নামঞ্জুর করা হইলে, উক্ত সংক্ষুব্ধ সংগঠন আবেদন নামঞ্জুর হইবার তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে হাইকোর্ট বিভাগে আপীল দায়ের করিতে পারিবে।

(৩) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উপ-ধারা (১) এর অধীন দায়েরকৃত পুনঃনিরীক্ষার দরখাস্তসমূহ নিষ্পত্তির জন্য একটি তিন সদস্য বিশিষ্ট পুনঃনিরীক্ষা কমিটি (Review Committee) গঠন করিবে।

**২০। নিষিদ্ধ সংগঠনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ।**— (১) কোন সংগঠনকে নিষিদ্ধ করা হইলে সরকার, এই অধ্যাদেশে বর্ণিত অন্যান্য ব্যবস্থা গ্রহণ ছাড়াও, নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করিবে, যথাঃ—

- (ক) উহার কার্যালয়, যদি থাকে, বন্ধ করিয়া দিবে;
- (খ) উহার ব্যাংক হিসাব, যদি থাকে, অবরুদ্ধ (freeze) করিবে এবং অন্যান্য হিসাব আটক করিবে;

- (গ) সকল প্রকারের প্রচারপত্র, পোস্টার, ব্যানার, অথবা মুদ্রিত, ইলেকট্রনিক, ডিজিটাল বা অন্যান্য উপকরণ বাজেয়াপ্ত করিবে; এবং
- (ঘ) নিষিদ্ধ সংগঠন বা উহার পক্ষে বা সমর্থনে যে কোন প্রেস বিবৃতির প্রকাশনা, মুদ্রণ বা প্রচারণা, সংবাদ সম্মেলন বা জনসম্মুখে বক্তৃতা প্রদান নিষিদ্ধ করিবে।

(২) নিষিদ্ধ সংগঠন উহার আয় ও ব্যয়ের হিসাব পেশ করিবে এবং এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক মনোনীত উপযুক্ত কর্তৃপক্ষের নিকট আয়ের সকল উৎস প্রকাশ করিবে।

(৩) যদি দেখা যায় যে নিষিদ্ধ সংগঠনের তহবিল এবং পরিসম্পদ (asset) অবৈধভাবে অর্জিত হইয়াছে অথবা এই অধ্যাদেশের অধীন কোন অপরাধ সংঘটনে ব্যবহৃত হইয়াছে, তাহা হইলে উক্ত তহবিল এবং পরিসম্পদ রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত হইবে।

## পঞ্চম অধ্যায়

### অপরাধের তদন্ত

**২১। পুলিশ কর্তৃক সাক্ষীকে পরীক্ষা সম্পর্কিত বিশেষ বিধান।**— (১) যদি কোন পুলিশ কর্মকর্তা এই অধ্যাদেশের অধীনে কোন মামলার তদন্তকালে ঘটনা এবং পরিস্থিতি সম্পর্কে অবহিত এইরূপ কোন ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করিবার প্রয়োজন মনে করেন এবং, যদি উক্ত ব্যক্তি ঘটনার বিবরণ লিখিতভাবে প্রদান করিতে যথেষ্ট সক্ষম মর্মে পুলিশ কর্মকর্তার জানা থাকে বা বিশ্বাস করিবার কারণ থাকে, তাহা হইলে উক্ত পুলিশ কর্মকর্তা, উক্ত ব্যক্তির সম্মতিতে, ঘটনার বিবরণ উক্ত ব্যক্তির নিকট হইতে লিখিতভাবে গ্রহণ করিতে পারিবেন।

(২) উক্ত ব্যক্তি তাহার বক্তব্য বা ঘটনার বিবরণ স্বহস্তে কলম দ্বারা লিপিবদ্ধ ও স্বাক্ষর করিবেন।

**২২। ম্যাজিস্ট্রেট কর্তৃক সাক্ষীর বিবৃতি রেকর্ড সম্পর্কিত বিশেষ বিধান।**— যে কোন মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট, অথবা এতদুদ্দেশ্যে বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত দ্বিতীয় শ্রেণীর ম্যাজিস্ট্রেট যদি অবগত থাকেন বা তাহার বিশ্বাস করিবার যুক্তি সংগত কারণ থাকে যে, মামলার ঘটনা ও পরিস্থিতি সম্পর্কে অবহিত কোন ব্যক্তি তাহার বিবৃতি লিখিতভাবে প্রদান করিতে যথেষ্ট সমর্থ, তাহা হইলে তিনি উক্ত ব্যক্তিকে তাহার বিবৃতি কলম দ্বারা স্বহস্তে লিখিতভাবে প্রদান করিতে নির্দেশ প্রদান করিতে পারিবেন।

**২৩। অভিযুক্ত ব্যক্তির স্বীকারোক্তি রেকর্ড সম্পর্কিত বিশেষ বিধান।**— যে কোন মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট, অথবা এতদুদ্দেশ্যে বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত দ্বিতীয় শ্রেণীর ম্যাজিস্ট্রেট অভিযুক্ত ব্যক্তি কর্তৃক স্বীকারোক্তিমূলক কোন বক্তব্য রেকর্ডকালে, যদি উক্ত ব্যক্তি ঘটনা সম্পর্কে লিখিতভাবে বিবৃতি প্রদান করিতে সক্ষম ও আগ্রহী হন, তাহা হইলে উক্ত ব্যক্তিকে তাহার স্বীকারোক্তিমূলক বক্তব্য স্বহস্তে কলম দ্বারা লিপিবদ্ধ করিতে অনুমতি প্রদান করিবেন।

**২৪। তদন্তের সময়সীমা।**— (১) কোন পুলিশ কর্মকর্তা এই অধ্যাদেশের অধীন কোন মামলার তদন্ত কার্যবিধির ধারা ১৫৪ এর অধীন তথ্য প্রাপ্তি অথবা লিপিবদ্ধ করিবার তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে সম্পন্ন করিবেন।

(২) যদি কোন পুলিশ কর্মকর্তা উপ-ধারা (১) এ উল্লিখিত সময়ের মধ্যে তদন্ত সম্পন্ন করিতে না পারেন, তাহা হইলে, মামলার ডায়রীতে লিখিতভাবে কারণ লিপিবদ্ধ করিয়া অনধিক পনের দিন সময় বৃদ্ধি করিতে পারিবেন।

(৩) যদি উক্ত পুলিশ কর্মকর্তা উপ-ধারা (২) এ উল্লিখিত সময়ের মধ্যে তদন্ত সম্পন্ন করিতে না পারেন, তাহা হইলে উক্ত তদন্তকারী কর্মকর্তা সংশ্লিষ্ট জেলার পুলিশ সুপারিনটেনডেন্টের অথবা, ক্ষেত্রমত, মেট্রোপলিটন এলাকায় সংশ্লিষ্ট ডেপুটি পুলিশ কমিশনারের লিখিত অনুমোদনক্রমে, অতিরিক্ত অনধিক ত্রিশ দিন সময় বৃদ্ধি করিতে পারিবে।

(৪) যদি উক্ত পুলিশ কর্মকর্তা উপ-ধারা (৩) এ উল্লিখিত অতিরিক্ত বর্ধিত সময়ের মধ্যে তদন্ত সম্পন্ন করিতে না পারেন, তাহা হইলে তিনি অবিলম্বে কারণ উল্লেখপূর্বক সংশ্লিষ্ট জেলার পুলিশ সুপারিনটেনডেন্টকে অথবা, ক্ষেত্রমত, মেট্রোপলিটন এলাকায় সংশ্লিষ্ট ডেপুটি পুলিশ কমিশনারকে কারণ উল্লেখপূর্বক ঘটনা সম্পর্কে অবহিত করিবেন, এবং উল্লিখিত কারণ সন্তোষজনক না হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

**২৫। কতিপয় মামলার তদন্তের ক্ষেত্রে সময়সীমা বৃদ্ধি।**— (১) ধারা ২৫ এর উপ-ধারা (৩) এ নির্ধারিত অতিরিক্ত সময়সীমার মধ্যে এজাহার (FIR) এ উল্লিখিত অপরাধীর পরিচয় অনুদঘাটিত থাকায় এবং উক্ত অপরাধীকে সনাক্তকরণের অসমর্থতার কারণে কোন পুলিশ কর্মকর্তা তদন্তকার্য সম্পন্ন করিতে ব্যর্থ হইলে, ধারা ২৫ এ উল্লিখিত অতিরিক্ত বর্ধিত সময়সীমার পরবর্তীতে যে কোন সময় কোন পুলিশ রিপোর্ট অথবা নতুনভাবে পুলিশ রিপোর্ট অথবা অতিরিক্ত পুলিশ রিপোর্ট প্রদানের ক্ষেত্রে উহা বাধা বলিয়া গণ্য হইবে না।

(২) যদি কোন পুলিশ কর্মকর্তা অপরাধ সংশ্লিষ্ট সাক্ষ্য বা কোন রিপোর্ট সরবরাহ করিবার জন্য ধারা ২৫ এর উপ-ধারা (৩) এর অধীন অতিরিক্ত বর্ধিত সময় সীমার মধ্যে মেডিকেল, ফরেনসিক, আঙ্গুলের ছাপ, রাসায়নিক বা অন্য কোন বিশেষজ্ঞ সাক্ষীর, যাহার উপর তাহার নিয়ন্ত্রণ নাই এবং যাহা ব্যতীত মামলা সম্পর্কে কোন কার্যকর রিপোর্ট তৈরি করা সম্ভব হয় না, অসমর্থতার কারণে তদন্তকার্য সম্পন্ন করিতে ব্যর্থ হন, তাহা হইলে উক্ত উল্লিখিত অতিরিক্ত বর্ধিত সময়সীমার পরবর্তী যে কোন সময় পুলিশ রিপোর্ট পেশ করিতে উহা বাধা বলিয়া গণ্য হইবে না।

**২৬। পুনঃসমর্পণ (Remand)।**— (১) যেক্ষেত্রে কোন ব্যক্তিকে গ্রেপ্তার করা হয় এবং তদন্তের জন্য আটক রাখা হয়, সেইক্ষেত্রে তদন্ত কর্মকর্তা অভিযুক্ত ব্যক্তিকে পুলিশের হেফাজতে পুনঃসমর্পণের জন্য উপযুক্ত ম্যাজিস্ট্রেটের নিকট আবেদন করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন আবেদন বিবেচনাক্রমে ম্যাজিস্ট্রেট অভিযুক্তকে পুলিশের হেফাজতে পুনঃসমর্পণ করিতে পারিবেন, এবং এইরূপ পুনঃসমর্পণের মেয়াদ একাদিক্রমে বা সর্বমোট দশ দিনের অধিক হইবে না :

তবে শর্ত থাকে যে, যদি তদন্তকারী কর্মকর্তা ম্যাজিস্ট্রেটের নিকট ইহা সন্তোষজনকভাবে প্রমাণ করিতে সমর্থ হন যে, অভিযুক্ত ব্যক্তিকে অধিকতর মেয়াদের জন্য পুনঃসমর্পণ করা হইলে অতিরিক্ত সাক্ষ্য পাওয়া যাইতে পারে, তাহা হইলে ম্যাজিস্ট্রেট অনধিক পাঁচ দিন পর্যন্ত পুনঃসমর্পণের মেয়াদ বৃদ্ধি করিতে পারিবেন।

## ষষ্ঠ অধ্যায়

### দায়রা জজ কর্তৃক বিচার

২৭। দায়রা জজ বা অতিরিক্ত দায়রা জজ কর্তৃক অপরাধের বিচার সম্পর্কিত বিধান।-- (১) ফৌজদারী কার্যবিধি অথবা আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এতদুদ্দেশ্যে বিশেষ ট্রাইব্যুনাল গঠিত না হওয়া পর্যন্ত এই অধ্যাদেশের অধীন অপরাধসমূহ দায়রা জজ কর্তৃক বা, দায়রা জজ কর্তৃক অতিরিক্ত দায়রা জজের নিকট স্থানান্তরিত হইবার ক্ষেত্রে, অতিরিক্ত দায়রা জজ কর্তৃক, বিচার্য হইবে।

(২) দায়রা জজ বা অতিরিক্ত দায়রা জজ এই অধ্যাদেশের অধীন অপরাধ বিচারের সময় দায়রা আদালতে বিচারের ক্ষেত্রে প্রযোজ্য ফৌজদারী কার্যবিধির অধ্যায় ২৩ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিবেন।

(৩) এই অধ্যায়ের উদ্দেশ্য পূরণকল্পে, এই অধ্যাদেশের অধীন অপরাধসমূহ দায়রা আদালত কর্তৃক বিচার্য বলিয়া গণ্য হইবে, এবং যে দায়রা ডিভিশনের অধিক্ষেত্রে উক্ত অপরাধ বা উহার অংশবিশেষ সংঘটিত হইয়াছে, উক্ত অধিক্ষেত্রের দায়রা জজের নিকট অপরাধের কার্যধারা রুজু করা যাইবে।

## সপ্তম অধ্যায়

### বিশেষ ট্রাইব্যুনাল কর্তৃক বিচার

২৮। সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল গঠন।-- (১) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই অধ্যাদেশের অধীন সংঘটিত অপরাধের দ্রুত ও কার্যকর বিচারের উদ্দেশ্যে, এক বা একাধিক সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল গঠন করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন গঠিত বিশেষ ট্রাইব্যুনাল, সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক নিযুক্ত একজন দায়রা জজ অথবা একজন অতিরিক্ত দায়রা জজের সমন্বয়ে গঠিত হইবে; এবং অনুরূপভাবে নিযুক্ত একজন বিচারক “বিচারক, সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল” নামে অভিহিত হইবেন।

(৩) এই ধারার অধীন গঠিত কোন বিশেষ ট্রাইব্যুনালকে সমগ্র বাংলাদেশের স্থানীয় অধিক্ষেত্র অথবা এক বা একাধিক দায়রা ডিভিশনের অধিক্ষেত্র প্রদান করা যাইতে পারে; এবং উক্ত ট্রাইব্যুনাল কেবল এই অধ্যাদেশের অধীন অপরাধের মামলার বিচার করিবে, যাহা উক্ত ট্রাইব্যুনালে দায়ের বা স্থানান্তরিত হইবে।

(৪) সরকার কর্তৃক কোন বিশেষ ট্রাইব্যুনালকে সমগ্র বাংলাদেশের অথবা এক বা একাধিক দায়রা ডিভিশনের সমন্বয়ে গঠিত উহার অংশ বিশেষের, স্থানীয় অধিক্ষেত্র ন্যস্ত করিবার কারণে একজন দায়রা জজ বা অতিরিক্ত দায়রা জজ কর্তৃক এই অধ্যাদেশের অধীন অপরাধের বিচারের এখতিয়ার ক্ষুণ্ণ হইবে না, এবং সরকার কর্তৃক, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, অনুরূপ কোন আদেশ প্রদান না করা হইলে দায়রা আদালতে নিষ্পত্তাধীন এই অধ্যাদেশের অধীন অপরাধের কোন মামলা বিশেষ স্থানীয় অধিক্ষেত্র সম্পন্ন বিশেষ ট্রাইব্যুনালে বদলী হইবে না।

(৫) কোন বিশেষ ট্রাইব্যুনাল, ভিন্নরূপ সিদ্ধান্ত গ্রহণ না করিলে, যে সাক্ষীর সাক্ষ্য গ্রহণ করা হইয়াছে উক্ত সাক্ষীর সাক্ষ্য পুনঃগ্রহণ, বা পুনঃশুনানী গ্রহণ করিতে, অথবা উপ-ধারা (৪) এর অধীন গৃহীত কার্যধারা পুনরায় আরম্ভ করিতে বাধা থাকিবে না, তবে ইতোমধ্যে যে সাক্ষ্য গ্রহণ বা উপস্থাপন করা হইয়াছে উক্ত সাক্ষ্যের ভিত্তিতে কার্য করিতে এবং মামলা যে পর্যায়ে ছিল সেই পর্যায়ে হইতে বিচারকার্য অব্যাহত রাখিতে পারিবে।

(৬) সরকার, আদেশ দ্বারা, যে স্থান বা সময় নির্ধারণ করিবে সেই স্থান বা সময়ে বিশেষ ট্রাইব্যুনাল আসন গ্রহণ করিতে পারিবে এবং উহার কার্যক্রম পরিচালনা করিতে পারিবে।

২৯। বিশেষ ট্রাইব্যুনালের পদ্ধতি।--(১) সাব-ইন্সপেক্টর পদমর্যাদার নিম্নে নহেন এরূপ কোন পুলিশ কর্মকর্তার লিখিত রিপোর্ট ব্যতীত বিশেষ ট্রাইব্যুনাল কোন অপরাধ বিচারার্থ গ্রহণ করিবে না।

(২) বিশেষ ট্রাইব্যুনাল এই অধ্যাদেশের অধীন অপরাধের বিচারকালে দায়রা আদালতে বিচারের জন্য, ফৌজদারী কার্যবিধির অধ্যায় ২৩ এ বর্ণিত পদ্ধতি, এই অধ্যাদেশের বিশেষ বিধানাবলীর সহিত অসংগতিপূর্ণ না হওয়া সাপেক্ষে, অনুসরণ করিবে।

(৩) কোন বিশেষ ট্রাইব্যুনাল, ন্যায় বিচারের স্বার্থে প্রয়োজনীয় না হইলে, এবং কারণ লিখিতভাবে লিপিবদ্ধ না করিয়া, কোন মামলার বিচারকার্য স্থগিত করিতে পারিবেন না।

(৪) যেক্ষেত্রে বিশেষ ট্রাইব্যুনালের বিশ্বাস করিবার কারণ থাকে যে, অভিযুক্ত ব্যক্তি পলাতক রহিয়াছেন বা আত্মগোপন করিয়াছেন যে কারণে তাহাকে গ্রেপ্তার করিয়া বিচারের জন্য উপস্থিত করা সম্ভব নহে এবং তাহাকে অবিলম্বে গ্রেপ্তারের অবকাশ নাই, সেক্ষেত্রে উক্ত ট্রাইব্যুনাল, আদেশ দ্বারা, বহুল প্রচারিত অন্যান্য দুইটি বাংলা দৈনিক সংবাদপত্রে, অনুরূপ ব্যক্তিকে আদেশে উল্লিখিত সময়ের মধ্যে হাজির হইবার নির্দেশ প্রদান করিতে পারিবে, এবং উক্ত ব্যক্তি অনুরূপ নির্দেশ পালন করিতে ব্যর্থ হইলে তাহার অনুপস্থিতিতেই বিচার করা হইবে।

(৫) বিশেষ ট্রাইব্যুনালের সামনে অভিযুক্ত ব্যক্তি উপস্থিত হইবার বা জামিনে মুক্তি পাইবার পর পলাতক হইলে অথবা উহার সম্মুখে উপস্থিত হইতে ব্যর্থ হইলে, উপ-ধারা (৪) এ উল্লিখিত পদ্ধতি প্রযোজ্য হইবে না, এবং উক্ত ট্রাইব্যুনাল উহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিয়া অনুরূপ ব্যক্তির অনুপস্থিতিতেই বিচার করিবে।

(৬) কোন বিশেষ ট্রাইব্যুনাল, উহার নিকট পেশকৃত আবেদনের ভিত্তিতে, বা উহার নিজ উদ্যোগে, কোন পুলিশ কর্মকর্তাকে এই অধ্যাদেশের অধীন সংঘটিত অপরাধ সংশ্লিষ্ট যে কোন মামলা পুনঃতদন্তের, এবং তদকর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে রিপোর্ট প্রদানের নির্দেশ প্রদান করিতে পারিবে।

৩০। বিশেষ ট্রাইব্যুনালের কার্যক্রমে কার্যবিধির প্রয়োগ।-- (১) ফৌজদারী কার্যবিধির বিধানাবলী, যতদূর সম্ভব, এই অধ্যাদেশের বিধানাবলীর সহিত অসংগতিপূর্ণ না হওয়া সাপেক্ষে, বিশেষ ট্রাইব্যুনালের কার্যক্রমে প্রযোজ্য হইবে, এবং আদি এখতিয়ার প্রয়োগকারী দায়রা আদালতের সকল ক্ষমতা উক্ত বিশেষ ট্রাইব্যুনালের থাকিবে।



(২) বিশেষ ট্রাইব্যুনালে সরকার পক্ষে মামলা পরিচালনাকারী ব্যক্তি পাবলিক প্রসিকিউটর বলিয়া গণ্য হইবেন।

**৩১। আপীল এবং মৃত্যুদণ্ড অনুমোদন।**— (১) বিশেষ ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত কোন আদেশ, রায় অথবা দণ্ড প্রদানের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে উহার বিরুদ্ধে হাইকোর্ট বিভাগে আপীল দায়ের করা যাইবে।

(২) এই অধ্যাদেশের অধীন কোন বিশেষ ট্রাইব্যুনাল মৃত্যুদণ্ড প্রদান করিলে, অবিলম্বে কার্যধারাটি হাইকোর্ট বিভাগে অনুমোদনের জন্য প্রেরণ করিতে হইবে এবং উক্ত বিভাগ কর্তৃক অনুমোদিত না হওয়া পর্যন্ত মৃত্যুদণ্ড কার্যকর করা যাইবে না।

**৩২। জামিন সংক্রান্ত বিধান।**— এই অধ্যাদেশের অধীন শাস্তিযোগ্য কোন অপরাধে অভিযুক্ত ব্যক্তিকে ম্যাজিস্ট্রেট বা বিচারক জামিনে মুক্তি প্রদান করিবেন না, যদি না --

(ক) রাষ্ট্রপক্ষকে অনুরূপ জামিনের আদেশের উপর শুনানীর সুযোগ প্রদান করা হয়; এবং

(খ) বিচারক সন্তুষ্ট হন যে অভিযুক্ত ব্যক্তি বিচারে দোষী সাব্যস্ত নাও হইতে পারেন মর্মে বিশ্বাস করিবার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে এবং তিনি অনুরূপ সন্তুষ্টির কারণসমূহ লিখিতভাবে লিপিবদ্ধ করেন।

**৩৩। বিশেষ ট্রাইব্যুনাল কর্তৃক মামলা নিষ্পত্তির নির্ধারিত সময়সীমা।**— (১) বিশেষ ট্রাইব্যুনালের বিচারক মামলার অভিযোগপত্র গঠনের তারিখ হইতে ছয় মাসের মধ্যে মামলার বিচার কার্য সমাপ্ত করিবেন।

(২) বিচারক উপ-ধারা (১) এর অধীন নির্ধারিত সময়ের মধ্যে কোন মামলা সমাপ্ত করিতে ব্যর্থ হইলে, তিনি উহার কারণ লিখিতভাবে লিপিবদ্ধ করিয়া অনধিক তিন মাস সময়সীমা বৃদ্ধি করিতে পারিবেন।

(৩) বিচারক উপ-ধারা (২) এ নির্ধারিত বর্ধিত সময়ের মধ্যে বিচার কার্য সমাপ্ত করিতে ব্যর্থ হইলে, তিনি, অনুরূপ ব্যর্থতার কারণ লিখিতভাবে উল্লেখ করিয়া হাইকোর্ট বিভাগ এবং সরকারকে অবহিত করিয়া, পুনরায় অনধিক তিন মাস সময়সীমা বৃদ্ধি করিতে পারিবেন।

## অষ্টম অধ্যায়

### সম্পত্তি ক্রয় হইতে উদ্ভূত সম্পদ

**৩৪। সম্পত্তি ক্রয়-লব্ধ সম্পদের দখল।**— (১) কোন ব্যক্তি সম্পত্তি ক্রয় হইতে উদ্ভূত কোন সম্পদ ভোগ বা দখল করিতে পারিবেন না।

(২) সম্পত্তি বা অন্য কোন ব্যক্তি এবং এই অধ্যাদেশের অধীন অভিযুক্ত বা দণ্ডপ্রাপ্ত হউক বা না হউক, এইরূপ অন্য কোন ব্যক্তির দখলে থাকা সম্পত্তি ক্রয়-লব্ধ সম্পদ, সরকারের অনুকূলে বাজেয়াপ্তযোগ্য হইবে।

**ব্যাখ্যা।**— সম্পত্তি ক্রয়-লব্ধ সম্পদ অর্থ এই অধ্যাদেশের অধীন অপরাধ সংঘটনের মাধ্যমে অর্জিত বা লব্ধ কোন অর্থ, সম্পত্তি বা সম্পদ।

**৩৫। সম্পত্তি ক্রয়-লব্ধ সম্পদ বাজেয়াপ্ত।**— যেক্ষেত্রে বিচারক এই মর্মে সন্তুষ্ট হন যে, কোন সম্পত্তি সম্পত্তি ক্রয় হইতে উদ্ভূত হইবার কারণে জন্ম বা ক্রোক করা হয়, সেইক্ষেত্রে, তিনি যে ব্যক্তির দখল হইতে উক্ত সম্পত্তি জন্ম বা ক্রোক করা হইয়াছিল, সেই ব্যক্তি এই অধ্যাদেশের অধীন অভিযুক্ত হউক বা না হউক, উহা বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান করিতে পারিবেন।

**৩৬। সম্পত্তি ক্রয়-লব্ধ সম্পদ বাজেয়াপ্তকরণের পূর্বে কারণ দর্শাইবার নোটিশ জারী।**— (১) সম্পত্তি ক্রয়-লব্ধ সম্পদ বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদানের পূর্বে, যে ব্যক্তির নিয়ন্ত্রণ অথবা দখলে উক্ত সম্পদ থাকে, উক্ত ব্যক্তিকে লিখিত নোটিশ প্রদানপূর্বক বাজেয়াপ্ত করিবার কারণ অবহিত না করিয়া এবং নোটিশে প্রদত্ত সময়সীমার মধ্যে লিখিত জবাব প্রদানের সুযোগ এবং শুনানীর যুক্তিসঙ্গত সময় প্রদান ব্যতিরেকে কোন সম্পত্তি ক্রয়-লব্ধ সম্পদ বাজেয়াপ্ত করিবার আদেশ প্রদান করা যাইবে না।

(২) উপ-ধারা (১) এর অধীন কোন বাজেয়াপ্তির আদেশ প্রদান করা যাইবে না, যদি অনুরূপ ব্যক্তি প্রমাণ করিতে সক্ষম হন যে, উক্ত সম্পদ সম্পত্তি ক্রয়-লব্ধ সম্পদ ছিল তাহা তিনি অবগত ছিলেন না এবং উপযুক্ত মূল্যের বিনিময়ে তিনি তাহা খরিদ করিয়াছেন।

**৩৭। আপীল।**— (১) ধারা ৩৫ এর অধীন প্রদত্ত বাজেয়াপ্তকরণ আদেশ দ্বারা সংক্ষুব্ধ কোন ব্যক্তি উক্ত আদেশ প্রাপ্তির তারিখ হইতে এক মাসের মধ্যে হাইকোর্ট বিভাগে আপীল করিতে পারিবেন।

(২) হাইকোর্ট বিভাগ কর্তৃক ধারা ৩৫ এর অধীন প্রদত্ত কোন আদেশ সংশোধিত বা বাতিল করা হইলে অথবা এই অধ্যাদেশের কোন বিধান লঙ্ঘনপূর্বক কোন মামলা দায়ের করা হইলে, যে ব্যক্তির বিরুদ্ধে ধারা ৩৫ এর অধীন বাজেয়াপ্তির আদেশ প্রদান করা হইয়াছে, উক্ত ব্যক্তি খালাসপ্রাপ্ত হইলে উক্ত বাজেয়াপ্তকৃত সম্পত্তি ফেরত প্রদান করা হইবে এবং যদি উক্ত ব্যক্তির নিকট বাজেয়াপ্তকৃত সম্পত্তি ফেরত প্রদান সম্ভব না হয়, তাহা হইলে উক্ত ব্যক্তিকে উক্ত সম্পত্তি সরকারের নিকট বিক্রয় হইয়াছেন গণ্যে, সম্পত্তি জব্দের দিন হইতে যুক্তিসঙ্গত সুদ গণনাপূর্বক এবং যুক্তিসঙ্গতভাবে মূল্য নির্ধারণপূর্বক উহার মূল্য পরিশোধ করিতে হইবে।

## নবম অধ্যায়

### পারস্পরিক আইনগত সহায়তা

**৩৮। পারস্পরিক আইনগত সহায়তা।**— (১) যখন কোন সম্পত্তিকার্য এইরূপে সংঘটিত হয় বা উহার সংঘটনে এইরূপে সহায়তা, চেষ্টা, ষড়যন্ত্র বা অর্থায়ন করা হয় যাহাতে কোন বিদেশী রাষ্ট্রের ভূখন্ড সংশ্লিষ্ট থাকে, অথবা কোন সম্পত্তিকার্য বা উহার সংঘটনে সহায়তা, চেষ্টা, ষড়যন্ত্র বা অর্থায়ন কোন বিদেশী সার্বভৌম রাষ্ট্রের ভূখন্ড হইতে বাংলাদেশের অভ্যন্তরে অথবা বাংলাদেশের অভ্যন্তর হইতে অন্য কোন সার্বভৌম রাষ্ট্রের ভূখন্ডে সংঘটিত হইয়া থাকে, তাহা হইলে উক্ত বিদেশী রাষ্ট্র অনুরোধ করিলে বাংলাদেশ সরকার, সন্তুষ্ট হইলে, এই ধারার পরবর্তী বিধানাবলী সাপেক্ষে, ফৌজদারী তদন্ত, বিচারকার্য বা বহিঃসম্পর্ক সম্পর্কিত সকল প্রয়োজনীয় বিষয়ে উক্ত বিদেশী রাষ্ট্রকে আইনগত সহায়তা প্রদান করিবে।

(২) অনুরোধকারী রাষ্ট্র এবং অনুরোধপ্রাপ্ত রাষ্ট্রের মধ্যে পারস্পরিক মত বিনিময়ের মাধ্যমে সম্পাদিত আনুষ্ঠানিক চুক্তি কিংবা পত্র বিনিময়ের ভিত্তিতে আইনগত সহযোগিতার শর্তাদি নির্ধারণ করা হইবে।

(৩) এই অধ্যাদেশের অধীন কোন অপরাধের অভিযোগে বিচারের জন্য বাংলাদেশের কোন নাগরিককে এই ধারার অধীনে কোন বিদেশী রাষ্ট্রের নিকট সমর্পন করা যাইবে না।

(৪) এই ধারার অধীন পারস্পরিক আইনগত সহায়তার উদ্দেশ্যে বাংলাদেশের কোন নাগরিককে, তাহার সম্মতি সাপেক্ষে, সংশ্লিষ্ট ফৌজদারী মামলা বা তদন্ত কার্যে সাক্ষী হিসেবে সহায়তা প্রদান করিবার জন্য কোন বিদেশী রাষ্ট্রের নিকট সমর্পন করা যাইবে।

(৫) যদি সরকারের নিকট বিশ্বাস করিবার মত যথেষ্ট কারণ থাকে যে, কোন ব্যক্তিকে কোন মামলায় শুধুমাত্র তাহার গোত্র, ধর্ম, জাতীয়তা বা রাজনৈতিক মতাদর্শের কারণে বিচার করিবার বা শাস্তি প্রদানের লক্ষ্যে এই ধারার অধীন আইনগত সহায়তার জন্য অনুরোধ করা হইয়াছে, তাহা হইলে অনুরোধপ্রাপ্ত রাষ্ট্র হিসেবে বাংলাদেশ অনুরূপ কোন নির্দিষ্ট মামলার ক্ষেত্রে বহিঃ সমর্পন বা পারস্পরিক আইনগত সহায়তার অনুরোধ প্রত্যাখান করিতে পারিবে।

দশম অধ্যায়

সাধারণ বিধানাবলী

৩৯। অপরাধের আমলযোগ্যতা ও জামিন অযোগ্যতা। -- (১) এই অধ্যাদেশের অধীন সকল অপরাধ আমলযোগ্য (cognizable) হইবে।

(২) এই অধ্যাদেশের অধীন সকল অপরাধ জামিন অযোগ্য (Non-bailable) হইবে।

৪০। তদন্ত ও বিচার বিষয়ে পূর্বানুমোদনের অপরিহার্যতা।-- (১) জেলা ম্যাজিস্ট্রেটের পূর্বানুমোদন ব্যতিরেকে কোন পুলিশ কর্মকর্তা এই অধ্যাদেশের অধীন কোন অপরাধের তদন্ত করিতে পারিবেন না।

(২) সরকারের পূর্বানুমোদন (sanction) ব্যতিরেকে কোন আদালত এই অধ্যাদেশের অধীন কোন অপরাধ বিচারার্থ আমলে গ্রহণ (cognizance) করিবে না।

৪১। বিশেষ ট্রাইবুনালে এবং বিশেষ ট্রাইবুনাল হইতে মামলা স্থানান্তর।-- সরকার, সাক্ষ্য সমাপ্তির পূর্বে বিচারের যে কোন পর্যায়ে, যুক্তিসঙ্গত কারণে, এই অধ্যাদেশের অধীন কোন অপরাধ সংক্রান্ত মামলা বা মামলাসমূহ কোন দায়রা আদালত হইতে কোন বিশেষ ট্রাইবুনালে বা কোন বিশেষ ট্রাইবুনাল হইতে কোন দায়রা আদালতে স্থানান্তর করিতে পারিবে।

৪২। তফসিল সংশোধনের ক্ষমতা।-- সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপিত আদেশ দ্বারা, এই অধ্যাদেশের তফসিল সংশোধন করিতে পারিবে।

৪৩। বিধি প্রণয়নের ক্ষমতা।-- সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই অধ্যাদেশের উদ্দেশ্যে পূরণকল্পে, বিধি প্রণয়ন করিতে পারিবে।

৪৪। মূল পাঠ এবং ইংরেজী পাঠ।-- এই অধ্যাদেশের মূল পাঠ বাংলাতে হইবে এবং ইংরেজীতে অনূদিত উহার একটি নির্ভরযোগ্য পাঠ থাকিবে :

তবে শর্ত থাকে যে, বাংলা ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

তফসিল

(ধারা-১৮ দ্রষ্টব্য)

১	২	৩	৪	৫
ক্রমিক নং	সংগঠনের নাম	সংগঠনের ঠিকানা	নিষিদ্ধকরণের তারিখ	মন্তব্য

তারিখ : ২৬-০২-১৪১৫ বঙ্গাব্দ  
০৯-০৬-২০০৮ খ্রিস্টাব্দ

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ  
রাষ্ট্রপতি  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

কাজী হাবিবুল আউয়াল  
ভারপ্রাপ্ত সচিব।

**মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ**  
**বাংলাদেশ ব্যাংক**  
**প্রধান কার্যালয়, ঢাকা।**  
ওয়েবসাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

এ এম এল সার্কুলার নম্বর : ১৮

তারিখ : ২৬ শ্রাবন, ১৪১৫  
১০ আগষ্ট, ২০০৮

প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কর্মরত সকল বীমা প্রতিষ্ঠান

**মানি লন্ডারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর বিধানাবলী**  
**পরিপালনে বীমা প্রতিষ্ঠান কর্তৃক অনুসরণীয় নির্দেশাবলী।**

প্রিয় মহোদয়,

২৯ এপ্রিল, ২০০৮ তারিখে ইস্যুকৃত এ, এম, এল, সার্কুলার নং ১৬/২০০৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। মানি লন্ডারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর ২(৪) ধারা মোতাবেক অন্যান্য প্রতিষ্ঠানের পাশাপাশি বাংলাদেশে কর্মরত বীমা প্রতিষ্ঠানগুলোকে রিপোর্ট প্রদানকারী সংস্থা নির্ধারণ করা হয়েছে। রিপোর্ট প্রদানকারী সংস্থার দৈনন্দিন কাজ পরিচালনাকালে কোন গ্রাহকের/পলিসি হোল্ডারের লেনদেন বা সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম মানি লন্ডারিং অপরাধের সাথে সম্পৃক্ত থাকতে পারে বলে সন্দেহ হলে তা বাংলাদেশ ব্যাংকে সঙ্গে সঙ্গে রিপোর্ট করতে হবে। মানি লন্ডারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর বিধানগুলো যথাযথ পরিপালনের উদ্দেশ্যে এই অধ্যাদেশের ২৩ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে নিম্নবর্ণিত নির্দেশনাগুলো প্রত্যেক বীমা প্রতিষ্ঠানের অনুসরণের জন্য জারী করা হল :-

০১. মানি লন্ডারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর ২৫ ধারা এর যথাযথ পরিপালনার্থে প্রত্যেক বীমা প্রতিষ্ঠান একজন উর্দ্ধতন কর্মকর্তার নেতৃত্বে প্রধান কার্যালয়ে একটি ‘কেন্দ্রীয় পরিপালন ইউনিট’ (Central Compliance Unit) এবং শাখা/ এজেন্সী পর্যায়ে পরিপালন কর্মকর্তা মনোনয়নের মাধ্যমে অভ্যন্তরীণ পরিবীক্ষণ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠা করবে। কেন্দ্রীয় পরিপালন ইউনিট সরাসরি প্রধান নির্বাহী কর্মকর্তার তত্ত্বাবধানে থাকবে। বীমা প্রতিষ্ঠান তার কেন্দ্রীয় পরিপালন ইউনিটের কর্মপরিধি ও কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে প্রাতিষ্ঠানিক কৌশল (strategy) ও কার্যসূচী (program) নির্ধারণ করবে। কেন্দ্রীয় পরিপালন ইউনিট শাখা/এজেন্সীগুলোর অনুসরণীয় নির্দেশনাবলী প্রদান করবে; এই নির্দেশনাবলী মানি লন্ডারিং প্রতিরোধের দৃষ্টিকোণ হতে লেনদেন পরিবীক্ষণ, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ (internal controls), নীতি (policies) ও পদ্ধতিগুলোর (procedures) সমন্বয়ে গ্রহীত হবে।
০২. মানি লন্ডারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর ২৫ ধারা মোতাবেক বীমা প্রতিষ্ঠান নিম্নের দায়িত্ব পালন করবেঃ
  - (ক) গ্রাহকের হিসাব খোলার বা অনুকূলে যে কোন ধরনের পলিসি ইস্যু করার পূর্বেই গ্রাহকের সঠিক ও পূর্ণাঙ্গ পরিচিতিমূলক তথ্য এবং দলিলাদি সংগ্রহ করবে, যথার্থতা নিশ্চিত করবে এবং দলিলাদি সংরক্ষণ করবে;
  - (খ) কোন গ্রাহকের হিসাব বন্ধ হলে বা পলিসি বাতিল/মেয়াদপূর্তি হলে বন্ধ/বাতিল/মেয়াদপূর্তি হওয়ার তারিখ হতে অনূন্য ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত ঐ হিসাবের লেনদেন সংক্রান্ত তথ্যসহ যাবতীয় দলিলাদি সংরক্ষণ করবে;
  - (গ) দফা (ক) ও (খ) এর অধীন সংরক্ষিত তথ্যাদি বাংলাদেশ ব্যাংকের অনুরোধে, সময় সময়, সরবরাহ করবে;
০৩. মানি লন্ডারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর নির্দেশনা পরিপালনের ক্ষেত্রে কোন গ্রাহকের কোন লেনদেন বা লেনদেনের প্রচেষ্টা হতে যদি সন্দেহ করার যুক্তিসঙ্গত কারণ সৃষ্টি হয় যে, কোন অর্থ বা লেনদেন মানি লন্ডারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ অনুসারে মানি লন্ডারিং অপরাধের সাথে যুক্ত থাকতে পারে তাহলে সঙ্গে সঙ্গে বিষয়টি সংযুক্ত ‘ক’ ফরম ব্যবহার করে সংশ্লিষ্ট বীমা কোম্পানীর কেন্দ্রীয় পরিপালন ইউনিটে রিপোর্ট করতে হবে। কেন্দ্রীয় পরিপালন ইউনিট প্রাপ্ত রিপোর্টটি পরীক্ষণ ও পর্যালোচনাস্থে মতামত সন্নিবেশ করবে এবং বাংলাদেশ ব্যাংকে রিপোর্টযোগ্য বিবেচনার ক্ষেত্রে মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর গোপনীয়তার সাথে প্রেরণ করবে। শাখা/এজেন্সী থেকে প্রাপ্ত রিপোর্ট বাংলাদেশ ব্যাংকে প্রেরণের ক্ষেত্রে কোনমতেই পাঁচ কার্যদিবসের বেশী বিলম্ব করা যাবেনা।
০৪. বীমা প্রতিষ্ঠানের মাধ্যমে মানি লন্ডারিং এর সাথে জড়িত অর্থ লেনদেন প্রতিরোধ ও সনাক্ত করার লক্ষ্যে প্রত্যেক বীমা প্রতিষ্ঠান যথাযথ সতর্কতা ও দায়িত্বশীলতার সাথে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
০৫. মানি লন্ডারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর যথাযথ পরিপালন নিশ্চিত করার লক্ষ্যে প্রত্যেক বীমা প্রতিষ্ঠান তাদের কর্মকর্তাদের উপযুক্ত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করবে।
০৬. এই অধ্যাদেশের নির্দেশনা পরিপালন নিশ্চিত করার এবং বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনার জন্য বীমা প্রতিষ্ঠানগুলোকে অনুরোধ করা যাচ্ছে।
০৭. এ বিষয়ে গৃহীত ব্যবস্থাদি সম্পর্কে প্রতিষ্ঠানগুলো এক মাসের মধ্যে মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগকে অবহিত করবে।  
অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : ০২ (দুই) পাতা।

(মোঃ ইক্কাদার মিয়া)  
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)  
ফোন : ৭১২৪৩৬৬

## SUSPICIOUS TRANSACTION REPORT (STR)

( for Insurance Company)

**A. Reporting Institution :**

1. Name of the Insurance Company:
2. Name of the Branch:
3. Date of report :

**B. Suspect Policy Details :**

1. Policy Number:
2. Name of the Policy:
3. Nature of the Policy:
4. Nature of ownership:   
[Individual/Proprietorship/Partnership/Company/other, (pls. specify)]
5. Date of issuance of Policy:
6. Address:

**C. Policy holder details :**

1. Name of the policy holder:
2. Address (Present & Permanent):
3. Profession of the policy holder:
4. Nationality:
5. Other policy(s) number (if any):
6. Other/ related business:
7. Father's name:
8. Mother's Name:
9. Spouse Name:
10. Date of birth:
11. National ID no.:
12. TIN

**D. Beneficiary details :**

1. Name of the Beneficiary:
2. Relation with the policy holder.
3. Address (Present & Permanent):
4. Profession:
5. Nationality:
6. Other Policy (s) number (if any):
7. Other business:
8. Father's name:
9. Mother's Name:
10. Spouse Name:
11. Date of birth:
12. National ID no.:
13. TIN:

**E. Agent Information :**

1. Name of the Agent:

2. Address (Agency):

3. Contact details:

Phone:

Fax:

E-mail:

**F. Suspicious Activity Information**

Summary characterization of suspicious activity:

- |  |   |  |
|--|---|--|
| a. <input type="checkbox"/> Identity Theft       | b. <input type="checkbox"/> Counterfeit check                                     | c. <input type="checkbox"/> Misuse of Position or Self Dealing |
| d. <input type="checkbox"/> Check Fraud          | e. <input type="checkbox"/> Counterfeit instrument                                | f. <input type="checkbox"/> Mysterious Disappearance           |
| g. <input type="checkbox"/> Check Kitting        | h. <input type="checkbox"/> Mortgage Loan Fraud                                   | i. <input type="checkbox"/> Structuring                        |
| j. <input type="checkbox"/> False statement      | k. <input type="checkbox"/> Defalcation/Embezzlement                              | l. <input type="checkbox"/> Terrorist Financing                |
| m. <input type="checkbox"/> Value of transaction | n. <input type="checkbox"/> Nature of transaction                                 | o. <input type="checkbox"/> Activity in account                |
| p. <input type="checkbox"/> Computer intrusion   | q. <input type="checkbox"/> Predicate Offence Under MLPO, 08 (Pls. Specify) _____ |  |
| r. <input type="checkbox"/> Other _____          |   |  |

**G. Reasons for considering the transaction(s) as unusual/suspicious***(Mention reason of suspicion and consequence of events) [To be filled by the BAMLCO]*

Signature :

(BAMLCO or Branch/Agency Manager)

Name :

Designation :

Date :

Phone :

**H. Reasons for considering the transaction(s) as unusual/suspicious***(Mention summary of suspicion) [To be filled by the CAMLCO]*

Signature :

(CAMLCO or authorized officer of CCU)

Name :

Designation :

Date :

Phone :

**\* Documents to be enclosed**

1. Policy application form along with submitted documents
2. KYC Profile
3. Account statement for last one year

**মানি লভারিং প্রতিরোধ বিভাগ**  
**বাংলাদেশ ব্যাংক**  
**প্রধান কার্যালয়**  
**ঢাকা**

এ এম এল সার্কুলার নং-১৯/২০০৮

তারিখ : ১৪ আগস্ট, ২০০৮  
৩০ শ্রাবন, ১৪১৫

প্রধান নির্বাহী  
সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

**মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এবং সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ এর  
বিধানাবলী পরিপালনে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক অনুসরণীয় নির্দেশাবলী।**

২৯ এপ্রিল, ২০০৮ তারিখে ইস্যুকৃত এ এম এল সার্কুলার নং ১৬/২০০৮ এবং ২৯ জুন, ২০০৮ তারিখে ইস্যুকৃত এ এম এল সার্কুলার নং ১৭/২০০৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। যেহেতু মানি লভারিং প্রতিরোধ আইন, ২০০২ বাতিলপূর্বক মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এবং নতুনরূপে সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ জারী করা হয়েছে, সেহেতু মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর ২৩ ধারা ও সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ এর ১৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে মানি লভারিং প্রতিরোধ আইন ২০০২ এর আওতায় জারীকৃত নিম্নোক্ত সার্কুলারগুলোর কতিপয় সংশোধনী এবং নির্দেশনা আপনাদের অনুসরণের জন্য জারী করা হ'ল।

০২. এ এম এল সার্কুলার নং-০২ এর ক্ষেত্রে নিম্নের ছকে বর্ণিত পরিবর্তিত নির্দেশনা অনুসরণ করতে হবে :

অনুচ্ছেদ	যেসব শব্দ/ বাক্য পরিবর্তিত হবে	যেসব শব্দ/ বাক্য দ্বারা প্রতিস্থাপিত হবে
শিরোনাম	মানি লভারিং প্রতিরোধ আইন, ২০০২	মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮
অনুচ্ছেদ নং-২	মানি লভারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ধারা (৪)	মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর ধারা (২৩)
অনুচ্ছেদ নং- (২)(ক, খ, গ ও ঙ)	ক) মানি লভারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ধারা ১৯(১)(ক) খ) মানি লভারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ধারা ১৯(১)(ক) গ) মানি লভারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ধারা ১৯ ঙ) মানি লভারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ধারা ১৯(১)(গ)	ক) মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর ধারা (২৫)(১) খ) মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর ধারা (২৫)(১) গ) মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর ধারা (২৫) ঙ) মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর ধারা (২৫)(১)
অনুচ্ছেদ নং- ২ (ছ)	মানি লভারিং প্রতিরোধ আইন, ২০০২	মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮

এছাড়াও ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে (প্রযোজ্য ক্ষেত্রে) নিম্নরূপ অতিরিক্ত নির্দেশনাগুলো পালন করতে হবে:

- ক. কোন গ্রাহকের বেনামে, ছদ্মনামে অথবা শুধুমাত্র নম্বরযুক্ত কোন হিসাব সংরক্ষণ করা বা খোলা যাবে না।
- খ. গ্রাহকের লেনদেনের অর্থের উৎস এবং হিসাবের প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) সম্পর্কিত তথ্যাদি (কোম্পানীর ক্ষেত্রে নিয়ন্ত্রনকারী শেয়ার হোল্ডার এবং ২০% বা এর অধিক একক শেয়ার হোল্ডার এর বিস্তারিত তথ্যাদি) সংগ্রহ করতে হবে।
- গ. মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর আওতায় রিপোর্ট প্রদানকারী সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) তাদের দূরবর্তী গ্রাহককে (non face to face) আধুনিক প্রযুক্তি নির্ভর সেবা প্রদানের ক্ষেত্রে মানি লভারিং ও সন্ত্রাসে অর্থায়নের ঝুঁকি নিরূপন এবং ঝুঁকি নিরসনের নীতি ও পদ্ধতি প্রণয়ন করতে হবে।
- ঘ. মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর আওতায় রিপোর্ট প্রদানকারী সংস্থা তাদের বিদেশে অবস্থিত শাখা এবং সাবসিডিয়ারী প্রতিষ্ঠান থাকলে সেক্ষেত্রেও মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর আওতায় বর্ণিত নির্দেশনা যথাযথভাবে পালন করতে হবে।
- ঙ. অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন রিপোর্টকৃত হওয়ার বিষয়ে রিপোর্ট প্রদানকারী সংস্থাগুলোর কোন কর্মকর্তা কোন পর্যায়েই গ্রাহক বা অন্য কোন ব্যক্তির নিকট কোন তথ্য ফাঁস করবেন না, যাতে তদন্ত কার্যক্রম ব্যাহত বা বিরূপভাবে প্রভাবিত হতে পারে।

০৩. এ এম এল সার্কুলার নং-০৭ এ প্রদত্ত নির্দেশনার অতিরিক্ত হিসাবে নিম্নরূপ নির্দেশনা পরিপালন করতে হবে:

- ক. যে সব রেসপন্ডেন্ট ব্যাংক Shell Bank এর সাথে করেসপন্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপন করে বা হিসাব সংরক্ষণ করে বা সেবা প্রদান করে তাদের ব্যাপারে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে।

০৪. এ এম এল সার্কুলার নং-০৮ এর ক্ষেত্রে নিম্নের ছকে বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে :

অনুচ্ছেদ	যেসব শব্দ/ বাক্য পরিবর্তিত হবে	যেসব শব্দ/ বাক্য দ্বারা প্রতিস্থাপিত হবে
শিরোনাম	মানি লভারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ৪ ও ১৯ ধারা	মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর ধারা ২৩(১)(ক)
অনুচ্ছেদ নং-২	মানি লভারিং প্রতিরোধ আইন, ২০০২ ও ধারা (৪)	মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর ধারা (২৩)
অনুচ্ছেদ নং-২	মানি লভারিং প্রতিরোধ আইন, ২০০২ এর ধারা ১৯ (৪)	মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর ধারা (২৫)(২)

এছাড়াও বর্ণিত সার্কুলারের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৫. সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ এর আওতায় ব্যাংকগুলোকে [অধ্যাদেশের ধারা ২(১০) মোতাবেক সংজ্ঞায়িত ব্যাংক] নিম্নরূপ কার্যাবলী সম্পাদন করতে হবেঃ

- ক. মানি লন্ডারিং প্রতিরোধ সার্কুলার -০২ এর নির্দেশনানুসারে গঠিত প্রধান কার্যালয়ের 'কেন্দ্রীয় পরিপালন ইউনিট' (Central Compliance Unit) এবং শাখা পর্যায়ে মনোনীত কর্মকর্তা সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ এবং এ সংক্রান্ত বাংলাদেশ ব্যাংক জারীকৃত নির্দেশনা পরিপালন ও অভ্যন্তরীণ পরিবীক্ষণের দায়িত্ব পালন করবে।
- খ. ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে সন্ত্রাসী কার্যে অর্থ যোগান সংক্রান্ত লেনদেন প্রতিরোধ ও সনাক্ত করার লক্ষ্যে সব ব্যাংক একটি System Develop করবে।
- গ. সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ এর নির্দেশনা পরিপালনের ক্ষেত্রে কোন গ্রাহকের কোন লেনদেন বা লেনদেনের প্রচেষ্টা হতে যদি এ মর্মে সন্দেহ করার যুক্তিসঙ্গত কারণ সৃষ্টি হয় যে, কোন অর্থ বা লেনদেন সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ অনুসারে সন্ত্রাসী কার্যে অর্থ যোগানের সাথে সংশ্লিষ্ট তাহলে সঙ্গে সঙ্গে বিষয়টি সংযুক্ত 'ক' মোতাবেক একইদিনে শাখার পরিপালন কর্মকর্তার মন্তব্য সহকারে একটি রিপোর্ট প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় পরিপালন ইউনিটে প্রেরণ করবে। কেন্দ্রীয় পরিপালন ইউনিট প্রাপ্ত রিপোর্টটি পরীক্ষণ ও পর্যালোচনান্তে মতামত সন্নিবেশ করবে এবং বাংলাদেশ ব্যাংকে রিপোর্টকরণযোগ্য বিবেচনার ক্ষেত্রে মহাব্যবস্থাপক, মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর গোপনীয়তার সাথে প্রেরণ করবে। শাখা থেকে প্রাপ্ত রিপোর্ট বাংলাদেশ ব্যাংকে প্রেরণের ক্ষেত্রে কোনমতেই তিন কার্যদিবসের বেশী বিলম্ব করা যাবে না।
- ঘ. প্রত্যেক ব্যাংকের পরিচালনা পর্ষদ (Board of Directors) ব্যাংকের কর্মকর্তাদের এতদসংক্রান্ত দায়িত্ব সম্পর্কিত নির্দেশনা অনুমোদনক্রমে জারী করবে ও এর কপি বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করবে এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে কিনা তা নিশ্চিত করবে।

০৬. মানি লন্ডারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এবং সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ এর আওতায় সন্দেহজনক/অস্বাভাবিক লেনদেন রিপোর্ট (STR) করার ক্ষেত্রে এ এম এল সার্কুলার নং-০২ এবং এ এম এল সার্কুলার নং-১০ এ সংযুক্ত সন্দেহজনক/অস্বাভাবিক লেনদেন রিপোর্ট (STR) ফরম বাতিল বিবেচনায় সংযুক্ত 'ক' ফরম ব্যবহার করতে হবে। এ নির্দেশাবলী অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ ইক্সান্দার মিয়া)  
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)  
ফোন : ৭১২৪৩৬৬

## SUSPICIOUS TRANSACTION REPORT (STR)

(For Banks and Non Bank financial Institutions)

**A. Reporting Institution :**

1. Name of the Bank:

2. Name of the Branch:

**B. Details of Report:**

1. Date of sending report:

2. Is this the addition of an earlier report?

Yes

☐

No

☐

3.If yes, mention the date of previous report

**C. Suspect Account Details :**

1. Account Number:

2. Name of the account:

3. Nature of the account:

(Current/savings/loan/other, pls. specify)

4. Nature of ownership:

(Individual/proprietorship/partnership/company/other, pls. specify)

5.Date of opening:

6. Address:

**D. Account holder details :**

1. 1. Name of the account holder:

2. Address:

3. Profession:

4. Nationality:

5. Other account(s) number (if any):

6. Other business:

7. Father's name:

8. Mother's name:

9. Date of birth:

10. TIN:

2. 1. Name of the account holder:

2. Relation with the account holder mention in sl. no. D1

3. Address:

4. Profession:

5. Nationality:

6. Other account(s) number(if any):

7. Other business:

8. Father's name:

9. Mother's Name:

10. Date of birth:

11. TIN:

**E. Introducer Details :**

1. Name of introducer:

2. Account number:

3.Relation with account holder:

4. Address:

5. Date of opening:

6. Whether introducer is maintaining good relation with bank



**F. Reasons for considering the transaction(s) as unusual/suspicious:**

- a. ☐ Identity of clients  
 b. ☐ Activity in account  
 c. ☐ Background of client  
 d. ☐ Multiple accounts  
 e. ☐ Nature of transaction  
 f. ☐ Value of transaction  
 g. ☐ Other reason (Pls. Specify)

(Mention summary of suspicion and consequence of events)  
 [To be filled by the BAMLCO]

**G. Suspicious Activity Information:**

Summary characterization of suspicious activity:

- a. ☐ Bribery/Gratuity      h. ☐ Counterfeit debit/credit card      o. ☐ Mortgage Loan Fraud  
 b. ☐ Check Fraud      i. ☐ Counterfeit instrument      p. ☐ Mysterious Disappearance  
 c. ☐ Check Kitting      j. ☐ Credit card fraud      q. ☐ Misuse of Position or Self Dealing  
 d. ☐ Commercial loan fraud      k. ☐ Debit card fraud      r. ☐ Structuring  
 e. ☐ Computer intrusion      l. ☐ Defalcation/Embezzlement      s. ☐ Terrorist Financing  
 f. ☐ Consumer loan fraud      m. ☐ False statement      t. ☐ Wire Transfer Fraud  
 g. ☐ Counterfeit check      n. ☐ Identity Theft      u. Other \_\_\_\_\_

**H. Transaction Details:**

Sl. no.	Date	Amount	Type*

\*Cash/Transfer/Clearing/TT/etc.  
 Add paper if necessary

**I. Counter Part's Details:**

Sl. no.	Date	Bank	Branch	Account no.	Amount

**J. Has the suspicious transaction/activity had a material impact on or otherwise affected the financial soundness of the bank?**

Yes ☐ No ☐

**K. Has the bank taken any action in this context? If yes, give details.**

**L. Documents to be enclosed:**

1. Account opening form along with submitted documents
2. KYC Profile, Transaction Profile
3. Account statement for last one year
4. Supporting Voucher/correspondence mention in sl. no. H
- 5.

Signature :  
 (CAMLCO or authorized officer of CCU)  
 Name :  
 Designation :  
 Phone :  
 Date :

মানি লভারিং প্রতিরোধ বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা

এ এম এল সার্কুলার নং- ২০/২০০৮

তারিখ : ১৪ আগস্ট, ২০০৮  
৩০ শ্রাবন, ১৪১৫

প্রধান নির্বাহী  
সকল মানি চেঞ্জার প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এবং সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ এর  
বিধানাবলী পরিপালনে মানি চেঞ্জার প্রতিষ্ঠান কর্তৃক অনুসরণীয় নির্দেশাবলী।

২৯ এপ্রিল, ২০০৮ তারিখে ইস্যুকৃত এ এম এল সার্কুলার নং ১৬/২০০৮ এবং ২৯ জুন, ২০০৮ তারিখে ইস্যুকৃত এ এম এল সার্কুলার নং ১৭/২০০৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত অধ্যাদেশ দু'টিতে অন্যান্য প্রতিষ্ঠানের পাশাপাশি বাংলাদেশে কর্মরত মানি চেঞ্জার প্রতিষ্ঠানগুলোকে রিপোর্ট প্রদানকারী সংস্থা নির্ধারণ করা হয়েছে। মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর ধারা ২৩ ও সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ এর ১৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদসংক্রান্ত অনুসরণীয় নির্দেশনা আপনাদের পরিপালনের জন্য জারী করা হ'লঃ

- ক. মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর ২৫(১) এ বর্ণিত বিধানানুযায়ী মানি চেঞ্জার প্রতিষ্ঠান তাদের সেবা গ্রহণকারী প্রত্যেক গ্রাহকের পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংরক্ষণ করবে এবং তা অনূন ০৫(পাঁচ) বছর পর্যন্ত সংরক্ষণ করবে।
- খ. দৈনন্দিন কার্যক্রম পরিচালনায় মানি চেঞ্জার প্রতিষ্ঠানগুলোর সব কর্মকর্তা অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন সনাক্তকরণে সচেতন ও সতর্ক থাকবেন এবং মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ এর ধারা ২৫(১)(ঘ) মোতাবেক মানি লভারিং এর সাথে সংশ্লিষ্ট থাকতে পারে এরকম অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন সনাক্ত হবার সংগে সংগে সংযুক্ত-‘ক’ মোতাবেক লিখিতভাবে মানি লভারিং প্রতিরোধ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর বরাবরে প্রেরণ করবে।
- গ. অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন রিপোর্টকৃত হওয়ার বিষয়ে মানি চেঞ্জার প্রতিষ্ঠানগুলোর কোন কর্মকর্তা কোন পর্যায়েই গ্রাহক বা অন্য কোন ব্যক্তির কাছে কোন তথ্য ফাঁস করবেন না, যাতে তদন্ত কার্যক্রম ব্যাহত বা বিরূপভাবে প্রভাবিত হতে পারে।
- ঘ. মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮, সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ এবং বাংলাদেশ ব্যাংক ইস্যুকৃত মানি লভারিং প্রতিরোধ সার্কুলারগুলোর যথাযথ পরিপালন নিশ্চিত করার লক্ষ্যে প্রত্যেক মানি চেঞ্জার প্রতিষ্ঠান তাদের কর্মকর্তাদের উপযুক্ত প্রশিক্ষণদানের ব্যবস্থা করবে।

এছাড়াও মানি চেঞ্জার প্রতিষ্ঠানগুলো বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ কর্তৃক ইস্যুকৃত সার্কুলার, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রন আইন, ১৯৪৭, গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশনস এ বর্ণিত যাবতীয় নির্দেশনা পরিপালন করবে। এ নির্দেশাবলী অবিলম্বে কার্যকর হবে। অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ ইক্সান্দার মিয়া)  
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)  
ফোন : ৭১২৪৩৬৬

## SUSPICIOUS TRANSACTION REPORT (STR)

(For Money Changer Company)

### A. Reporting Institution :

1. Name of the Money Changer:

2. Address:

3. Date of report :

### B. Customer details :

1. Name of the customer:

2. Address (Present & Permanent):




3. Profession of the Customer:

4. Nationality:

5. Father's name:

6. Mother's name:

7. Date of birth:

8. National ID no.:

### C. Reasons for considering the transaction(s) as unusual/suspicious:

*(Mention summary of suspicion and consequence of events)*

### D. Documents to be enclosed:

1. Copy of passport (Containing the photo, address, visa, endorsement)
2. Endorsement receipt and encashment certificate

Signature : (Authorized officer)

Name :

Designation :

Date :

Phone :

মানি লভারিং প্রতিরোধ বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।  
ওয়েবসাইট: www.bangladeshbank.org.bd

এ.এম.এল. সার্কুলার নং-২১/২০০৯

তারিখ : ০৮ বৈশাখ, ১৪১৬  
২১ এপ্রিল, ২০০৯

সকল তফসিলী ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানী, মানিচেন্সার  
এবং অর্থ প্রেরণকারী/অর্থ স্থানান্তরকারী কোম্পানী/প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়গণ,

মানি লভারিং প্রতিরোধ আইন, ২০০৯

বাংলাদেশ জাতীয় সংসদ কর্তৃক গৃহীত মানি লভারিং প্রতিরোধ আইন, ২০০৯ ২৪ ফেব্রুয়ারী, ২০০৯ তারিখে মহামান্য রাষ্ট্রপতির সম্মতি লাভের মাধ্যমে বিগত ১৫ এপ্রিল, ২০০৮ হতে কার্যকর হয়েছে। এই আইন কার্যকর হবার সঙ্গে সঙ্গে মানি লভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০০৮ রহিত করা হয়েছে। বাংলাদেশ গেজেটের (অতিরিক্ত সংখ্যা) মাধ্যমে জারীকৃত এই আইনের গেজেট কপি সংযুক্ত করা হ'ল।

২. এই আইনের নির্দেশনা পরিপালন নিশ্চিত করার এবং বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনার জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

৩. ২৯ এপ্রিল, ২০০৮ তারিখে ইস্যুকৃত এ.এম.এল. সার্কুলার নম্বর ১৬ উল্লিখিত আইনের কার্যকারিতার তারিখ হতে বাতিল বলে গণ্য হবে।

৪. অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : ৪ (চার) পাতা।

(ম. মাহফুজুর রহমান)  
মহাব্যবস্থাপক  
ফোন : ৭১২০৬৫৯

মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।  
ওয়েবসাইট: www.bangladeshbank.org.bd

এ.এম.এল. সার্কুলার নং-২২/২০০৯

তারিখ : ০৮ বৈশাখ, ১৪১৬  
২১ এপ্রিল, ২০০৯

সকল তফসিলী ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, মানিচেঞ্জার  
এবং অন্যান্য প্রতিষ্ঠান (সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ২(১০) ধারা মোতাবেক)

প্রিয় মহোদয়গণ,

সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯

বাংলাদেশ জাতীয় সংসদ কর্তৃক গৃহীত সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ ২৪ ফেব্রুয়ারী, ২০০৯ তারিখে মহামান্য রাষ্ট্রপতির সম্মতি লাভের মাধ্যমে বিগত ১১ জুন, ২০০৮ হতে কার্যকর হয়েছে। এই আইন কার্যকর হবার সঙ্গে সঙ্গে সন্ত্রাস বিরোধী অধ্যাদেশ, ২০০৮ রহিত করা হয়েছে। বাংলাদেশ গেজেটের (অতিরিক্ত সংখ্যা) মাধ্যমে জারীকৃত এই আইনের গেজেট কপি সংযুক্ত করা হ'ল।

২. এই আইনের নির্দেশনা পরিপালন নিশ্চিত করার এবং বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনার জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

৩. ২৯ জুন, ২০০৮ তারিখে ইস্যুকৃত এ.এম.এল. সার্কুলার নম্বর ১৭ উল্লিখিত আইনের কার্যকারিতার তারিখ হতে বাতিল বলে গণ্য হবে।

৪. অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : ৫ (পাঁচ) পাতা।

(ম. মাহফুজুর রহমান)  
মহাব্যবস্থাপক  
ফোন : ৭১২০৬৫৯

মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।  
ওয়েবসাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

এ এম এল সার্কুলার নম্বর : ২৩

তারিখ : ২৩ ফেব্রুয়ারী, ২০১০

প্রধান নির্বাহী  
সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়গণ,

**৩০ এপ্রিল ২০০২ তারিখের পূর্বে খোলা হিসাবসমূহের KYC Procedures সম্পন্নকরণ প্রসংগে।**

শিরোনামোক্ত বিষয়ে ২৪ জুলাই, ২০০৫ তারিখের এ এম এল সার্কুলার নম্বর : ৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

Guidance Notes on Prevention of Money Laundering এর ৫.১২.১ অনুচ্ছেদ মোতাবেক ৩০ এপ্রিল, ২০০২ তারিখের পূর্বে খোলা হিসাবসমূহের ক্ষেত্রে KYC Procedures সম্পন্ন করার সর্বশেষ সময় ৩১ জানুয়ারী, ২০১০ নির্ধারিত ছিল। নির্ধারিত সময়ের মধ্যে যে সকল হিসাবের KYC Procedures সম্পন্ন করা সম্ভব হয়নি, সে সকল হিসাবের গ্রাহকদের সাথে যথাযথভাবে পত্র পাঠিয়ে এবং অন্যান্য ভাবে যোগাযোগ করে ৩১ মার্চ, ২০১০ এর মধ্যে KYC Procedures সম্পন্ন করতে হবে। যে সকল হিসাবের KYC Procedures সম্পন্ন করা সম্ভব হবে না সে সকল হিসাব ৩১ মার্চ, ২০১০ তারিখের পর হতে ‘সুপ্ত’ (Dormant) হিসাবে চিহ্নিত করতে হবে। এসকল সুপ্ত হিসাব হতে গ্রাহক কোন অর্থ উত্তোলন করতে পারবেন না তবে জমাদান করতে পারবেন। সুপ্ত হিসাব নিয়মিত করনের জন্য গ্রাহক শাখা ব্যবস্থাপকের কাছে লিখিত আবেদন করলে ব্যাংক উক্ত গ্রাহকের KYC Procedures সম্পন্ন করে হিসাব নিয়মিত করতে পারবে।

অনুগ্রহপূর্বক এই সার্কুলারের প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(ম. মাহফুজুর রহমান)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৬৫৯

**Anti-Money Laundering Department  
Bangladesh Bank  
Head Office  
Dhaka.**

**AML Circular No. 24**

**Date : 03 March, 2010**

**Managing Director/Chief Executive  
All banks and financial institutions**

**Instructions to be followed for compliance of the provisions of Money  
Laundering Prevention Act, 2009 and Anti Terrorism Act, 2009.**

For compliance of the provisions of Money Laundering Prevention Act, 2009 and Anti Terrorism Act, 2009 by banks and financial institutions the following instructions are issued as per power conferred in section 23(1)(Gha) of Money Laundering Prevention Act, 2009 and in section 15(1) (chha) of Anti Terrorism Act, 2009 :

**01. Policies for Prevention of Money Laundering and Terrorist Financing**

In pursuance of section 16(2) of Anti Terrorism Act, 2009 and Anti Money Laundering Department's letter dated 04.07.2006, all banks and financial institutions must have their own policy manual approved by their Board of Directors/topmost committee to prevent money laundering and terrorist financing. This policy manual must be in conformity with international standard and laws and regulations in force in Bangladesh. Banks and the financial institutions shall from time to time review and confirm the meticulous compliance of the circulars issued by Bangladesh Bank.

**02. Customer Identification;**

It is mandatory to collect and verify the correct and complete identification information of customers to prevent money laundering and terrorist financing and to keep the financial sector free from risks. KYC (Know Your Customer) procedure shall apply to both individuals and institutions where customer is defined as under:

- Ø any person or institution maintaining an account of any type with a bank or financial institution or having banking related business;
- Ø the person or institution as true beneficial owner in whose favour the account is operated;
- Ø the trustee, intermediary or true beneficial owner of the transaction of the accounts operated by the trust and professional intermediaries (such as lawyer/law firm, chartered accountant, etc)under the existing legal infrastructure;
- Ø high value single transaction conducted in a single Demand Draft, Pay Order, Telegraphic Transfer by any person or institution or any person/institution involved in a financial transaction that may pose reputational and other risks to the institution. In this case if a transaction appears abnormal in relation to the usual transaction of the concerned person or institution that transaction will be treated as "high value";

**03.** To protect banks and financial institutions from risks of money laundering or/and terrorist financing by customers willful or unwilling activities, the Money Laundering Prevention policy Manual as described in part one of this circular shall clearly state how to conduct Customer Due Diligence at different stages such as:

- Ø while establishing relationship with the customer;
- Ø while conducting financial transaction with the existing customer;
- Ø while remitting money and providing other services at the request of non account holders; and

Ø while there is reasonable ground to suspect about the adequacy or veracity of previously obtained customer identification data.

**3.1** To be sure about the customer's identity and underlying purpose of establishing relationship with the institution, each institution shall collect adequate information up to its satisfaction.

**Explanation:** "Satisfaction of the institution" means satisfaction of the appropriate authority that necessary due diligence has been conducted considering the risks of the customers in the light of existing directions.

**3.2** If a person operates an account on behalf of the customer, the concerned bank/financial institution must satisfy itself that the person has due authorization to operate. Correct and complete information of the person, operating the account, are to be collected.

**3.3** Legal status and accuracy of information of the operators are to be ascertained in case of the accounts operated by trustee and professional intermediaries (such as lawyers/law firm, chartered accountants, etc).

**3.4** While establishing and maintaining business relationship and conducting transaction with a person (including legal representative, financial institution or any other institution) of the countries and territories that do not meet international standard in combating money laundering (such as the countries and territories enlisted in Financial Action Task Force's Non-cooperating Countries and Territories list) enhanced due diligence shall have to be ensured.

**3.5** The identity of the beneficial owner of the account shall have to be confirmed on the basis of the information obtained from reliable sources up to the satisfaction of the institution:

- Ø Complete and correct information of identity of the persons besides the customer, shall have to be collected and preserved if a customer operate an account on behalf of another person in his/her own name.
- Ø The controller or the owner of the customer shall have to be identified.
- Ø Complete and correct information of identity of the beneficial owners shall have to be collected and preserved. For the purpose of this subsection a person will be treated as a beneficial owner if:
  - a) he has controlling share of a company or/and
  - b) hold 20% or more shares of a company.

#### **4. Politically exposed Persons (PEPs)**

The instructions in relation to Politically Exposed Persons as contained in AML circular no. 14 dated 25 September 2007 stand substituted as follows:

While opening and/or operating account of Politically Exposed Persons (PEPs) enhanced due diligence shall have to be exercised. PEPs means "*Individuals who are or have been entrusted with prominent public functions in a foreign country, for example Heads of State or of government, senior politicians, senior government, judicial or military officials, senior executives of state owned corporations, important political party officials*". All instructions as detailed for PEPs shall equally apply if business relationship is established with the family members and close associates of these persons who may pose reputational risk to the bank.

Following instructions shall have to be followed to ensure Enhanced Due Diligence, while opening and operating the account of Politically Exposed Persons (PEPs):

**ka)** a risk management system shall have to be introduced to identify risks associated with the opening and operating accounts of PEPs;



**kha)** obtain senior management approval for establishing business relationships with such customers;

**ga)** take reasonable measures to establish the source of wealth and source of funds;

**gha)** ongoing monitoring of the transactions have to be conducted; and

**uma)** the banks/financial institutions should observe all formalities as detailed in Guidelines for Foreign Exchange Transactions while opening accounts of non-residents;

The above instructions shall also be applicable to customers or beneficial owners who become PEPs after business relationship have been established.

## **5. Correspondent Banking**

The instructions in relation to correspondent banking as contained in the AML circular no 7 dated 14 august, 2005 and in the section 3(ka) of AML circular no 19 dated 14 august, 2008 shall be substituted by the instructions as follows:

**5.1** For the purpose of this circular correspondent banking shall mean providing services which are approved by Bangladesh Bank like credit, deposit, collection, clearing, payment or other similar services by one bank (correspondent) to another bank (respondent).

**5.2** While establishing and continuing correspondent banking relationship following drill should be observed so that banking system can not be abused for the purpose of money laundering :

- Ø Before providing correspondent banking service senior management approval must be obtained on being satisfied about the nature of the business of the respondent bank through collection of information as per annexure-1
- Ø Banks should establish or continue a correspondent relationship with a foreign bank only if it is satisfied that the bank is effectively supervised by the relevant authority.
- Ø Banks should not establish or continue a correspondent banking relationship with any shell bank. [Here shell bank refers to such banks as are incorporated in a jurisdiction where it has no branches or activities and which is unaffiliated with a regulated financial group.]
- Ø Correspondent banking relationship shall not be established or continued with those respondent banks that established correspondent banking relationship or maintain account with a shell bank.
- Ø Banks should pay particular attention when maintaining a correspondent banking relationship with banks incorporated in a jurisdiction that do not meet international standards for the prevention of money laundering (such as the countries and territories enlisted in Financial Action Task Force's Non-cooperating Countries and Territories list). Enhanced due diligence shall be required in such cases. Detailed information on the beneficial ownership of such banks and extensive information about their policies and procedures to prevent money laundering shall have to be obtained.
- Ø Enhanced Due Diligence shall have to be exercised in case of the respondent banks that allow direct use of the correspondent account by their customers to transact business on their behalf(i.e. payable through account)
- Ø The instructions described in this circular shall be applicable to the entire existing correspondent banking relationship.

## **6. Branches and subsidiaries situated/located in foreign jurisdiction**

The instructions contained in section 2(gha) of AML circular no. 19 dated 14 august, 2008 shall be substituted by the following instructions:

**6.1** Reporting organizations (in applicable cases) under Money Laundering Prevention Act, 2009 and Anti Terrorism Act, 2009 having branches and subsidiaries abroad shall

also comply with the provisions of Money Laundering Prevention Act, 2009 and Anti Terrorism Act, 2009.

**6.2** If branch or a subsidiary located abroad, for any reason fails to comply with the instructions of Money Laundering Prevention Act, 2009 and Anti Terrorism Act, 2009 it shall without any delay report to such cases to Anti Money Laundering Department mentioning the reason of the failure.

## **7. Appointment and Training**

**7.1 Appointment:** One of the major purposes of combating money laundering and terrorist financing activities is to protect the banks and financial institutions from risks arising out of money laundering and terrorist financing. To meet this objective, banks and Financial Institutions shall have to undertake proper screening mechanism in their different appointment procedures so that they do not face money laundering and terrorist financing risks by any of their staff.

**7.2 Training for the officials:** To ensure proper compliance of anti money laundering and anti terrorism activities each bank and financial institutions shall arrange suitable training for their officials. To deter siphoning of legally or illegally earned money abroad, banks and financial institutions shall also arrange trade based money laundering training along with anti money laundering and anti terrorism financing related training for their officials dealing in foreign exchange transactions.

**7.3 Education and training for customers:** Banks and financial institution shall respond to customers on different matters including KYC and TP attached to the account opening form with proper rationale. Banks and financial institutions shall time to time distribute leaflets among customers to make them aware about money laundering and terrorist financing and also arrange to stick posters in every branch at a visible place.

You are requested to ensure compliance of the instructions of this circular and bring the content of this circular to the notice of all concerned.

Meanwhile please acknowledge receipt.

Yours faithfully,

**Enclosure:** 02(two) pages.

**(Debaprosad Debnath)**  
General Manager  
Tel: 7125765

**ANTI-MONEY LAUNDERING & TERRORIST FINANCING  
QUESTIONNAIRE FOR CORRESPONDENT RELATIONSHIP**

**A. BASIC INFORMATION**

- 1. Name of the Institution: \_\_\_\_\_
- 2. Registered Address: \_\_\_\_\_  
\_\_\_\_\_
- 3. Website Address: \_\_\_\_\_
- 4. Principal Business Activities: \_\_\_\_\_
- 5. Regulatory Authority: \_\_\_\_\_
- 6. Operational Status:
  - Does your Bank maintain a physical presence in the licensing country? ☐ Yes ☐ No

**B. OWNERSHIP / MANAGEMENT**

- 1. Is your institution listed in any stock exchange? ☐ Yes ☐ No  
If so, which stock exchange?  
\_\_\_\_\_
- 2. If “No” to Q7, please provide a list of the major shareholders holding more than 10% shares in your institution.  
\_\_\_\_\_  
\_\_\_\_\_

**C. ANTI-MONEY LAUNDERING AND TERRORIST FINANCING CONTROLS**

Additional information to be incorporated at the end of the questionnaire if your answer is “no” to any of the following questions

**I. General AML&CFT Policies, Practices and Procedures:**

- 1. Does your institution have policies and procedures approved by your institution’s board or senior management to prevent money laundering and combating terrorist financing? ☐ Yes ☐ No
- 2. Does your institution have a legal and regulatory compliance program that includes a designated officer that is responsible for coordinating and overseeing the AML/CFT framework? ☐ Yes ☐ No
- 3. Has your institution developed written policies documenting the processes to prevent, detect and report suspicious transactions? ☐ Yes ☐ No
- 4. Does your institution have a policy prohibiting accounts/relationships with shell banks? (*A shell bank is defined as a bank incorporated in a jurisdiction in which it has no physical presence and which is unaffiliated with a regulated financial group.*) ☐ Yes ☐ No
- 5. Does your institution permit the opening of anonymous or numbered accounts by customers? ☐ Yes ☐ No
- 6. Does your institution have policies to reasonably ensure that they will not conduct transactions with or on behalf of shell banks through any of its accounts or products? ☐ Yes ☐ No
- 7. Does your institution have policies covering relationships with Politically Exposed Persons (PEP’s), their family and close associates? ☐ Yes ☐ No
- 8. Does your institution have policies and procedures that require keeping all the records related to customer identification and their transactions? ☐ Yes ☐ No  
If “Yes”, for how long? \_\_\_\_\_

**II. Risk Assessment**

- 1. Does your institution have a risk-based assessment of its customer base and their transactions? ☐ Yes ☐ No
- 2. Does your institution determine the appropriate level of enhanced due diligence necessary for those categories of customers and transactions for those that have reason(s) to pose a heightened risk of illicit activities at or through the FI? ☐ Yes ☐ No

**III. Know Your Customer, Due Diligence and Enhanced Due Diligence**

- 1. Has your institution implemented processes for the identification of Beneficial Ownership (those customers on whose behalf it maintains or operates accounts or conducts transactions)? ☐ Yes ☐ No
- 2. Does your institution have a requirement to collect information regarding its customers’ business activities? ☐ Yes ☐ No
- 3. Does your institution have a process to review and, where appropriate, update customer information relating to high risk client information? ☐ Yes ☐ No
- 4. Does your institution have procedures to establish a record for each new customer noting their respective identification documents and ‘Know Your ☐ Yes ☐ No

- Customer' information?
5. Does your institution complete a risk-based assessment to understand the normal and expected transactions of its customers? ☐Yes ☐No

**IV. Reportable Transactions for Prevention and Detection of ML/TF**

1. Does your institution have policies or practices for the identification and reporting of transactions that are required to be reported to the authorities? ☐Yes ☐No
2. Where cash transaction reporting is mandatory, does your institution have procedures to identify transactions structured to avoid such obligations? ☐Yes ☐No
3. Does your institution screen customers and transactions against lists of persons, entities or countries issued by government/competent authorities? ☐Yes ☐No
4. Does your institution have policies to reasonably ensure that it only operates with correspondent banks that possess licenses to operate in their countries of origin? ☐Yes ☐No

**IV. Transaction Monitoring**

Does your institution have a monitoring program for unusual and potentially suspicious activity that covers funds transfers and monetary instruments such as travelers checks, money orders, etc? ☐Yes ☐No

**V. AML Training**

1. Does your institution provide AML& CFT training to relevant employees of your organisation? ☐Yes ☐No
2. Does your institution communicate new AML related laws or changes to existing AML related policies or practices to relevant employees? ☐Yes ☐No
3. Does your institution provide AML training to relevant third parties if they are employed to carry out some of the functions of your organisation? ☐Yes ☐No

**Space for additional information:**  
(Please indicate which question the information is referring to.)

.....

.....

.....

.....

**D. GENERAL**

- Does the responses provided in this Declaration applies to the following entities: ☐Yes ☐No
- Head Office and all domestic branches
  - Overseas branches
  - Domestic subsidiaries
  - Overseas subsidiaries

If the response to any of the above is “No”, please provide a list of the branches and /or subsidiaries that are excluded, including the name of the institution, location and contact details.

I, the undersigned, confirm to the best of my knowledge that the information provided in this questionnaire is current, accurate and representative of the anti-money laundering and anti-terrorist financing policies and procedures that are established in my institution.

I also confirm that I am authorized to complete this questionnaire on behalf of my institution.

Signature: \_\_\_\_\_

Name: \_\_\_\_\_

Designation: \_\_\_\_\_

Date: \_\_\_\_\_

Contact No: \_\_\_\_\_

Email: \_\_\_\_\_

মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

ওয়েবসাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

এ এম এল সার্কুলার নম্বর : ২৫

তারিখ : ০৩ মে, ২০১০

প্রধান নির্বাহী

সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়গণ,

ইলেক্ট্রনিক মিডিয়ার অনুকূলে পঞ্চাশ হাজার মার্কিন ডলার বা তদুর্ধ্ব অন্তর্মুখী  
যে কোন রেমিট্যান্স অথবা অস্বাভাবিক লেনদেন প্রসঙ্গে।

ইলেক্ট্রনিক মিডিয়ার অনুকূলে মার্কিন ডলার ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) বা তদুর্ধ্ব অন্তর্মুখী যে কোন রেমিট্যান্স অথবা অস্বাভাবিক লেনদেন মর্মে প্রতিভাত হয় এমন কোন ব্যাংকিং লেনদেন হলে তা বাংলাদেশ ব্যাংককে তাৎক্ষণিকভাবে রিপোর্ট করতে হবে এবং বাংলাদেশ ব্যাংকের মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগের পূর্বানুমোদন ব্যতিরেকে ছাড় করা যাবে না। পুনরাদেশ না দেয়া পর্যন্ত এ আদেশ বহাল থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(ম. মাহফুজুর রহমান)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৬৫৯

প্রতিলিপি নং- এএমএলডি-১/২০১০-২০৮৯

তারিখ : উল্লিখিত

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হ'ল :-

১. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/সদরঘাট, ঢাকা/বরিশাল/রংপুর।
৩. নির্বাহী পরিচালক, গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. অর্থনৈতিক উপদেষ্টা/নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
৮. মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
৯. চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকার্স, ৪২, কামাল আভাতুর্ক এডিনিউ, বনানী, ঢাকা।
১০. চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকার্স, বাংলাদেশ, ইস্টার্ন কমার্শিয়াল কমপ্লেক্স, ৭৩, কাকরাইল, ঢাকা।
১১. প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল তফসিলী ব্যাংক ও সকল আর্থিক প্রতিষ্ঠান।
১২. প্রধান বীমা নিয়ন্ত্রক, বীমা নিয়ন্ত্রন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।

(গোলাম মহিউদ্দীন)

উপ-পরিচালক

ফোন : ৭১২৬১০১-১৪/২৪৬১

## মানি লভারিং প্রতিরোধ বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

ওয়েবসাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

এ এম এল সার্কুলার নম্বর : ২৬

তারিখ : ১৫ আশ্বিন, ১৪১৭  
৩০ সেপ্টেম্বর, ২০১০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কর্মরত সকল তফসিলী ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানী, মানি চেঞ্জার, অর্থ প্রেরণকারী বা অর্থ স্থানান্তরকারী প্রতিষ্ঠান, স্টক ডিলার ও স্টক ব্রোকার, পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার, সিকিউরিটি কাস্টডিয়ান, সম্পদ ব্যবস্থাপক, অ-লাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit Organisation) ও বেসরকারী উন্নয়ন সংস্থা (Non Government Organisation)।

প্রিয় মহোদয়গণ,

**মানি লভারিং প্রতিরোধ আইন, ২০০৯ এ নতুন রিপোর্ট প্রদানকারী সংস্থা ও সম্পৃক্ত অপরাধ সংযোজন প্রসংগে।**

মানি লভারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর ধারা ২(ঠ)(খ) এর সূত্রে সরকারের অনুমোদনক্রমে রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে (১) স্টক ডিলার ও স্টক ব্রোকার, (২) পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার, (৩) সিকিউরিটি কাস্টডিয়ান (৪) সম্পদ ব্যবস্থাপক, (৫) অ-লাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit Organisation) ও (৬) বেসরকারী উন্নয়ন সংস্থা (Non Government Organisation) কে এবং একই আইনের ২(থ)(১৭) ধারার সূত্রে সরকারের অনুমোদনক্রমে সম্পৃক্ত অপরাধ হিসেবে (১) সন্ত্রাস ও সন্ত্রাসী কার্যে অর্থ যোগান, (২) ভেজাল বা স্বত্ব লঙ্ঘন করে পণ্য উৎপাদন, (৩) পরিবেশগত অপরাধ, (৪) যৌন নিপীড়ন (Sexual Exploitation), (৫) পুঁজি বাজার সম্পর্কিত মূল্য সংবেদনশীল তথ্য জনসম্মুখে প্রকাশিত হওয়ার পূর্বে তা কাজে লাগিয়ে শেয়ার লেনদেনের মাধ্যমে বাজার সুবিধা গ্রহণ ও ব্যক্তিগত সুবিধার লক্ষ্যে বাজার নিয়ন্ত্রণের চেষ্টা করা (Insider Trading & Market Manipulation) এবং (৬) সংঘবদ্ধ অপরাধ (Organised Crime)-কে অন্তর্ভুক্ত করা হলো।

এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ৩০ সেপ্টেম্বর, ২০১০ তারিখের প্রজ্ঞাপন নং- এএমএলডি-০১/২০১০ বিবি অপর পৃষ্ঠায় পুনঃমুদ্রণ করা হলো।

০২। বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন এবং ইত্যবসরে অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : ০১ (এক) পাতা।

(ম. মাহফুজুর রহমান)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৬৫৯

## বাংলাদেশ ব্যাংক

প্রজ্ঞাপন নং-এএমএলডি-০১/২০১০ বিবি  
ঢাকা, ১৫ আশ্বিন, ১৪১৭ (৩০ সেপ্টেম্বর, ২০১০)

০১। মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর ধারা ২(ঠ)(খ) এ প্রদত্ত এখতিয়ারসূত্রে রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসাবে (১) স্টক ডিলার ও স্টক ব্রোকার, (২) পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার, (৩) সিকিউরিটি কাস্টডিয়ান (৪) সম্পদ ব্যবস্থাপক, (৫) অ-লাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit Organisation) ও (৬) বেসরকারী উন্নয়ন সংস্থা (Non Government Organisation) কে অন্তর্ভুক্ত করা হইল।

এক্ষেত্রে (১) স্টক ডিলার ও স্টক ব্রোকার বলিতে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর যথাক্রমে ২(ব) ও (এ৩) ধারায় সংজ্ঞায়িত প্রতিষ্ঠানকে, (২) পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার বলিতে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর যথাক্রমে ২(চ) ও (এ৩) ধারায় সংজ্ঞায়িত প্রতিষ্ঠানকে, (৩) সিকিউরিটি কাস্টডিয়ান বলিতে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটি কাস্টডিয়াল সেবা) বিধিমালা, ২০০৩ এর ২(এ৩) ধারায় সংজ্ঞায়িত প্রতিষ্ঠানকে, (৪) সম্পদ ব্যবস্থাপক বলিতে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর ২(খ) ধারায় সংজ্ঞায়িত প্রতিষ্ঠানকে, (৫) অ-লাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit Organisation) বলিতে কোম্পানী আইন (বাংলাদেশ), ১৯৯৪ এর ২৮ ধারার আওতায় নিবন্ধিত কোন প্রতিষ্ঠান এবং (৬) বেসরকারী উন্নয়ন সংস্থা (Non Government Organisation) বলিতে দি ভলানটেরি সোস্যাল ওয়েলফেয়ার এজেন্সিস্ (রেজিস্ট্রেশন এন্ড কন্ট্রোল) অর্ডিনেন্স, ১৯৬১, সমবায় সমিতি আইন, ২০০১, দি সোসাইটিজ রেজিস্ট্রেশন অ্যাক্ট, ১৮৬০, দি ফরেন ডোনেশন (ভলানটেরি এ্যাক্টিভিটিজ) রেগুলেশন অর্ডিনেন্স, ১৯৭৮, দি ফরেন কনট্রিবিউশনস্ (রেগুলেশন) অর্ডিনেন্স, ১৯৮২ এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ এর আওতায় অনুমোদিত/নিবন্ধিত প্রতিষ্ঠানকে বুঝাইবে। এবং

০২। মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর ২(খ)(১৭) ধারার এখতিয়ার সূত্রে সম্পৃক্ত অপরাধ হিসাবে (১) সন্ত্রাস ও সন্ত্রাসী কার্যে অর্থ যোগান, (২) ভেজাল বা স্বত্ব লঙ্ঘন করে পণ্য উৎপাদন, (৩) পরিবেশগত অপরাধ, (৪) যৌন নিপীড়ন (Sexual Exploitation), (৫) পুঁজি বাজার সম্পর্কিত মূল্য সংবেদনশীল তথ্য জনসম্মুখে প্রকাশিত হইবার পূর্বে তা কাজে লাগাইয়া শেয়ার লেনদেনের মাধ্যমে বাজার সুবিধা গ্রহণ ও ব্যক্তিগত সুবিধার লক্ষ্যে বাজার নিয়ন্ত্রনের চেষ্টা করা (Insider Trading & Market Manipulation) এবং (৬) সংঘবদ্ধ অপরাধ (Organised Crime)-কে অন্তর্ভুক্ত করা হইল।

স্বাক্ষরিত  
(জিয়াউল হাসান সিদ্দিকী)  
ডেপুটি গভর্নর

মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।  
ওয়েবসাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

এ এম এল সার্কুলার নম্বর : ২৭

০১ আষাঢ়, ১৪১৮  
তারিখ : ১৫ জুন, ২০১১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
অ-লাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit Organization) ও  
বেসরকারী উন্নয়ন সংস্থা (Non Government Organization)।

প্রিয় মহোদয়,

**মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর বিধানাবলী পরিপালনে অ-লাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit Organization) ও  
বেসরকারী উন্নয়ন সংস্থা (Non Government Organization) কর্তৃক অনুসরণীয় নির্দেশাবলী।**

মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর ২(ঠ)(খ) ধারার বিধান মোতাবেক ৩০ সেপ্টেম্বর, ২০১০ তারিখের প্রজ্ঞাপন নং-এএমএলডি-০১/২০১০ বিবি এর সূত্রে বাংলাদেশে কর্মরত অ-লাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit Organization- NPO) ও বেসরকারী উন্নয়ন সংস্থা (Non Government Organization-NGO) কে রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে যা ৩০ সেপ্টেম্বর, ২০১০ তারিখে ইস্যুকৃত এএমএল সার্কুলার নং-২৬ এর মাধ্যমে সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনের নির্দেশনা অনুযায়ী অ-লাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (NPO) বলতে কোম্পানী আইন (বাংলাদেশ), ১৯৯৪ এর ২৮ ধারার আওতায় নিবন্ধিত কোন প্রতিষ্ঠান এবং বেসরকারী উন্নয়ন সংস্থা (NGO) বলতে দি ভলান্টিরি সোস্যাল ওয়েলফেয়ার এজেন্সিস (রেজিস্ট্রেশন এন্ড কন্ট্রোল) অর্ডিন্যান্স, ১৯৬১, সমবায় সমিতি আইন, ২০০১, দি সোসাইটিজ রেজিস্ট্রেশন অ্যাক্ট, ১৮৬০, দি ফরেন ডোনেশন (ভলান্টিরি এ্যাক্টিভিটিজ) রেগুলেশন অর্ডিনেন্স, ১৯৭৮, দি ফরেন কন্ট্রিবিউশনস্ (রেগুলেশনস্) অর্ডিনেন্স, ১৯৮২ ও মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি আইন, ২০০৬ এর আওতায় অনুমোদিত/নিবন্ধিত প্রতিষ্ঠান বুঝাবে।

০২। মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর ধারা ২৩ এ মানিলন্ডারিং অপরাধ দমন ও প্রতিরোধে বাংলাদেশ ব্যাংকের ক্ষমতা ও দায়িত্ব এবং ধারা ২৫ এ রিপোর্ট প্রদানকারী সংস্থার দায়-দায়িত্ব বর্ণিত রয়েছে। এ প্রেক্ষিতে মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর বিধানসমূহ এনপিও এবং এনজিও কর্তৃক যথাযথভাবে পরিপালনের উদ্দেশ্যে উক্ত আইনের ২৩ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এই সার্কুলারের নির্দেশনা জারী করা হলো।

০৩। নির্দেশনাসমূহ :

(ক) মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর বিধানাবলী যথাযথ পরিপালনার্থে প্রতিটি এনপিও/এনজিও মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থ যোগান প্রতিরোধ বিষয়ক নীতি প্রণয়ন করবে যা প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদ/সর্বোচ্চ কমিটি কর্তৃক অনুমোদিত হবে। মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থ যোগান প্রতিরোধ বিষয়ক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে প্রতিটি এনপিও/এনজিও বাংলাদেশ ব্যাংকের সাথে যোগাযোগ রক্ষার জন্য একজন ঊর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাকে Contact Point হিসেবে মনোনয়ন করে উক্ত কর্মকর্তার নাম, পদবী, যোগাযোগের ঠিকানা, টেলিফোন নম্বর, ফ্যাক্স ও ই-মেইল মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ, বাংলাদেশ ব্যাংক বরাবরে সরবরাহ করবে।

(খ) প্রতিটি এনপিও/এনজিও :

অ) প্রতিষ্ঠানের উদ্দেশ্য, লক্ষ্য এবং কার্যক্রমের বিস্তারিত তথ্য সংরক্ষণ করবে।

আ) যাদের নিয়ন্ত্রণে অথবা নির্দেশনায় পরিচালিত হচ্ছে (ঊর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, পরিচালনা পর্ষদের সদস্য, নির্বাহী কমিটি, ট্রাস্টি বোর্ড ও অন্যান্য) তাদের পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য এবং উক্ত তথ্যের সমর্থনে দলিলাদি সংগ্রহ ও সংরক্ষণ করবে।

[উল্লিখিত (অ) ও (আ) ক্রমিকে বর্ণিত তথ্যাবলী জনগণের জন্য উন্মুক্ত (publicly available) থাকবে।]

ই) নিরীক্ষিত বার্ষিক আর্থিক বিবরণী (Financial Statement), আর্থিক বিবরণীর প্রতিটি খাতের ব্যাখ্যা এবং এ সম্পর্কিত তথ্য ও সমর্থিত দলিলাদি ন্যূনতম ৫ (পাঁচ) বছর পর্যন্ত সংরক্ষণ করবে।

ঈ) কর্মকর্তা নিয়োগের পূর্বে নির্বাচিত প্রার্থীর পরিচিতির সঠিক তথ্য, সংশ্লিষ্ট ক্ষেত্রে তাঁর অভিজ্ঞতা ও অন্যান্য সংশ্লিষ্টতা এবং এ সকল তথ্যের সমর্থিত দলিলাদি সংগ্রহ এবং যাচাইপূর্বক (Employee Screening) নিয়োগ প্রদান করবে।



উ) বিদেশে অবস্থিত তাদের শাখার (প্রযোজ্য ক্ষেত্রে) কার্যক্রমের বিস্তারিত বিবরণ এবং কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের হালনাগাদ তথ্য সংরক্ষণ করবে।

(উ) যে সকল গ্রাহকের ঋণ স্থিতি ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা বা তার উর্ধ্বে রয়েছে বা জমার স্থিতি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বা তার উর্ধ্বে রয়েছে সে সকল গ্রাহকের পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য এবং সমর্থিত দলিলাদি সংগ্রহ করবে, যথার্থতা নিশ্চিত করবে ও তা সংরক্ষণ করবে। এছাড়াও গ্রাহক পরিচিতি বিষয়ক তথ্য/দলিলাদি ও উক্ত গ্রাহকের লেনদেনের বিস্তারিত বিবরণ লেনদেন বন্ধ হওয়ার তারিখ হতে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করবে। তবে বৈদেশিক সাহায্য/অনুদান/ঋণ গ্রহণকারী যে কোন প্রতিষ্ঠান-এর ক্ষেত্রে গ্রাহকের ঋণ বা জমার স্থিতি যে অংকেরই হোক না কেন এ অনুচ্ছেদে বর্ণিত সকল নির্দেশনা প্রযোজ্য হবে।

[এখানে গ্রাহক বলতে এনপিও/এনজিও-এর সুবিধাভোগী কোন ব্যক্তি/ব্যক্তিবর্গ, অন্যান্য এনপিও/এনজিও বা অন্য যে কোন প্রতিষ্ঠানকে বুঝাবে।]

(গ) প্রতিটি এনপিও/এনজিও গ্রাহক পর্যায়ে টাকা ১,০০,০০০/- (এক লক্ষ) বা এর অধিক অংকের লেনদেনসমূহ ব্যাংকিং চ্যানেল ব্যবহার করে সম্পাদন করবে।

(ঘ) এনপিও/এনজিও -এর উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, পরিচালনা পর্ষদের সদস্য, ট্রাস্টি (ও অন্যান্য) প্রতিষ্ঠানটির তহবিল উক্ত প্রতিষ্ঠানের উদ্দেশ্য, লক্ষ্য এবং কার্যক্রমের সাথে সামঞ্জস্যপূর্ণভাবে ব্যবহৃত হয়েছে মর্মে নিশ্চিত করবে (এ প্রেক্ষিতে Annual Independent Audit কার্যক্রম পরিচালনা করতে হবে)।

(ঙ) এনপিও/এনজিও -এর উর্ধ্বতন কর্তৃপক্ষ বা পরিচালনা পর্ষদ (প্রযোজ্য ক্ষেত্রে) তাদের কর্মকর্তাদের সাথে মানিলন্ডারিং এবং সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম বিষয়ে ত্রৈমাসিক সভা করবে এবং তাদের সকল কর্মকর্তাদের এ বিষয়ে উপযুক্ত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করবে। প্রতিষ্ঠানটি সভা ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট রেকর্ড সংরক্ষণ করবে।

(চ) বাংলাদেশে কর্মরত প্রতিটি এনপিও/এনজিও জাতিসংঘের নিরাপত্তা পরিষদের রেজুলেশনের (UNSCR-1267 ও UNSCR-1373 রেজুলেশনসহ অন্যান্য রেজুলেশন) আওতায় তালিকাভুক্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে কোন তহবিল গ্রহণ করবে না। Financial Action Task Force (FATF) এর Public Statement এ অন্তর্ভুক্ত কোন দেশ বা উক্ত দেশের কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে কোন প্রকার তহবিল গ্রহণের ক্ষেত্রে বুঁকি বিবেচনায় অধিকতর সতর্কতা (Enhanced Due Diligence-EDD) অবলম্বন করবে। এতদ্ব্যতিরেকে প্রতিটি এনপিও/এনজিও তাদের দাতা/দাতা সংস্থার সঠিক ও পূর্ণাঙ্গ পরিচিতিমূলক তথ্য এবং সমর্থিত দলিলাদি সংগ্রহ করবে, যথার্থতা নিশ্চিত করবে এবং এ বিষয়ক দলিলাদি সংরক্ষণ করবে।

[[www.un.org/sc/committees/1267/consolist.shtml](http://www.un.org/sc/committees/1267/consolist.shtml) ওয়েবসাইটটির মাধ্যমে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের আওতায় তালিকাভুক্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের তালিকা এবং [www.fatf-gafi.org/document/36/0,3746,en\\_32250379\\_32236992\\_46236900\\_1\\_1\\_1,00.html](http://www.fatf-gafi.org/document/36/0,3746,en_32250379_32236992_46236900_1_1_1,00.html) ওয়েবসাইটটির মাধ্যমে Public Statement এ অন্তর্ভুক্ত দেশের তালিকা পাওয়া যাবে।]

(ছ) প্রতিটি এনপিও/এনজিও বৈদেশিক সাহায্য/অনুদান/ঋণের বিষয়ে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত ছাড়পত্র গ্রহণ ও সংরক্ষণ করবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কোন অর্থ দাতার নিকট ফেরত প্রদান করবে না।

(জ) প্রতিটি এনপিও/এনজিও :

(অ) গ্রাহকদেরকে প্রদত্ত তহবিল মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থ যোগানে ব্যবহৃত হচ্ছে কিনা তা চিহ্নিতকরণের জন্য যথাযথ মনিটরিং ব্যবস্থা নিশ্চিত করবে। এ ধরনের কোন ঘটনা বা লেনদেন চিহ্নিত হলে/সন্দেহজনক মর্মে প্রতীয়মান হলে পরিশিষ্ট-‘ক’ মোতাবেক অবিলম্বে মানিলন্ডারিং প্রতিরোধ বিভাগ, বাংলাদেশ ব্যাংক বরাবরে রিপোর্ট করবে।

(আ) কোন দাতা/দাতাসংস্থা প্রচলিত আইনের পরিপন্থী কোন উদ্দেশ্যে প্রতিষ্ঠানটিকে ব্যবহার করছে এরূপ সন্দেহ হলে বা বিধি বহির্ভূত ও প্রচলিত আইনের পরিপন্থী কর্মকাণ্ড পরিচালনার জন্য অনুরোধ করলে তা পরিশিষ্ট-‘ক’ মোতাবেক অবিলম্বে মানিলন্ডারিং প্রতিরোধ বিভাগ, বাংলাদেশ ব্যাংক বরাবরে রিপোর্ট করবে।

(বা) প্রতিটি এনপিও/এনজিও বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক তথ্যাদি ও প্রয়োজনীয় সংশ্লিষ্ট কাগজপত্র/দলিলাদির কপি সরবরাহ করবে।

০৪। এই সার্কুলারের নির্দেশনা পরিপালন নিশ্চিত করার এবং বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনার জন্য প্রতিটি এনপিও/এনজিওকে অনুরোধ করা যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

সংযোজনী : ০১ (এক) পাতা।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(দেবপ্রসাদ দেবনাথ)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৬৫৯

প্রতিলিপি নং- এএমএলডি-১/১/২০১১-

তারিখ : উল্লিখিত

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো :-

১. ব্যক্তিগত সহকারী, সচিব, অর্থ মন্ত্রণালয়, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. ব্যক্তিগত সহকারী, সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
৪. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৫. মহাপরিচালক, সমাজ সেবা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৬. মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা।
৭. এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোফ্রিডেট রেগুলেটরি অথরিটি।
৮. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস।
৯. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/সদরঘাট, ঢাকা/বরিশাল/রংপুর।
১১. নির্বাহী পরিচালক, গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১২. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৩. ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৪. অর্থনৈতিক উপদেষ্টা/নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৫. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
১৬. মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
১৭. ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল অ-লাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit Organization) ও বেসরকারী উন্নয়ন সংস্থা (Non Government Organization)।
১৮. ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল তফসিলী ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানী, স্টক ডিলার ও স্টক ব্রোকার, পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার, সিকিউরিটি কাস্টডিয়ান, সম্পদ ব্যবস্থাপক।

স্বাক্ষরিত

(ইয়াসমিন রহমান বুলা)

উপ পরিচালক

ফোন : ৭১২৬১০১-২০/২৪৫২

অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন/কার্যক্রম সংক্রান্ত রিপোর্টিং ফরম

সূত্র : এএমএল সার্কুলার নং ২৭, তারিখ ১৫/০৬/২০১১, অনুচ্ছেদ ৩(জ-অ, আ)।

-----এনপিও/এনজিও এর নাম

প্রধান কার্যালয় এর দাপ্তরিক ঠিকানা

১। অস্বাভাবিক ও সন্দেহজনক লেনদেনের/ কার্যক্রমের ক্ষেত্রে সন্দেহভাজন ব্যক্তির/প্রতিষ্ঠানের পরিচিতির বিস্তারিত তথ্য :

২। অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেনের/ কার্যক্রমের বিবরণ :

ক) জড়িত অর্থের পরিমাণ

খ) লেনদেনের তারিখ/তারিখসমূহ

গ) সন্দেহজনক লেনদেন/ কার্যক্রম সংঘটিত হওয়ার শাখা/স্থান

৩। অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন হিসেবে রিপোর্ট করার কারণঃ

৪। অন্যান্য তথ্যাদি :

রিপোর্টকারী কর্মকর্তার স্বাক্ষর (Contact Point) :

কর্মকর্তার নাম :

পদবী :

তারিখ :

## মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

ওয়েবসাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

এ এম এল সার্কুলার নম্বর : ২৮

তারিখ : ২১ আষাঢ়, ১৪১৮  
০৫ জুলাই, ২০১১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কর্মরত সকল বীমা কোম্পানী

### **Guidance Notes on AML&CFT for Insurance Companies**

মানি লন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর ২(৪) ধারার বিধান মোতাবেক অন্যান্য প্রতিষ্ঠানের সাথে বাংলাদেশে কার্যক্রম পরিচালনাকারী সকল বীমা কোম্পানীকে রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং ধারা ২৫ এ রিপোর্ট প্রদানকারী সংস্থার দায়-দায়িত্বের উল্লেখ রয়েছে। উক্ত আইনের ২৩ (১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গত ১০ আগস্ট, ২০০৮ তারিখে অত্র বিভাগের এএমএল সার্কুলার নম্বর ১৮ মারফত মানি লন্ডারিং প্রতিরোধে বীমা কোম্পানীসমূহের পরিপালনীয় নির্দেশনা প্রদান করা হয়।

০২। গত ২৩ ডিসেম্বর, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বীমা কোম্পানীসমূহের প্রধান মানি লন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাদের প্রথম সম্মেলনের সিদ্ধান্ত মোতাবেক মানি লন্ডারিং এবং সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে একটি গাইডেন্স নোটস প্রণয়নের নিমিত্তে তৎকালীন বীমা নিয়ন্ত্রণ অধিদপ্তর, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমী, বাংলাদেশ ইনসিওরেন্স এ্যাসোসিয়েশনসহ জীবন বীমা ও সাধারণ বীমা কোম্পানী হতে উপযুক্ত সংখ্যক প্রতিনিধি সমন্বয়ে একটি ‘ফোকাস গ্রুপ’ গঠন করা হয়।

০৩। উক্ত ‘ফোকাস গ্রুপ’ কর্তৃক দেশে বিদ্যমান আইনী কাঠামো, বীমা ব্যবসার আকার ও প্রকৃতি, আন্তর্জাতিক মানদণ্ড ও বেস্ট প্র্যাক্টিস বিবেচনায় ‘[Guidance Notes on AML&CFT for Insurance Companies](http://www.bb.org.bd/mediaroom/circulars/circulars.php)’ এর খসড়া প্রণয়ন করা হয় যা পরবর্তীতে সংশ্লিষ্ট সকল পক্ষের মতামত গ্রহণ ও ‘রিভিউ টীম’ কর্তৃক পর্যালোচনার পর চূড়ান্ত করা হয়। গাইডেন্স নোটস এর সফট কপি সিডি আকারে এতদসঙ্গে সকল বীমা কোম্পানী বরাবরে সরবরাহ করা হলো এবং প্রয়োজনে গাইডেন্স নোটসটি বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (<http://www.bb.org.bd/mediaroom/circulars/circulars.php>) হতে ডাউনলোড করা যাবে।

০৪। বীমা কোম্পানীর মাধ্যমে মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়নের ঝুঁকি হ্রাসে বাংলাদেশে কর্মরত বীমা কোম্পানীসমূহকে নিজস্ব ব্যবসার ক্ষেত্র, আকার ও প্রকৃতি পর্যালোচনা করতঃ আলোচ্য গাইডেন্স নোটস এর নির্দেশনা ন্যূনতম মানদণ্ড বিবেচনায় নিজস্ব গাইডেন্স নোটস প্রণয়ন করে স্ব-স্ব বোর্ড অব ডিরেক্টর্স কর্তৃক অনুমোদনপূর্বক আগামী ৩০ সেপ্টেম্বর, ২০১১ তারিখের মধ্যে মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ, বাংলাদেশ ব্যাংক বরাবরে দাখিল করতে হবে এবং ৩১ ডিসেম্বর, ২০১১ তারিখের মধ্যে পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৫। ইতোমধ্যে বিষয়টি সকল পক্ষকে অবহিত করার পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : গাইডেন্স নোটস এর সফট কপির সিডি।

(দেবপ্রসাদ দেবনাথ)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৬৫৯

## মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

ওয়েবসাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

এ এম এল সার্কুলার নম্বর : ২৯

তারিখ : ১২ আশ্বিন, ১৪১৮  
২৭ সেপ্টেম্বর, ২০১১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কর্মরত সকল মানি চেঞ্জার প্রতিষ্ঠান

### **Guidance Notes on Anti Money Laundering and Combating Financing of Terrorism for Money Changers**

মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর ২(ঠ) ধারার বিধান মোতাবেক অন্যান্য প্রতিষ্ঠানের ন্যায় বাংলাদেশে কার্যক্রম পরিচালনাকারী সকল মানি চেঞ্জার প্রতিষ্ঠানকে রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং একই আইনের ২৫ ধারায় রিপোর্ট প্রদানকারী সংস্থার দায়-দায়িত্বের উল্লেখ রয়েছে। উক্ত আইনের ২৩ (১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গত ১৪ আগস্ট, ২০০৮ তারিখে অত্র বিভাগ হতে জারীকৃত এএমএল সার্কুলার নম্বর ২০ মারফত মানিলন্ডারিং প্রতিরোধে মানি চেঞ্জার প্রতিষ্ঠানগুলোর পরিপালনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। এদিকে মানি চেঞ্জার প্রতিষ্ঠানসমূহের ব্যবসার প্রকৃতি ও তাদেরকে ব্যবহার করে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন সংঘটনের ঝুঁকি বিবেচনায় মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর ২৩ (১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সকল মানি চেঞ্জার প্রতিষ্ঠানগুলোর জন্য পরিপালনীয় বিশদ নির্দেশনা হিসেবে 'Guidance Notes on Anti Money Laundering and Combating Financing of Terrorism for Money Changers' প্রণয়ন করা হয়েছে। এতদসঙ্গে সংযুক্ত গাইডেন্স নোটস্ এর কপি প্রয়োজনে বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইট (<http://www.bb.org.bd/mediaroom/circulars/circulars.php>) হতেও ডাউনলোড করা যাবে।

০৩। এছাড়াও মানি চেঞ্জারগুলো বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭ এবং বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ হতে সময়ে সময়ে জারীকৃত সার্কুলার / নির্দেশনা ও গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন্স এ বর্ণিত নির্দেশনা যথারীতি পরিপালন করবে।

০৪। এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে এবং অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : গাইডেন্স নোটস্ এর কপি।

(দেবপ্রসাদ দেবনাথ)  
মহাব্যবস্থাপক  
ফোন : ৭১২০৬৫৯



বিএফআইইউ সার্কুলার নং-১/২০১২

তারিখ : ১৭ মাঘ, ১৪১৮  
৩০ জানুয়ারি, ২০১২

সকল ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, বীমাকারী, মানিচেন্সার, অর্থ অথবা অর্থমূল্য প্রেরণকারী বা হানাতরকারী কোম্পানী বা প্রতিষ্ঠান, বাংলাদেশ ব্যাংকের অনুমতিহীন ব্যবসা পরিচালনাকারী প্রতিষ্ঠান, স্টক ডিলার ও স্টক ব্রোকার, পোর্ট ফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার, সিকিউরিটি কাস্টোডিয়ান, সম্পদ ব্যবস্থাপক, অ-লাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (NPO), বেসরকারী উন্নয়ন সংস্থা (NGO), সমবায় সমিতি, রিয়েল এস্টেট ডেভেলপার, মূল্যবান ধাতু বা পাথরের ব্যবসা প্রতিষ্ঠান, ট্রাস্ট ও কোম্পানী সেবা প্রদানকারী, আইনজীবী, নোটারী, অন্যান্য আইন পেশাজীবী এবং একাউন্টেন্ট।

প্রিয় মহোদয়গণ,

মানিলভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০১২ ও সন্ত্রাস বিরোধী (সংশোধন) অধ্যাদেশ, ২০১২।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক ৩ মাঘ, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ১৬ জানুয়ারি, ২০১২ খ্রিস্টাব্দ তারিখে মানিলভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০১২ (অধ্যাদেশ নং ০২, ২০১২) এবং ৪ মাঘ, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ১৭ জানুয়ারি, ২০১২ খ্রিস্টাব্দ তারিখে সন্ত্রাস বিরোধী (সংশোধন) অধ্যাদেশ, ২০১২ (অধ্যাদেশ নং ০৩, ২০১২) প্রণয়নপূর্বক অধ্যাদেশ দুটি ১৭ জানুয়ারি, ২০১২ তারিখে বাংলাদেশ গেজেটের (অতিরিক্ত সংখ্যা) মাধ্যমে জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হয়েছে। মানিলভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০১২ কার্যকর করার সঙ্গে সঙ্গে মানিলভারিং প্রতিরোধ আইন, ২০০৯ রহিত করা হয়েছে এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ আংশিক সংশোধনপূর্বক সন্ত্রাস বিরোধী (সংশোধন) অধ্যাদেশ, ২০১২ জারী করা হয়েছে। বাংলাদেশ গেজেটের (অতিরিক্ত সংখ্যা) মাধ্যমে জারীকৃত অধ্যাদেশ দুটির কপি সংশ্লিষ্ট সকলের সংগ্রহের নিমিত্তে বাংলাদেশ ব্যাংকের নিম্নবর্ণিত ওয়েবসাইটে আপলোড করা হয়েছেঃ

[www.bangladeshbank.org.bd/aboutus/regulationguideline/lawsacts.php](http://www.bangladeshbank.org.bd/aboutus/regulationguideline/lawsacts.php)

২. বর্ণিত অধ্যাদেশ দুটির নির্দেশনা পরিপালন নিশ্চিত করা এবং বিবরণি সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

৩. মানিলভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০১২ কার্যকর হওয়ার তারিখ হতে ২১ এপ্রিল, ২০০৯ তারিখে মানিলভারিং প্রতিরোধ বিভাগ কর্তৃক জারীকৃত এ.এম.এল. সার্কুলার নং-২১/২০০৯ বাতিল বলে গণ্য হবে।

৪. অনুমতপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(দেবপ্রসাদ দেবনাথ)

নবাববাহাদুর

ফোন : ৭১২০৬৫৯

প্রতিলিপি নং- বিএফআইইউ-১(৩)/২০১১-৪৫২

তারিখ : উল্লিখিত

অকাঙ্ক্ষিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো :-

১. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/সদরঘাট, ঢাকা/বরিশাল/রংপুর।
৩. গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. অর্থনৈতিক উপসেট্টা/নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
৮. মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএলআরএল ভবন, ১০ম তলা, ১২ কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
৯. চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস, ৪২, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।
১০. চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকার্স, বাংলাদেশ, ইন্টার কমার্শিয়াল কমপ্লেক্স, ৭৩, কাকরাইল, ঢাকা।
১১. চেয়ারম্যান, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, দিল্লিবাগ বা/এ, ঢাকা।
১২. চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ, মতিঝিল বা/এ, ঢাকা।

## বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

ওয়েবসাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

বিএফআইইউ সার্কুলার নম্বর : ২

০১ চৈত্র, ১৪১৮

তারিখ : ১৫ মার্চ, ২০১২

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা/প্রতিষ্ঠান প্রধান

সকল ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, বীমাকারী, মানি চেঞ্জার, অর্থ অথবা অর্থমূল্য প্রেরণকারী বা স্থানান্তরকারী কোম্পানী বা প্রতিষ্ঠান, বাংলাদেশ ব্যাংকের অনুমতিক্রমে ব্যবসা পরিচালনাকারী প্রতিষ্ঠান, স্টক ডিলার ও স্টক ব্রোকার, পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার, সিকিউরিটি কাস্টডিয়ান, সম্পদ ব্যবস্থাপক, অ-লাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (NPO), বেসরকারী উন্নয়ন সংস্থা (NGO), সমবায় সমিতি, রিয়েল এস্টেট ডেভেলপার, মূল্যবান ধাতু বা পাথরের ব্যবসা প্রতিষ্ঠান, ট্রাস্ট ও কোম্পানী সেবা প্রদানকারী, আইনজীবী, নোটারী, অন্যান্য আইন পেশাজীবী এবং একাউন্টেন্ট।

প্রিয় মহোদয়,

### মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ ও সন্ত্রাস বিরোধী (সংশোধন) আইন, ২০১২ প্রসঙ্গে।

মানিলভারিং ও সংশ্লিষ্ট অন্যান্য অপরাধ প্রতিরোধ এবং এর শাস্তির বিধানসহ আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে বিধান প্রণয়নের উদ্দেশ্যে মানিলভারিং প্রতিরোধ সংক্রান্ত বিদ্যমান আইন ও অধ্যাদেশ রহিতক্রমে প্রণীত মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ (২০১২ সনের ৫ নং আইন, তারিখ ২০ ফেব্রুয়ারি, ২০১২/৮ ফাল্গুন, ১৪১৮) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ সংশোধনের নিমিত্তে প্রণীত সন্ত্রাস বিরোধী (সংশোধন) আইন, ২০১২ (২০১২ সনের ৬ নং আইন, তারিখ ২০ ফেব্রুয়ারি, ২০১২/৮ ফাল্গুন, ১৪১৮) এর বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির সম্মতির সূত্রে সর্বসাধারণের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করা হয়েছে। উক্ত আইন দুটি বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে, যা নিম্নবর্ণিত ওয়েবলিংক হতে ডাইনলোড করা যাবেঃ

[www.bangladeshbank.org.bd/aboutus/regulationguideline/lawsnacts.php](http://www.bangladeshbank.org.bd/aboutus/regulationguideline/lawsnacts.php)

০২। বর্ণিত আইন দুটি সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনয়ন করা এবং আইন দুটির বিধানসমূহের পরিপালন নিশ্চিত করার জন্য আপনাদেরকে নির্দেশ প্রদান করা যাচ্ছে।

০৩। গত ৩০ জানুয়ারি, ২০১২ তারিখে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট হতে জারীকৃত মানিলভারিং প্রতিরোধ অধ্যাদেশ, ২০১২ ও সন্ত্রাস বিরোধী (সংশোধন) অধ্যাদেশ, ২০১২ বিষয়ক বিএফআইইউ সার্কুলার নং-১/২০১২ এতদসঙ্গে বাতিল বলে গণ্য হবে।

০৪। মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধের নিমিত্তে বাংলাদেশ ব্যাংক হতে ইতোপূর্বে জারীকৃত সার্কুলার ও সার্কুলার লেটারসমূহ (প্রযোজ্য ক্ষেত্রে) মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৩(১)(ঘ) ধারায় এবং/বা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ ও তদসঙ্গে পঠিতব্য সন্ত্রাস বিরোধী (সংশোধন) আইন, ২০১২ এর ১৫(১)(জ) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে জারীকৃত মর্মে গণ্য হবে।

০৫। অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(দেবপ্রসাদ দেবনাথ)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৬৫৯

তারিখ : উল্লিখিত

প্রতিলিপি নং- বিএফআইইউ-২/২০১২-৯৯৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :-

১. ব্যক্তিগত সহকারী, চেয়ারম্যান, বাংলাদেশ বার কাউন্সিল, বার কাউন্সিল ভবন, ঢাকা।
২. ব্যক্তিগত সহকারী, সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
৪. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৫. মহাপরিচালক, সমাজ সেবা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৬. মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা।
৭. এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোফ্রেডিট রেগুলেটরী অথরিটি, ঢাকা।
৮. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, মতিঝিল, ঢাকা।
৯. চেয়ারম্যান, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, দিলকুশা, ঢাকা।
১০. চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ, মতিঝিল বা/এ, ঢাকা।
১১. প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্টেন্টস অব বাংলাদেশ, কাওরান বাজার, ঢাকা।
১২. প্রেসিডেন্ট, দি ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্টস অব বাংলাদেশ, নীলক্ষেত, ঢাকা।
১৩. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৪. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/সদরঘাট, ঢাকা/বরিশাল/রংপুর।
১৫. গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৬. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৭. মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২ কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
১৮. চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস, ৪২, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।
১৯. চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকার্স, বাংলাদেশ লিমিটেড, ইস্টার্ন কমার্শিয়াল কমপ্লেক্স, ৭৩ কাকরাইল, ঢাকা।

(কামাল হোসেন)

উপ-পরিচালক

ফোন : ৭১২৬১০১-১৪/২৪৮২



বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

ওয়েবসাইট: [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

বিএফআইইউ সার্কুলার লেটার নং- ০৩/২০১২

তারিখ : ২৫ আশ্বিন, ১৪১৯  
১০ অক্টোবর, ২০১২

প্রধান নির্বাহী কর্মকর্তা,  
সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ সালের সংশোধনসহ) এর  
২(২০) ধারায় অন্তর্ভুক্ত সকল রিপোর্ট প্রদানকারী সংস্থা।

প্রিয় মহোদয়,

জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলুশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের  
হিসাব অবরুদ্ধকরণ ও অন্যান্য বিষয়ে অনুসরণীয় নির্দেশাবলী।

জাতিসংঘের সদস্য দেশ হিসেবে জাতিসংঘ চার্টারের চ্যাপ্টার-৭ এর আওতায় নিরাপত্তা পরিষদ কর্তৃক গৃহীত রেজুলুশনগুলোর নির্দেশনাসমূহ পরিপালনের ক্ষেত্রে বাংলাদেশের বাধ্যবাধকতা রয়েছে। এছাড়া সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ সালের সংশোধনসহ) এর ধারা ১৫(৩) ও ১৭(৬) এর আওতায় জাতিসংঘের নিরাপত্তা পরিষদ রেজুলুশন ১২৬৭ ও এর অনুগামী রেজুলুশনসমূহ এবং অন্যান্য রেজুলুশনের নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন এবং এগুলোর আওতায় তালিকাভুক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গ অথবা প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের নামে অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন/স্বার্থ সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠানের নামে কোন হিসাব/লেনদেন পরিচালিত হলে তা অবিলম্বে অবরুদ্ধ করার নির্দেশনা বলবৎ রয়েছে।

সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ সালের সংশোধনসহ) এর ১৫(১)(জ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ আইনের ২(২০) ধারায় অন্তর্ভুক্ত সকল রিপোর্ট প্রদানকারী সংস্থার জন্য নিম্নবর্ণিত অনুসরণীয় নির্দেশনাসমূহ জারী করা হলোঃ

১। জাতিসংঘ নিরাপত্তা পরিষদ কর্তৃক গৃহীত রেজুলুশন ১২৬৭ (১৯৯৯) ও এর অনুগামী রেজুলুশনসমূহ এবং অন্যান্য রেজুলুশনের নির্দেশনাসমূহ পরিপালন, এবং এ সকল রেজুলুশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গ অথবা প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের নামে অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন/স্বার্থ সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠানের নামে কোন হিসাব/লেনদেন পরিচালিত হলে তা অবিলম্বে অবরুদ্ধকরণঃ অত্র ইউনিটকে অবহিত করতে হবে।

২। জাতিসংঘ নিরাপত্তা পরিষদ কর্তৃক গৃহীত রেজুলুশন ১৩৭৩ (২০০১) এর ভিত্তিতে বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গ অথবা প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের নামে অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন/স্বার্থ সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠানের নামে কোন হিসাব/লেনদেন পরিচালিত হলে তা অবিলম্বে অবরুদ্ধকরণঃ অত্র ইউনিটকে অবহিত করতে হবে।

৩। জাতিসংঘ চার্টারের চ্যাপ্টার-৭ এর আওতায় নিরাপত্তা পরিষদ কর্তৃক গৃহীত 'Resolutions relating to the prevention, suppression and disruption of proliferation of weapons of mass destruction and its financing' এর আওতায় তালিকাভুক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গ অথবা প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের নামে বা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন/স্বার্থ সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠানের নামে কোন হিসাব/লেনদেন পরিচালিত হলে তা অবিলম্বে অবরুদ্ধকরণঃ অত্র ইউনিটকে অবহিত করতে হবে।

৪। উল্লেখ্য যে, জাতিসংঘের ওয়েবসাইট (<http://www.un.org/sc/committees/index.shtml>) হতে উল্লিখিত রেজুলুশনগুলোর আওতায় প্রণীত তালিকা নিজ উদ্যোগে সময় সময় সংগ্রহপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করতে হবে।

উপর্যুক্ত নির্দেশনাসমূহের যথাযথ পরিপালন নিশ্চিত করার নিমিত্তে আপনাদের প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকল পক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(দেবপ্রসাদ দেবনাথ)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১১৮

প্রতিলিপি নং- বিএফআইইউ (পলিসি)-৪/২০১২-২০৮

তারিখ : উল্লিখিত

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো :-

১. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম।
৩. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/সদরঘাট, ঢাকা/বরিশাল/রংপুর।
৪. গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. নির্বাহী পরিচালক মহোদয়গণ/অর্থনৈতিক উপদেষ্টা মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
৯. মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২ কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।



(মোহাম্মদ আবদুর রব)

উপ পরিচালক

ফোন : ৯৫৩০০১০-৭৫/২৪৮৯

ই-মেইল : [abdur.rab@bb.org.bd](mailto:abdur.rab@bb.org.bd)



বিএফআইইউ সার্কুলার নম্বর : ০৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

**Guidance Notes on Prevention of Money Laundering  
and Terrorist Financing জারীকরণ প্রসংগে।**

প্রিয় মহোদয়,

মানিলাভারিং প্রতিরোধ আইন, ২০১২ ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ সালের সংশোধনসহ) এর বিধান মোতাবেক অন্যান্য প্রতিষ্ঠানের নয় মানিলাভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(হু) ধারায় সংজ্ঞায়িত প্রতিষ্ঠান) রিপোর্ট বাংলাদেশে কার্যক্রম পরিচালনাকারী সকল আর্থিক প্রতিষ্ঠান (মানিলাভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(হু) ধারায় সংজ্ঞায়িত প্রতিষ্ঠান) রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে অন্তর্ভুক্ত। ইতোপূর্বে জারীকৃত মানিলাভারিং প্রতিরোধ আইন, ২০০২ ও ২০০৯ এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এ আর্থিক প্রতিষ্ঠানসমূহ রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে অন্তর্ভুক্ত ছিল। উক্ত আইনে প্রদত্ত ক্ষমতা বলে মানিলাভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধের নিমিত্তে বাংলাদেশ ব্যাংক কর্তৃক আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিপালনের জন্য সময় সময় বিভিন্ন সার্কুলার ও সার্কুলার লেটার জারী করা হয়েছে।

০২। আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবসার ব্যাপ্তি ও প্রকৃতি, কার্যক্রম পরিচালনার আইনী কাঠামো ইত্যাদি বিবেচনায় এ সকল প্রতিষ্ঠানের মাধ্যমে মানিলাভারিং ও সন্ত্রাসে অর্থায়ন সংঘটিত হওয়ার ঝুঁকি মোকাবেলায় আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য 'Guidance Notes on Prevention of Money Laundering and Terrorist Financing' শীর্ষক গাইডেন্স নোটস প্রণয়ন করা হয়েছে যা মানিলাভারিং প্রতিরোধ আইন, ২০১২ ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ সালের সংশোধনসহ) এর যথাক্রমে ২৩ (ব) এবং ১৫ (জ) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে জারী করা হলো। উক্ত গাইডেন্স নোটস বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইট (<http://www.bb.org.bd/mediaroom/circulars/circulars.php>) হতে ডাউনলোড করা যাবে।

০৩। আর্থিক প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে মানিলাভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধের নিমিত্তে সকল আর্থিক প্রতিষ্ঠান নিজ নিজ ব্যবসার ক্ষেত্র, ব্যাপ্তি ও প্রকৃতি পর্যালোচনাকরতঃ আলোচ্য গাইডেন্স নোটস এর নির্দেশনা ন্যূনতম মানদণ্ড বিবেচনায় নিজস্ব গাইডেন্স নোটস প্রণয়ন করে স্ব-স্ব পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদনপূর্বক অগামী ৩১ অক্টোবর, ২০১২ তারিখের মধ্যে অত্র ইউনিটে দাখিল করবে এবং অগামী ৩০ ডিসেম্বর, ২০১২ তারিখের মধ্যে পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৪। ইতিবসরে বিষয়টি সকল পক্ষকে অবহিত করবেন।

(দেবপ্রসাদ দেবনাথ)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১১৮

তারিখ : উদ্ধৃতিত

প্রতিলিপি নং- বিএফআইইউ-১/১/২০১২-১০

অকৃতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো :-

১. নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম।
২. নির্বাহী পরিচালক, গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/সদরঘাট, ঢাকা/বরিশাল/রংপুর।
৫. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. ডেপুটি গভর্নর মহোদয়ের সাথে সংযুক্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. অর্থনৈতিক উপদেষ্টা/নির্বাহী পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ ইনসিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
৯. মহাসচিব, দি ইনসিটিউট অব ব্যাংকিং বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
১০. চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকস, ৪২, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।
১১. চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকিং, বাংলাদেশ, ইন্টারন্যাশনাল কমপ্লেক্স, ৭৩, কাকরাইল, ঢাকা।
১২. চেয়ারম্যান, বাংলাদেশ লীজিং এন্ড ফিন্যান্স কোম্পানীজ এসোসিয়েশন, ৬৩, দিল্লী বা/এ (৪র্থ তলা), ঢাকা-১০০০।
১৩. ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল তফসিলী ব্যাংক।
১৪. ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল আর্থিক প্রতিষ্ঠান।

(কামাল হোসেন)

উপ-পরিচালক

ফোন : ৯৫৩০১০-৭৫/২৪৮২

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা

বিএফআইইউ সার্কুলার নং- ০৫

তারিখ : ২৮/০৮/ ১৪১৯ বঙ্গাব্দ  
১২/১২/২০১২ খ্রিষ্টাব্দ

**প্রধান নির্বাহী**

সব তফসিলি ব্যাংক ও অর্থ বা অর্থমূল্য প্রেরণকারী বা হস্তান্তরকারী প্রতিষ্ঠান/মোবাইল ব্যাংকিং কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহ।

প্রিয় মহোদয়,

**আন্তঃদেশীয় ও অভ্যন্তরীণ অয়্যার ট্রান্সফার (Wire Transfer) এর ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশাবলী।**

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৩ ধারা ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ এর সংশোধনসহ) এর ১৫ ধারায় মানি লভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থ যোগান প্রতিরোধকল্পে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউট (বিএফআইইউ), বাংলাদেশ ব্যাংককে প্রদত্ত ক্ষমতাবলে অভ্যন্তরীণ ও আন্তঃদেশীয় অয়্যার ট্রান্সফার কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সব তফসিলি ব্যাংক এবং অর্থ বা অর্থমূল্য প্রেরণকারী বা হস্তান্তরকারী প্রতিষ্ঠান/মোবাইল ব্যাংকিং কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহের পরিপালনের জন্য নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ জারী করা হ'ল :

**ক. সংজ্ঞা**

এ সার্কুলারের বিভিন্ন দফা ব্যাখ্যার ক্ষেত্রে নিম্নোক্ত সংজ্ঞাসমূহ প্রযোজ্য হবে :

- ১) “অয়্যার ট্রান্সফার (Wire transfer)” বলতে এমন আর্থিক লেনদেনকে বুঝাবে যাতে কোন আবেদনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুরোধে কোন ব্যাংক/প্রতিষ্ঠান ইলেক্ট্রনিক মাধ্যম (সুইফট/অন্যবিধ) ব্যবহার করে অপর কোন ব্যাংক/প্রতিষ্ঠান অথবা ব্যাংক/প্রতিষ্ঠানের (অর্থ বা অর্থমূল্য প্রেরণ বা হস্তান্তর কার্যক্রমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/মোবাইল ব্যাংকিং এবং উক্ত প্রতিষ্ঠানের নিয়োগকৃত এজেন্ট) শাখার সহায়তায় প্রাপক/বেনিফিশিয়ারীকে (ব্যক্তি বা প্রতিষ্ঠান) অর্থ প্রদান করে।
- ২) “আন্তঃদেশীয় অয়্যার ট্রান্সফার (Cross-border wire transfer)” বলতে এরূপ আর্থিক লেনদেনকে বুঝাবে যে ক্ষেত্রে আবেদনকারী এবং বেনিফিশিয়ারী ভিন্ন ভিন্ন দেশে অবস্থান করে। তাছাড়া পরস্পর সম্পর্কযুক্ত একাধিক ট্রান্সফারের ক্ষেত্রে ন্যূনপক্ষে একটি লেনদেন দেশের বাইরে সম্পাদিত হলে তাও আন্তঃদেশীয় অয়্যার ট্রান্সফার মর্মে গণ্য হবে।
- ৩) “অভ্যন্তরীণ অয়্যার ট্রান্সফার (Domestic wire transfer)” বলতে এরূপ লেনদেনকে বুঝাবে যেক্ষেত্রে আবেদনকারী ও বেনিফিশিয়ারী একই দেশে অবস্থান করে। এক্ষেত্রে পরস্পর সম্পর্কযুক্ত একাধিক ট্রান্সফারে ব্যবহৃত প্রক্রিয়া অন্য কোন দেশে সম্পন্ন হলেও তা অভ্যন্তরীণ অয়্যার ট্রান্সফার মর্মে গণ্য হবে।
- ৪) “আবেদনকারী (Applicant/originator)” বলতে এমন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে (হিসাব ধারক কিংবা হিসাব ধারক নন) বুঝাবে যার অনুরোধের সূত্রে সংশ্লিষ্ট ব্যাংক/প্রতিষ্ঠান বর্ণিত অয়্যার ট্রান্সফার কার্য সম্পাদন করে।
- ৫) “বেনিফিশিয়ারী (Beneficiary)” বলতে এমন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে (হিসাব ধারক কিংবা হিসাব ধারক নন) বুঝাবে যার অনুকূলে অর্থ প্রেরণ করা হয়।
- ৬) “পূর্ণাঙ্গ (Full)” বলতে আবেদনকারী বা বেনিফিশিয়ারীর পরিচিতি যাচাইকল্পে প্রয়োজনীয় সকল তথ্যের সন্নিবেশকে বুঝাবে। উদাহরণস্বরূপঃ আবেদনকারী/বেনিফিশিয়ারীর নাম ও বিস্তারিত ঠিকানা, ব্যাংক হিসাব নম্বর (যদি থাকে), জাতীয় পরিচয়পত্র/নিবন্ধন পত্র/গ্রহণযোগ্য পরিচিতিমূলক ছবিযুক্ত আইডি কার্ড ইত্যাদি।
- ৭) “সঠিক (Accurate)” বলতে উপরের (৬) দফায় বর্ণিত এরূপ তথ্যকে বুঝাবে যার সঠিকতা যাচাই করা হয়েছে।
- ৮) “অর্থবহ (Meaningful)” বলতে উপরের (৬) দফায় বর্ণিত এরূপ তথ্যকে বুঝাবে যা বাহ্যত বা আপাতঃ বিবেচনায় যথাযথ মর্মে প্রতীয়মান হওয়ার যুক্তিসঙ্গত কারণ আছে।



খ. ব্যাংক/অর্থ বা অর্থমূল্য প্রেরণকারী বা হস্তান্তরকারী প্রতিষ্ঠান/মোবাইল ব্যাংকিং কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানকে সকল ধরনের অ্যায়ার ট্রান্সফারের ক্ষেত্রে নিম্নোক্ত তথ্যাবলী গ্রহণ নিশ্চিত করতে হবে :

১) আন্তঃদেশীয় অ্যায়ার ট্রান্সফার :

- i) সাধারণ বা বিশেষ অনুমতির আওতায় অন্যান্য ১০০০ (এক হাজার) মার্কিন ডলার বা সমতুল্য পরিমাণ বৈদেশিক মুদ্রায় আন্তঃদেশীয় অ্যায়ার ট্রান্সফারের ক্ষেত্রে আবেদনকারীর পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য সংগ্রহ করতে হবে। এছাড়াও বর্ণিত সীমার নীচের লেনদেনসমূহের ক্ষেত্রে আবেদনকারীর পূর্ণাঙ্গ ও অর্থবহ তথ্য সংরক্ষণ করতে হবে।
- ii) আন্তঃদেশীয় অ্যায়ার ট্রান্সফারের অর্থ বেনিফিশিয়ারীকে প্রদানের ক্ষেত্রে বেনিফিশিয়ারী সম্পর্কিত অর্থবহ তথ্য সংরক্ষণ করতে হবে।

২) অভ্যন্তরীণ অ্যায়ার ট্রান্সফার :

- i) অন্যান্য ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা অভ্যন্তরীণ অ্যায়ার ট্রান্সফারের ক্ষেত্রে আবেদনকারীর পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য এবং বর্ণিত সীমার নীচের লেনদেনসমূহের ক্ষেত্রে আবেদনকারীর পূর্ণাঙ্গ ও অর্থবহ তথ্য সংরক্ষণ করতে হবে। এছাড়াও অভ্যন্তরীণ অ্যায়ার ট্রান্সফারের অর্থ বেনিফিশিয়ারীকে প্রদানের ক্ষেত্রে বেনিফিশিয়ারী সম্পর্কিত অর্থবহ তথ্য সংরক্ষণ করতে হবে।
- ii) মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী ব্যাংক/প্রতিষ্ঠান উপরোক্ত নির্দেশনার অতিরিক্ত পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে সরবরাহকৃত KYC Format ব্যবহার করবে।
- iii) ডেবিট বা ক্রেডিট কার্ড ব্যবহার করে অ্যায়ার ট্রান্সফারের ক্ষেত্রে (পণ্য ও সেবা ক্রয় ব্যতীত) পরিশোধ সংক্রান্ত ইন্সট্রাকশন/বার্তায় উপরের খ (২)(i) এর অনুরূপ তথ্য সংরক্ষণ করতে হবে।
- iv) যে ক্ষেত্রে একক আবেদনকারী কর্তৃক একাধিক লেনদেনের মাধ্যমে একাধিক বেনিফিশিয়ারীর অনুকূলে অর্থ প্রেরণের নির্দেশনা পুঞ্জীভূত করে গুচ্ছাকারে (ব্যাচ) পাঠানো হয় সেক্ষেত্রে প্রতিটি লেনদেনে আবেদনকারীর পূর্ণাঙ্গ তথ্য গ্রহণ বাধ্যতামূলক নয়।
- v) সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের অনুকূলে অ্যায়ার ট্রান্সফারের ক্ষেত্রে উপরোক্ত নির্দেশনার পরিপালন বাধ্যতামূলক নয়। এছাড়াও আন্তঃব্যাংক লেনদেন (অর্থাৎ যেখানে আবেদনকারী ও বেনিফিশিয়ারী উভয় পক্ষই কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান) কার্যক্রমের ক্ষেত্রে উপরের খ (২)(i) দফায় বর্ণিত নির্দেশনা পরিপালন অব্যাহতিযোগ্য বিবেচিত হবে।

গ. রিপোর্টিংঃ

- ১) যদি অ্যায়ার ট্রান্সফার সংক্রান্ত লেনদেনের আবেদনকারী (ব্যক্তি/প্রতিষ্ঠান) কিংবা সংশ্লিষ্ট বেনিফিশিয়ারী জাতিসংঘের Sanction তালিকাভুক্ত<sup>১</sup> বা বাংলাদেশের Sanction তালিকাভুক্ত<sup>২</sup> কোন ব্যক্তি/প্রতিষ্ঠান হয় অথবা এতদসংশ্লিষ্ট অর্থ মানিভারিং/সম্রাসী কর্মকাণ্ডে ব্যবহৃত হতে পারে মর্মে সন্দেহ করার যুক্তিসঙ্গত কারণ থাকে, তবে সংশ্লিষ্ট ব্যাংক/প্রতিষ্ঠান সংযুক্ত ছকে (সংযোজনী-১) অবিলম্বে মহাব্যবস্থাপক, বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ), বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা বরাবরে “সন্দেহজনক লেনদেন রিপোর্ট” প্রেরণ করবে।
- ২) সন্দেহজনক লেনদেন সনাক্তকরণের জন্য কতিপয় নির্দেশকের (সন্দেহের ক্ষেত্র উক্ত তালিকার বাইরেও বিস্তৃত হতে পারে) একটি তালিকা (সংযোজনী-২) দেওয়া হলো। সন্দেহজনক লেনদেন রিপোর্ট করার ক্ষেত্রে সংযুক্ত তালিকায় উল্লিখিত নির্দেশকসহ পূর্ববর্তী গ (১) অনুচ্ছেদে বর্ণিত বিষয়াবলীও বিবেচ্য হবে।
- ৩) সন্দেহজনক লেনদেন সনাক্তকরণের জন্য এতদসংশ্লিষ্ট ব্যাংক/প্রতিষ্ঠান অবিলম্বে একটি কার্যকর লেনদেন মনিটরিং ব্যবস্থা (প্রয়োজনে IT based Automated system) প্রবর্তন করবে।

ঘ. অন্যান্য নির্দেশনাঃ

- ১) অর্থ বা অর্থমূল্য প্রেরণকারী বা হস্তান্তরকারী প্রতিষ্ঠান/মোবাইল ব্যাংকিং কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহকে তাদের এজেন্ট/ক্যাশ পয়েন্ট নির্বাচনের পূর্বে এসব এজেন্ট/ক্যাশ পয়েন্টের যথাযথ

<sup>১</sup> জাতিসংঘের Sanction তালিকা ভুক্ত বলতে মূলতঃ জাতিসংঘের নিরাপত্তা পরিষদের রেজুলেশন নম্বর-১২৬৭ ও ১৩৭৩ এবং এর আনুষঙ্গিক অন্যান্য রেজুলেশনে বর্ণিত তালিকা বোঝাবে। এই তালিকাসমূহ - [www.un.org/sc/committees/1267/consolist.shtml](http://www.un.org/sc/committees/1267/consolist.shtml) এ পাওয়া যাবে।

<sup>২</sup> বাংলাদেশের Sanction তালিকা ভুক্ত বলতে মূলতঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে প্রকাশিত নিষিদ্ধ ব্যক্তি/সংগঠনের তালিকা বোঝাবে।

যাচাই/বাছাই প্রক্রিয়া (Screening Mechanism) অনুসরণ করতে হবে যাতে এ সমস্ত এজেন্ট/ক্যাশ পয়েন্টের কারনে উদ্ভূত মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন বিষয়ক ঝুঁকি হ্রাস পায়। এক্ষেত্রে ক্যাশ পয়েন্ট/এজেন্ট কর্তৃক মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন বিষয়ক কার্যক্রমের জন্য সংশ্লিষ্ট সেবাদানকারী প্রতিষ্ঠানসমূহ সমভাবে দায়ী থাকবে।

- ২) অর্থ বা অর্থমূল্য প্রেরণকারী বা হস্তান্তরকারী প্রতিষ্ঠান/মোবাইল ব্যাংকিং কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহ তাদের এজেন্টদের হালনাগাদ তালিকা (যদি থাকে) ওয়েবসাইটে প্রকাশ করবে।
- ৩) মোবাইল ব্যাংকিং কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহ তাদের ক্যাশ পয়েন্ট/এজেন্টদের এতদসংক্রান্ত নির্দেশনা পরিপালন অবস্থা যাচাইয়ের নিমিত্তে বার্ষিক ভিত্তিতে ন্যূনতম ৫% ক্যাশ পয়েন্ট/এজেন্টদের উপর নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করবে। এ বিষয়ে প্রতি বছরের জানুয়ারি মাসে পূর্ববর্তী বছরের নিরীক্ষায় প্রাপ্ত অনিয়মের বিবরণ সম্বলিত একটি সার-সংক্ষেপ বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট, বাংলাদেশ ব্যাংক বরাবরে প্রেরণ করবে।
- ৪) মোবাইল ব্যাংকিং কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহ মোবাইল ব্যাংকিং সেবা গ্রহণকারীর সম্পূর্ণ রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পাদন ও অনুমোদনের পরেই কেবলমাত্র লেনদেন সম্পন্ন করতে পারবে। তবে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পাদনের পর শুধুমাত্র cash in করা যাবে; cash out করা যাবে না।
- ৫) মোবাইল ব্যাংকিং কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানসমূহ তাদের ক্যাশ পয়েন্ট/এজেন্টদের জন্য নিয়মিত মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচী আয়োজন করবে।
- ৬) এতদসংশ্লিষ্ট ব্যাংক/প্রতিষ্ঠান উপরের অনুচ্ছেদসমূহে বর্ণিত আবেদনকারী/বেনিফিশিয়ারী এবং লেনদেন সংক্রান্ত তথ্যাদি মানি লভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৫ ধারা অনুসারে ৫(পাঁচ) বছর সংরক্ষণ করবে। সংরক্ষিত তথ্যাদি বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট এর চাহিদার প্রেক্ষিতে অবিলম্বে সরবরাহ করতে হবে।
- ৭) ৳ ১,০০০/- (এক হাজার) বা এর নীচের অংকের লেনদেনের ক্ষেত্রে KYC Requirement অব্যাহতিযোগ্য হবে।
- ৮) মোবাইল ব্যাংকিং কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠান ও ক্যাশ পয়েন্ট/এজেন্টদের মধ্যে সন্দেহজনক লেনদেনের বিষয়ে অভ্যন্তরীণ রিপোর্টিং ব্যবস্থা চালু করতে হবে।
- ৯) এতদসংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনাকালে সংশ্লিষ্ট সব পক্ষকে আবশ্যিকভাবে বৈদেশিক মুদ্রা লেনদেন সংক্রান্ত বিধানাবলী, পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট কর্তৃক ইস্যুকৃত নির্দেশনা, এ ইউনিট কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা এবং এ সম্পর্কিত সব আইন বা বিধিবিধান যথারীতি অনুসরণ করতে হবে।

#### ঙ. অর্ডারিং, ইন্টারমিডিয়াস্ট্রী ও বেনিফিশিয়ারী ব্যাংক/প্রতিষ্ঠানের করণীয়ঃ

##### **১) অর্ডারিং ব্যাংক/প্রতিষ্ঠান :**

অর্ডারিং ব্যাংক/প্রতিষ্ঠানকে অবশ্যই অয়্যার ট্রান্সফার সংক্রান্ত লেনদেনের ক্ষেত্রে আবেদনকারীর সঠিক এবং পূর্ণাঙ্গ তথ্য নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে আবেদনকারী প্রদত্ত তথ্যের যথার্থতা অবশ্যই যাচাই করতে হবে এবং এসব তথ্য লেনদেন সম্পন্ন হবার পর ন্যূনতম ০৫ (পাঁচ) বছর সংরক্ষণ করতে হবে।

##### **২) ইন্টারমিডিয়াস্ট্রী ব্যাংক/প্রতিষ্ঠান :**

আন্তঃদেশীয় এবং অভ্যন্তরীণ উভয় ক্ষেত্রে কোন ব্যাংক/প্রতিষ্ঠানকে চেইন অয়্যার ট্রান্সফারের ইন্টারমিডিয়াস্ট্রী হিসেবে কার্য সম্পাদনকালে আবেদনকারী সম্পর্কিত তথ্যাদি সংরক্ষণ নিশ্চিত করতে হবে। অর্ডারিং ব্যাংক/প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য ইন্টারমিডিয়াস্ট্রী ব্যাংক/প্রতিষ্ঠানকে ন্যূনপক্ষে ০৫ (পাঁচ) বছর সংরক্ষণ করতে হবে।

##### **৩) বেনিফিশিয়ারী ব্যাংক/প্রতিষ্ঠান :**

অয়্যার ট্রান্সফার সংক্রান্ত লেনদেন কার্যক্রমে জড়িত বেনিফিশিয়ারী ব্যাংক/প্রতিষ্ঠানকে আবেদনকারীর পূর্ণাঙ্গ তথ্যের কোন ঘাটতি আছে কি না তা যাচাই করার জন্য একটি ঝুঁকিভিত্তিক পদ্ধতির প্রবর্তন

করতে হবে। অয়ার ট্রান্সফার সংক্রান্ত লেনদেনে আবেদনকারীর পূর্ণাঙ্গ তথ্যের কোন ঘাটতি পরিলক্ষিত হলে বিষয়টি সন্দেহজনক কি-না এবং ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটে রিপোর্টযোগ্য কি-না তা বিবেচনা করতে হবে। আবেদনকারীর পূর্ণাঙ্গ তথ্যের ঘাটতির ক্ষেত্রে প্রয়োজনবোধে সংশ্লিষ্ট পক্ষসমূহ পারস্পরিক ভিত্তিতে যোগাযোগ করে বা অন্যান্য সূত্র ব্যবহার করে তথ্য সংগ্রহ করে বিষয়টি সম্পর্কে নিশ্চিত হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে সন্দেহজনক লেনদেন রিপোর্ট দাখিল করবে।

অপরদিকে সংশ্লিষ্ট প্রাপক/বেনিফিশিয়ারীকে অর্থ পরিশোধের সময় বেনিফিশিয়ারী ব্যাংক/প্রতিষ্ঠানকে প্রাপক/ বেনিফিশিয়ারীর পরিচিতিমূলক তথ্য সংগ্রহ ও সংশ্লিষ্ট তথ্য ন্যূনপক্ষে ০৫ (পাঁচ) বছর সংরক্ষণ নিশ্চিত করতে হবে।

অনুগ্রহপূর্বক এ সার্কুলারের প্রাপ্তি স্বীকার করবেন এবং সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

(দেবপ্রসাদ দেবনাথ)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১১৮

প্রতিলিপি নং- বিএফআইইউ (পলিসি) ০৩/২০১২-

তারিখ : উল্লিখিত

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো :-

১. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল,  
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/সদরঘাট, ঢাকা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৩. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. অর্থনৈতিক উপদেষ্টা/নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
৭. মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
৮. চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকার্স, ৪২, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।
৯. চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকার্স, বাংলাদেশ, ইস্টার্ন কমার্শিয়াল কমপ্লেক্স, ৭৩, কাকরাইল, ঢাকা।
১০. প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল তফসিলী ব্যাংক ও সকল আর্থিক প্রতিষ্ঠান, বীমা প্রতিষ্ঠান/স্টক ডিলার, ব্রোকার, মার্চেন্ট ব্যাংকার/এনজিও/এনপিও।
১১. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস।
১২. প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক/কান্ট্রি হেড, সব মানি রেমিটার/মানি ট্রান্সফার কোম্পানী।
১৩. পোস্ট মাস্টার জেনারেল, জিপিও, ঢাকা।
১৪. প্রধান, বৈদেশিক রেমিট্যান্স/পোস্টাল অর্ডার ডিভিশন, জিপিও, ঢাকা।

স্বাক্ষরিত/-

(মোঃ মাসুদ রানা)

উপ পরিচালক

ফোন : ৯৫৩০০১০-৭৫/২৪৬২

## SUSPICIOUS TRANSACTION REPORT (STR)

(WIRE TRANSFER)

### A. Reporting Institution :

1. Name of the Institution:
2. Name of the Branch/Agent:

### B. Details of Report:

1. Date of sending report:
2. Is this the addition of an earlier report? Yes ☐ No ☐
3. If yes, mention the date of previous report

### C. Suspect Details :

1. Name:
2. Address:
3. Profession/Business:
4. Nationality/Ownership status:
5. Father's name/ Proprietor's name:
6. Mother's Name (where necessary):
7. Date of birth (where necessary):
8. Contact: Mobile No/Email.
9. Any other important Information:

### D. Reasons for considering the transaction(s) as unusual/suspicious?

*(Mention summary of suspicion and consequence of events)  
(Use separate sheet, if needed)*

### E. List of Documents attached with the report

Signature :  
(Authorized officer)  
Name :  
Designation :  
Phone :  
Date :

সন্দেহজনক লেনদেন সনাক্তকরণের সম্ভাব্য নির্দেশক তালিকা।

১. লেনদেনের ক্ষেত্রে লেনদেনের ধরন যদি স্বাভাবিক নিয়মের ব্যত্যয় মর্মে প্রতীয়মান হয়।
২. অনুরোধকারীর KYC প্রোফাইলে বর্ণিত তথ্যের সাথে সংশ্লিষ্ট লেনদেন সামঞ্জস্যপূর্ণ না হওয়া।
৩. অনুরোধকারী কর্তৃক ভিন্ন ভিন্ন লেনদেনের ক্ষেত্রে ভিন্ন ভিন্ন পরিচিতি প্রদান করা।
৪. একই দিনে একজন অনুরোধকারী কর্তৃক ভিন্ন ভিন্ন শাখায় ছোট ছোট লেনদেন অথবা একই শাখা হতে ভিন্ন ভিন্ন লেনদেন সম্পন্ন করা।
৫. লেনদেনের পরিমান, সংখ্যা, বেনিফিশিয়ারীর তথ্য ইত্যাদিতে হঠাৎ অসামঞ্জস্য পরিলক্ষিত হওয়া।
৬. ভিন্ন ভিন্ন ব্যক্তি/দেশ হতে একই বেনিফিশিয়ারীর অনুকূলে Wire Transfer সম্পন্ন হওয়া; যার যৌক্তিকতা পাওয়া যাচ্ছেনা।
৭. অনুরোধকারী কর্তৃক দুর্বল মানি লভারিং ও টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রতিরোধ নীতিমালা সম্বলিত দেশে প্রায়শঃই অর্থ প্রেরণ।
৮. অনুরোধকারী কর্তৃক ছোট ছোট পরিমানের অধিকসংখ্যক Wire Transfer বিভিন্ন বেনিফিশিয়ারীর অনুকূলে সম্পন্ন করা।

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্সটিটিউট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা

ওয়েবসাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

বিএফআইইউ সার্কুলার নং- ০৬/২০১২

তারিখ : ১৬/০৯/১৪১৯ বঙ্গাব্দ  
৩০/১২/২০১২ খ্রিস্টাব্দ

প্রধান নির্বাহী

সকল স্টক ডিলার ও স্টক ব্রোকার, পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার, সিকিউরিটিজ কাস্টডিয়ান ও সম্পদ ব্যবস্থাপক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ এর সংশোধনসহ)  
এর বিধানাবলী পরিপালনে পুঁজি বাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক অনুসরণীয় নির্দেশাবলী।

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর ধারা ২(ঠ)(খ) এর এখতিয়ারসূত্রে সরকারের অনুমোদনক্রমে ৩০/০৯/২০১০ তারিখে জারীকৃত এএমএল সার্কুলার নং-২৬ ও তৎসঙ্গে পঠিত প্রজ্ঞাপন-এএমএলডি-০১/২০১০ বিবি এবং পরবর্তীতে জারীকৃত মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ধারা (২) (ব) (ঘ) এ রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে (১) স্টক ডিলার ও স্টক ব্রোকার (২) পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার (৩) সিকিউরিটিজ কাস্টডিয়ান এবং (৪) সম্পদ ব্যবস্থাপক প্রতিষ্ঠানসমূহকে অন্তর্ভুক্ত করা হয়েছে। এক্ষেত্রে মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৩ ধারা ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ এর সংশোধনসহ) এর ১৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে উপরোক্ত পুঁজি বাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থ যোগান প্রতিরোধকল্পে অনুসরণীয় নির্দেশনা পরিপালনের জন্য জারী করা হলোঃ

১। ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি

ক. মানিলভারিং/সন্ত্রাসে অর্থায়ন সংক্রান্ত ঝুঁকি সুচারুরূপে ব্যবস্থাপনার লক্ষ্যে এবং মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ এর সংশোধনসহ) এর যথাযথ পরিপালনার্থে পুঁজি বাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান তাদের প্রধান কার্যালয়ে একজন উর্ধ্বতন কর্মকর্তার নেতৃত্বে একটি ‘Anti Money Laundering and Combating Financing of Terrorism Compliance Unit (AML/CFT Compliance Unit)’ গঠন করবে এবং প্রযোজ্য ক্ষেত্রে, শাখা পর্যায়ে একজন পরিপালন কর্মকর্তা মনোনয়নের মাধ্যমে অভ্যন্তরীণ পরিবীক্ষণ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠা করবে। পুঁজি বাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ AML/CFT Compliance Unit এর কর্মপরিশি ও কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে প্রাতিষ্ঠানিক কৌশল (Strategy) ও কর্মসূচী (program) নির্ধারণ করবে; যা প্রতিষ্ঠানের বোর্ড অব ডিরেক্টরস/সর্বোচ্চ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে। AML/CFT Compliance Unit মানিলভারিং প্রতিরোধের দৃষ্টিকোণ থেকে গ্রাহকের পরিচিতি (Know Your Client), তথ্য সংরক্ষণ (Record Keeping), লেনদেন পরিবীক্ষণ ও রিপোর্টকরণ (Transaction Monitoring & Reporting), অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ (Internal Control), নীতি (Policies) ও পদ্ধতিসমূহের (Procedures) সমন্বয়ে একটি পূর্ণাঙ্গ গাইডলাইন প্রণয়ন এবং বাস্তবায়ন করবে। এছাড়াও প্রযোজ্য ক্ষেত্রে, শাখাসমূহের জন্য অনুসরণীয় নির্দেশাবলী প্রদান করবে।

খ. পুঁজি বাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান একটি নির্দিষ্ট সময়ান্তে প্রণীত মানিলভারিং/সন্ত্রাসে অর্থায়ন সংক্রান্ত ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতির কার্যকারিতা নিরূপণের লক্ষ্যে Independent Audit এর ব্যবস্থা করবে।

২। গ্রাহক পরিচিতি :

ক.

i) পুঁজি বাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান তাদের সেবা গ্রহণকারী সকল গ্রাহকের (ব্যক্তি অথবা প্রতিষ্ঠান) পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংরক্ষণ করবে। উল্লেখ্য, পূর্ণাঙ্গ বলতে গ্রাহকের পরিচিতি যাচাইকল্পে প্রয়োজনীয় সকল



তথ্যের সন্নিবেশকে বুঝাবে। অপরদিকে সঠিক বলতে গ্রাহকের পরিচিতি যাচাইয়ের নিমিত্তে গৃহীত তথ্যাদির সঠিকতা যাচাই করাকে বোঝাবে।

- ii) সংশ্লিষ্ট সিকিউরিটিজ কাস্টডিয়ান প্রতিষ্ঠানসমূহ তাদের Correspondent Bank এর নিকট হতে গ্রাহক (Underlying Customer) পরিচিতির প্রয়োজনীয় তথ্য সঠিকভাবে সংরক্ষণ করা হয়েছে মর্মে প্রত্যয়ন পত্র (চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য সরবরাহের অঙ্গীকারসহ) সংগ্রহ ও সংরক্ষণ করবে। এছাড়াও Non Resident Taka Account (NITA) বা কাস্টডিয়ান হিসাবের মাধ্যমে তৃতীয় পক্ষের অনুকূলে সিকিউরিটিজ এর বিক্রয়লব্ধ অর্থ প্রেরণের ক্ষেত্রে বেনিফিশিয়ারীর পূর্ণাঙ্গ তথ্য সংরক্ষণ করতে হবে।
  - iii) পোর্টফোলিও ম্যানেজার ও সম্পদ ব্যবস্থাপক কর্তৃক প্রদত্ত সেবার ক্ষেত্রে তাদের ব্যক্তি/প্রতিষ্ঠানিক গ্রাহকের পরিচিতির পূর্ণাঙ্গ তথ্য সংরক্ষণ করতে হবে এবং ট্রাস্ট এর ক্ষেত্রে ট্রাস্টিগণের প্রয়োজনীয় পরিচিতির তথ্য সংরক্ষণ করতে হবে।
  - iv) ২০১০ সালের ৩০ সেপ্টেম্বর এর পূর্বে খোলা হিসাবসমূহের (বর্তমানে চলমান) গ্রাহক পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহপূর্বক সংরক্ষণ করতে হবে। এছাড়াও এ সার্কুলার জারীর পূর্বে খোলা হিসাবের মাধ্যমে যে সমস্ত গ্রাহককে বর্তমানে সেবা প্রদান করা হচ্ছে তাদের গ্রাহক পরিচিতির প্রয়োজনীয় তথ্যাবলী হালনাগাদ করতে হবে। উভয় ক্ষেত্রেই এ সার্কুলারের সাথে সংযুক্ত গাইডলাইনসে উল্লিখিত নির্দেশাবলী অনুসরণ করতে হবে।
  - v) বেনামে বা ছদ্মনামে বেনিফিশিয়াল ওনার (বিও) হিসাব বা সংশ্লিষ্ট অন্য কোন হিসাব খোলা যাবে না।
- খ. পুঁজি বাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠানের একটি পূর্ণাঙ্গ Customer Acceptance Policy থাকবে; যাতে গ্রাহক হিসেবে কারো গ্রহণযোগ্যতা বা অযোগ্যতার বিষয়াবলী উল্লেখ থাকবে।
- গ. পুঁজি বাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান মানিলভারিং/সম্ভ্রাসে অর্থায়ন সংক্রান্ত ঝুঁকি বিবেচনাপূর্বক তাদের গ্রাহকগণের একটি শ্রেণীবিভাজন করবে এবং ঝুঁকির ভিত্তিতে প্রযোজ্য ক্ষেত্রে, অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা (Enhanced Due Diligence) অথবা সাধারণ সতর্কতামূলক ব্যবস্থা (Normal/Simplified Due Diligence) গ্রহণ করবে।
- ঘ. পুঁজি বাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান কর্তৃক সংরক্ষিত গ্রাহক পরিচিতি সংক্রান্ত সকল তথ্য একটি নির্দিষ্ট সময়ান্তে হালনাগাদ করতে হবে।
- ঙ. পুঁজি বাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান তাদের সম্ভ্রাস সাপেক্ষে গ্রাহকের পেশার বিস্তারিত তথ্য, আয়ের উৎস ও অন্যান্য ব্যক্তিক তথ্যাবলী সংগ্রহ করবে। উল্লেখ্য, “প্রতিষ্ঠানের সম্ভ্রাস” বলতে বিদ্যমান নির্দেশনার আলোকে গ্রাহকের ঝুঁকি বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় Due Diligence করাকে বুঝাবে।
- চ. হিসাবের প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) সনাক্তকরণপূর্বক প্রতিষ্ঠানের সম্ভ্রাস সাপেক্ষে নির্ভরযোগ্য সূত্র হতে সংগৃহীত তথ্যের ভিত্তিতে তার পরিচিতি নিশ্চিত করতে হবে। ব্যক্তির ক্ষেত্রে সংশ্লিষ্টতা বিবেচনায় হিসাবের প্রকৃত সুবিধাভোগী নিরূপণ করতে হবে এবং কোম্পানীর ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী শেয়ারহোল্ডার অথবা ২০% বা এর অধিক একক শেয়ার হোল্ডারকে হিসাবের প্রকৃত সুবিধাভোগী বিবেচনায় তার/তাদের পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে।
- ছ. প্রযোজ্য ক্ষেত্রে, পুঁজি বাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান Politically Exposed Persons (PEPs) এর মানি লভারিং এর ঝুঁকি বিবেচনাপূর্বক অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা (Enhanced Due Diligence) সম্পন্ন করবে। উল্লেখ্য, (PEPs) বলতে নিম্নোক্ত ব্যক্তিবর্গকে বোঝাবে :

“Individuals who are or have been entrusted with prominent public functions in a foreign country, for example Heads of State or of government, senior politicians, senior government, judicial or military officials, senior executives of state owned corporations, important political party officials. Business relationships with family members or close associates of PEPs involve reputational risks similar to those with PEPs themselves.”

### ৩। লেনদেন মনিটরিং ও সন্দেহজনক লেনদেন সনাক্তকরণ এবং রিপোর্টিং:

- ক. দৈনন্দিন কার্যক্রম পরিচালনায় পুঁজি বাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন সনাক্তকরণে সচেতন ও সতর্ক থাকবে। মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ধারা ২(ঘ) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ এর সংশোধনীসহ) এর ধারা ২(১৬) এ সংজ্ঞায়িত সন্দেহজনক লেনদেন সনাক্ত হবার সংগে সংগে তা বর্ণিত আইনদ্বয়ের ধারা যথাক্রমে ২৫(১)(ঘ) এবং ১৬(১) এর নির্দেশনা মোতাবেক এ সার্কুলারের সাথে সংযুক্ত গাইডলাইসে প্রদত্ত ছকে মহাব্যবস্থাপক, বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর বরাবরে প্রেরণ করতে হবে।
- খ. যদি বিও বা সংশ্লিষ্ট হিসাবের আবেদনকারী (ব্যক্তি/প্রতিষ্ঠান) কিংবা বেনিফিশিয়ারী জাতিসংঘ নিরাপত্তা পরিষদের সংশ্লিষ্ট কমিটি কর্তৃক তালিকাভুক্ত<sup>১</sup> বা বাংলাদেশ সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত/তফসিলভুক্ত<sup>২</sup> কোন ব্যক্তি/সত্তা/গোষ্ঠী/সংগঠন হয় অথবা এতদসংশ্লিষ্ট অর্থ মানিলন্ডারিং/সন্ত্রাসী কার্যে ব্যবহৃত হতে পারে মর্মে সন্দেহ করার যুক্তিসঙ্গত কারণ থাকে তবে তাও রিপোর্টযোগ্য বলে বিবেচিত হবে। এছাড়াও সন্দেহজনক লেনদেন সনাক্তকরণের ক্ষেত্রে এ সার্কুলারের সাথে সংযুক্ত গাইডলাইসে উল্লিখিত নির্দেশকসমূহ (সন্দেহের ক্ষেত্র উক্ত তালিকার বাইরেও বিস্তৃত হতে পারে) বিবেচ্য হবে।
- গ. পুঁজি বাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান কর্তৃক ঋণাত্মক ভিত্তিতে এ সার্কুলারের সাথে সংযুক্ত গাইডলাইসে প্রদত্ত ছকে সমাপ্ত ঋণাত্মক রিপোর্টকৃত সকল সন্দেহজনক লেনদেন রিপোর্টের একটি সারাংশ সংশ্লিষ্ট ঋণাত্মক সম্পন্ন হওয়ার পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক, বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর বরাবরে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট ঋণাত্মক কোন সন্দেহজনক লেনদেন রিপোর্ট না করলেও “NIL” রিপোর্ট প্রেরণ করতে হবে।
- ঘ. রিপোর্টকৃত সন্দেহজনক লেনদেন বিষয়ক তথ্য পুঁজি বাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা কোন পর্যায়েই গ্রাহক বা অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট প্রকাশ করবেন না।

### ৪। অন্যান্য নির্দেশনা:

- ক. পুঁজি বাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে মানিলন্ডারিং/সন্ত্রাসে অর্থায়ন সংক্রান্ত ঝুঁকি হতে মুক্ত রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান নিজস্ব জনবল নিয়োগের ক্ষেত্রে যথাযথ যাচাই প্রক্রিয়া (Screening Mechanism) অনুসরণ করবে; যাতে কোন স্তরের কোন কর্মকর্তার কাজের ফলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মানিলন্ডারিং/সন্ত্রাসে অর্থায়ন সংক্রান্ত ঝুঁকির সম্মুখীন না হয়।
- খ. মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ এর সংশোধনীসহ) এবং বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) কর্তৃক সময়ে সময়ে, জারীকৃত এ সংক্রান্ত সার্কুলার/নির্দেশনাসমূহের যথাযথ পরিপালন নিশ্চিত করার লক্ষ্যে পুঁজি বাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান তাদের কর্মকর্তাদের উপযুক্ত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করবে।
- গ. পুঁজি বাজার সংশ্লিষ্ট প্রতিটি প্রতিষ্ঠান তাদের গ্রাহক পরিচিতির সকল তথ্য (লেনদেনের তথ্যসহ) গ্রাহকের সাথে সম্পর্ক শেষ হবার পর তা অনূন ০৫ (পাঁচ) বছর পর্যন্ত সংরক্ষণ করবে।
- ঘ. পুঁজি বাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের ব্যবসার ব্যাপ্তি, প্রকৃতি, কার্যাবলী, আইনী কাঠামো ইত্যাদি বিবেচনায় এ সকল প্রতিষ্ঠানের মাধ্যমে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন সংঘটিত হওয়ার ঝুঁকি মোকাবেলায় এবং উপরে বর্ণিত নির্দেশনাসমূহ বাস্তবায়নের সহায়ক হিসেবে "Guidelines on prevention of money laundering & combating financing of terrorism for capital market intermediaries" শীর্ষক একটি গাইডলাইন্স প্রণয়ন

<sup>১</sup> জাতিসংঘ নিরাপত্তা পরিষদের সংশ্লিষ্ট কমিটি কর্তৃক তালিকাভুক্ত বলতে মূলতঃ জাতিসংঘের নিরাপত্তা পরিষদের রেজুলেশন নম্বর-১২৬৭ ও ১৩৭৩ এবং এর আনুসঙ্গিক অন্যান্য রেজুলেশনে বর্ণিত তালিকা বোঝাবে। এই তালিকাসমূহ - [www.un.org/sc/committees/1267/consolist.shtml](http://www.un.org/sc/committees/1267/consolist.shtml) এ পাওয়া যাবে।

<sup>২</sup> বাংলাদেশ সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত/তফসিলভুক্ত বলতে মূলতঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে প্রকাশিত নিষিদ্ধ ঘোষিত ব্যক্তি/ সত্তা/গোষ্ঠী/সংগঠন কে বোঝাবে।

করা হয়েছে; যা মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ সালের সংশোধনসহ) এর যথাক্রমে ২৩ (ঘ) এবং ১৫ (জ) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে জারী করা হলো। উক্ত গাইডলাইন্স বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইট (<http://www.bb.org.bd/mediaroom/circulars/circulars.php>) হতে ডাউনলোড করা যাবে। পুঁজি বাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে নিজ নিজ ব্যবসার ক্ষেত্র, ব্যাপ্তি, প্রকৃতি, কার্যাবলী ও বুকিং পর্যালোচনাকরতঃ উক্ত গাইডলাইন্সের নির্দেশনা ন্যূনতম মানদণ্ড বিবেচনায় নিজস্ব গাইডলাইন্স প্রণয়ন করে স্ব-স্ব পরিচালনা পর্ষদ/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনপূর্বক আগামী ০৩ (তিন) মাসের মধ্যে অত্র ইউনিটে দাখিল করতে হবে এবং পরিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঙ. এছাড়াও, প্রযোজ্য ক্ষেত্রে, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন, ১৯৪৭, গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশনস এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে, জারীকৃত এ সংশ্লিষ্ট যাবতীয় নির্দেশনা পুঁজি বাজার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ কর্তৃক পরিপালনীয় হবে।

চ. এ সার্কুলার জারীর ০৩ (তিন) মাসের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে আলোচ্য সার্কুলারের প্রেক্ষিতে তাদের গৃহীত কার্যক্রম এবং গৃহীতব্য পরিকল্পনা অত্র ইউনিট কে অবহিত করার নির্দেশনা দেওয়া হলো।

এ সার্কুলারের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

সংযোজনী : বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,  
স্বাক্ষরিত/-

( দেবপ্রসাদ দেবনাথ )  
মহাব্যবস্থাপক  
ফোন : ৯৫৩০১১৮

## বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

ওয়েবসাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

বিএফআইইউ সার্কুলার নম্বর : ৭

৩০ আষাঢ়, ১৪২০

তারিখ : ১৪ জুলাই, ২০১৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা/প্রতিষ্ঠান প্রধান

সকল ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, বীমাকারী, মানি চেঞ্জার, অর্থ অথবা অর্থমূল্য প্রেরণকারী বা স্থানান্তরকারী যে কোন কোম্পানী বা প্রতিষ্ঠান, বাংলাদেশ ব্যাংকের অনুমতিক্রমে ব্যবসা পরিচালনাকারী অন্য কোন প্রতিষ্ঠান, স্টক ডিলার ও স্টক ব্রোকার, পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার, সিকিউরিটি কাস্টডিয়ান, সম্পদ ব্যবস্থাপক, অ-লাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit Organisation), বেসরকারি উন্নয়ন সংস্থা (Non Government Organisation), সমবায় সমিতি, রিয়েল এস্টেট ডেভেলপার, মূল্যবান ধাতু বা পাথরের ব্যবসায়ী, ট্রাস্ট ও কোম্পানী সেবা প্রদানকারী, আইনজীবী, নোটারী, অন্যান্য আইন পেশাজীবী এবং একাউন্টেন্ট।

### সন্ত্রাস বিরোধী (সংশোধন) আইন, ২০১৩ প্রসঙ্গে।

সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর অধিকতর সংশোধনকল্পে গত ১১ জুন, ২০১৩ তারিখে জাতীয় সংসদ কর্তৃক গৃহীত সন্ত্রাস বিরোধী (সংশোধন) আইন, ২০১৩ গত ১২ জুন, ২০১৩ তারিখে মহামান্য রাষ্ট্রপতির সম্মতি লাভ করায় সর্বসাধারণের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে। আলোচ্য আইনটি জারী হওয়ায় রিপোর্ট প্রদানকারী সংস্থার দায়িত্ব ও কর্তব্য বিস্তৃত হয়েছে। উক্ত আইনের বিধানাবলী পরিপালন ও সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনয়নের সুবিধার্থে উক্ত আইনটি বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে, যা <http://www.bb.org.bd/aboutus/regulationguideline/lawsnaacts.php> ওয়েবলিংক হতে ডাউনলোড করা যাবে।

০২। বর্ণিত আইনটি সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনয়ন এবং এর বিধানসমূহের পরিপালন নিশ্চিত করার জন্য আপনাদেরকে নির্দেশ প্রদান করা যাচ্ছে।

০৩। অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/--

(কাজী আকতারুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১৭০

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

ওয়েবসাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

বিএফআইইউ সার্কুলার নং- ০৮ /২০১৩

তারিখ : ১৪/০৭/ ১৪২০ বঙ্গাব্দ  
২৯/১০/২০১৩ খ্রিস্টাব্দ

প্রধান নির্বাহী

সকল রিয়েল এস্টেট ডেভেলপার, মূল্যবান ধাতু ও পাথরের ব্যবসা প্রতিষ্ঠান, ট্রাস্ট ও কোম্পানী সেবা প্রদানকারী, আইনজীবী, নোটারী ,অন্যান্য আইন পেশাজীবী এবং একাউন্টেন্ট।

প্রিয় মহোদয়,

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর বিধানাবলী  
পরিপালন সংক্রান্ত অনুসরণীয় বিষয়াবলীর উপর প্রণীত গাইডলাইন্স জারী প্রসঙ্গে।

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(ব)(ঐ, ও, ঔ এবং অঅ) ধারায় এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ২০(ঐ, ও, ঔ এবং অঅ) ধারায় রিয়েল এস্টেট ডেভেলপার, মূল্যবান ধাতু ও পাথরের ব্যবসা প্রতিষ্ঠান, ট্রাস্ট ও কোম্পানী সেবা প্রদানকারী, আইনজীবী, নোটারী ,অন্যান্য আইন পেশাজীবী এবং একাউন্টেন্ট কে রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে।

২.০ বিগত ১৩ মার্চ, ২০১৩ তারিখে বাণিজ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক ১১ সদস্য বিশিষ্ট একটি ফোকাস গ্রুপ গঠন করা হয় এবং উক্ত ফোকাস গ্রুপ তাদের কার্যপরিধি অনুযায়ী রিয়েল এস্টেট ডেভেলপার, মূল্যবান ধাতু ও পাথরের ব্যবসা প্রতিষ্ঠান, ট্রাস্ট ও কোম্পানী সেবা প্রদানকারী, আইনজীবী, নোটারী ,অন্যান্য আইন পেশাজীবী এবং একাউন্টেন্ট এর ব্যবসার ব্যাপ্তি, প্রকৃতি, কার্যাবলী, আইনী কাঠামো এবং এ সংক্রান্ত আন্তর্জাতিক মানদণ্ডের বিবেচনায় তাদের মাধ্যমে মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন সংঘটিত হওয়ার ঝুঁকি মোকাবেলার সহায়ক হিসেবে "Guidelines on prevention of money laundering & combating financing of terrorism for Designated Non Financial Businesses and Professions" শীর্ষক একটি গাইডলাইন্স প্রণয়ন করেছে।

৩.০ এক্ষণে রিয়েল এস্টেট ডেভেলপার, মূল্যবান ধাতু ও পাথরের ব্যবসা প্রতিষ্ঠান, ট্রাস্ট ও কোম্পানী সেবা প্রদানকারী, আইনজীবী, নোটারী ,অন্যান্য আইন পেশাজীবী এবং একাউন্টেন্ট এর ক্ষেত্রে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থ যোগান প্রতিরোধকল্পে অনুসরণীয় নির্দেশনা সম্বলিত বর্ণিত গাইডলাইন্সটি মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২এর ২৩ (ঘ) ধারা ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯

এর ১৫(১)(জ) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে পরিপালনের জন্য জারী করা হলো; যা বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইট (<http://www.bb.org.bd/mediaroom/circulars/circulars.php>) হতে ডাউনলোড করা যাবে।

এ সার্কুলারে বর্ণিত গাইডলাইনটির নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী : বর্ণনা মোতাবেক।

স্বাক্ষরিত/-

( দেবপ্রসাদ দেবনাথ)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১১৮

প্রতিলিপি নং- বিএফআইইউ (পলিসি) ০৩/২০১২-

তারিখ : উল্লিখিত

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো :-

(জ্যেষ্ঠতার ক্রম অনুযায়ী নয়)

১. সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, দিলকুশা বা/এ, ঢাকা।
৬. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ, ঢাকা।
৭. ডাইরেক্টর ট্রেড অর্গানাইজেশন, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. প্রেসিডেন্ট, বাংলাদেশ বার কাউন্সিল, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।
৯. প্রেসিডেন্ট, আইসিএবি, কারওয়ান বাজার, ঢাকা।
১০. প্রেসিডেন্ট, আইসিএমএবি, নীলক্ষেত, ঢাকা।
১১. প্রেসিডেন্ট, , রিহাব, ১/জি, ন্যাশনাল প্লাজা, ফ্রি স্কুল স্ট্রীট, সোনারগাঁও রোড, ঢাকা।
১২. প্রেসিডেন্ট, , বাংলাদেশ জুয়েলার্স সমিতি, ৩ বায়তুল মোকাররম মার্কেট (তৃতীয় তলা), ঢাকা।
১৩. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল,  
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/সদরঘাট, ঢাকা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
১৪. চেয়ারম্যান, বাংলাদেশ এসোসিয়েশন অব ব্যাংকার্স, ৪২, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।
১৫. চেয়ারম্যান, এসোসিয়েশন অব ব্যাংকার্স, বাংলাদেশ, ইস্টার্ন কমার্শিয়াল কমপ্লেক্স, ৭৩, কাকরাইল, ঢাকা।
১৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল তফসিলী ব্যাংক ও সকল আর্থিক প্রতিষ্ঠান।
১৭. নির্বাহী পরিচালক, গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৮. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৯. ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২০. অর্থনৈতিক উপদেষ্টা/নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২১. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
২২. মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।

স্বাক্ষরিত/-

(মোঃ মাসুদ রানা)

উপ পরিচালক

ফোন : ৯৫৩০০১০-৭৫/২৪৬৭



বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।  
ওয়েবসাইট : [www.bb.org.bd](http://www.bb.org.bd)

বিএফআইইউ সার্কুলার নং-০৯

তারিখ : ০৬ অগ্রহায়ণ, ১৪২০  
২০ নভেম্বর, ২০১৩

প্রধান নির্বাহী

অলাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit Organisation) ও  
বেসরকারি উন্নয়ন সংস্থা (Non Government Organisation)।

প্রিয় মহোদয়,

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর বিধানাবলী পরিপালনে  
অলাভজনক সংস্থা (Non Profit Organisation) ও বেসরকারি উন্নয়ন সংস্থা (Non Government Organisation)  
কর্তৃক অনুসরণীয় নির্দেশাবলীর উপর প্রণীত গাইডলাইন জারী প্রসঙ্গে।

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(ব)(এ)(১) ও (২) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনীসহ) এর ২(২০)(এ)(১)  
ও (২) ধারার বিধান মোতাবেক বাংলাদেশে কার্যক্রম পরিচালনাকারী সকল অলাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit  
Organisation) এবং বেসরকারি উন্নয়ন সংস্থা (Non Government Organisation) কে রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে  
অন্তর্ভুক্ত করা হয়েছে।

২। মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(ঙ) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনীসহ) এর ২(২৩) ধারার বিধান  
অনুসারে অলাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit Organisation) বলতে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন)  
এর ধারা ২৮ এর অধীন সনদ প্রাপ্ত কোন প্রতিষ্ঠানকে বুঝাবে এবং মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(দ) এবং সন্ত্রাস বিরোধী  
আইন, ২০০৯ (সংশোধনীসহ) এর ২(২৪) ধারার বিধান অনুসারে বেসরকারি উন্নয়ন সংস্থা (Non Government  
Organisation) বলতে Societies Registration Act, 1860 (Act No. XXI of 1860), Voluntary Social  
Welfare Agencies (Registration and Control) Ordinance, 1961 (Ordinance No. XLVI of 1961),  
Foreign Donations (Voluntary Activities) Regulation Ordinance, 1978 (Ordinance No. XLVI of 1978), Foreign Contributions Regulation Ordinance, 1982 (Ordinance No. XXXI of 1982) এবং  
মাইক্রোক্রেডিট রেস্ট্রেনটরি অথরিটি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩২ নং আইন) এর আওতায় অনুমোদিত বা নিবন্ধিত প্রতিষ্ঠান যারা

(১) স্থানীয় উৎস হইতে তহবিল (ঋণ, অনুদান, আমানত) গ্রহণ করে বা অন্যকে প্রদান করে; এবং/অথবা

(২) যে কোন ধরনের বৈদেশিক সাহায্য বা ঋণ বা অনুদান গ্রহণ করে; তাদেরকে বুঝাবে।


০৩। এনপিও/এনজিও প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমের প্রকৃতি পর্যালোচনাপূর্বক এসকল প্রতিষ্ঠানের মাধ্যমে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে  
অর্থায়নের ঝুঁকি বিবেচনায় এনপিও/এনজিও সমূহের জন্য 'Guidelines on Prevention of Money Laundering and  
Terrorist Financing for NPO/NGO Sector' শীর্ষক গাইডলাইন প্রণয়ন করা হয়েছে যা মানিলভারিং প্রতিরোধ আইন,  
২০১২ এর ২৩ (১)(ঘ) ধারা এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনীসহ) এর ১৫(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জারী করা  
হলো। গাইডলাইনটি বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইট (<http://www.bb.org.bd/aboutus/regulationguideline/guidelist.php>)  
হতে ডাউনলোড করা যাবে।

৪। উল্লেখ্য যে, গত ১৫ জুন, ২০১১ তারিখে অত্র ইউনিট হতে জারীকৃত এএমএল সার্কুলার নং ২৭ এ বর্ণিত নির্দেশনাসমূহ যথারীতি  
বলবৎ থাকবে।

এ সার্কুলারে বর্ণিত গাইডলাইনের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,



(দেবপ্রসাদ দেবনাথ)  
মহাব্যবস্থাপক  
ফোনঃ ৯৫৩০১১৮